আয়কর আইন

(Income-Tax Law)

[ত্রি-বার্ষিক স্নাতক (বি কম্) শ্রেণীর জন্য

সুধাংশু শেখর ভট্টাচার্য M Com C A I I B

সুরেন্দ্রনাথ [illegible] বাণিজ্য বিভাগের অধ্যাপক, হিসাবশাস্ত্র

[illegible]

বাণিজ্যিক [illegible] আধুনিক অর্থনীতি

ভূগোল প্রাথমিক হিসাব শিক্ষা ও বাণিজ্যিক

গণিত প্রভৃতি গ্রন্থ প্রণেতা

ও

বিশ্বেশ্বর সাহা M Com

অধ্যাপক গুরুদাস কলেজ অব কমার্স কলিকাতা। ভূতপূর্ব অধ্যাপক,

তমলুক কলেজ, হিসাবশাস্ত্র Book-keeping & Accountancy

অর্থনৈতিক ও বাণিজ্যিক ভূগোল, Commercial Corres-

pondence, Business Method প্রাথমিক হিসাব শিক্ষা

ও বাণিজ্যিক গণিত প্রভৃতি গ্রন্থ প্রণেতা।

ইণ্ডিয়ান প্রোগ্রেসিভ পাব্লিশিং কোং প্রাইভেট লিঃ

৫৭।১সি কলেজ স্ট্রীট, কলিকাতা-১২

1960

CALCUTTA UNIVERSITY

Three Year Degree Course, B Com

Syllabus for Income-tax (*Pass*)

Total Marks 40

1 (*a*) General Principles of Income-tax (*b*) Definition of terms—Income Previous Years Income—earned total, taxable world Assessee Agricultural Income Dividend (Sec 2) Meaning of terms—Income tax and Super tax

2 Liability for Income tax Chargeable Income—Different heads—Class of Assessees Resident Non resident Not Ordinarily Resident (Secs 3 4 and 6)

3 Computation of taxable income under different heads—Salary (Sec 7) Interest (Sec 8) Property Income (Sec 9) Business Profession and Vocation (Sec 10), Other Sources (Sec 12)

4 Method of Accounting (Sec 13)

5 Simple cases of computation of Total Income of an Individual

আয়কর আইন

(INCOME-TAX LAW)

প্রথম অধ্যায়

সূচনা ও সংজ্ঞা

(INTRODUCTION & DEFINITIONS)

A Brief History

(সংক্ষিপ্ত ইতিহাস)

দেশের অধিবাসিগণের আয়ের উপর রাষ্ট্র যে কর আদায় করিয়া থাকে, উহাকে **আয়কর (Income-Tax)** এবং এই উদ্দেশ্যে রাষ্ট্র কর্তৃক যে আইন প্রণয়ন করা হয়, উহাকে **আয়কর আইন (Income-Tax Act)** বলা হয়।

আয়কর ভারত সরকারের রাজস্বের একটি বিশিষ্ট উৎস। ভারতের আয়করের ইতিহাস পর্যালোচনা করিলে দেখা যায় যে, হিন্দু রাজত্বে এই কর এদেশে প্রচলিত ছিল। কিন্তু ব্রিটিশ রাজত্বের সময় আয়কর ভারতে সর্বপ্রথম প্রবর্তিত হইয়াছিল 1860 সালে। এই সময় হইতে 1886 সাল পর্যন্ত এদেশে প্রচলিত তৎকালীন আয়কর আইনের নানাপ্রকার সংশোধন ও সংযোজন হইয়াছিল। তৎপরে 1918 সালে ভারতীয় আয়কর আইনের বিভিন্ন ধারাকে নূতন করিয়া শৃঙ্খলার সহিত সাজাইয়া বিধিবদ্ধ করা হয়। 1918 সালের আয়কর আইনকে 1922 সালে পুনরায় আমূল সংস্কার করা হয়। 1922 সালের আয়কর আইন ভারতে প্রায় 40 বৎসরকাল বলবৎ ছিল। অবশ্য সেই সময় প্রয়োজনবোধে মাঝে মাঝে উক্ত আইনের কিছু কিছু পরিবর্তন ও পরিবর্ধনও করা হইয়াছিল। কিন্তু ইহার ফলে তৎকালীন আয়কর আইনে নানাপ্রকার জটিলতা অনুপ্রবেশ করিয়াছিল। ইহাতে করদাতাগণকে নানাপ্রকার অসুবিধার সম্মুখীন হইতে হইত এবং কর ফাঁকির সংখ্যাও বৃদ্ধি পাইয়াছিল। সুতরাং বিভিন্ন ত্রুটি-বিচ্যুতি মুক্ত করিয়া আয়কর আইনকে সম্পূর্ণ নূতনভাবে রচনা করিবার উদ্দেশ্যে ভারত সরকার 1956 সালে আইন কমিশন Law Commission) নামে একটি কমিশন গঠন করেন। 1958 সালে উক্ত কমিশন ভারত সরকারের নিকট তাঁহাদের সুচিন্তিত রিপোর্ট দাখিল করেন। করদাতাগণের নানাপ্রকার অসুবিধা, কর ফাঁকি প্রভৃতি বিষয়ে অনুসন্ধান করিবার জন্য 'প্রত্যক্ষ কর পরিচালনা অনুসন্ধান কমিশন'[1] (Direct Taxes Administration Enquiry Commission) নামে

[1] এই কমিশনকে 'ত্যাগী কমিশন' (Tyagi Commission) নামেও অভিহিত করা হয়।

অপর একটি কমিশনও এই সময় নিয়োগ করা হয়। এই কমিশন দুইটির সুপারিশ এবং জনসাধারণ ও বিভিন্ন বণিক সমিতি প্রভৃতি কর্তৃক প্রদত্ত অভিমতগুলিকে কেন্দ্রীয় রাজস্ব বোর্ড (Central Board of Revenue) পরীক্ষা করিয়া দেখেন। তাঁহাদের অভিমতের উপর ভিত্তি করিয়া প্রয়োজনীয় আইন প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করা হয়। ফলে কেন্দ্রীয় আইনসভা কর্তৃক **আয়কর আইন, 1961 (Income-Tax Act, 1961)** পাশ করা হয়। 1962 সালের 1লা এপ্রিল তারিখ হইতে এই আইন বলবৎ করা হয়। উক্ত আইনে 298টি ধারা ও 5টি তফসিল (Schedules) আছে।[1] বিগত কয় বৎসরের মধ্যে 1961 সালের আয়কর আইনকেও প্রায় 15 বার সংশোধন করা হইয়াছে। এতদ্ব্যতীত কর যোগ্য বার্ষিক আয় ও উহার উপর করের হার নিরূপণ করিয়া 'আর্থিক আইন' (Finance Act) নামক একটি আইনও প্রতি বৎসর প্রণয়ন করা হইয়া থাকে। 1961 সালের মূল 'আয়কর আইন'কে সংশোধন করিবার জন্য সাম্প্রতিক কালে উক্ত বার্ষিক ফাইনান্স এ্যাক্টের মধ্যেও বিভিন্ন ধারা সংযুক্ত করা হইতেছে।

আয়কর আইনের বিধান অনুসারে 'প্রত্যক্ষ করের কেন্দ্রীয় বোর্ড' (Central Board of Direct Taxes) ও আয়কর-সংক্রান্ত বিভিন্ন নিয়মাবলী (Rules) প্রণয়ন করিতে পারে। উক্ত বোর্ড কর্তৃক প্রণীত নিয়মাবলীও 1961 সালের আয়কর আইনে ও বার্ষিক ফাইনান্স এ্যাক্টে লিপিবদ্ধ ধারাগুলির ন্যায় সমানভাবে প্রযোজ্য। সুতরাং, ভারতে আয়কর-সংক্রান্ত আইন বলিতে কেবলমাত্র 1961 সালের মূল আয়কর আইনকে বুঝায় না, উহার সহিত সংশ্লিষ্ট আয়কর নিয়মাবলী (Income Tax Rules)-কেও বুঝায়। মোট কথা, মূল আয়কর আইন, 1961 (Income Tax Act, 1961), বার্ষিক আর্থিক আইন (Finance Act) এবং আয়কর নিয়মাবলী (Income Tax Rules)—এই তিনটির সমন্বয়ে আয়কর-সংক্রান্ত সমগ্র আইন গঠিত।

Definitions

(সংজ্ঞা)

Assessee

(করদাতা)

যে 'ব্যক্তি' আয়কর আইন অনুসারে আয়কর (Income-tax) বা অতি-কর (Super-tax) বা অন্য কোন অর্থ প্রদান করিতে বাধ্য থাকে, তাহাকে Assesse বা **করদাতা** বলা হয়। নিম্নলিখিত 'ব্যক্তি' করদাতার অন্তর্ভুক্ত হইবে :

(ক) যাহার নিজের আয়ের উপর, অথবা আয়কর ধার্য করা যায় এরূপ অপর ব্যক্তির আয়ের জন্য যাহার উপর, অথবা নিজের বা উক্ত অপর কাহারও লোকসান বা কর-ফেরত বাবদ

যাহার নিজের বা উক্ত অপর কাহারও প্রাপ্য অর্থের উপর কর ধার্য করিবার উদ্দেশ্যে আয়কর আইন অনুসারে কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে, এরূপ প্রত্যেক ব্যক্তি ;

(খ) আয়কর আইনের কোন বিধান অনুসারে যাহাকে করদাতা বলিয়া গণ্য করা যায়, এরূপ প্রত্যেক ব্যক্তি, [যথা, করদাতার প্রতিনিধিও করদাতা বলিয়া পরিগণিত হয় (160 ধারা)],

(গ) আয়কর আইনের কোন বিধান অনুসারে যাহাকে খেলাপকারী করদাতা (Assessee in default) বলিয়া গণ্য করা হয়, এরূপ প্রত্যেক ব্যক্তি।[1]

আইনগত মর্যাদার ভিত্তিতে (On legal status করদাতাগণকে নিম্নলিখিত সাত শ্রেণীতে বিভক্ত করা যায়

(i) একক-জন (an individual),

(ii) অবিভক্ত হিন্দু-পরিবার (a Hindu undivided family),

(iii) কোম্পানী (Company)

(iv) অংশীদারী প্রতিষ্ঠান (Firm),

(v) সমিতিবদ্ধ হউক বা না হউক, ব্যক্তিবর্গের সমিতি বা একক জনগণের সমষ্টি (an association of persons or a body of individuals whether incorporated or not),

(vi) স্থানীয় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান (a local authority); এবং

(vii) উপরোক্ত ব্যক্তিগণ ছাড়াও আইন গ্রাহ্য কৃত্রিম ব্যক্তি (an artificial juridical person not falling within any of the above)।

আবার, **আবাসিক মর্যাদার ভিত্তিতে** (On residential status) করদাতাগণকে নিম্নলিখিত **তিন ভাগে** বিভক্ত করা যায়

(i) আবাসিক (Resident),

(ii) আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয় (Resident but not Ordinarily Resident), এবং

(iii) অনাবাসিক (Non-resident)।

1 "*Assessee*" means a person by whom any tax or any other sum of money is payable under this Act, and includes—

(*a*) every person in respect of whom any proceeding under this Act has been taken for the assessment of his income or of the income of any other person in respect of which he is assessable or of the loss sustained by him or by such other person, or of the amount of refund due to him or to such other person

(*b*) every person who is deemed to be an assessee under any provision of this Act;

(*c*) every person who is deemed to be an assessee in default under any provision of this Act."—*Sec.* 2(7)

Problem 1 A person has a net income of Rs 8,500 from dividend on company shares He has no other source of income Is he an assessee? Give reasons, for your answer

(কোম্পানী র শেয়ারের উপর প্রাপ্ত ডিভিডেণ্ড বাবদ কোন ব্যক্তির 3,500 টাকা নীট আয় হইয়াছে। তাহার আয়ের আর কোন উৎস নাই। তিনি কি একজন করদাতা ? যুক্তিসহ উত্তর দাও।)

Solution 1969 সালের ফাইনান্স এ্যাক্ট অনুসারে, কোন ব্যক্তির আয় 4 000 টাকা বা তদধিক হইলে উহা করযোগ্য বলিয়া পরিগণিত হইবে। কিন্তু প্রশ্নোক্ত ব্যক্তির আয় ন্যূনতম করযোগ্য আয় (অর্থাৎ 4,000 টাকা) অপেক্ষা কম হওয়ায় তাহাকে করদাতা বলা যাইতে পারে না। এতদ্‌সত্ত্বেও তাহাকে করদাতা বলা যাইতে পারে, কারণ কোম্পানী উহার শেয়ারহোল্ডারগণকে ডিভিডেণ্ড প্রদান করিবার সময় মোট ডিভিডেণ্ড (Gross Dividend) হইতে আয়কর কাটিয়া রাখে, প্রশ্নোক্ত ব্যক্তির ডিভিডেণ্ড-আয় হইতে আয়কর কাটিয়া রাখা হইয়াছে বলিয়া আয়কর আইন অনুসারে তাহাকেও করদাতা বলা যায়।

Financial Year

(আর্থিক বৎসর)

যে নির্দিষ্ট কালের জন্য সরকারী হিসাব প্রস্তুত করা হয়, উহাকে **আর্থিক বৎসর** **(Financial Year)**[1] বলা হয়। ইংরেজী পঞ্জিকার 1লা এপ্রিল হইতে উহার অব্যবহিত পরবর্তী 31শে মার্চ পর্যন্ত 12 মাসকে ভারত সরকারের আর্থিক বৎসর (Financial Year) বলিয়া ধরা হয়।[1]

Assessment Year ✓

(করনির্ধারণ-বৎসর)

ইংরেজী পঞ্জিকার প্রতি বৎসরের 1লা এপ্রিল হইতে উহার অব্যবহিত পরবর্তী 31শে মার্চ পর্যন্ত 12 মাস সময়কে আয়কর আইন অনুসারে **করনির্ধারণ বৎসর (Assessment Year)** বলা হয়।[2] ইহাকে **আয়কর বৎসর (Income-tax Year)** বা রাজস্ব-বৎসর (Fiscal Year) নামেও অভিহিত করা হয়।

Average Rate of Income-Tax ✓

(আয়করের গড় হার)

মোট আয়ের উপর মোট আয়কর নিরূপণ করিয়া উহাকে মোট আয়ের দ্বারা ভাগ করা

হইলে যে ফল পাওয়া যায় উহাকে 'আয়করের গড় হার (Average Rate of Income-tax)' বলা হয়।[1]

Charitable Purpose

(দাতব্য উদ্দেশ্য)

আয়কর আইনের 2(15) ধারায় বলা হইয়াছে যে, দরিদ্রগণের জন্য, শিক্ষার জন্য, চিকিৎসা-সংক্রান্ত সাহায্যের জন্য, লাভের উদ্দেশ্য প্রণোদিত কোন কার্যাবলী ব্যতীত জনহিতকর কার্যের উন্নতিসাধনের জন্য কোন সাহায্য দাতব্য উদ্দেশ্যের অন্তর্ভুক্ত।[2]

Capital Asset ✓

(মূলধনী সম্পত্তি)

আয়কর আইনের 2 (14) ধারায় মূলধনী সম্পত্তির নিম্নলিখিত সংজ্ঞা প্রদত্ত হইয়াছে :

মূলধনী সম্পত্তি (Capital Asset) বলিতে আয়করদাতার অধিকারস্থ যে-কোন সম্পত্তিকেই বুঝায়। ইহা তাহার ব্যবসায়ের অথবা পেশার সহিত সংশ্লিষ্ট হইতে পারে। কিন্তু নিম্নলিখিতগুলি মূলধনী সম্পত্তির অন্তর্ভুক্ত **হইবে না**

(ক) ব্যবসায় বা পেশার উদ্দেশ্যে রক্ষিত যে কোন অবিক্রীত মজুত পণ্য, উৎপাদন কার্যে ব্যবহার্য মালমসলা (Consumable stores), কাঁচামাল প্রভৃতি ,

(খ) ব্যক্তিগত জিনিসপত্র (effects) অর্থাৎ করদাতার নিজের অথবা তাহার পরিবারস্থ পোষ্যবর্গের কাহারও ব্যবহারের জন্য রক্ষিত অস্থাবর সম্পত্তি (পরিধেয় বস্ত্র, অলঙ্কার ও আসবাবপত্র সমেত) ,

(গ) ভারতে অবস্থিত চাষের জমি ,

(ঘ) কেন্দ্রীয় সরকার কর্তৃক বিলিকৃত 1977 সালে প্রদেয় 6½% সরকারী ঋণপত্র, অথবা, 1980 সালে প্রদেয় 7% স্বর্ণ ঋণপত্র, অথবা 1980 সালে প্রদেয় জাতীয় প্রতিরক্ষা স্বর্ণ ঋণপত্র।[3]

Company

(কোম্পানী)

আয়কর আইনে 'কোম্পানী' শব্দটি অত্যন্ত ব্যাপক অর্থে ব্যবহার করা হইয়াছে। উক্ত আইনের 2 (17) ধারা অনুসারে 'কোম্পানী' বলিতে বুঝায়[1] :

(i) যে কোন ভারতীয় কোম্পানী, অথবা

(ii) 1947 সালের 1লা এপ্রিল যে আয়কর-বৎসর শুরু হইয়াছে ঐ বৎসরের জন্য 1922 সালের আয়কর আইন অনুসারে যাহা কোম্পানী হিসাবে আয়কর ধার্যের যোগ্য হয় বা যোগ্য ছিল বা যাহার উপর আয়কর ধার্য করা হইয়াছিল এইরূপ রেজিস্ট্রীকৃত বা অ রেজিস্ট্রীকৃত যে কোন সমিতি, অথবা রাজস্ব বোর্ড কর্তৃক কোন বিশেষ অথবা সাধারণ আদেশের দ্বারা আয়কর আইনের জন্য যাহাকে কোম্পানী বলিয়া ঘোষণা করা হইয়াছে, উহা।

'ভারতীয় কোম্পানী' বলিতে কি বুঝায় তাহা আয়কর আইনের 2(26) ধারায় নিম্নলিখিতভাবে ব্যাখ্যা করা হইয়াছে

ভারতীয় কোম্পানী[2] বলিতে বুঝায় 1956 সালের কোম্পানী আইন অনুসারে রেজিস্ট্রীকৃত কোন কোম্পানী। নিম্নলিখিত কোম্পানীগুলিও ইহার অন্তর্ভুক্ত হইবে :

(i) ভারতের কোন অঞ্চলে [জম্মু ও কাশ্মীর রাজ্য এবং নিম্নোক্ত (iii) উপধারায় বর্ণিত কেন্দ্র-শাসিত অঞ্চলগুলি ব্যতীত] পূর্বে প্রচলিত কোম্পানী সংক্রান্ত আইন অনুসারে গঠিত কোম্পানী,

(ii) জম্মু ও কাশ্মীর রাজ্যের ক্ষেত্রে, যে কোম্পানী উক্ত রাজ্যে সাময়িকভাবে প্রচলিত আইনের বলে গঠিত হয়, উহা,

(iii) কেন্দ্র-শাসিত অঞ্চল দাদরা, নগর হাভেলি, গোয়া, দমন ও দিউ এবং পণ্ডিচেরীর ক্ষেত্রে ঐ সকল অঞ্চলে প্রচলিত কোন আইনের বলে রেজিস্ট্রীকৃত কোম্পানী।

উপরোক্ত সকল ক্ষেত্রেই কোম্পানীর রেজিস্টার্ড অফিস অবশ্যই ভারতে অবস্থিত হইতে হইবে।

Company in which the public are substantially interested

(জনসাধারণের বহুল স্বার্থযুক্ত কোম্পানী)

যদি সরকার বা রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া কোন কোম্পানীর স্বত্বাধিকারী হয় অথবা সরকার বা রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া বা উক্ত ব্যাঙ্কের মালিকানাস্থ কোন কর্পোরেশন (এককভাবে বা একত্রিত ভাবে) কোন কোম্পানীর অন্যূন 40-শতাংশ শেয়ারের অধিকারী হয়, তাহা হইলে উক্ত কোম্পানী 'জনসাধারণের বহুল স্বার্থযুক্ত কোম্পানী' বলিয়া বিবেচিত হইবে।

অন্যান্য ক্ষেত্রেও কোন কোম্পানী 'জনসাধারণের বহুল স্বার্থযুক্ত কোম্পানী' বলিয়া পরিগণিত হইতে পারে, কিন্তু ইহা নিম্নলিখিত শর্তসাপেক্ষ

(ক) 1956 সালের কোম্পানী আইনে 'প্রাইভেট কোম্পানীর' যে সংজ্ঞা প্রদত্ত হইয়াছে যদি সংশ্লিষ্ট কোম্পানী উক্তরূপ 'প্রাইভেট কোম্পানী' না হয়,

(খ) সরকার বা কোন আইন সৃষ্ট কর্পোরেশন (Statutory Corporation) বা জনসাধারণের বহুল স্বার্থযুক্ত অন্য কোন কোম্পানী অথবা উক্ত অন্য কোম্পানীর 100-শতাংশ অধীনস্থ কোন কোম্পানী যদি কোন পূর্ববর্তী বৎসরে এইরূপ কোম্পানীর অন্যূন 50-শতাংশ ভোটাধিকারযুক্ত ইকুইটি শেয়ারের অধিকারী হয়,

(গ) উপরোক্ত (খ)-তে বর্ণিত ইকুইটি শেয়ার যদি সংশ্লিষ্ট পূর্ববর্তী বৎসরে ভারতের কোন অনুমোদিত শেয়ার-বাজারে ক্রীত ও বিক্রীত হয় বা এইরূপ শেয়ারের স্বত্বাধিকারী কর্তৃক অন্য কোন লোকের নিকট অবাধে শেয়ারগুলি হস্তান্তরিত হইয়া থাকে;

(ঘ) যদি সংশ্লিষ্ট পূর্ববর্তী বৎসরের কোন এক সময়ে এইরূপ কোম্পানীর বিষয়-কর্ম বা 50 শতাংশের অধিক ভোটাধিকারযুক্ত শেয়ার পাঁচ বা তদপেক্ষা কম সংখ্যক লোক কর্তৃক নিয়ন্ত্রিত না হয়।

(i) উপরোক্ত পাঁচ বা তদপেক্ষা কম সংখ্যক লোক গণনা করিবার সময় সরকার বা কোন আইন-সৃষ্ট কর্পোরেশন বা জনসাধারণের বহুল স্বার্থযুক্ত কোন কোম্পানী বা এইরূপ কোম্পানীর অধীনস্থ কোন কোম্পানীকে হিসাবের মধ্যে ধরা যাইবে না,

(ii) পরস্পরের আত্মীয় এইরূপ লোককে বা অন্য কোন লোকের মনোনীত কোন লোককে, উক্ত অন্য লোক সহ, একটি মাত্র লোক গণনা করা হইবে।

Domestic Company

(দেশীয় কোম্পানী)

1966 সালের ফাইনান্স এ্যাক্টে দেশীয় কোম্পানীর নিম্নলিখিত সংজ্ঞা প্রদত্ত হইয়াছে:

দেশীয় কোম্পানী বলিতে বুঝায় কোন ভারতীয় কোম্পানী বা অন্য কোন কোম্পানী যাহা উহার লভ্যাংশের (Dividend) ঘোষণা ও ইহা পরিশোধের জন্য আয়কর আইনের

19ই ধারা অনুসারে যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করিয়াছে। 1967 ও 1968-এর ফাইনান্স এ্যাক্টেও অনুরূপ বিধান আছে। বিদেশে পণ্য রপ্তানি করিয়া এই শ্রেণীর কোম্পানীগুলি যে মুনাফা অর্জন করিয়া থাকে, উহার উপর আয়কর প্রদান বিষয়ে উহারা নির্দিষ্ট হারে রেয়াত (Deductions) পাইয়া থাকে।

Industrial Company

(শিল্প-কোম্পানী)

1966, 1967 ও 1968 সালের ফাইনান্স এ্যাক্টে শিল্প-কোম্পানীর নিম্নলিখিত সংজ্ঞা প্রদত্ত হইয়াছে

বিদ্যুৎ বা অন্য কোন শক্তির উৎপাদনে বা পরিবেশনে বা জাহাজনির্মাণ শিল্পে বা কোন পণ্যের শিল্পায়নে বা প্রক্রিয়ায় (Processing) বা খনিজদ্রব্য উত্তোলনে নিযুক্ত কোন কোম্পানীর মোট আয়ের অন্যূন 51-শতাংশ যদি উক্ত কার্যাবলী হইতে অর্জিত হইয়া থাকে, তাহা হইলে ঐ কোম্পানীকে শিল্প কোম্পানী বলা হইবে। আয়কর প্রদান বিষয়ে এই শ্রেণীর কোম্পানীগুলি বিশেষ সুবিধা ভোগ করিয়া থাকে।

Dividend ✓

(লভ্যাংশ)

যৌথ মূলধনী প্রতিষ্ঠানের মোট মুনাফার যে অংশ সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারগণের মধ্যে বণ্টন করিয়া দেওয়া হয় সাধারণত উহাকে লভ্যাংশ (Dividend) বলা হয়। কিন্তু আয়কর আইনে ডিভিডেণ্ডের এরূপ কোন সংক্ষিপ্ত সংজ্ঞা প্রদত্ত হয় নাই। আয়কর আইনের 2(22) ধারায় বলা হইয়াছে যে, নিম্নলিখিত বিষয়গুলি ডিভিডেণ্ডের **অন্তর্গত হইবে**[1] ঃ

(ক) **কোম্পানীর সম্পত্তি ভাঙাইয়া মুনাফা-বণ্টন ঃ** কোন কোম্পানী উহার সঞ্চিত মুনাফা সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারগণের মধ্যে বণ্টন করিয়া দেওয়ার ফলে যদি কোম্পানীর কোন সম্পত্তির আংশিক বা সম্পূর্ণ ভাঙতি ঘটে, তাহা হইলে শেয়ারহোল্ডারগণের নিকট উহা ডিভিডেণ্ডের অন্তর্ভুক্ত হইবে, বণ্টিত মুনাফা কোম্পানী কর্তৃক মূলধনে রূপান্তরিত করা হইল কিনা তাহা এক্ষেত্রে বিবেচ্য নহে।

(খ) **বোনাস-ডিবেঞ্চার, বোনাস-স্টক প্রভৃতি ঃ** কোন কোম্পানী উহার অবণ্টিত মুনাফার যে অংশ প্রেফারেন্স শেয়ারহোল্ডারদিগকে বোনাস-ডিবেঞ্চার, বোনাস-স্টক

1 '*Dividend* includes—

(*a*) any distribution by a company of accumulated profits whether capitalised or not, if such distribution entails the release by the company to its shareholders of all or any part of the assets of the company,

(*b*) any distribution to its shareholders by a company of debenture, debenture-stock, or deposit certificates in any form, whether with or without interest and any distribution to its preference shareholders of share by way of bonus, to the extent to which the company possesses accumulated profit, whether capitalised or not,

অথবা যে কোন প্রকারের জমার সার্টিফিকেট (Deposit Certificate) রূপে সুদসমেত বা সুদ বাদে বণ্টন করিয়া দেয়, উহা সংশ্লিষ্ট প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণের নিকট ডিভিডেণ্ড বলিয়া গণ্য হইবে, বণ্টিত মুনাফা কোম্পানী কর্তৃক মূলধনে রূপান্তরিত করা হইল কিনা, তাহা এক্ষেত্রে বিবেচ্য নহে।

(গ) **কোম্পানীর সমাপনের অব্যবহিত পূর্বের অবণ্টিত মুনাফা:** সমাপনের অব্যবহিত পূর্বে কোন কোম্পানী উহার সঞ্চিত মুনাফা যখন শেয়ারহোল্ডারগণের মধ্যে বণ্টন করিয়া দেয়, তখন তাহা শেয়ারহোল্ডারগণের নিকট ডিভিডেণ্ড বলিয়া গণ্য হইবে; বণ্টিত মুনাফা কোম্পানী কর্তৃক মূলধনে রূপান্তরিত করা হইল কিনা, তাহা এক্ষেত্রে বিবেচ্য নহে।

(ঘ) **পুঁজি-হ্রাসের উদ্দেশ্যে বণ্টন:** 1933 34 করনির্ধারণ-বৎসরের পূর্ববর্তী-বৎসরের পরে সঞ্চিত মুনাফা যদি পুঁজি হ্রাস করার উদ্দেশ্যে শেয়ারহোল্ডারগণের মধ্যে বণ্টন করিয়া দেওয়া হয়, তাহা হইলে মুনাফার বণ্টিত অংশ শেয়ারহোল্ডারগণের নিকট ডিভিডেণ্ড বলিয়া গণ্য হইবে, বণ্টিত মুনাফা কোম্পানী কর্তৃক মূলধনে রূপান্তরিত করা হইল কিনা, তাহা এক্ষেত্রে বিবেচ্য নহে।

(ঙ) **শেয়ারহোল্ডারকে অগ্রিম ও ঋণদান:** যে কোম্পানীতে জনসাধারণের বহুল স্বার্থ বিদ্যমান নহে, এইরূপ কোম্পানী উহার কোন শেয়ারহোল্ডারকে (কোম্পানীতে যাহার বহুল স্বার্থ রহিয়াছে, অর্থাৎ যিনি কোম্পানীর ইকুইটি শেয়ার মূলধনের ন্যূনতম 20-শতাংশের অধিকারী এইরূপ ব্যক্তিকে) প্রদত্ত অগ্রিম ও ঋণ অথবা এইরূপ শেয়ারহোল্ডারের অনুকূলে বা তাহার ব্যক্তিগত সুবিধার জন্য প্রদত্ত অর্থ, সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারের নিকট ডিভিডেণ্ড বলিয়া গণ্য হইবে। কিন্তু এরূপ অর্থ প্রদান করার সময় কোম্পানীর পর্যাপ্ত সঞ্চিত মুনাফা থাকা অত্যাবশ্যক।

আয়কর আইনের 2(22) ধারায় আরও বলা হইয়াছে যে নিম্নলিখিত বিষয়গুলিকে ডিভিডেণ্ডের অন্তর্গত করা যাইবে না:

1 যদি পুরাপুরি নগদ অর্থের বিনিময়ে কোন শেয়ার বিক্রি করা হইয়া থাকে এবং এরূপ শেয়ারহোল্ডার কোম্পানীর সমাপনের ক্ষেত্রে উহার সম্ভাব্য উদ্বৃত্ত সম্পত্তিতে অংশভাগী না হয়,

(c) any distribution made to the shareholders of a company on its liquidation, to the extent to which the distribution is attributable to the accumulated profits of the company immediately before its liquidation whether capitalised or not

(d) any distribution to its shareholders by a company on the reduction of its capital, to the extent to which the company possesses accumulated profits which arose after the end of the previous year ending next before the 1st day of April 1933 whether such accumulated profits have been capitalised or not

(e) any payment by a company not being a company in which the public are substantially interested, of any sum (whether as representing a part of the assets of the company or otherwise) by way of advance or loan to a shareholder, being a person who has a substantial interest in the company, or any payment by any such company on behalf, or for the individual benefit, of any such shareholder, to the extent to which the company in either case possesses accumulated profits." Sec 2 (22),

তাহা হইলে উপরোক্ত (গ) ও (ঘ)-তে বর্ণিত মুনাফা-বন্টনকে ডিভিডেণ্ড বলিয়া গণ্য করা যাইবে না।

2 31শে মার্চ, 1964 হইতে 1লা এপ্রিল, 1965-এর মধ্যবর্তী কালে কোন কোম্পানী উহার ইকুইটি শেয়ারহোল্ডারগণকে বোনাস-শেয়ার বাবদ যে মুনাফা বন্টন করিয়াছিল, তাহা উপরোক্ত (গ) ও (ঘ)-এ বর্ণিত ডিভিডেণ্ড বলিয়া গণ্য করা যাইবে না।

3 ঋণদান করা যে কোম্পানীর মুখ্য কাজ, উক্ত কোম্পানী যদি কোন শেয়ারহোল্ডারকে কোন অগ্রিম বা ঋণ প্রদান করিয়া থাকে, তাহা হইলে উহা (ঙ)-তে বর্ণিত উপরোক্ত ডিভিডেণ্ডের পর্যায়ে পড়িবে না।

4 বর্তমানে দেয় ডিভিডেণ্ডের বিনিময়ে পূর্বে প্রদত্ত কোন অর্থ যদি আংশিক বা সম্পূর্ণভাবে কাটিয়া লওয়া হয়, তাহা হইলে যে পরিমাণ অর্থ এরূপভাবে কাটিয়া লওয়া হয়, তাহা উপরোক্ত (ঙ)-তে বর্ণিত ডিভিডেণ্ডের পর্যায়ে পড়িবে না।

Problem 2 : *X* Co Ltd had in 1940 issued shares at a premium and the premium money so received was credited to Share Premium Account In 1960, the company utilised the amount standing to the credit of the Share Premium Account to issue fully paid bonus shares valuing Rs 10,00,000 to the existing shareholders In 1967, the company reduced its share capital, under Court's sanction, by Rs 4,00,000 and distributed this amount to its shareholders Can any part of this sum of Rs 4,00,000 be treated as dividend within the meaning of section 2(22) of Income-tax Act?

(1940 সালে *X* Co Ltd অধিহারে শেয়ার বিলি করিল, অধিহার বাবদ প্রাপ্ত অর্থ শেয়ার প্রিমিয়াম হিসাবে জমা করা হইল। 1960 সালে কোম্পানী ইহার শেয়ার প্রিমিয়াম হিসাবে জমা অর্থ হইতে তৎকালীন শেয়ারহোল্ডারগণকে পূর্ণমূল্য প্রদত্ত 10,00,000 টাকা মূল্যের বোনাস শেয়ার বিলি করিল। 1967 সালে আদালতের আদেশক্রমে কোম্পানী ইহার পুঁজি 4,00,000 টাকা হ্রাস করিল এবং উহা শেয়ারহোল্ডারগণের মধ্যে বন্টন করিয়া দিল। উক্ত 4,00,000 টাকার কোন অংশ আয়কর আইনের 2(22) ধারা অনুসারে ডিভিডেণ্ড পর্যায়ে পড়িবে কি?)

Solution : কোন মূলধনী সম্পত্তির হস্তান্তরের ফলে অর্জিত হয় নাই বলিয়া শেয়ার প্রিমিয়াম হিসাবে জমাকৃত অর্থকে আয়কর আইনোক্ত মূলধনী লাভ (Capital Gains) বলা

But "Dividend does not include—

(i) a distribution made in accordance with sub-clause (c) or sub clause (d) in respect of any share issued for full cash consideration where the holder of the share is not entitled in the event of liquidation to participate in the surplus assets,

(i) (a) a distribution made in accordance with sub clause (c) or sub clause (d) in so far as such distribution is attributable to the capitalised profits of the company representing bonus shares allotted to its equity shareholders after 31st day of March, 1964 and before the 1st day of April, 1965

(ii) any advance or loan made to a shareholder by a company in the ordinary course of its business, where the leading of money is a substantial part of the business of the company,

(iii) any dividend paid by a company which is set off by the company against the whole or any part of any sum previously paid by it and treated as a dividend within the meaning of sub clause (e), to the extent to which it is so set off'—Sec 2(22)

চলে না। এক্ষেত্রেও ইহা অতীতের সঞ্চিত মুনাফা এবং মুনাফা রূপে প্রযোজ্য শেয়ার-হোল্ডারগণের মধ্যে বণ্টন করিয়া দেওয়া হইয়াছে বলিয়া বিবেচনা করিতে হইবে। সুতরাং আয়কর আইনের 2 (22) (d) ধারার বিধান অনুসারে ইহা ডিভিডেণ্ড বলিয়া পরিগণিত হইবে। [*Bharat Fire & General Insurance Ltd V Commissioner of Income-tax, 53, I T R 108 (S C), 1964*]

Problem 3· X Co Ltd went into liquidation on 30th September, 1965 on which date its accumulated profit amounted to Rs 10,00,000 but its total distributable assets amounted to Rs 20,00,000 The liquidator of the company made a distribution of Rs 8,00,000 on 1st March, 1966 Ascertain the amount of dividend under section 2(22) of the Income-tax Act

(1965 সালের 30 শে সেপ্টেম্বর তারিখে X CO Ltd এর সমাপন ঘটিল। উক্ত তারিখে কোম্পানীর সঞ্চিত মুনাফা ছিল 10,00,000 টাকা, কিন্তু ইহার বণ্টনযোগ্য সম্পত্তির অঙ্ক ছিল 20,00,000 টাকা। 1966 সালের 1লা মার্চ তারিখে কোম্পানীর প্রসমাপক 8,00,000 টাকা বণ্টন করিলেন। আয়কর আইনের 2 (22) ধারা অনুসারে ইহার কত টাকা ডিভিডেণ্ড পর্যায়ে পড়িবে তাহা নিরূপণ কর।)

Solution আয়কর কমিশনার বনাম গিরিধারী দাস এ্যাণ্ড কোং প্রাইভেট লিমিটেড[1] নামক মোকদ্দমার রায় অনুসারে এরূপক্ষেত্রে সঞ্চিত মুনাফা ও মূলধনের অনুপাতে শেয়ার-হোল্ডারগণের মধ্যে বণ্টিত 8,00,000 টাকাকে বিভাগ করিতে হইবে। X Co Ltd-এর সমাপনের তারিখে ইহার সঞ্চিত মুনাফা ও মূলধনের অনুপাত ছিল 10,00,000 20,00,000 অর্থাৎ 1 2, সুতরাং শেয়ারহোল্ডারগণের মধ্যে 8,00,000 টাকার সম্পত্তি বণ্টন করা হইলে ইহার মধ্যে 4,00,000 টাকা আয়কর আইনের 2(22) (c) ধারা অনুসারে ডিভিডেণ্ড পর্যায়ে পড়িবে।

Income

(আয়)

'আয়কর বলিতে বুঝায় 'আয়ের' উপর কর। কিন্তু আয়কর আইনে 'আয়' শব্দটির কোন সুস্পষ্ট সংজ্ঞা প্রদত্ত হয় নাই। উক্ত আইনের 2(24) ধারায় বলা হইয়াছে যে, নিম্নলিখিত বিষয়গুলি আয়ের অন্তর্ভুক্ত হইবে

1 মুনাফা ও লাভ,

2 ডিভিডেণ্ড,

3 আয়কর আইনের 17 (2) ও 17 (3) ধারায় বর্ণিত 'বেতন' খাতে যে-সকল বিষয় করযোগ্য সেইগুলির বদলে প্রাপ্ত যে কোন বেতন-পূরক (perquisites);

4 কোন ডাইরেক্টর অথবা কোম্পানীর উপর বহুল স্বার্থযুক্ত কোন ব্যক্তি অথবা ডাইরেক্টরের বা এরূপ ব্যক্তির কোন আত্মীয় কর্তৃক প্রাপ্য সুখ-সুবিধা বা বেতন-পূরকের

[1] Commissioner of Income-tax v Girdharidas & Co Private Ltd 63, I T R, 300

(perquisites) মূল্য। এরূপ বেতন-পূরক অর্থের বদলে বিনিময়যোগ্য হইতেও পারে, না-ও হইতে পারে, এরূপ ডাইরেক্টরের বা উপরোক্ত অন্যান্য ব্যক্তির প্রদেয় কোন অর্থ কোম্পানী কর্তৃক প্রদত্ত হইলে তাহাও ডাইরেক্টর বা উক্ত অন্যান্য ব্যক্তির আয়ের অন্তর্গত হইবে,

5 আয়কর আইনের 28 (ii) ও 28 (iii) ধারা বা 41 ধারা বা 59 ধারাতে বর্ণিত করযোগ্য যে কোন অর্থ,

6 আয়কর আইনের 28 (iv) ধারা অনুসারে কর ধার্য করা যায় এরূপ সুখ-সুবিধা বা বেতন পূরকের (perquisites) মূল্য,

7 আয়কর আইনের 45 ধারা অনুসারে কর ধার্য করা যায়, এরূপ মূলধনী আয়,

8 পারস্পরিক স্বার্থপূর্ণ বীমা কোম্পানী (Mutual Insurance Company) কর্তৃক অথবা সমবায় সমিতি কর্তৃক পরিচালিত বীমা ব্যবসায়ের মুনাফা,

9 আয়কর আইনের 280-D ধারায় বর্ণিত প্রাপ্য কোন বার্ষিক সালিয়ানা (annuity) অথবা বার্ষিক সালিয়ানার বদলে প্রাপ্ত থোক টাকা।[1]

উপরোক্ত আলোচনা হইতে ইহা সুস্পষ্ট যে, কেবলমাত্র মুনাফাজাতীয় নহে, মূলধনী আয়ও করযোগ্য আয়ের অন্তর্ভুক্ত হইতে পারে।

Different heads of Income

(আয়ের বিভিন্ন খাত)

1961 সালের আয়কর আইনের 14 ধারা অনুসারে নিম্নলিখিত ছয়টি খাতে[2] (heads) আয়কর ধার্য করা হয়

(ক) বেতন (Salaries),

1 "*Income* includes (*i*) Profits and gains (*ii*) dividend (*iii*) the value of any perquisite or profit in lieu of salary taxable under clauses (2) and (3) of Section 17 (*iv*) the value of any benefit or perquisite, whether convertible into money or not obtained from a company either by a director or by a person who has a substantial interest in the company or by a relative of the director or such person and any sum paid by any such Company in respect of any obligation which but for such payment would have been payable by the director or other person aforesaid (*v*) any sum chargeable to income tax under clauses (*ii*) and (*iii*) of Section 28 or Section 41 or Section 59 (*v a*) the value of any benefits or perquisite taxable under clause (*iv*) of section 28; (*vi*) any capital gains chargeable under Section 45, (*vii*) the profits and gains of any business of insurance carried on by a mutual insuranc company or by a co operative society computed in accordance with Section 44 or any surplus taken to be such profits and gains by virtue of provisions contained in the First Schedule, (*viii*) any annuity due or commuted value of any annuity paid, under the provisions of Section 280 D"—*Sec 2(24)*

2 *Heads of income* Save as otherwise provided by this Act, all income shall, for the purposes of charge of income tax and computation of total income, be classified under the following heads of income —

A —Salaries
B —Interest on securities
C —Income from house property
D —Profits and gains of business or profession
E.—Capital gains
F —Income from other sources.

(খ) সরিপত্রের উপর সুদ (Interest on Securities),

(গ) গৃহ সম্পত্তি হইতে আয় (Income from House Property),

(ঘ) ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ (Profits and gains of business or profession);

(ঙ) মূলধনী লাভ (Capital Gains),

(চ) অন্যান্য উৎস হইতে আয় (Income from other sources)।

উপরোক্ত বিভিন্ন খাতের আয়গুলির সমষ্টি লইয়া বিভিন্ন করদাতার করযোগ্য মোট আয় (Total Income) ও প্রদেয় করের পরিমাণ স্থির করা হয়। বিভিন্ন খাতে কিভাবে আয় নিরূপণ করিতে হইবে সেই বিষয়ে নির্দেশ প্রদান করিয়া আয়কর আইনে বিভিন্ন বিধানাবলী লিপিবদ্ধ আছে।

Total Income

(মোট আয়)

আয়কর আইনের বিধানানুসারে বিভিন্ন শ্রেণীর করদাতাকে তাহাদের বিভিন্ন প্রকার আয়ের উপর আবাসের ভিত্তিতে কর প্রদান করিতে হয়। বিভিন্ন উৎস হইতে প্রাপ্ত সকল আয়ের সমষ্টিকে **'মোট আয়' (Total Income)** বলা হয়।

আয়কর আইনের 5 ধারায় বলা হইয়াছে যে, কোন পূর্ববর্তী বৎসরে কোন 'আবাসিক' নিজে অথবা তাহার পক্ষে অপর কেহ কর্তৃক ভারতে যে আয় প্রাপ্ত হয় বা প্রাপ্ত হইতে আশা করে তাহা তাহার পূর্ববর্তী বৎসরের 'মোট আয়ের' অন্তর্ভুক্ত হইবে। ভারতের বাহিরে তাহাদের যে আয় হইয়াছে বা হইয়াছে বলিয়া মনে করিবার যথেষ্ট কারণ আছে, তাহাও তাহাদের মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে। মোট কথা, আবাসিকগণের ক্ষেত্রে, ভারতে বা ভারতের বাহিরে প্রাপ্ত বা প্রাপ্য সকল প্রকার আয়ের সমষ্টি লইয়া তাহাদের 'মোট আয়' গঠিত হয়, অর্থাৎ আবাসিকগণের মোট আয় (Total Income) ও মোট বিশ্ব-আয় (Total World Income) বস্তুত একই।

কিন্তু 'সাধারণত আবাসিক নহে' এরূপ কোন ব্যক্তি যদি ভারতের বাহির হইতে কোন ব্যবসায় নিয়ন্ত্রণ ও পরিচালনা করিয়া থাকেন এবং উহা হইতে কোন আয় পাইয়া থাকেন, তাহা হইলে সংশ্লিষ্ট ব্যবসায় সংক্রান্ত কোন আয় তাঁহাদের মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।[1]

---

1 "Subject to the provisions of this Act the total income of any previous year of a person who is a resident includes all income from whatever source derived which—

(a) is received or is deemed to be received in India in such year by or on behalf of such person or

(b) accrues or arises or is deemed to accrue or arise to him in India during such year or

(c) accrues or arises to him outside India during such year

Provided that, in the case of a person not ordinarily resident in India within the meaning of sub-section (6) of Section 6, the income which accrues or arises to him outside India shall not be so included unless it is derived from a business controlled in or a profession set up in India."—*Sec 5(1).*

'অনাবাসিকগণ' ভারতের বাহিরে যে অর্থ আয় করিয়া থাকেন, উহা তাঁহাদের মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না। কেবলমাত্র ভারতে প্রাপ্ত বা প্রাপ্য আয়ই তাঁহাদের 'মোট আয়' বলিয়া পরিগণিত হয়।

Total World Income
(মোট বিশ্ব-আয়)

যে সকল আয় 'মোট আয়ের' (Total Income) পর্যায়ে পড়ে না এবং যে সকল 'মূলধনী আয় (Capital gains) 'মোট আয়ের' অন্তর্ভুক্ত করা যায় না, সেইগুলি ছাড়া পৃথিবীর সর্বস্থানে প্রাপ্ত এবং প্রাপ্য আয়ের মোট যোগফলকে **মোট বিশ্ব-আয়** (Total World Income) বলা হয়। কেবলমাত্র অনাবাসিকদের (Non resident) ক্ষেত্রে 'মোট বিশ্ব-আয়' কথাটি প্রযোজ্য হইবে।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, অনাবাসিক সম্পর্কিত করনির্ধারণ পদ্ধতির পরিবর্তন ঘটায় বর্তমানে আয়কর আইন হইতে মোট বিশ্ব-আয়' কথাটি বাদ দেওয়া হইয়াছে।

Earned Income
(শ্রম-আয়)

ব্যক্তিগত শ্রম, বুদ্ধি ও প্রচেষ্টা-প্রসূত আয়কে **শ্রম আয় (Earned Income)** বলা হয়, যথা, বেতন, ব্যবসায় এবং পেশা বা বৃত্তির দ্বারা লব্ধ মুনাফা। 'ফাইনান্স (2নং) এ্যাক্ট, 1967'-এর 2(7)(c)-ধারার বিধান[1] অনুসারে নিম্নলিখিত আয়গুলি 'শ্রম-আয়ের' অন্তর্গত।

1 'বেতন' খাতে কর ধার্য করার যোগ্য আয়,

2 করদাতা নিজে যদি কোন ব্যবসায়, পেশা বা বৃত্তি পরিচালনা করিয়া থাকেন, তাহা হইলে যে আয়ের উপর 'ব্যবসায়, পেশা বা বৃত্তি-সংক্রান্ত মুনাফা ও লাভের' খাতে কর ধার্য করা যায়, উহা,

3 'অন্যান্য উৎস হইতে আয়' খাতে কর ধার্য করার যোগ্য কোন আয় যদি করদাতার ব্যক্তিগত পরিশ্রমের দ্বারা অর্জিত হয়, তাহা হইলে এইরূপ আয়, যথা, ডাইরেক্টরের পারিশ্রমিক ও

1 "*Earned Income* means any income of an assessee who is an individual or a Hindu undivided family, or an unregistered firm or an association of persons or body of individuals whether incorporated or not, not being a company, or a local authority or a registered firm

(*i*) which is chargeable under the head 'Salaries', or

(*ii*) which is chargeable under the head Profits and gains of business or profession' where the business or profession is carried on by the assessee-or, in the case of a firm, where the assessee is a partner actively engaged in the conduct of the business or profession, or

(*iii*) which is chargeable under the head 'Income from other sources' if it is immediately derived from personal exertion or represents a pension or superannuation or other allowance given to the assessee in respect of the past services of any deceased person "—*The Finance* (*No 2*) *A*[illegible], *Sec 2* (*7*) (*c*).

গ্রন্থ-প্রণেতার গ্রন্থ-স্বত্বভাড়া বাবদ অর্জিত আয়। কোন করদাতাকে তাহার পূর্বতন কার্যের জন্য অবসর-বৃত্তি (Pension) বা অন্যান্য ভাতা দেওয়া হইলে এইরূপ আয়ও শ্রম আয় বলিয়া গণ্য হইতে পারে।

4 অন্যের কোন আয় যদি আয়কর আইনের বিধান বলে আয়কর-দাতার আয় বলিয়া পরিগণিত হয়, তবে উক্ত আয়ও শ্রম আয় বলিয়া গণ্য হইতে পারে

নিম্নলিখিত 'ব্যক্তিগণ' শ্রম আয় লাভ করিতে পারেন

(ক) একক-জন (An individual),

(খ) কোন অবিভক্ত হিন্দু-পরিবার (A Hindu undivided family),

(গ) কোন অ-রেজিষ্ট্রীকৃত অংশীদারী প্রতিষ্ঠান (An Unregistered Firm);

(ঘ) বিভিন্ন ব্যক্তির সমিতি (কোম্পানী, স্থানীয় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান বা রেজিষ্ট্রীকৃত অংশীদারী প্রতিষ্ঠান ব্যতীত)।

Unearned Income

(বিনাশ্রম আয়)

ব্যক্তিগত শ্রম বা প্রচেষ্টা ব্যতীত যে সকল আয় অর্জন করা যায়, সেইগুলিকে 'বিনাশ্রম-আয়' (Unearned Income) বলা হয়। বাড়ীভাড়া, লগ্নির উপর সুদ, কোম্পানীর শেয়ারের উপর ডিভিডেণ্ড প্রভৃতি হইতে আয় কোন করদাতার ব্যক্তিগত প্রচেষ্টা বা পরিশ্রমজনিত আয় নহে বলিয়া এইগুলি বিনাশ্রম আয় বলিয়া পরিগণিত হয়।

Casual Income

(আকস্মিক আয়)[1]

'ব্যক্তির' এমন কতকগুলি আয় আছে যেগুলি সম্পূর্ণ আকস্মিক অর্থাৎ সাময়িক বা অনাবর্তক (non-recurring) জাতীয়। এইরূপ আয়কে ভাগ্য-প্রসূত আয়ও বলা যাইতে পারে। কখনও কখনও ইহা কোন চুক্তি বা পরিশ্রম প্রসূত আয় নহে। লটারী, ঘোড়দৌড়, আড়াআড়ি শব্দ প্রতিযোগিতা (Crossword Competition) প্রভৃতি হইতে প্রাপ্ত পুরস্কার এইজাতীয় আয়ের উদাহরণ। রাস্তায় কুড়াইয়া পাওয়া অর্থ বা মূল্যবান বস্তু, বিবাহ বা জন্মদিন উপলক্ষে প্রাপ্ত উপহার, নিরুদ্দেশ পুত্র বা আত্মীয়ের সংবাদ প্রদান করিয়া প্রাপ্ত পুরস্কার প্রভৃতিও আকস্মিক আয়ের পর্যায়ভুক্ত। আকস্মিক আয় আয়করের আওতায় পড়ে না।

আয়কর আইনের 10(3) ধারায় বলা হইয়াছে যে, কোন আয় আকস্মিক বলিয়া পরিগণিত হইতে হইলে ইহাকে নিম্নলিখিত শর্তগুলি পূরণ করিতে হইবে :

1 ইহা সাময়িক ও অনাবর্তক (non-recurring) হইতে হইবে,

2 ইহা আয়কর আইনের 45 ধারায় বর্ণিত করযোগ্য মূলধনী আয়ের প্রকৃতিবিশিষ্ট না,

[1] বিস্তৃত আলোচনার জন্য চতুর্থ অধ্যায় দ্রষ্টব্য।

৩ ইহা ব্যবসায় বা পেশা বা বৃত্তির সহিত সংশ্লিষ্ট সাময়িক আয় হইবে না। যথা, কোন শিক্ষক কর্তৃক প্রাপ্ত পরীক্ষার খাতা দেখার আয় সাময়িক আয় বলিয়া বিবেচিত হইতে পারে না, কারণ, ইহা তাহার বৃত্তির সহিত সংশ্লিষ্ট।

4 ইহা কোন কর্মচারীর বেতনাতিরিক্ত (addition to salary)-জাতীয় আয় হইবে না।[1]

Person

(ব্যক্তি)

'ব্যক্তির' আয়ের উপর আয়কর ধার্য করা হয়। 'আয়কর আইনে' উক্ত 'ব্যক্তি' কথাটি অত্যন্ত ব্যাপক অর্থে লিপিবদ্ধ হইয়াছে। এই আইন অনুসারে 'ব্যক্তি বলিতে বুঝায়

(i) **একক-জন** (An Individual) কোন একক-জন, ট্রাস্টি (Trustee), সম্পত্তির তত্ত্বাবধায়ক (Executor) প্রভৃতি এই শ্রেণীর অন্তর্গত।

(ii) **অবিভক্ত হিন্দু-পরিবার** (a Hindu undivided family) একান্নবর্তী হিন্দুপরিবারের 'কর্তা' বা প্রধান ব্যক্তি এই শ্রেণীর অন্তর্গত।

(iii) **কোম্পানী** (Company) 'কোম্পানী' বলিতে আয়কর আইনের 2(17) ধারায় বর্ণিত কোম্পানীকে বুঝায়। 1956 সালের 'কোম্পানী আইন' অনুসারে সৃষ্ট কোম্পানীগুলি এই শ্রেণীর অন্তর্ভুক্ত।

(iv) **অংশীদারী প্রতিষ্ঠান** (Firm) 1932 সালের 'অংশীদারী আইন' অনুসারে যে সকল প্রতিষ্ঠান অংশীদারী প্রতিষ্ঠান বলিয়া বিবেচিত হয়, সেইগুলি এই শ্রেণীর অন্তর্গত।

(v) **সমিতিবদ্ধ হউক বা না হউক, ব্যক্তিবর্গের সমিতি বা একক জনগণের সমষ্টি** (an association of persons or a body of individuals whether incorporated or not) চেম্বার অব কমার্স, ক্লাব, সমবায় সমিতি, সহ স্বত্বাধিকারিগণ (co owners) প্রভৃতি এই শ্রেণীর অন্তর্গত।

(vi) **স্থানীয় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান** (a local authority) যথা, কর্পোরেশন, মিউনিসিপালিটি, জেলাবোর্ড, ইমপ্রুভমেন্ট ট্রাস্ট প্রভৃতি।

(vii) **উপরোক্ত ব্যক্তিগণ ছাড়াও কোন আইন-গ্রাহ্য কৃত্রিম ব্যক্তি** (an artificial juridical person not falling within any of the above) যথা,

[1] 'In computing the total income of a previous year of any person, (the following income) shall not be included, —

Any receipts which are of a casual and non recurring nature unless they are—

(i) Capital gains, chargeable under the provisions of Section 45 or

(ii) receipts arising from business or the exercise of a profession or occupation..

(iii) receipts by way of addition to the remuneration of an employee"—Sec 10(3)

বিশ্ববিদ্যালয়, হিন্দু-দেবতা, উকিল সমিতি (Bar Council), আইনসৃষ্ট কর্পোরেশন (Statutory Corporation) প্রভৃতি।[1]

Hindu Undivided Family
(অবিভক্ত হিন্দু পরিবার)

1961 সালের 'আয়কর আইনে' 'অবিভক্ত হিন্দু পরিবারের' কোন সংজ্ঞা প্রদত্ত হয় নাই। এমতাবস্থায়, 'অবিভক্ত হিন্দু পরিবার' বলিতে কি বুঝায় তাহা জানিতে হইলে হিন্দু সমাজে প্রচলিত রীতিনীতি ও বিভিন্ন মোকদ্দমার রায়ের উপর নির্ভর করিতে হইবে। অবিভক্ত হিন্দু-পরিবার বলিতে সাধারণত' একান্নবর্তী হিন্দু পরিবারকেই বুঝায়; অর্থাৎ বংশানুক্রমে যে হিন্দু পরিবারে বহুব্যক্তি একত্রে বসবাস করিয়া আসিতেছে, উহাকেই **অবিভক্ত হিন্দু-পরিবার** বলা হয়। অবিভক্ত হিন্দু-পরিবার বলিয়া স্বীকৃত হইতে হইলে কোন হিন্দু-পরিবারে অন্ততঃ দুইজন পুরুষ সভ্য থাকিতে হইবে আয়কর আইনে এমন কোন বিধান নাই, মাত্র একজন পুরুষ ও মৃত পুরুষগণের বিধবাগণকে লইয়াও অবিভক্ত হিন্দু-পরিবার সংগঠিত হইতে পারে। আয়কর আইনে বর্ণিত করদাতার (assessee) শ্রেণীভুক্ত হইতে হইলে অবিভক্ত হিন্দু-পরিবারকে নিম্নলিখিত শর্ত দুইটি অবশ্যই পূরণ করিতে হইবে

(1) পরিবারের সাধারণ সম্পত্তি থাকিতে হইবে। নিম্নলিখিত সম্পত্তিগুলি পরিবারের সাধারণ সম্পত্তি বলিয়া বিবেচিত হইবে

(ক) বংশানুক্রমে প্রাপ্ত সম্পত্তি,

(খ) বংশানুক্রমে প্রাপ্ত সম্পত্তির দ্বারা অর্জিত সম্পত্তি, এবং

(গ) কোন পারিবারিক সম্পত্তির সাহায্য ব্যতীত স্বীয় প্রচেষ্টায় পরিবারের কোন সভ্য অন্য কোন সম্পত্তি অর্জন করিয়া থাকিলে যদি উহা পরিবারের সম্পত্তি বলিয়াই বিবেচিত হয়, তাহা হইলে এইরূপ সম্পত্তি।

(2) পরিবারের সম্পত্তিতে সভ্যগণের এজমালি-স্বত্ব (Coparcenary) থাকিতে হইবে। সাধারণত 'দায়ভাগ' ও 'মিতাক্ষরা নামক হিন্দু আইন দুইটির ভিত্তিতে সভ্যগণের এজমালি-স্বত্ব নিরূপণ করা হয়।

আয়কর আইন অনুসারে অবিভক্ত হিন্দু-পরিবারের 'মোট আয়ের' জন্য পরিবারের কর্তার উপর কর ধার্য করা হয়। পরিবারের কোন সভ্যের ব্যক্তিগত আয়কে উক্ত 'মোট আয়ের'

[1] "*Person* includes—
(i) an individual
(ii) a Hindu undivided family,
(iii) a Company,
(iv) a firm,
(v) an association of persons or a body of individuals, whether incorporated or not,
(vi) a local authority and
(vii) every artificial juridical person, not falling within any of the preceding sub-clause."—*Sec 2(31)*

অন্তর্ভুক্ত করা যায় না। পরিবারের আয় যদি করযোগ্য না হয়, তাহা হইলেও এই বিধানের ব্যতিক্রম করা যায় না। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, অবিভক্ত হিন্দু-পরিবারের কোন সভ্যের ব্যক্তিগত আয় করযোগ্য হইলে তাহার উপর পৃথকভাবে আয়কর ধার্য করিতে হইবে এবং পরিবার হইতে প্রাপ্ত কোন আয় তাহার অন্য আয়ের সহিত যুক্ত করা চলিবে না।

1967 সালের ফাইন্যান্স এ্যাক্টে সুস্পষ্টভাবে বলা হইয়াছে যে, নিম্নলিখিত শর্ত দুইটি পূরণ করিতে পারিলে কোন হিন্দু-পরিবারকে 'অবিভক্ত হিন্দু-পরিবারের' শ্রেণীভুক্ত করা যাইবে .

(ক) পারিবারিক সম্পত্তির বিভাগ দাবি করিতে পারে এমন 18 বৎসর বা তদূর্ধ্ব বয়সের অন্ততঃ দুইজন সভ্য পরিবারে থাকিতে হইবে ,

(খ) পারিবারিক সম্পত্তির বিভাগ দাবি করিতে পারে এরূপ অন্তত দুইজন সভ্য পরিবারে থাকিতে হইবে এবং উক্ত দুইজনের একজন যেন অপর জনের সন্তান না হন তাহাও দেখা প্রয়োজন।[1]

Short Term Capital Asset

(স্বল্পমেয়াদী মূলধনী সম্পত্তি)

আয়কর আইনের 2(42A) ধারায় বলা হইয়াছে যে, অনধিক 24 মাস[2] পূর্বে করদাতা কর্তৃক স্বত্বপ্রাপ্ত যে সকল সম্পত্তি বর্তমানে করদাতার অধিকারে আছে, উহাদিগকে **স্বল্পমেয়াদী মূলধনী সম্পত্তি (Short Term Capital Asset)** বলা হয়।[3]

উপরোক্ত ধারায় আরও বলা হইয়াছে যে, 1965 সালের 26শে অক্টোবর হইতে 1966 সালের 28শে ফেব্রুয়ারী তারিখের মধ্যে (অথবা কেন্দ্রীয় সরকার কর্তৃক বর্ধিত কোন তারিখের মধ্যে) ভারতের বহিঃস্থ কোন দেশ হইতে প্রেরিত কোন অর্থের জন্য যদি কোন করদাতা 1947 সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন (Foreign Exchange Regulation Act) অনুসারে কোন অনুমোদিত বৈদেশিক মুদ্রা-ব্যবসায়ীর (Foreign Exchange dealer) নিকট হইতে কোন সার্টিফিকেট পাইয়া থাকেন এবং উহা হস্তান্তর করেন, তাহা হইলে এইরূপ হস্তান্তর স্বল্পমেয়াদী মূলধনী সম্পত্তির হস্তান্তর বলিয়া বিবেচিত হইবে না , পরন্তু ইহা দীর্ঘমেয়াদী মূলধনী

[1] " every Hindu undivided family satisfies either of the following two conditions namely —

(1) that it has at least two members entitled to claim partition who are not less than eighteen years of age , or

(2) that it has at least two members entitled to claim partition who are not lineally descended one from the other and who are not lineally descended from any other living member of the family "—*The First Schedule Part I—The Finance (No 2) Act*

[2] পূর্বে ইহা 12 মাস ছিল , কিন্তু 1968 সালের ফাইনান্স এ্যাক্টের দ্বারা 1969-70 করনির্ধারণ বৎসর হইতে ইহাকে 24 মাসে বর্ধিত করা হইয়াছে।

[3] "*Short term capital asset* means a capital asset held by an assessee for not more than twenty four months immediately the date of its transfer " – *See 2(42A)*

রর হস্তান্তর বলিয়া পরিগণিত হইবে এবং এইরূপ সম্পত্তির হস্তান্তরের ফলে যে মুনাফা হয়, দীর্ঘ-মেয়াদী মূলধনী সম্পত্তির হস্তান্তরজনিত মুনাফা বলিয়া গণ্য হইবে।

উপরোক্ত 2(42A) ধারার ব্যাখ্যার (Explanation) আকারে আরও বলা হইয়াছে যে, কোন মূলধনী সম্পত্তি যে কালের জন্য কোন করদাতার অধিকারে রহিয়াছে তাহা নিরূপণ করিবার জন্য

(ক) কোন অবলোপমান (in liquidation) কোম্পানীর শেয়ারের ক্ষেত্রে, উক্ত কোম্পানী যে তারিখে অবলুপ্ত হইয়াছে, উহার পরবর্তী কালকে গণনা হইতে বাদ দিতে হইবে;

(খ) কোন অবিভক্ত হিন্দু-পরিবারের আংশিক বা সামগ্রিক বিভাগ বা দান বা উইল বা উত্তরাধিকার প্রভৃতির ফলে কোন মূলধনী সম্পত্তি করদাতার অধিকারে আসিলে উক্ত সম্পত্তি যে কালের জন্য পূর্ববর্তী স্বত্বাধিকারীর দখলে ছিল, তাহাও হিসাবে ধরিতে হইবে।

(গ) কোন ভারতীয় কোম্পানীর এক বা একাধিক শেয়ারের আকারে কোন মূলধনী সম্পত্তি করদাতার স্বত্বাধীনে থাকিলে সেইগুলি যদি একাধিক কোম্পানীর একীকরণ-সংক্রান্ত পরিকল্পনা রূপায়ণের ফলে করদাতার অধিকারে আসিয়া থাকে, তাহা হইলে ইতিপূর্বে যে কালের জন্য উক্ত শেয়ারগুলি করদাতার অধিকারে ছিল তাহাও হিসাবে ধরিতে হইবে।

উপরোক্ত (ক), (খ) ও (গ)-তে বর্ণিত মূলধনী সম্পত্তি ছাড়া অন্যান্য মূলধনী সম্পত্তির ক্ষেত্রে কেন্দ্রীয় রাজস্ব বোর্ড যে সকল নিয়মকানুন প্রণয়ন করিয়া দিবেন, তদনুসারে উহাদের স্বত্বাধিকারের কাল নিরূপণ করিতে হইবে।

স্বল্পমেয়াদী মূলধনী সম্পত্তি নহে, এরূপ মূলধনী সম্পত্তিকে **দীর্ঘমেয়াদী মূলধনী সম্পত্তি (Long Term Capital Asset)** বলা হয়।

Taxable Income

(করযোগ্য-আয়)

যে আয়ের উপর আয়কর আইন অনুসারে আয়কর এবং অতি-কর (Super tax) ধার্য করা যায় উহাকে **করযোগ্য আয় (Taxable Income)** বলা হয়। আয়কর আইনের বিশেষ বিধান বলে যে-সকল আয় আয়করমুক্ত (exempted) সেইগুলি ছাড়া অন্যান্য সকল আয়-ই করযোগ্য আয়ের অন্তর্গত। আয়কর আইনে 'করযোগ্য আয়ের' কোন সুস্পষ্ট সংজ্ঞা প্রদত্ত হয় নাই। এমতাবস্থায় বিভিন্ন বিশেষজ্ঞ বিভিন্নভাবে ইহার সংজ্ঞা প্রদান করিয়াছেন। ইহার মধ্যে 'কমিশনার অব্ ইনকাম ট্যাক্স, বেঙ্গল বনাম শ ওয়ালেস এ্যাণ্ড কোং' নামক মোকদ্দমার রায়ে বিচারপতি লাউণ্ডেস[1] করযোগ্য আয়ের যে ব্যাখ্যা করিয়াছেন তাহা বিশেষ উল্লেখযোগ্য। ইহা নিম্নে উদ্ধৃত করা হইল

"এই আইনে (আয়কর আইনে) আয় বলিতে বুঝায়, কোন নির্দিষ্ট উৎস (source) হইতে নিয়মিতভাবে প্রাপ্ত সময়ভিত্তিক আয়। এই উৎস অবিরাম ফলপ্রসূ হইতে হইবে এমন

[1] Sir George Lowndes in Commissioner of Income Tax, Bengal v Shaw Wallace & Co.

নহে, কিন্তু ইহা (উৎস) হইতে যে ফল পাওয়া যাইবে সে বিষয়ে নিশ্চিত হইতে হইবে। দৈবাৎ প্রাপ্ত আয় ইহার অন্তর্ভুক্ত হইবে না।”

আয়কর আইনের 2(24) ধারা অনুসারে নিম্নলিখিত বিষয়গুলি করযোগ্য আয়ের অন্তর্ভুক্ত :

1 মুনাফা ও লাভ,

2 ডিভিডেণ্ড;

3 আয়কর আইনের 17(2) ও 17(3) ধারায় বর্ণিত ‘বেতন’ খাতে যে-সকল বিষয় করযোগ্য সেইগুলির বদলে প্রাপ্ত যে কোন বেতন-পূরক (Perquisite),

4 কোন ডাইরেক্টর অথবা কোম্পানীর উপর বহুল স্বার্থযুক্ত কোন ব্যক্তি অথবা ডাইরেক্টর বা এরূপ ব্যক্তির কোন আত্মীয় কর্তৃক প্রাপ্য সুখ-সুবিধা বা বেতন-পূরকের অর্থ-মূল্য। (এইরূপ বেতন-পূরক অর্থের বদলে বিনিময়যোগ্য হইতেও পারে, না-ও হইতে পারে।) এরূপ ডাইরেক্টর বা উপরোক্ত অন্যান্য ব্যক্তির প্রদেয় কোন অর্থ কোম্পানী কর্তৃক প্রদত্ত হইলে তাহাও ডাইরেক্টর বা উক্ত অন্যান্য ব্যক্তির আয়ের অন্তর্গত হইবে,

5 আয়কর আইনের 28(ii) ও (iii)-ধারা বা 41-ধারা বা 59-ধারাতে বর্ণিত করযোগ্য যে কোন অর্থ,

6 আয়কর আইনের 28(iv)-ধারা অনুসারে কর ধার্য করা যায়, এরূপ সুখ-সুবিধা বা বেতন-পূরকের অর্থ মূল্য,

7 আয়কর আইনের 45 ধারা অনুসারে কর ধার্য করা যায়, এরূপ মূলধনী আয়,

8 পারস্পরিক স্বার্থপূর্ণ বীমা কোম্পানী (mutual insurance company) কর্তৃক অথবা সমবায় সমিতি কর্তৃক পরিচালিত বীমা ব্যবসায়ের মুনাফা,

9 আয়কর আইনের 280-D ধারায় বর্ণিত প্রাপ্য কোন বার্ষিক সালিয়ানা (annuity) অথবা বার্ষিক সালিয়ানার বদলে প্রাপ্ত থোক টাকা।

Super Tax
(অতি-কর)

একক জন, অবিভক্ত হিন্দু পরিবার, কোম্পানী, স্থানীয় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান, অরেজিস্ট্রীকৃত অংশীদারী কারবার এবং ব্যক্তিবর্গের সমিতি কর্তৃক তাহাদের সাধারণ আয়করের উপর যে অতিরিক্ত আয়কর প্রদান করা হয়, উহাকে **অতি-কর (Super Tax)** বলা হয়।

Step System v Slab System
(ধাপ পদ্ধতি বনাম পর্বীয় পদ্ধতি)

মোট আয়ের উপর আয়কর গণনা করিবার জন্য ‘ধাপ পদ্ধতি’ (Step System) ও ‘পর্বীয় পদ্ধতি’ (Slab System) নামে দুইটি পদ্ধতির প্রচলন দেখা যায়। **ধাপ পদ্ধতিতে (Step System)** আয়কর-দাতার মোট আয়ের উপর নির্দিষ্ট হারে কর হিসাব করিয়া তাহার

সমগ্র আয়ের উপর কর ধার্য করা হয়। এই পদ্ধতিতে যে-ব্যক্তির আয়ের পরিমাণ যত বেশী তাহার করের হারও তত বেশী। যথা—মনে করি, রবিশঙ্কর রায়ের মোট আয় 15,000 টাকা এবং করের হার নিম্নরূপ

1 টাকা	হইতে	2,000 টাকা	পর্যন্ত প্রতি টাকায়	5 প হারে
2,001 "	"	4,000 "	" " "	15 প "
4,001 "	"	9,000 "	" " "	20 প "
9,001 "	এবং	তদূর্ধ্ব "	" " "	25 প "

ধাপ পদ্ধতি অনুসারে উপরোক্ত ক্ষেত্রে রবিশঙ্কর রায়ের সমগ্র আয় 15,000 টাকার উপর প্রতি টাকায় 25 প হারে মোট 3,750 টাকা আয়কর ধার্য করা হইবে। ইহা অত্যন্ত অযৌক্তিক বলিয়া 1939 সালের 1লা এপ্রিল হইতে ধাপ পদ্ধতি ভারতীয় আয়কর আইন হইতে পরিত্যক্ত হইয়াছে।

1939 সালের 1লা এপ্রিল হইতে ধাপ পদ্ধতির পরিবর্তে পর্বীয় পদ্ধতি (Slab System) নামে একটি ন্যায়ানুগ (Equitable) পদ্ধতির প্রচলন করা হয়। **পর্বীয় পদ্ধতি অনুসারে** আয়কর দাতার আয়ের বিভিন্ন পর্বগুলির (Slabs) উপর বিভিন্ন হারে আয়কর ধার্য করা হয়—মোট আয়ের সহিত সংশ্লিষ্ট মাত্র উচ্চ হারটিতে নহে। এই পদ্ধতি অনুসারে উপরের উদাহরণে রবিশঙ্কর রায়ের উপর মোট আয়কর ধার্য হইবে = 2,000 টা × 5 প + 2,000 টা × 15 প + 5,000 টা × 20 প + 6,000 টা × 25 প = 2,900 টাকা। বর্তমান আয়কর আইনের বিধান অনুসারে এদেশে আয়করের হার 'পর্বীয় পদ্ধতিতে' এবং সমকিস্তি জমার (Annuity Deposit) হার 'ধাপ পদ্ধতিতে' নিরূপণ করা হয়।

Previous Year

(পূর্ববর্তী-বৎসর)

বার্ষিক ফাইন্যান্স এ্যাক্টে (Finance Act) লিপিবদ্ধ হারে উক্ত বার্ষিক ফাইন্যান্স এ্যাক্টের অব্যবহিত পূর্বের আর্থিক-বৎসরের উপর আয়কর ধার্য করা হয়। সুতরাং, যে আর্থিক বৎসরের আয়ের উপর কর ধার্য করা হয়, ঐ বৎসরকেই **পূর্ববর্তী-বৎসর (Previous Year)** বলা হয়। অন্যভাবে বলিতে গেলে, যে আর্থিক বৎসরে কর ধার্য করা হয় উহার পূর্ববর্তী আর্থিক-বৎসরটিই পূর্ববর্তী-বৎসর নামে অভিহিত হয়।

আয়কর আইনের 3 ধারায় বলা হইয়াছে যে, করনির্ধারণ-বৎসরের (Assessment Year) অব্যবহিত পূর্বের আর্থিক-বৎসরটিকে পূর্ববর্তী-বৎসর (Previous Year) বলা হইবে।[1] যথা, 1967-সালের 1লা এপ্রিল হইতে 1968-সালের 31শে মার্চ পর্যন্ত 12 মাস কালকে

1 *Previous year* means—

(*a*) The financial year immediately preceding the assessment year or

(*b*) if the accounts of the assessee have been made up to a date within the said financial year, then, at the option of the *assessee*, the twelve months ending on such date; or

করনির্ধারণ-বৎসর ধরা হইলে 1966 সালের 1লা এপ্রিল হইতে 1967 সালের 31শে মার্চ পর্যন্ত 12 মাস কাল হইল 1967-68 করনির্ধারণ-বৎসরের পূর্ববর্তী-বৎসর। অনুরূপভাবে, 1966 67 করনির্ধারণ-বৎসরের পূর্ববর্তী-বৎসর হইল 1965-66 সাল, ইত্যাদি। সংক্ষেপে বলিতে গেলে, **যে আর্থিক বৎসরের (Financial Year) আয়ের উপর আয়কর ধার্য করা হয় উহাই হইল আয়কর আইনে বর্ণিত পূর্ববর্তী-বৎসর এবং উহার অব্যবহিত পরবর্তী আর্থিক-বৎসরটি হইল সংশ্লিষ্ট করনির্ধারণ-বৎসর।**

Previous Year-কে **Accounting Year** (হিসাব-বৎসর) নামেও অভিহিত করা হয় ; কারণ, উক্ত বৎসরের হিসাবের উপরই আয়কর ধার্য করা হয়। আবার, কেহ কেহ ইহাকে **Income-Year** (আয় বৎসর) নামেও অভিহিত করিয়া থাকেন , কারণ, উক্ত বৎসরের আয়ের উপরই আয়কর আদায় করা হয়।[1]

পূর্ববর্তী-বৎসর বলিতে কি বুঝায় তাহা সঠিক অনুধাবন করিবার জন্য নিম্নলিখিত বিষয়-গুলির উল্লেখ করা প্রয়োজন :

(ক) করনির্ধারণ বৎসরের (Assessment Year) অব্যবহিত পূর্ববর্তী 31শে মার্চ তারিখে 12 মাসের যে কাল শেষ হয়, উহাই আয়কর আইনে বর্ণিত পূর্ববর্তী-বৎসর।

(খ) কোন আর্থিক বৎসরের (Financial Year) মধ্যে করদাতা যদি তাহার হিসাবকাল (Accounting Period) শেষ করে, তাহা হইলে উক্ত হিসাবকালের 12 মাস যে তারিখে শেষ

(c) in the case of any person or business or class of persons or business not falling within clause (*a*) or clause (*b*), such period as may be determined by the Central Board of Revenue or by any authority authorised by he Board in this behalf or

(*d*) in the case of a business or profession newly set up in the said financial year the period beginning with the date of the setting up of the business or profession and—

(*i*) ending with the said financial year or

(*ii*) if the accounts of the assessee have been made up to a date within the said fiancial year, then, at the option of the assessee, ending on that date or

(*iii*) ending with the period, if any, determined under clause (c), as the case may be ; or

(*e*) in the case of a business or profession newly set up in twelve months immediately preceding the said financial year—

(*i*) if the accounts of the assessee have been made up to a date within the said financial year and the period from the date of the setting up of the business or profession to such date does not exceed twelve months, then at the option of the assessee such period, or

(*ii*) if any period has been determined under clause (*c*) then the period beginning with the date of the setting up of the business or profession and ending with the period, as the case may be

1 **পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য (Hints for the Examinees) :**

Assessment Year (করনির্ধারণ বৎসর) বা **Income tax Year** (আয়কর বৎসর)।

Previous Year (পূর্ববর্তী বৎসর) বা **Accounting Year** (হিসাব বৎসর) বা **Income-year** (আয় বৎসর)।

য, ঐ তারিখেই তাহার পূর্ববর্তী-বৎসর শেষ হইবে এবং উক্ত তারিখটি যে আর্থিক-বৎসরের (Financial Year) মধ্যে পড়িবে, উহার পরবর্তী আর্থিক-বৎসরটি হইল সংশ্লিষ্ট করনির্ধারণ-বৎসর (Assessment Year)। যথা, 1966-সালের 1লা জানুয়ারী হইতে 31-শে ডিসেম্বর ইংরেজী পঞ্জিকার 12 মাস কালের শেষ দিনে কোন ব্যবসায়ী তাহার হিসাবকাল শেষ করিলে উক্ত 1966-সাল হইবে তাহার পূর্ববর্তী-বৎসর। কিন্তু সংশ্লিষ্ট ব্যবসায়ী কর্তৃক হিসাব বন্ধ করিবার তারিখটি 1966-67 আর্থিক-বৎসরের মধ্যে পড়ে বলিয়া আয়কর আইন অনুসারে 1966-67 আর্থিক বৎসরের পরবর্তী আর্থিক-বৎসরটি অর্থাৎ 1967-68 সাল ইহার সহিত সংশ্লিষ্ট করনির্ধারণ বৎসর। দেওয়ালী-বৎসর বা সম্বৎ-বৎসর বা দশহরা-বৎসরের ভিত্তিতে রক্ষিত হিসাব-রক্ষণের ক্ষেত্রেও উপরোক্ত প্রণালীতে পূর্ববর্তী বৎসর ও করনির্ধারণ বৎসর নিরূপণ করিতে হইবে। অন্যান্য যে-সকল বৎসরের শেষ দিন আর্থিক বৎসরের (Financial Year) মধ্যেই শেষ হইয়া যায় সেইগুলির ক্ষেত্রেও অনুরূপভাবে করনির্ধারণ বৎসর নিরূপণ করিতে হইবে।

(গ) যেক্ষেত্রে উপরোক্ত কোন বৎসরই অনুসরণ করা হয় না অর্থাৎ পূর্ববর্তী-বৎসর নির্ধারণ করা সম্ভব হয় না, সেক্ষেত্রে আয়কর কর্তৃপক্ষ উহা স্থির করিয়া দেন।

(ঘ) নূতন ব্যবসায়ের ক্ষেত্রে পূর্ববর্তী-বৎসর স্থির করিবার প্রণালী অন্যরূপ। কোন আর্থিক-বৎসরে (Financial Year) যদি কোন নূতন ব্যবসায় আরম্ভ করা হয়, তাহা হইলে ব্যবসায় আরম্ভ করিবার তারিখ হইতে পরবর্তী 31শে মার্চ তারিখ পর্যন্ত কালটি পূর্ববর্তী-বৎসর (Previous Year) হইবে। এরূপক্ষেত্রে, ব্যবসায়ী ইচ্ছা করিলে উক্ত 31শে মার্চ তারিখের পরবর্তী কোন তারিখ পর্যন্ত পূর্ববর্তী বৎসর ধরিতে পারেন কিন্তু কোন অবস্থাতেই এই সময়টি 12 মাস কালের বেশী হইতে পারে না। যথা 1965 সালের 1লা সেপ্টেম্বর তারিখে বিশ্বনাথ রায় একটি নূতন ব্যবসায় আরম্ভ করিলেন। এক্ষেত্রে তিনি ইচ্ছা করিলে 1966 সালের 31শে মার্চ তারিখে (অর্থাৎ আর্থিক বৎসরের শেষ তারিখে) অথবা তৎপূর্বের যে কোন তারিখে হিসাব বন্ধ করিয়া তাঁহার কালান্তিক হিসাবগুলি (Final Accounts) প্রস্তুত করিতে পারেন। 31শে মার্চ তারিখে তিনি হিসাব বন্ধ করিয়া কালান্তিক হিসাব প্রস্তুত করিলে তাঁহার পূর্ববর্তী-বৎসর হইবে 1965-66 এবং সংশ্লিষ্ট কর নির্ধারণ-বৎসর হইবে 1966-1967।[1]

কিন্তু বিশ্বনাথ রায় ইচ্ছা করিলে 31শে আগস্ট, 1966 অর্থাৎ 12 মাস অন্তেও কালান্তিক হিসাব প্রস্তুত করিতে পারেন। সেক্ষেত্রে তাঁহার পূর্ববর্তী-বৎসর হইবে 1966 এবং প্রথম করনির্ধারণ-বৎসর হইবে 1967-68।[2]

1 ব্যবহারিক ক্ষেত্রে ইহাকে নিম্নলিখিত ভাষায় প্রকাশ করা হয়
"1965-66 আর্থিক-বৎসরটি হইল 1966-67 করনির্ধারণ বৎসরের পূর্ববর্তী-বৎসর।"

2 **পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য**. নূতন ব্যবসায়ের ক্ষেত্রে কোন ব্যবসায়ী যদি নিজের সুবিধার্থে 12 মাসের অধিক কালের জন্য (মনে করি 15 মাসের জন্য) হিসাব প্রস্তুত করিয়া থাকে, তাহা হইলে এইরূপ হিসাবের কালকে দুইভাগে (একভাগে সর্বাধিক 12-মাস কাল থাকিতে পারে) বিভক্ত করিয়া পূর্ববর্তী-বৎসর অর্থাৎ হিসাবকাল নিরূপণ করিতে হইবে।

(ঙ) যদি কোনও ব্যক্তি কোনও অংশীদারী কারবারের সভ্য হয়, তাহা হইলে অংশীদারী কারবারটির যেটি পূর্ববর্তী-বৎসর (Previous Year) হইবে, অংশীদারী কারবারের আয়ের অংশের জন্য ঐ ব্যক্তির পূর্ববর্তী-বৎসরও উহাই হইবে।

(চ) একই করদাতার বিভিন্ন আয়ের জন্য বিভিন্ন পূর্ববর্তী-বৎসর থাকিতে পারে।

(ছ) পূর্ববর্তী-বৎসর একবার নির্ধারিত হইলে উহা আয়কর কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত পরিবর্তন করা যায় না।

পূর্ববর্তী-বৎসর ও করনির্ধারণ বৎসর বলিতে কি বুঝায় তাহা নিম্নের তালিকা দুইটি হইতে সুস্পষ্ট হইবে :

I পুরাতন ব্যবসায়ের ক্ষেত্রে :

পূর্ববর্তী-বৎসর (অর্থাৎ হিসাব বৎসর)	করনির্ধারণ-বৎসর
(i) জানুয়ারী 1, 1966 হইতে ডিসেম্বর 31, 1966	1967-68
(ii) এপ্রিল 1, 1966 হইতে মার্চ 31, 1967	1967-68
(iii) জুলাই 1, 1965 হইতে জুন 30, 1966	1967-68
(iv) দশহরা (অক্টোবর) 1965 হইতে দশহরা 1966	1967-68
(v) দেওয়ালী (অক্টোবর-নভেম্বর) 1965 হইতে দেওয়ালী 1966	1967 68
(vi) 1লা বৈশাখ, 1373 (14 এপ্রিল, 1966) হইতে 30শে চৈত্র, 1374 (13 এপ্রিল, 1967)	1967-68 [কিন্তু ইহা আয়কর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষ।

II নবপ্রতিষ্ঠিত ব্যবসায়ের ক্ষেত্রে :

পূর্ববর্তী-বৎসর (অর্থাৎ হিসাব বৎসর)	করনির্ধারণ-বৎসর	ভবিষ্যতের জন্য পূর্ববর্তী-বৎসর
(i) এপ্রিল 1, 1966 তারিখে শুরু করিয়া ডিসেম্বর 31, 1966 তারিখে শেষ হইলে	1967 68	1লা জানুয়ারী হইতে 31শে ডিসেম্বর পর্যন্ত
(ii) এপ্রিল 1, 1966 তারিখে শুরু করিয়া মার্চ 31, 1967 তারিখে শেষ হইলে	1967-68	1লা এপ্রিল হইতে 31শে মার্চ পর্যন্ত
(iii) জানুয়ারী 1, 1966 তারিখে শুরু করিয়া ডিসেম্বর 31, 1966 তারিখে শেষ হইলে	1967-68	1লা জানুয়ারী হইতে 31শে ডিসেম্বর পর্যন্ত

পূর্ববর্তী-বৎসর (অর্থাৎ হিসাব বৎসর)	করনির্ধারণ বৎসর	ভবিষ্যতের জন্য পূর্ববর্তী-বৎসর
(iv) জুলাই 1, 1965 তারিখে শুরু করিয়া জুন 30, 1966 তারিখে শেষ হইলে	1967-68	1লা জুলাই হইতে 30শে জুন পর্যন্ত
(v) জানুয়ারী 31, 1966 তারিখে শুরু করিয়া মার্চ 31, 1966 তারিখে শেষ হইলে	1966-67	1লা এপ্রিল হইতে 31শে মার্চ পর্যন্ত
(vi) জুলাই 1, 1965 তারিখে শুরু করিয়া ডিসেম্বর 31, 1965 তারিখে শেষ হইলে	1966-67	1লা জানুয়ারী হইতে 31শে ডিসেম্বর পর্যন্ত
(vii) জুলাই 1, 1965 তারিখে শুরু করিয়া মার্চ 31 1966 তারিখে শেষ হইলে	1966-67	1লা এপ্রিল হইতে 31শে মার্চ পর্যন্ত

মন্তব্য : উপরোক্ত (iii) এবং (iv)-এর ক্ষেত্রে 1966-67 করনির্ধারণ-বৎসরের জন্য কোন পূর্ববর্তী-বৎসর হইবে না এবং সংশ্লিষ্ট ব্যবসায়ীর আয়ের উপর 1967-68 করনির্ধারণ-বৎসরে সর্বপ্রথম কর ধার্য করা হইবে।

Exceptions to the rule that 'Previous year' means the financial year immediately preceding the assessment year (পূর্ববর্তী বৎসর বলিতে করনির্ধারণ-বৎসরের অব্যবহিত পূর্ববর্তী আর্থিক-বৎসরকে বুঝায়—এই নিয়মের ব্যতিক্রম) আয়কর আইনের বিধান অনুসারে সাধারণত কোন পূর্ববর্তী-বৎসরের আয়ের উপর উহার অব্যবহিত পরবর্তী আর্থিক-বৎসরে কর ধার্য করা হয়। কখনও কখনও এই নিয়মের **ব্যতিক্রম-ও (exception)** লক্ষ্য করা যায়। নিম্নলিখিত বৎসরগুলিতে যে বৎসর আয় হয় সেই বৎসরই উহার উপর আয়কর নির্ধারণ করা হয়, অর্থাৎ এই সকল ক্ষেত্রে পূর্ববর্তী-বৎসর ও করনির্ধারণ-বৎসর একই হয়

(i) কোন **'অনাবাসিক'** যদি কোন **অনিয়মিত জাহাজী-ব্যবসায় (occasional shipping business)** হইতে কোন মুনাফা অর্জন করিয়া থাকে, তবে ঐ মুনাফার উপর হিসাব বৎসরেই অর্থাৎ পূর্ববর্তী-বৎসরেই কর নির্ধারণ করা হয় [172-ধারা]।

(ii) যেক্ষেত্রে কোন ব্যক্তির **ভারত হইতে চিরতরে চলিয়া যাইবার সম্ভাবনা** রহিয়াছে, সেক্ষেত্রে ঐ ব্যক্তির যে বৎসরের আয় হয়, সেই বৎসরই ঐ আয়ের উপর আয়কর নির্ধারণ করা হয় [174-ধারা]।

(iii) **কর ফাঁকি দেওয়ার উদ্দেশ্যে** কোন ব্যক্তি যদি তাহার **সম্পত্তি হাতছাড়া করার প্রচেষ্টা করিয়া থাকে, তবে তাহার যে বৎসরের আয় হয়, সেই বৎসরেই ঐ আয়ের উপর আয়কর নির্ধারণ করা যায় [175-ধারা]।**

(iv) কোন ব্যবসায় বা পেশা বন্ধ করিয়া দেওয়া হইলে উহার যে বৎসরে আয় হয়, ঐ বৎসরেই ঐ আয়ের উপর কর নির্ধারণ করা যায় [176-ধারা]।

Problem 4 · Ascertain separately the relevant previous year for the assessment year 1966-67 in the case of each of the following businesses

(i) A cloth merchant Accounting year 1st January to 31st December ,

(ii) A publishing concern Accounting year 1st July to 30th June ,

(iii) A medicine dealer Accounting year 1st November to 31st October (Diwali year)

[নিম্নলিখিত ব্যবসায়গুলির প্রত্যেকটির ক্ষেত্রে পৃথকভাবে 1966 67 করনির্ধারণ বৎসরের জন্য সংশ্লিষ্ট পূর্ববর্তী বৎসর নিরূপণ কর

(i) একজন বস্ত্র ব্যবসায়ী হিসাব বৎসর 1লা জানুয়ারী হইতে 31শে ডিসেম্বর ,

(ii) একজন পুস্তক প্রকাশক হিসাব বৎসর 1লা জুলাই হইতে 30শে জুন ,

(iii) একজন ঔষধ বিক্রেতা হিসাব বৎসর 1লা নভেম্বর হইতে 31শে অক্টোবর ।]

Solution প্রশ্নে প্রদত্ত বিভিন্ন বিষয়গুলিব প্রত্যেকটিব ক্ষেত্রে 1966-67 করনির্ধাবণ বৎসরের জন্য পূর্ববর্তী-বৎসব নিম্নরূপ হইবে

(i) বস্ত্র-ব্যবসায়ীব জানুয়ারী 1, 1965 হইতে ডিসেম্বর 31,1965 ,

(ii) পুস্তক প্রকাশকেব জুলাই 1, 1964 হইতে জুন 30, 1965 ,

(iii) ঔষধ-বিক্রেতার নভেম্বর 1, 1964 হইতে অক্টোবর 31, 1965 ।

Problem 5 Asit Roy, a stationery goods merchant closes his books of account on 31st December every year Ascertain his previous year for the assessment year 1967 68

[অসিত রায় নামে একজন স্টেশনারি পণ্যের ব্যবসায়ী প্রতি বৎসর 31 শে ডিসেম্বর তারিখে তাঁহার হিসাবের বই বন্ধ করেন। তাঁহার 1967 68 করনির্ধারণ বৎসরের পূর্ববর্তী বৎসরটি নির্ণয় কর।]

Solution · এক্ষেত্রে সংশ্লিষ্ট পূর্ববর্তী-বৎসর হইবে 1966 ইংরেজী পঞ্জিকা-বৎসর।

Problem 6 Nirod Banerjee is a salaried employee of Bose Ghosh & Co (P) Ltd Find out his previous year for the assessment year 1967-68

(নিরোদ ব্যানার্জি বোস ঘোষ এ্যাণ্ড কোং (প্রা) লি' এর একজন বেতনভোগী কর্মচারী। তাঁহার 1967 68 করনির্ধারণ বৎসরের পূর্ববর্তী বৎসরটি নিরূপণ কর।)

Solution : বেতনভোগী কর্মচারিগণের ক্ষেত্রে সর্বদা পূর্ববর্তী-বৎসর 31শে মার্চ তারিখে শেষ হইবে। এক্ষেত্রে 1লা এপ্রিল, 1966 হইতে 31শে মার্চ, 1967 পর্যন্ত যে বৎসরটি শেষ হইয়াছিল উহাই 1967-68 করনির্ধারণ-বৎসরের জন্য নিরোদ ব্যানার্জির পূর্ববর্তী-বৎসর হইবে।

Problem 7 : Biswanath Das started a new business on 1st July, 1966 Ascertain separately what his previous year would be for the assessment year 1967 68 in each of the following cases

(i) If he closed his first books of account on September 30, 1966 ,

(ii) If he closed his first books of account on June 30, 1967 (i e at the end of 12 months) ,

(iii) If he closed his first books of account on March 31, 1967

(iv) If he closed his first books of account on December 31, 1967 due to personal convenience

[1966 সালের 1লা জুলাই তারিখে বিশ্বনাথ দাশ নূতন ব্যবসায় শুরু করিল। নিম্নলিখিত প্রত্যেক ক্ষেত্রে 1967 68 করনির্ধারণ বৎসরের জন্য পূর্ববর্তী বৎসর কি হইবে তাহা পৃথকভাবে নিরূপণ কর

(i) যদি তিনি 30শে সেপ্টেম্বর, 1966 তারিখে তাঁহার প্রথম বারের জন্য হিসাব বন্ধ করেন ,

(ii) যদি তিনি 30শে জুন 1967 তারিখে (অর্থাৎ 12 মাসের শেষে) তাঁহার প্রথম বারের জন্য হিসাব বন্ধ করেন ;

(iii) যদি তিনি 31শে মার্চ 1967 তারিখে তাঁহার প্রথম বারের জন্য হিসাব বন্ধ করেন ;

(iv) যদি তিনি নিজের সুবিধার জন্য 31শে ডিসেম্বর, 1967 তারিখে তাঁহার প্রথম বারের জন্য হিসাব বন্ধ করেন।]

Solution (i) এক্ষেত্রে জুলাই 1, 1966 হইতে সেপ্টেম্বর 30, 1966 পর্যন্ত তিনমাস কাল হইল 1967 68 করনির্ধারণ বৎসরের পূর্ববর্তী-বৎসর।

(ii) এক্ষেত্রে 1967-68 করনির্ধারণ বৎসরের কোন পূর্ববর্তী-বৎসর নাই—1968-69 আর্থিক-বৎসরে তাহার উপর প্রথমবারের জন্য কর ধার্য করা হইবে।

(iii) এক্ষেত্রে জুলাই 1, 1966 হইতে মার্চ 31, 1967 পর্যন্ত কালটি হইল 1967 68 করনির্ধারণ বৎসরের পূর্ববর্তী-বৎসর। ভবিষ্যতে তাহার পূর্ববর্তী বৎসর 31শে মার্চ তারিখে শেষ হইবে।

(iv) এক্ষেত্রে তিনি 18 মাসের জন্য (অর্থাৎ 12 মাসের অধিক কালের জন্য) হিসাব প্রস্তুত করিয়াছেন। সুতরাং, আয়কর অফিসার এই হিসাবটিকে এমন দুইভাগে ভাগ করিয়া দিতে তাঁহাকে নির্দেশ দিবেন যেন একভাগের কালটি 12 মাসের অধিক না হয়। এরূপ ভাবে হিসাবটিকে ভাগ করিয়া প্রস্তুত করার পরে সংশ্লিষ্ট পূর্ববর্তী-বৎসর নিরূপণ করা যাইবে।

Problem 8 Ram is the partner of the firm Ram Rahim & Co The partnership firm's books are closed on 31st March every year Besides his income from the partnership firm, Ram carries on a separate business of his own The accounts of Ram's own business are closed on June 30 every year

Ascertain the previous years of Ram for the assessment year 1967-68.

[রাম রহিম অ্যাণ্ড কোং-এ রাম একজন অংশীদার। প্রতি বৎসর 31শে মার্চ তারিখে অংশীদারী কারবারের হিসাবের বই বন্ধ করা হয়। অংশীদারী প্রতিষ্ঠানের আয় ছাড়াও রামের নিজের পৃথক ব্যবসায় আছে। প্রতি

বৎসর 30শে জুন তারিখে রামের ব্যক্তিগত ব্যবসায়ের হিসাব বন্ধ করা হয়। 1967-68 করনির্ধারণ-বৎসরের জন্য রামের পূর্ববর্তী বৎসরগুলি কি হইবে তাহা নির্ণয় কর।]

Solution এক্ষেত্রে অংশীদারী কারবারের একটি এবং রামের নিজের একটি—অর্থাৎ দুইটির পৃথক পৃথক পূর্ববর্তী-বৎসর হইবে। 1লা এপ্রিল, 1966 হইতে 31শে মার্চ, 1967 পর্যন্ত যে 12 মাস কাল শেষ হইয়াছে উহাই অংশীদারী কারবারের 1967-68 করনির্ধারণ-বৎসরের পূর্ববর্তী-বৎসর হইবে।

কিন্তু 1লা জুলাই, 1965 হইতে 30শে জুন, 1966 পর্যন্ত যে 12 মাস কাল শেষ হইয়াছে রামের ব্যক্তিগত ব্যবসায়ের জন্য উহাই 1967-68 করনির্ধারণ-বৎসরের পূর্ববর্তী-বৎসর।[1]

Problem 9 Ghanashyam Agarwala has tne following accounting periods with regard to the various set of accounts maintained in each place of his business,

(i) Flour Mill—July to June

(ii) Woollen Mill—English Calendar Year

(iii) Oil Mill—Financial Year

(iv) Cloth Mill—Diwali Year (Oct /Nov to Oct /Nov)

Ascertain the previous year relevant for the assessment year 1967-68 in each of the above set of account books

[ঘনশ্যাম আগরওয়ালার বিভিন্ন ব্যবসায়ের স্থানে রক্ষিত হিসাবের বই-এর কেতাগুলির প্রত্যেকটির হিসাবকাল নিম্নরূপ

(i) ময়দার কল—জুলাই হইতে জুন ;

(ii) পশমী বস্ত্রের কল—ইংরেজী পঞ্জিকা বৎসর

(iii) তৈলের কল—আর্থিক বৎসর ;

(iv) কাপড়ের কল—দেওয়ালী বৎসর (অক্টো /নভেম্ব হইতে অক্টো /নভেম্ব)।

উপরোক্ত হিসাবের বইগুলির প্রত্যেক কেতার জন্য 1967 68 করনির্ধারণ বৎসরের সহিত সংশ্লিষ্ট পূর্ববর্তী-বৎসর নিরূপণ কর।]

Solution বিভিন্ন কেতায় রক্ষিত হিসাবের বইগুলির জন্য ঘনশ্যাম আগরওয়ালার 1967-68 করনির্ধারণ-বৎসরের সহিত সংশ্লিষ্ট পূর্ববর্তী-বৎসর নিম্নরূপ হইবে

(i) ময়দার কল—1 7 65 হইতে 30 6 66 পর্যন্ত ,

(ii) পশমী বস্ত্রের কল—1 1 66 হইতে 31 12 66 পর্যন্ত ,

(iii) তৈলের কল—1 4 66 হইতে 31 3 67 পর্যন্ত ,

(iv) কাপড়ের কল—25 10 65 হইতে 11 11 66 পর্যন্ত।

---

[1] **পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য :** আয়কর অফিসার কর্তৃক অনুসৃত সরকারী করনির্ধারণ-বৎসর ও উহার অব্যবহিত পূর্বের পূর্ববর্তী-বৎসরকে ভিত্তি করা হইলে এরূপ প্রশ্নের সঠিক উত্তর প্রদান করা সহজ হইবে।

প্রশ্নাবলী

1 What do you mean by 'Income-tax' and 'Income-tax Act'? Give a brief account of the history of Income-tax Act in India

(আয়কর ও আয়কর আইন বলিতে কি বুঝায়? ভারতে আয়কর আইনের ইতিহাস সংক্ষেপে বর্ণনা কর)

উ —'সংক্ষিপ্ত ইতিহাস' (1—2 পৃ) লিখ।

*2 In Income-tax Act, what is meant by the term, 'Assessee'? Mention the different classes of assessees

[C U Three-Year Degree Course, B Com 1963 & 1965]

(আয়কর আইনে 'করদাতা' বলিতে কি বুঝায়? বিভিন্ন শ্রেণীর করদাতার বর্ণনা দাও।)

উ —'করদাতা' (2—3 পৃ) লিখ।

*3 What do you mean by assessment year?

('করনির্ধারণ বৎসর' বলিতে কি বুঝায়?)

উ — করনির্ধারণ বৎসর' (4 পৃ) লিখ।

4 Explain the following terms, (a) Average Rate of Income tax; (b) Charitable Purpose, (c) Super-tax

(নিম্নলিখিত পরিভাষাগুলি বিশদভাবে বুঝাইয়া লিখ

(ক) আয়করের গড় হার (খ) দাতব্য উদ্দেশ্য। (গ) অতি কর।)

উ —'আয়করের গড় হার' ও দাতব্য উদ্দেশ্য' (4 ও 5 পৃ) অতি কর—(20 পৃ) লিখ।

5 Define Capital Asset

(মূলধনী সম্পত্তির সংজ্ঞা লিখ।)

উ — মূলধনী সম্পত্তি' (5 পৃ) লিখ।

6 Define Company [C U Three Year Degree Course, B Com 1968]

(কোম্পানীর সংজ্ঞা লিখ।)

উ —'কোম্পানী' (6 পৃ) লিখ।

*7 What do you mean by 'Dividend' according to the Income-tax Act?

(আয়কর আইন অনুসারে 'লভ্যাংশ' বলিতে কি বুঝায়?)

উ —'লভ্যাংশ' (8 পৃ) লিখ।

*8 Define 'Person' according to Income-tax Act, 1961

[C U Three-Year Degree Course, B Com. 1964,]

(আয়কর আইন অনুসারে ব্যক্তি'র সংজ্ঞা নির্দেশ কর।)

উ — ব্যক্তি (16 পৃ) লিখ।

9 Who are liable to pay tax according to Income-tax Act, 1961? Write short notes on each of them

(১৯৬১ সালের আয়কর আইন অনুসারে কাহারা কর প্রদান করিতে বাধ্য? তাহাদের প্রত্যেকের উপর সংক্ষিপ্ত টীকা লিখ।)

উ — ব্যক্তি' (16 পৃ) লিখ।

**10 Define 'Hindu Undivided Family' according to Income-tax Act

[C U Three-Year Degree Course, B Com 1965]

(আয়কর আইন অনুসারে 'অবিভক্ত হিন্দু পরিবারের' সংজ্ঞা লিখ।)

উ,—'অবিভক্ত হিন্দু পরিবার' (17 পৃ:) লিখ।

*11 What do you mean by Income ? Explain clearly the items included in it

('আয়' বলিতে কি বুঝায় ? ইহার অন্তর্গত বিষয়গুলি বিশদভাবে বুঝাইয়া লিখ।)

উ —'আয়' (11—12 পৃ) লিখ।

12 What are the different heads of income under the Income-tax Act ?

[C U Three-Year Degree Course, B Com 1963, 1965]

(আয়কর আইন অনুসারে যে বিভিন্ন খাতগুলিতে আয়ের হিসাব করা হয় সেইগুলি কি কি ?)

উ — আয়ের বিভিন্ন খাত' (12 পৃ) লিখ।

13 Explain the terms , (a) Total Income and (b) Total World Income

('মোট আয়' এবং 'মোট বিশ্ব আয়' কি তাহা বিশদভাবে বুঝাইয়া লিখ।)

উ —মোট আয়' (13 পৃ) এবং 'মোট বিশ্ব আয়' (14 পৃ) লিখ।

14 Explain the terms , (a) Earned Income , (b) Unearned Income,

('শ্রম আয়' এবং বিনাশ্রম আয়' বলিতে কি বুঝায় তাহা বিশদভাবে বুঝাইয়া লিখ।)

উ—'শ্রম আয়' (14 পৃ) এবং বিনাশ্রম আয় (15 পৃ) লিখ।

**15 What do you mean by Casual Income ?

('আকস্মিক আয়' বলিতে কি বুঝায় ?)

উ —'আকস্মিক আয়' (15 পৃ) লিখ।

**16 Write short notes on the following with reference to the Income tax Act, 1961 (a) Short Term Capital Asset, (b) Taxable Income

[C U Three Year Degree Course, B Com 1966]

(1961 সালের আয়কর আইন অনুসারে নিম্নলিখিতগুলির উপর সংক্ষিপ্ত টীকা লিখ (i) স্বল্পমেয়াদী মূলধনী সম্পত্তি, (ii) করযোগ্য আয়।)

উ —'স্বল্পমেয়াদী মূলধনী সম্পত্তি' (18 পৃ) করযোগ্য আয়' (19 পৃ) লিখ।

17 Point out the difference between 'Step System' and 'Slab System' taxation

(আয়কর ধার্য করা সংক্রান্ত ধাপ পদ্ধতি' ও 'পর্যায় পদ্ধতি'র মধ্যে পার্থক্য নির্দেশ কর।)

উ —'ধাপ পদ্ধতি বনাম পর্যায় পদ্ধতি' (20 পৃ) লিখ।

**18 What is 'Previous year' according to Income-tax Act ?

[C U Three-Year Degree Course, B Com 1965]

(আয়কর আইন অনুসারে পূর্ববর্তী বৎসর বলিতে কি বুঝায় ?)

উ —'পূর্ববর্তী বৎসর (21 পৃ) লিখ।

19 Is there any exception to the rule that 'Previous year means the financial year immediately preceding the Assessment year' ?

('পূর্ববর্তী বৎসর বলিতে করনির্ধারণ বৎসরের অব্যবহিত পূর্ববর্তী আর্থিক বৎসরকে বুঝায়'—এই নিয়মের ব্যতিক্রম আছে কি ?)

উঃ—'পূর্ববর্তী বৎসর বলিতে কর নির্ধারণ বৎসরের অব্যবহিত পূর্ববর্তী আর্থিক বৎসরকে বুঝায়—এই নিয়মের ব্যতিক্রম' (25 পৃ) লিখ।

দ্বিতীয় অধ্যায়
কৃষি-আয়
(AGRICULTURAL INCOME)

Agricultural Income

(কৃষি আয়)

যে সকল আয় আয়কর আইনের আওতায় পড়ে না, কৃষি আয় সেইগুলির অন্যতম। 'ব্যক্তির' মোট আয় নিরূপণ করিবার সময় কৃষি আয়কে হিসাবের মধ্যে ধরা হয় না। ভারতীয় শাসনতন্ত্র (Constitution) অনুসারে কৃষি আয়ের উপর কর ধার্য করিবার ক্ষমতা রাজ্যগুলির হস্তে অর্পণ করা হইয়াছে। 1961 সালের আয়কর আইনের 2 (1) ধারায়[1] কৃষি-আয়ের নিম্নলিখিত সংজ্ঞা প্রদত্ত হইয়াছে[2]

(ক) যে ভূমি কৃষিকার্যের জন্য ব্যবহৃত এবং ভারতীয় ভূমি রাজস্বের এক্তিয়ারভুক্ত, অথবা

(খ) সরকারের নিযুক্ত কোন অফিসার যে ভূমিকে ভূমি বিবেচনা করিয়া উহার উপর স্থানীয় অভিকর (Rates) ধার্য করেন ও আদায় করেন,

এরূপ ভূমি হইতে যে খাজানা বা আয় পাওয়া যায়, উহাকে **কৃষি আয় (Agricultural Income)** বলা হয়।

[1] শুধুমাত্র কোন ধারার উল্লেখ থাকিলে উহা সর্বদাই Income Tax Act 1961 এর ধারাকে বুঝাইবে।

[2] '*Agricultural income* means –

(*a*) any rent or revenue derived from land which is used for agricultural purposes and is either assessed to land revenue in India or is subject to a local rate assessed and collected by officers of the Government as such

(*b*) any income derived from such land by—

(*i*) agriculture or

(*ii*) the performance by a cultivator or receiver of rent in kind of any process ordinarily employed by a cultivator or receiver of rent in kind to render the produce raised or received by him fit to be taken to market or

(*iii*) the sale by a cultivator or receiver of rent-in kind of the produce raised or received by him, in respect of which no process has been performed other than a process of the nature described in paragraph (*ii*) of this sub-clause

(*c*) any income derived from any building owned and occupied by the receiver of rent or revenue of any such land, or occupied by the cultivator, or the receiver of rent-in-kind, of any land with respect to which, or the produce of which, any operation mentioned in paragraphs (*ii*) and (*iii*) of sub-clause (*b*) is carried on

Provided that the building is on or in the immediate vicinity of the land, and is a building which the receiver of rent or revenue or the cultivator, or the receiver of rent-in-kind, by reason of his connection with the land, requires as a dwelling house. or as a store-house or other out building"—*Sec 2 (1)*

ভূমি হইতে লব্ধ কোন আয় উপরোক্ত শর্ত দুইটি পূরণ করিতে না পারিলে উহা কৃষি-আ বলিয়া পরিগণিত হয় না।

নিম্নলিখিত আয়গুলি কৃষি-আয়-বলিয়া বিবেচিত হয়ঃ

(i) কৃষিকার্যের দ্বারা প্রাপ্ত আয়, অর্থাৎ কৃষি-সংক্রান্ত কোন প্রত্যক্ষ প্রক্রিয়ার দ্বা ভূমি হইতে যে আয় হয়, উহা।

(ii) কৃষি-ভূমি হইতে প্রাপ্ত খাজানা ও আয়।

(iii) কৃষি-ভূমিতে উৎপন্ন ফসলকে বিক্রয়যোগ্য করিবার জন্য যে সাধারণ প্রক্রিয়া প্রয়োজন হয়, উহা দ্বারা কৃষক বা পণ্যে-শোধ-খাজানার (rent-in-kind) প্রাপকের যে আ হয়, উহা। যথা, কার্পাসকে বীজমুক্তকরণ (ginning), পাটগাছ হইতে ছাল মুক্তকরণ (rettin প্রভৃতির দ্বারা অর্জিত আয়।

(iv) ফসলকে বিক্রয়যোগ্য করিবার জন্য যে সাধারণ প্রক্রিয়ার প্রয়োজন হয়, উহা ছা অন্য কোন প্রক্রিয়া প্রয়োগ না করিয়া উৎপন্ন বা প্রাপ্ত ফসল বিক্রয়ের ফলে কৃষক বা পণ্যে-শো খাজানার প্রাপকের যে আয় হয়, উহা।

(v) কোন গৃহ হইতে প্রাপ্ত আয়ও কৃষি-আয় বলিয়া বিবেচিত হইতে পারে কিন্তু ই নিম্নলিখিত শর্ত সাপেক্ষ

(ক) সংশ্লিষ্ট গৃহটি কৃষিভূমির সন্নিকটে অবস্থিত হইতে হইবে,

(খ) ইহা সংশ্লিষ্ট কৃষক অথবা পণ্যে শোধ-খাজানার প্রাপকের দখলে থাকিতে হইবে,

(গ) কৃষিভূমির সহিত সম্পর্কবশত কৃষক বা পণ্যে-শোধ-খাজানার প্রাপকের বাসের জ অথবা উৎপন্ন ফসল মজুত করিবার জন্য অথবা অন্যান্য বহির্গৃহের জন্য সংশ্লিষ্ট গৃহটি অপরিহ হইতে হইবে;

(vi) কৃষিভূমির সন্নিকটস্থ অন্য কোন ভূমিকে যদি উৎপন্ন ফসল বিক্রয়যোগ্য করিব প্রক্রিয়া-সংক্রান্ত কার্যে ব্যবহার করা হয়, তাহা হইলে এরূপ অন্য ভূমি হইতে যে অ হয়, উহা।

নিম্নলিখিত আয়গুলি কৃষি-আয় বলিয়া পরিগণিত হয় নাঃ

(ক) বকেয়া খাজানার উপর সুদ। [*C I T v Kamakshya Narayan Singh*

(খ) বাজার হইতে লব্ধ আয়।

(গ) মৎস্যচাষ ক্ষেত্র (fisheries) হইতে লব্ধ আয়।

(ঘ) সেচের জল সরবরাহের দ্বারা শস্যে বা নগদ অর্থে অর্জিত আয়।

[*Sir Umar Hayat Khan v C I T*

(ঙ) ইষ্টক প্রস্তুতের মৃত্তিকা সরবরাহের দ্বারা অর্জিত আয়।

(চ) স্বাভাবিকভাবে জাত (Spontaneous growth) বন্যবৃক্ষ ও উহার ফল, মূল, ছ প্রভৃতির বিক্রয়লব্ধ আয়।

(ছ) খনিজ পণ্যের উপর স্বত্ব-ভাড়া (Royalty) সম্পর্কিত আয়।

(ঞ) প্রস্তরখনি হইতে প্রস্তর সংগ্রহের দ্বারা লব্ধ আয়।

(ঝ) চা-বাগান হইতে লব্ধ আয়ের 60-শতাংশকে কৃষি-আয় বলিয়া বিবেচনা করা হয় ; কিন্তু অবশিষ্ট 40-শতাংশ কৃষি-আয় বলিয়া বিবেচিত হয় না।[1]

(ঞ) কৃষি-খামারের ম্যানেজার কর্তৃক প্রাপ্ত পারিশ্রমিক (remuneration)।

(ট) মহাজন কর্তৃক প্রদত্ত ঋণের উপর উৎপন্ন শস্যের আকারে প্রাপ্ত সুদ।

[*Haji Cassim Tayoob Surty* v C I T]

Problem 10 : (i) *A* is a cultivator selling dried tobacco leaves produced from plants grown on his own fields Is *A* s income from sale of dried tobacco leaves agricultural ?

(ii) *B* is a sugar manufacturer producing sugar from canes cultivated on his own fields Is *B* s income from sale of sugar agricultural ?

[(i) *A* একজন কৃষক সে নিজের জমিতে উৎপন্ন তামাকগাছের পাতা শুকাইয়া বিক্রয় করে। শুষ্ক তামাক পাতা বিক্রয় করিয়া *A* এর যে আয় হয়, উহা কি কৃষি আয় ?

(ii) *B* একজন চিনি উৎপাদনকারী নিজের জমিতে ইক্ষু গাছ চাষ করিয়া সে উহা হইতে চিনি প্রস্তুত করে। চিনি বিক্রয় করিয়া *B* এর যে আয় হয়, উহা কি কৃষি আয় ?]

Solution (i) জমিতে উৎপন্ন তামাকগাছের পাতাগুলিকে বিক্রয়যোগ্য করিবার জন্য উহাদিগকে শুষ্ক করা অপরিহার্য। এইরূপ প্রক্রিয়া দ্বারা তামাকগাছের সবুজ পাতাকে শোধন করা না হইলে উহাদিগকে বাজারে বিক্রয় করা সম্ভব নহে। সুতরাং তামাকগাছের শুষ্ক পাতা বিক্রয় করিয়া *A*-এর যে আয় হয়, উহা কৃষি আয়। [2 (1) (b) (ii) ধারা]

(ii) জমিতে উৎপন্ন ইক্ষুগাছগুলিকে বিক্রয়যোগ্য করিবার জন্য উহাদের কোন শোধনের প্রয়োজন হয় না—উহাদিগকে সরাসরি বিক্রয় করা যায়। সুতরাং নিজের জমিতে ইক্ষুগাছ উৎপাদন করিয়া এবং উহা হইতে চিনি প্রস্তুত করিয়া B-এর যে আয় হয়, উহা কৃষি-আয় বলিয়া গণ্য হইতে পারে না। [*Brihan Maharashtra Sugar Syndicate* v C I T]

Problem 11 *A*, a trader, purchases a standing crop from *B*, an agriculturist *A* harvests the crop and sells the products in the market at a profit of Rs 4,500 Is *A* s income from this transaction agricultural ?

[*B* নামক কোন কৃষকের নিকট হইতে জমিতে দণ্ডায়মান ফসল *A* খরিদ করিল। *A* উক্ত ফসল আহরণ করিয়া বাজারে বিক্রয় করিল ; ইহাতে তাহার 4 500 টাকা মুনাফা হইল। উক্ত লেনদেনের ফলে *A* এর যে আয় হইল উহা কি কৃষি-আয় ?]

Solution কোন ব্যবসায়ী যদি জমিতে দণ্ডায়মান ফসল কৃষকের নিকট হইতে খরিদ করে এবং উহা আহরণ করিয়া অপরের নিকট বিক্রয় করিয়া দেয়, তাহা হইলে উহা হইতে যে মুনাফা হয়, উহা তাহার কৃষি-আয় বলিয়া গণ্য হইতে পারে না। কারণ ভূমি চাষ, শস্য বপন প্রভৃতি মৌলিক কৃষিপ্রক্রিয়ার (Basic agricultural operations) সহিত এইরূপ ব্যবসায়ী যুক্ত নহে। [*C I T* v *Maddi Venkatasubbayya*]

1 Ref Rule 8 of I T Rules, 1962

Problem 12 Are the following incomes agricultural incomes ?

(i) A person is employed for managing an agricultural farm whose income is wholly exempt He is paid at the rate of 10 per cent of the income of the farm as his remuneration

(ii) A Company enjoys an income only from agriculture A share-holder receives a dividend from the Company out of its income

[C U **Three-Year Degree Course B Com 1968**]

[নিম্নলিখিত আয়গুলি কৃষি আয় কি ?

(i) এক ব্যক্তি কোন খামারে ম্যানেজাররূপে নিযুক্ত আছে। খামারের সম্পূর্ণ আয় আয়কর-মুক্ত। পারিশ্রমিকরূপে ম্যানেজারকে খামারের আয়ের 10% প্রদান করা হয়।

(ii) কৃষি খামার হইতে লব্ধ আয়-ই কোন কোম্পানীর একমাত্র আয়। ঐ কোম্পানীর আয় হইতে কোন শেয়ারহোল্ডার ডিভিডেণ্ড পাইল।]

Solution : (i) কৃষি খামারের আয় কৃষি-আয় হইলেও খামারের ম্যানেজারকে যে বেতন দেওয়া হয়, উহা তাহার নিকট কৃষি-আয় নহে—বেতন-আয়। সুতরাং ম্যানেজারের আয় আয়কর আইন অনুসারে 'বেতন' খাতে করযোগ্য।

(ii) কোম্পানীর আয় কৃষি-আয় হইলেও সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারগণকে প্রদত্ত ডিভিডেণ্ড তাহাদের নিকট কৃষি-আয় নহে—ডিভিডেণ্ড আয়। সুতরাং আয়কর আইন অনুসারে ইহা 'অন্যান্য উৎস হইতে আয়' খাতে করযোগ্য। [*C I T* v *Kamakshya Narayn Singh*]

Problem 13 *P* received dividend of Rs 5,000 from the Jalpaiguri Tea Co Ltd 60% of whose profits are considered as agricultural income *P* claims that 60% of the dividend received by him from the said tea company should be treated as agricultural income in his hand Ascertain how far *P's* claim is tenable in the eye of law

[জলপাইগুড়ি চা কোম্পানী লিমিটেডের আয়ের 60% কৃষি আয় বলিয়া পরিগণিত হয়। *P* উক্ত চা-কোম্পানীর নিকট হইতে 5,000 টাকা ডিভিডেণ্ড পায়। *P* দাবি করে যে, উক্ত ডিভিডেণ্ডের 60% তাহার ক্ষেত্রেও কৃষি-আয় বলিয়া বিবেচিত হওয়া উচিত। আইনের চক্ষে *P* এর দাবি কতদূর গ্রাহ্য তাহা নিরূপণ কর।]

Solution : 1962 সালের আয়কর নিয়মাবলীর 8 ধারায় বলা হইয়াছে যে, কোন চা-কোম্পানী ইহার বাগান হইতে যে আয় প্রাপ্ত হয়, উহার 60% কৃষি-আয় বলিয়া গণ্য হইবে। কিন্তু প্রদত্ত প্রশ্ন অনুসারে *P*-এর আয় কৃষি-আয় বলিয়া গণ্য হইতে পারে না, চা-কোম্পানীতে *P*-এর যে শেয়ার আছে উক্ত ডিভিডেণ্ড উহার সহিত সংশ্লিষ্ট আয় বলিয়া বিবেচিত হইবে। সুতরাং *P*-এর দাবি আইনত গ্রাহ্য নহে। [*Mrs Bacha F Guzdar* v *Commissioner of Income-Tax , 27 I T R 1 (S C), 1955*]

Problem 14 : *P* owns a land assessed to land revenue in India *P* leases it out to Q who uses it for cultivating paddy After the crop was harvested, Q pays *P* 250 quintals of paddy as rent-in-kind for the land *P* uses 100 quintals of paddy for his family consumption and the rest he sold out in

the market The value of the paddy consumed by P's family is Rs. 7,500 and that of the paddy sold is Rs 12,000

You are to ascertain if P's income is taxable under Income-tax Act.

[P ভারতীয় রাজস্বের এক্তিয়ারভুক্ত একখানা জমির মালিক। P ইহা Q-কে ইজারা প্রদান করে এবং Q ধান্য-চাষের জন্য জমিটি ব্যবহার করিয়া থাকে। শস্য আহরিত হওয়ার পরে Q জমির জন্য P-কে শস্য-খোরাকি খাজনারূপে 250 কুইন্টাল ধান্য প্রদান করে। ইহার মধ্যে P 100 কুইন্টাল ধান্য নিজের পরিবারের ব্যবহারের জন্য রাখে এবং অবশিষ্ট ধান্য বাজারে বিক্রয় করিয়া দেয়। পরিবারের উক্ত ব্যবহৃত ধান্যের মূল্য 7,500 টাকা এবং বিক্রীত ধান্যের মূল্য 12,000 টাকা।

আয়কর আইন অনুসারে P-এর আয় করযোগ্য কিনা তাহা নিরূপণ করিতে হইবে।]

Solution স্বীয় পরিবারের সভ্যদের ভোগের জন্য যে শস্যগুলি P ব্যবহার করিয়াছে এবং যে শস্যগুলি সে বাজারে বিক্রয় করিয়াছে সেইগুলির মূল্যের সমষ্টি হইল P-এর আয়। Q-কর্তৃক কৃষিকার্যে ব্যবহৃত ভূমি হইতে পণ্যের আকারে P উক্ত আয় অর্জন করিয়াছে। সংশ্লিষ্ট ভূমিটি ভারতীয় ভূমি রাজস্বের এক্তিয়ারভুক্তও বটে। সুতরাং আয়কর আইনের 2(1) ধারার বিধান অনুসারে প্রশ্নোক্ত P-এর আয় কৃষি-আয় বলিয়া পরিগণিত হইবে এবং ইহার উপর কোন আয়কর ধার্য হইবে না।

Problem 15 P is the owner of three plots of land where trees grow P earns much money by selling timber from these plots The following are the particulars regarding these plots of land

(*i*) The first plot is situated in a forest area where trees grow spontaneously and no operation other than felling of trees and transporting the timber to the market is necessary

(*ii*) The second plot also is situated in a forest area where trees grow spontaneously, but P expends regularly much money in connection with the various operations for protecting the trees, such as clearing the jungles and weeds, removing the diseased trees, marking the trees for felling etc

(*iii*) The third plot is situated in an area where P actually tilled the land, transplanted sal trees and applied manure and when the trees matured, P felled the trees and sent their timber to the market for sale

You are to ascertain in each of the above cases which of P's income is agricultural or not

[P তিন খণ্ড ভূমির মালিক। উক্ত ভূমিগুলিতে বৃক্ষ জন্মে। ঐ বৃক্ষের কাঠ বিক্রয় করিয়া P প্রচুর অর্থ উপার্জন করে। ভূমিখণ্ডগুলির বিবরণ নিম্নে প্রদত্ত হইল

(*i*) স্বাভাবিকভাবে বৃক্ষ জন্মে এরূপ বনাঞ্চলে প্রথম ভূমিখণ্ডটি অবস্থিত। বৃক্ষগুলিকে কর্তন করিয়া বাজারে পরিবহণ করা ছাড়া অন্য কোন প্রক্রিয়ার প্রয়োজন হয় না।

(*ii*) স্বাভাবিকভাবে বৃক্ষ জন্মে এরূপ বনাঞ্চলে দ্বিতীয় ভূমিখণ্ডটি অবস্থিত, কিন্তু বৃক্ষগুলিকে রক্ষা করিবার জন্য প্রয়োজনীয় বিভিন্ন প্রক্রিয়ার (যথা, জঙ্গল ও আগাছা দূরীকরণ, রুগ্ন বৃক্ষের উৎপাটন, কর্তনের জন্য বৃক্ষগুলিকে চিহ্নিত-করণ প্রভৃতি) জন্য P নিয়মিতভাবে প্রচুর অর্থ ব্যয় করিয়া থাকে।

(iii) তৃতীয় ভূমিখণ্ডটি এমন একটি অঞ্চলে অবস্থিত যেখানে ভূমিকর্ষণ, শালবৃক্ষের পুনর্রোপণ, সার প্রদান এবং পরিণত বৃক্ষগুলিকে কর্তন ও বাজারজাত করণের জন্য P কে প্রচুর অর্থ ব্যয় করিতে হয়।

উপরোক্ত প্রত্যেকটির কোনটির ক্ষেত্রে P-এর আয় কৃষি-আয় বলিয়া বিবেচিত হইবে বা হইবে না তাহা নিরূপণ করিতে হইবে।]

Solution (i) প্রথম ভূমিখণ্ডটিতে স্বাভাবিকভাবেই বৃক্ষ জন্মিয়া থাকে, ইহার জন্য কোন মনুষ্য-শ্রম প্রয়োগ করিতে হয় না। সুতরাং প্রথম ভূমিখণ্ড হইতে P কর্তৃক প্রাপ্ত আয় কৃষি-আয় বলিয়া বিবেচিত হইবে না। [*Raja Mustafa Ali Khan* v *Commissioner of Income-tax, 16 I T R 330 (P C), 1948*]

(ii) দ্বিতীয় ভূমিখণ্ডটিতেও স্বাভাবিকভাবেই বৃক্ষ জন্মিয়া থাকে, ইহার জন্য কোন মনুষ্য-শ্রম প্রয়োগ করিতে হয় না। বৃক্ষরক্ষণ সংক্রান্ত প্রশ্নোক্ত প্রক্রিয়াগুলি বৃক্ষগুলি স্বাভাবিক ভাবে জন্মলাভ করার পরে প্রয়োগ করা হইয়াছে। সেইগুলি প্রয়োগ করা না হইলেও সংশ্লিষ্ট বনটি বনই থাকিত। সুতরাং দ্বিতীয় ভূমিখণ্ড হইতে P কর্তৃক প্রাপ্ত আয় কৃষি-আয় বলিয়া বিবেচিত হইবে না। [*Commissioner of Income-tax* v *Jyotikana Chowdhurani, 32 I T R 705 (S C), 1957*]

(iii) তৃতীয় ভূমিখণ্ডটির ক্ষেত্রে উল্লেখযোগ্য এই যে, ভূমিকে কর্ষণ করিয়া উহাতে শাল-বৃক্ষের চারা লাগানো হইয়াছে—বৃক্ষগুলি স্বাভাবিকভাবে জন্মে নাই। উহাদিগকে উৎপাদন করিবার জন্য মৌলিক কৃষিকার্যের মাধ্যমে প্রচুর মনুষ্য-শ্রম প্রয়োগ করিতে হইয়াছে। সুতরাং তৃতীয় ভূমিখণ্ড হইতে P কর্তৃক প্রাপ্ত আয় কৃষি আয় বলিয়া বিবেচিত হইবে। [*Commissioner of Income tax* v *Raja Benoy Kumar Saha Roy, 32 I T R 466 (S C), 1957*]

প্রশ্নাবলী

1 What is 'agricultural income'?

[C U Three-Year Degree Course B Com 1964 & 1966]

(কৃষি-আয় বলিতে কি বুঝায়?)

উঃ—'কৃষি-আয়' (31 পৃষ্ঠা) লিখ।

2 Mr Roy earns Rs 8,000 from sale of grass growing wild on his land which is assessed to land revenue in India Is Mr Roy's income agricultural?

(ভারতীয় ভূমি রাজস্বের এক্তিয়ারভুক্ত স্বীয় জমিতে বন্য অবস্থায় উৎপন্ন ঘাস বিক্রয় করিয়া মি রায় 8,000 টাকা অর্জন করিলেন। মি রায়ের উক্ত আয় কৃষি আয় কি?)

উঃ-সঙ্কেত —কৃষিকার্য সংক্রান্ত কোন মৌলিক প্রক্রিয়ার (basic operation) দ্বারা উক্ত ঘাসগুলি উৎপন্ন হয় নাই বলিয়া মিঃ রায়ের আয় কৃষি আয় নহে। 'কৃষি আয়' (31 পৃ.) দেখ।

3 Mr Sen earns Rs 30 000 by selling mango trees of his orchard The trees were planted in the past, protected and watered for about 25 years, but they became barren 7 years before the year of sale Is Mr Sen's income from sale of mango trees agricultural ? (Assume that the land where the orchard stood is subject to land revenue in India)

[নিজের ফলের বাগানের আমগাছ বিক্রয় করিয়া মি সেন 30,000 টাকা অর্জন করিলেন। অতীতে গাছগুলিকে রোপণ করা হইয়াছিল এবং 25 বৎসর ধরিয়া সেইগুলির রক্ষণাবেক্ষণ করা হইয়াছিল এবং সেইগুলির মূলে জলসেচন করা হইয়াছিল। কিন্তু বিক্রয়ের 7 বৎসর পূর্ব হইতে সেইগুলি নিষ্ফলা হইয়াছিল। আমগাছ বিক্রয় করিয়া মি সেনের যে-আয় হইয়াছে উহা কি কৃষি আয়? (মনে কর যে, যে জমিতে আমবাগানটি অবস্থিত উহা ভারতীয় ভূমি রাজস্বের এক্তিয়ারভুক্ত।)]

উ সঙ্কেত —কৃষিকার্য সংক্রান্ত মৌলিক প্রক্রিয়ার দ্বারা উক্ত আমগাছগুলি উৎপন্ন হইয়াছে বলিয়া মি সেনের আয় কৃষি আয় বলিয়া পরিগণিত হইবে। কৃষি আয়' (31 পৃ) দেখ।

4 Mohan collects wild jungle fruits and honey and sells these in the local market Thereby he earned Rs 10,000 in the year 1968 Is this income of Mohan agricultural income ?

[মোহন বন্য ফলাদি ও মধু সংগ্রহ করিয়া স্থানীয় বাজারে বিক্রয় করে। ইহা দ্বারা সে 1968 সালে 10 000 টাকা অর্জন করিল। মোহনের উক্ত আয় কি কৃষি আয়?]

উ স —কৃষি আয় নহে।

5 A farmer has cattle pastured on his farm He sells milk, cream and butter produced in the farm and earned Rs 15,000 in 1968 Is this income of the farmer agricultural income ?

[কোন কৃষক তাহার খামারে গবাদি পশু পালন করে। সে খামারে উৎপন্ন দুগ্ধ, ননী এবং মাখন বিক্রয় করিয়া 1968 সালে 15 000 টাকা আয় করিল। কৃষকের উক্ত আয় কি কৃষি আয়?]

উ স —কৃষি আয়। (*Meghraj v Alla Rakhia 1948 F C R 69*)

উপরোক্ত আলোচনা হইতে ইহা সুস্পষ্ট যে, আয়কর আইন অনুসারে কোন 'একক-জন' (An Individual) 'আবাসিক' বলিয়া গণ্য হইতে হইলে ভারতে তাহার নিজের স্বত্বাধীন কোন গৃহ-সম্পত্তি থাকিতে হইবে এরূপ কোন নিয়ম নাই। পরন্তু, উক্ত 'একক-জনের' নিজের বা পরিবারের সভ্যদের বসবাসের এবং পেশাগত কাজকর্ম ও অর্থোপার্জন করিবার জন্য আইনগত অধিকারস্থ (যথা, ভাড়াবাড়ী) কোন গৃহ থাকিলে তাহাও আয়কর আইনে গ্রাহ্য হইবে , অর্থাৎ এরূপ গৃহে বা উহার কোন অংশে প্রবেশ কবিবার অবাধ অধিকার এরূপ 'একক-জনের' থাকিতে হইবে।

উপরোক্ত আলোচনাতে যে 182 দিন বা 365 দিনেব উল্লেখ কবা হইয়াছে তাহা যে একটানা হইতে হইবে এমন নহে। আবার, উক্ত দিনগুলির জন্য সংশ্লিষ্ট 'একক-জনকে' যে একই স্থানে বসবাস করিতে হইবে তাহাও নহে। সর্বমোট অন্যূন 182 দিন বা 365 দিন বিভিন্ন স্থানে বাস কবিলেও উপবোক্ত ক্ষেত্রগুলিতে কোন 'একক-জন' আবাসিক শ্রেণীভুক্ত হইতে পারে।

আবার, আবাসিক বলিয়া গণ্য হইতে হইলে কোন 'একক জন'কে নিম্নলিখিত শর্ত দুইটিও পালন করিতে হইবে।

1 39 পৃষ্ঠায় বর্ণিত (ক), বা (খ), বা (গ) শর্ত পালন কবিয়া তাহাকে কোন পূর্ববর্তী-বৎসরের অব্যবহিত পূর্বের দশ বৎসবের মধ্যে নয় বৎসর ভারতে আবাসিক' হইতে হইবে।

2 উক্ত পূর্ববর্তী-বৎসরের অব্যবহিত পূর্বেব সাত বৎসবের মধ্যে তাহাকে মোট 730 দিন বা ততোধিক দিন ভারতে বাস করিতে হইবে।

যে 'একক-জন' পূর্বোক্ত (ক) বা (খ) বা (গ) শর্ত পালন করিতে পারিলেও উপরোক্ত শর্ত দুইটির যেকোন একটি পূবণ করিতে না পারেন, তাহাকে ভারতে 'সাধাবণত আবাসিক নহে' (Not Ordinarily Resident) বলিয়া গণ্য করা হইবে।

অবিভক্ত হিন্দু পরিবাব (Hindu Undivided Family) [6 (2) ধারা]• যদি কোন পূর্ববর্তী-বৎসরে অন্তত আংশিকভাবেও কোন অবিভক্ত হিন্দু পরিবারের নিয়ন্ত্রণ ও পরিচালনা ভারতের অভ্যন্তরে থাকিয়া করা হয়, তাহা হইলে উক্ত অবিভক্ত হিন্দু-পরিবারকে ভারতের অবাসিক (Resident) বলিয়া গণ্য করা হইবে। কিন্তু যদি পূর্ববর্তী-বৎসরে অবিভক্ত হিন্দু পরিবারটির নিয়ন্ত্রণ ও পরিচালনা সম্পূর্ণভাবে ভারতের বাহিরে থাকিয়া করা হয়, তাহা হইলে সংশ্লিষ্ট পরিবারটি ভারতে 'অনাবাসিক' (Non-Resident) বলিয়া গণ্য হইবে।[1]

(b) maintains or causes to be maintained for him a dwelling place in India for a period or periods amounting in all to one hundred and eighty two days or more in that year and has been in India for thirty days or more in that year or

(c) having within the four years preceding that year been in India for a period or periods amounting in all to three hundred and sixty five days or more, is in India for a period or periods amounting in all to sixy days or more in that year "—Sec 6 (1)

1 'A *Hindu undivided family*, firm or other association of persons is said to be resident in India in any previous year in every case except where during that year the control and management of its affairs is situated wholly outside India "—Sec. 6(2).

কোন পূর্ববর্তী-বৎসরে ভারতে 'আবাসিক' বলিয়া পরিগণিত হইতে হইলে অবিভক্ত হিন্দু পরিবারকে নিম্নলিখিত শর্ত দুইটিও পালন করিতে হইবে :

(ক) কোন পূর্ববর্তী-বৎসরের অব্যবহিত পূর্বের দশ-বৎসরের মধ্যে নয় বৎসর ধরিয়া উক্ত পরিবারের কর্তাকে ব্যক্তিগতভাবে ভারতে 'আবাসিক' হইতে হইবে।

(খ) কোন পূর্ববর্তী বৎসরের অব্যবহিত পূর্বের সাত বছরের মধ্যে 730 দিন বা ততোধিক দিন উক্ত পরিবারের কর্তাকে ভারতে বসবাস করিতে হইবে।

কোন অবিভক্ত হিন্দু পরিবার উপরোক্ত শর্ত দুইটির যে কোন একটি পালন করিতে না পারিলে উহাকে ভারতে 'সাধারণত আবাসিক নহে (Not Ordinarily Resident in India) বলিয়া গণ্য করা হইবে।

উপরোক্ত আলোচনা হইতে ইহা সুস্পষ্ট যে, অবিভক্ত হিন্দু পরিবারের কর্তার (অর্থাৎ ম্যানেজারের) আবাস ভিত্তি করিয়াই সংশ্লিষ্ট পরিবারের আবাসী মর্যাদা স্থির করা হয়; অর্থাৎ পরিবারের কর্তা যদি 'সাধারণত' আবাসিক বলিয়া পরিগণিত হয়, তাহা হইলে সংশ্লিষ্ট পরিবারটিকেও 'সাধারণত আবাসিক' বলিয়া ধরা হয়। অন্যথা অবিভক্ত হিন্দু-পরিবারকে ভারতের 'সাধারণত আবাসিক নহে' বলিয়া গণ্য করা হইবে।

অংশীদারী কারবার বা ব্যক্তিবর্গের অন্য কোন সমিতি (A firm or other association of persons) আয়কর আইনের 6 (2) ধারায় বলা হইয়াছে যে, কোন পূর্ববর্তী-বৎসরে কোন অংশীদারী কারবার বা ব্যক্তিবর্গের অন্য কোন সমিতির নিয়ন্ত্রণ ও পরিচালনা যদি অন্তত আংশিকভাবেও ভারতে থাকিয়া করা হয়, তাহা হইলে উক্ত অংশীদারী কারবার বা সমিতিকে ভারতে 'আবাসিক' বলিয়া গণ্য করা হইবে। কেবলমাত্র, যেক্ষেত্রে ইহার নিয়ন্ত্রণ ও পরিচালনা-সংক্রান্ত কার্যগুলি সম্পূর্ণভাবে ভারতে অবস্থিত হয় না, সেক্ষেত্রে উহাকে ভারতে 'অনাবাসিক' বলিয়া বিবেচনা করা হইবে।

উপরোক্ত আলোচনা হইতে ইহা সুস্পষ্ট যে অংশীদারী প্রতিষ্ঠানের বা ব্যক্তিবর্গের কোন সমিতির আবাসী মর্যাদা নিরূপণ করিবার জন্য ইহার অংশীদার বা সভ্যের আবাস বিচার্য নহে।

কোম্পানী (A Company) আয়কর আইনের 6 (3) ধারায় বলা হইয়াছে যে, কোন যৌথমূলধনী কোম্পানী কোন পূর্ববর্তী-বৎসরে ভারতে আবাসিক বলিয়া পরিগণিত হইবে যদি —

(ক) ইহা ভারতীয় কোম্পানী হয়, অথবা (খ) যদি উক্ত বৎসরে ইহার নিয়ন্ত্রণ ও পরিচালনা সম্পূর্ণভাবে ভারতেই অবস্থিত থাকে।[1]

উপরোক্ত আলোচনা হইতে ইহা সুস্পষ্ট যে, বিদেশে সমিতিবদ্ধ কোম্পানীও ভারতে আবাসিক বলিয়া পরিগণিত হইতে পারে যদি ইহার কার্যাবলী সম্পূর্ণভাবে [illegible]

---

[1] A *Company* is said to be resident in India in any previous year, if—

(*i*) it is an Indian Company, or

(*ii*) during that year, the control and management of its affairs is India."—*Sec.* 6(3).

নিয়ন্ত্রণ ও পরিচালিত হয়। কিন্তু ভারতে সন্নিবিষ্ট সকল প্রকার কোম্পানীকেই ভারতে 'আবাসিক' বলিয়া গণ্য করা হইবে। অন্যভাবে বলিতে গেলে, ভারতে সন্নিবিষ্ট কোন কোম্পানীর নিয়ন্ত্রণ ও পরিচালনা ভারতের বাহির হইতে করা হইলেও অর্থাৎ ইহার নিয়ন্ত্রণ ও পরিচালনা ভারতের বাহিরে স্থানান্তরিত করা হইলেও ইহা ভারতে 'আবাসিক' বলিয়া গণ্য হইবে।

অন্যান্য ব্যক্তি (Other Persons) : আয়কর আইনের 6(4) ধারায় বলা হইয়াছে যে, কোন পূর্ববর্তী-বৎসরে অন্যান্য ব্যক্তির (যথা, আইনসৃষ্ট প্রতিষ্ঠান—বিশ্ববিদ্যালয়, উকিল-সভা, দেবমূর্তি প্রভৃতির) নিয়ন্ত্রণ ও পরিচালনা যদি আংশিকভাবেও ভারত হইতে করা হয়, তাহা হইলে উহা ভারতে 'আবাসিক' বলিয়া গণ্য হইবে। যদি ইহার নিয়ন্ত্রণ ও পরিচালনা সম্পূর্ণভাবে ভারতের বাহির হইতে করা হয়, কেবলমাত্র তাহা হইলেই ইহা ভারতে 'অনাবাসিক' বলিয়া পরিগণিত হইবে।

(খ) সাধারণতঃ আবাসিক নহে (Not Ordinarily Resident)

আয়কর আইনের 6(6) ধারায় বলা হইয়াছে যে, কোন পূর্ববর্তী-বৎসরে কোন 'একক-জন' ভারতে 'সাধারণত' আবাসিক নহে' বলিয়া গণ্য হইবেন যদি—

তিনি উক্ত পূর্ববর্তী-বৎসরের অব্যবহিত পূর্বের দশ বৎসরের মধ্যে নয় বৎসর ভারতে 'আবাসিক' হইয়া বাস না করেন, অথবা উক্ত পূর্ববর্তী-বৎসরের অব্যবহিত পূর্বের সাত বৎসরের মধ্যে মোট 730 দিন বা ততোধিক দিন তিনি সশরীরে ভারতে বাস না করেন।

কোন পূর্ববর্তী-বৎসরে কোন **অবিভক্ত হিন্দু-পরিবার** ভারতে 'সাধারণত আবাসিক নহে' বলিয়া বিবেচিত হইবে, যদি—

ইহার কর্তা (বা ম্যানেজার) উক্ত পূর্ববর্তী বৎসরের অব্যবহিত পূর্বের দশ বৎসরের মধ্যে নয় বৎসর ভারতে 'অনাবাসিক হইয়া বসবাস না করেন; অথবা, ইহার কর্তা (বা ম্যানেজার) উক্ত পূর্ববর্তী-বৎসরের অব্যবহিত পূর্বের সাত বৎসরের মধ্যে মোট 730 দিন বা ততোধিক দিন ভারতে সশরীরে বাস না করেন।[1]

'সাধারণত' আবাসিক নহে' সংক্রান্ত উপরোক্ত আলোচনা হইতে নিম্নলিখিত বিষয়গুলি সুস্পষ্ট হইবে :

1 "A person is said to be 'not ordinarily resident' in any previous year if such person is—

(a) an *individual* who has not been resident in India in nine out of the ten previous years preceding that year or has not during the seven previous years preceding that year been in India for a period of, or periods amounting in all to seven hundred and thirty days or more, or

(b) a *Hindu undivided family* whose manager has not been resident in India in nine out of the ten previous years preceding that year, or has not during the seven previous years preceding that year been in India for a period of, or periods amounting in all to seven hundred and thirty days or more."—Sec 6 (6).

(1) কোন 'ব্যক্তি' ভারতে 'সাধারণতঃ আবাসিক নহে' এরূপ বিচারের প্রয়োজন হয় 'একক-জন' (An Individual) ও অবিভক্ত হিন্দু-পরিবারের ক্ষেত্রে—অন্যত্র নহে।

(2) কোন কর নির্ধারণ-বৎসরের সহিত সংশ্লিষ্ট পূর্ববর্তী-বৎসরের জন্য কোন একক জনকে (an individual) 'আবাসিক' শ্রেণীভুক্ত বলিয়া প্রথমত' বিবেচনা করা হইলেও পরবর্তী বিচারে তিনি 'সাধারণতঃ আবাসিক নহে' শ্রেণীভুক্ত বলিয়া গণ্য হইতে পারেন।

(3) কোন 'আবাসিক' ব্যক্তি যদি নিম্নলিখিত উভয় শর্ত পূরণ করিতে পারেন কেবলমাত্র তাহা হইলেই তাহাকে 'সাধারণত' আবাসিক নহে' বলা যায় না:

(ক) যদি সংশ্লিষ্ট পূর্ববর্তী-বৎসরের অব্যবহিত দশ বৎসরের মধ্যে নয় বৎসর তিনি ভারতে 'আবাসিক বলিয়া গণ্য হন,

(খ) যদি সংশ্লিষ্ট পূর্ববর্তী বৎসরের অব্যবহিত পূর্বের সাত বৎসরের মধ্যে 730 দিন তিনি ভারতে সশরীরে অবস্থান করেন।

(4) আইনগত শর্ত পূরণ করিতে পারিলে অনাবাসিক (Non resident) একক-জনও (an individual) 'সাধারণত আবাসিক নহে' শ্রেণীভুক্ত হইতে পারেন।

এখানে ইহাও উল্লেখ করা প্রয়োজন যে, 'সাধারণত আবাসিক নহে' এইরূপ ব্যক্তি কর্তৃক প্রদেয় আয়করের মোট পরিমাণ নির্ণয় করার সময় উক্ত ব্যক্তিকে ভারতে 'অনাবাসিক' (Non-Resident) বলিয়াই গণ্য করা হয়।

(গ) আবাসিক নহে অর্থাৎ অনাবাসিক (Not Resident i e, Non-Resident): আয়কর আইনের 2 (30) ধারায় বলা হইয়াছে যে, যে সকল ব্যক্তি আয়কর আইনের 6 ধারা ও উহার বিভিন্ন উপ ধারায় বর্ণিত বিধানাবলীর কোনটিই পূরণ করিতে পারেন না, তাঁহাকে ভারতে আবাসিক নহে অর্থাৎ 'অনাবাসিক' (Not Resident অর্থাৎ Non Resident) বলা হইবে।

Problem 16 After serving for 20 years under the Government of India Mr Smith retired to England in April, 1966 and came back to India on 15th February, 1969 by taking up a salaried job under a private concern.
Ascertain the residential status of Mr Smith for the previous year 1968-69 under Income-tax Act

[20 বৎসর ভারত সরকারের অধীনে চাকুরী করার পরে মি স্মিথ 1966 সালের এপ্রিল মাসে অবসর গ্রহণ করিয়া ইংলণ্ডে চলিয়া গেলেন। তৎপরে কোন বেসরকারী প্রতিষ্ঠানের চাকুরী গ্রহণ করিয়া 1969 সালের 15ই ফেব্রুয়ারী তিনি ভারতে ফিরিয়া আসিলেন।
আয়কর আইন অনুসারে 1968-69 পূর্ববর্তী বৎসরের জন্য মি স্মিথের আবাসী মর্যাদা নিরূপণ কর।]

Solution: 1968-69 সালের 31শে মার্চ তারিখে যে পূর্ববর্তী-বৎসর শেষ হইয়াছে সেই তারিখ পর্যন্ত মিঃ স্মিথ, অন্যূন 182 দিনের জন্য ভারতে বসবাস করেন নাই, অথবা [illegible] সময়ে ভারতে তাঁহার কোন গৃহসম্পত্তি ছিল না।

আবার 1968-69 পূর্ববর্তী-বৎসরের অব্যবহিত পূর্বের চারি বৎসরে তিনি [illegible] 365 দিনের অধিক থাকিলেও উক্ত 1968-69 সালে তিনি অন্যূন 60 দিন ছিলেন না।

সুতরাং, আয়কর আইনের 6 (1)-ধারায় বর্ণিত শর্ত তিনটির কোনটিই মিঃ স্মিথ পূরণ করিতে পারিলেন না বলিয়া তাঁহাকে ভারতে 'অনাবাসিক' (Non-[illegible]) [illegible]
[illegible]

Problem 17 : After serving for 20 years the Government of India, Mr Gordon retired to England in March, 1966 and came back to India in September, 1968 by taking up a salaried job under a private concern

Ascertain the residential status, under the Income tax Act, of Mr Gordon for the previous year 1968 69

[20 বৎসর ভারত সরকারের অধীনে চাকুরী করার পরে মি গর্ডন 1966 সালের মার্চ মাসে অবসর গ্রহণ করিয়া ইংলণ্ডে চলিয়া গেলেন। তৎপরে কোন বেসরকারী প্রতিষ্ঠানের চাকুরী গ্রহণ করিয়া মি গর্ডন 1968 সালের সেপ্টেম্বর মাসে ভারতে ফিরিয়া আসিলেন।

আয়কর আইন অনুসারে 1968 69 পূর্ববর্তী বৎসরের জন্য মি গর্ডনের আবাসী মর্যাদা নিরূপণ কর।]

Solution · 1967 68 সালের 31শে মার্চ তারিখে যে পূর্ববর্তী-বৎসর শেষ হইয়াছে, সেই তারিখ পর্যন্ত মি গর্ডন 182 দিনের অধিক ভারতে ছিলেন। এজন্য তিনি ভারতে আবাসিক।

আবার 1968 69 পূর্ববর্তী বৎসরের অব্যবহিত পূর্বের সাত বৎসরের (1961-62 হইতে 1967-68 পর্যন্ত) মধ্যে 730 দিনের অধিক তিনি ভারতে সশরীরে বাস করিয়াছেন সত্য, কিন্তু 1968-69 পূর্ববর্তী বৎসরের অব্যবহিত পূর্বের দশ বৎসরের (1958-59 হইতে 1967-68 পর্যন্ত) মধ্যে নয় বৎসর তিনি ভারতে আবাসিক ছিলেন না। সুতরাং 1968-69 পূর্ববর্তী বৎসরের জন্য ভারতে 'আবাসিক' হইলেও মি গর্ডন ভারতে 'সাধারণতঃ আবাসিক নহে' বলিয়া গণ্য হইবেন এবং ঐ ভিত্তিতে তাঁহার আয়ের উপর আয়কর ধার্য হইবে।[1]

Problem 18 · Mr Fox came to India for the first time on 1st April, 1960 and stayed on Under what residential status will he fall during the previous year ended 31st March, 1966, under the Income-tax Act, 1961 ?

[C U M Com 1964—*Adapted*]

[1960 সালের 1লা এপ্রিল তারিখে মি ফক্‌স্ সর্বপ্রথম ভারতে আসিয়া বসবাস করিতে লাগিলেন। 1966 সালের 31শে মার্চ তারিখে যে পূর্ববর্তী বৎসর শেষ হইয়াছে সেই সময়ের জন্য আয়কর আইন অনুসারে মি ফক্‌স্ কোন্ আবাসী মর্যাদায় পড়িবেন ?]

Solution · 1965 66 পূর্ববর্তী-বৎসরে মি ফক্‌স্ ভারতে 365 দিন বসবাস করিয়াছেন। ফলে আয়কর আইনের 6 ধারায় বর্ণিত অনূ্যন 182 দিনের অধিক ভারতে বাস করায় তিনি ভারতে 'আবাসিক'।

কিন্তু 1960 সালের 1লা এপ্রিল তারিখে ভারতে প্রথম আসায় তিনি 1965 66 পূর্ববর্তী-বৎসরের পূর্বের 10 বৎসরের মধ্যে নয় বৎসর ভারতে বসবাস করেন নাই। সুতরাং তিনি 'আবাসিক' হইলেও ভারতে 'সাধারণত আবাসিক নহে' বলিয়া গণ্য হইবেন।

Problem 19 Sri Rajat Chowdhury, a Calcutta merchant, left India for the first time for U S A on business tour on August 6, 1967 He then returned to Calcutta on June 12, '68 During the entire period of his absence from Calcutta, he, however, maintained a dwelling house in Calcutta

---

[1] **পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য :** আবাসী মর্যাদা বিচার করার সময় প্রথমে বিচার করিতে হইবে সংশ্লিষ্ট ব্যক্তি ভারতে আবাসিক কিনা, তৎপর দেখিতে হইবে তিনি ভারতে 'সাধারণতঃ আবাসিক নহে' কিনা।

আবার, প্রথম বিচারেই কোন ব্যক্তি 'অনাবাসিক' বলিয়া গণ্য হইলে, দ্বিতীয় বিচারের অর্থাৎ তিনি 'সাধারণতঃ আবাসিক নহে' কিনা তাহা বিচারের প্রয়োজন নাই।

Ascertain the residential status of Sri Rajat Chowdhury for the ...sment year 1968-69

[শ্রীরজত চৌধুরী নামে কলিকাতার কোন বণিক 1967 সালের 6 ই আগস্ট তারিখে ব্যবসায়িক ভ্রমণের ... প্রথমবার ভারত ত্যাগ করিয়া যুক্তরাষ্ট্রে গমন করিলেন। তৎপরে 1968 সালের 12-ই জুন তারিখে তিনি ... ফিরিয়া আসিলেন। অবশ্য, তিনি যতদিন ভারতে ছিলেন না ততদিন তিনি কলিকাতায় একটি বাসগৃহ ...রাখিয়াছিলেন।

1968 69 করনির্ধারণ বৎসরের জন্য শ্রীরজত চৌধুরীর আবাসী মর্যাদা নির্ণয় কর।]

Solution, 1967-68 পূর্ববর্তী বৎসরে শ্রীরজত চৌধুরী 127 দিন (1 4 1967 হইতে ...8 1967 পর্যন্ত) ভারতে ছিলেন, অধিকন্তু উক্ত পূর্ববর্তী-বৎসরে তিনি 182 দিনের অধিক ...রতে বাসগৃহ রাখিয়াছিলেন। সুতরাং আয়কর আইনের 6 ধারা অনুযায়ী তিনি ভারতে ...বাসিক'।

আবার, তিনি উক্ত পূর্ববর্তী-বৎসরের অব্যবহিত পূর্বের 10 বৎসরের মধ্যে 9 বৎসর ভারতে ...স করিয়াছেন। অধিকন্তু উক্ত পূর্ববর্তী বৎসরের অব্যবহিত পূর্বের 7 বৎসরের মধ্যে তিনি ... দিনের অধিক ভারতে বসবাস করিয়াছেন। সুতরাং আয়কর আইন অনুসারে তাঁহাকে 'সাধারণত আবাসিক নহে' বলা চলে না।

অর্থাৎ শ্রীরজত চৌধুরীকে ভারতের 'আবাসিক এবং 'সাধারণত আবাসিক' এই উভয় ...ভুক্ত বলিয়া গণ্য করিতে হইবে।

Problem 20 Sri Venkataraman, a merchant of Tamilnadu trading ... Rangoon has an ancestral home in Madura and visits India for staying ...e for about 2 months every year

Ascertain the residential status of Sri Venkataraman for the previous ... 1968-69 according to Income-tax Act

[তামিলনাডুর বণিক শ্রীভেঙ্কটারমণ রেঙ্গুনে ব্যবসায় করেন, মাদুরাতে তাঁহার পৈতৃক আবাসস্থল আছে। ... গৃহে বৎসরে দুইমাস করিয়া অতিবাহিত করেন।

...কর আইন অনুসারে 1968 69 পূর্ববর্তী বৎসরের জন্য শ্রীভেঙ্কটারমণের আবাসী মর্যাদা নিরূপণ কর।]

Solution 1968-69 পূর্ববর্তী-বৎসরে শ্রীভেঙ্কটারমণ ভারতে 182 দিনের অধিক বাস-...বন এবং উক্ত পূর্ববর্তী-বৎসরে তিনি 30 দিনের অধিক ভারতে বসবাস করেন। সুতরাং, ... আইনের বিধান অনুসারে তিনি উক্ত পূর্ববর্তী-বৎসরে ভারতের 'আবাসিক'।

আবার, যদিও তিনি 1968-69 পূর্ববর্তী বৎসরের অব্যবহিত পূর্বের দশ বৎসরের (1958-... 1967-68 পর্যন্ত) মধ্যে নয় বৎসর ভারতে 'আবাসিক', তথাপি উক্ত পূর্ববর্তী-বৎসরের ... পূর্বের সাতবৎসরের (1961-62 হইতে 1967-68 পর্যন্ত) মধ্যে অন্যূন 730 দিনের ... ভারতে বসবাস করেন নাই; সেইজন্য তিনি 1968-69 পূর্ববর্তী-বৎসরের 'সাধারণত ... আবাসিক নহে' বলিয়া গণ্য হইবেন এবং ঐ ভিত্তিতে তাঁহার আয়ের উপর ...

হইবে।

Problem 21 Mr Anthony, an Englishman came to India, for the first time, on June 30, 1961. He stayed in India for a continuous period of 3 years and then proceeded to Singapore on July 1, 1964 He then came back to India on April 1, 1965 and stayed here till 31st July, 1966 when he left for England He again came back to India on February 1, 1968 on service as the branch manager of an English business concern

Ascertain, according to Income tax Act, the residential status of Mr Anthony for the previous year ended March 31 1968

[1961 সালের 30শে জুন তারিখে মি এনথনি নামে একজন ইংরেজ সর্বপ্রথম ভারত আসিলেন। তিনি একটানা তিন বৎসর ভারতে বাস করিলেন এবং তৎপরে 1964 সালের 1লা জুলাই তারিখে সিঙ্গাপুর চলিয়া গেলেন। 1965 সালের 1লা এপ্রিল তারিখে তিনি পুনরায় ভারতে ফিরিয়া আসিলেন এবং 1966 সালের 31শে জুলাই পর্যন্ত এখানে বাস করিলেন। তৎপরে তিনি ইংলণ্ডে চলিয়া গেলেন। কোন ইংরেজ সওদাগরী প্রতিষ্ঠানের শাখা অফিসের ম্যানেজারের পদ গ্রহণ করিয়া 1968 সালের 1লা ফেব্রুয়ারী তারিখে তিনি চাকুরী ব্যপদেশে পুনরায় ভারতে ফিরিয়া আসিলেন।

1968 সালের 31শে মার্চ তারিখে যে পূর্ববর্তী বৎসর শেষ হইয়াছে সেই বৎসরের জন্য আয়কর আইন অনুসারে মি এন্থনির আবাসী মর্যাদা নির্ণয় কর।]

Solution যে সময়ের জন্য এন্থনি ভারতে বাস করিয়াছিলেন তাহা নিম্নে **বিশ্লেষণ** করা হইল

1961 62 সালে	30 6 61	হইতে	31 3 62	পর্যন্ত	=275 দিন
1962 63 ,,	1 4 62	,,	31 3 63	,,	=365 ,,
1963 64 ,,	1 4 63	,,	31 3 64	,,	=366 ,,
1964 65 ,,	1 4 64	,,	30 6 64	,,	= 91 ,,
1965 66 ,,	1 4 65	,,	31 3 66	,,	=365 ,,
1966 67 ,,	1 4 66	,,	30 7 66	,,	=121 ,,
1967 68 ,,	1 2 68		31 3 68	,,	= 60 ,,

উপরোক্ত বিশ্লেষণ হইতে দেখা যায় যে, 1967 68 পূর্ববর্তী বৎসরের অব্যবহিত পূর্বের চার বৎসরের (1963 64 হইতে 1966 67 পর্যন্ত) মধ্যে মি এন্থনি 365 দিনের অধিক ভারতে ছিলেন এবং উক্ত পূর্ববর্তী বৎসরে মাত্র 60 দিন তিনি ভারতে বাস করিয়াছেন। সুতরাং, 1967 68 পূর্ববর্তী বৎসরের জন্য তিনি ভারতে 'আবাসিক' বলিয়া পরিগণিত হইবেন।

কিন্তু উক্ত পূর্ববর্তী বৎসরের অব্যবহিত পূর্বের দশবৎসরের মধ্যে নয় বৎসর তিনি ভারতে আবাসিক ছিলেন না। সুতরাং, 1967 68 পূর্ববর্তী বৎসরের জন্য তিনি ভারতে 'সাধারণত আবাসিক নহে' বলিয়া গণ্য হইবেন এবং ঐ ভিত্তিতে তাঁহার আয়ের উপর আয়কর নির্ধারণ করা হইবে।

মন্তব্য . 1964 ও 1968 বৎসর দুইটি লীপ্-ইয়ার।

Problem 22 . Sri Gobindalal, an individual, residing at Kanpur left for Canada for higher studies in agricultural science on March 1, 1964. He

however, maintained a dwelling house for himself at Kanpur throughout the period when he was in Canada He came to India temporarily twice during the winter vacation—once on December 20, 1965 and again on December 20, 1966 At that time he lived in his house at Kanpur for two months in each year But during the year ended March 31, 1968, he could not manage to come to India at all

Ascertain, according to the Income tax Act, the residential status of Sri Gobindalal for the previous year 1967 68

[শ্রীগোবিন্দলাল নামে কোন একক জন কানপুরে বসবাস করেন। 1964 সালের 31শে মার্চ তারিখে তিনি বিজ্ঞানে উচ্চতর শিক্ষা লাভের জন্য কানাডায় গমন করিলেন। কিন্তু যে কয় বৎসর তিনি কানাডায় ছিলেন, সেই তিনি কানপুরে স্বীয় আবাস স্থান রাখিয়াছিলেন। শীতকালীন দীর্ঘ অবকাশে সাময়িকভাবে তিনি দুইবার ভারতে আসিয়াছিলেন—একবার 1965 সালের 20শে ডিসেম্বর তারিখে এবং পুনরায় 1966 সালের 20শে ডিসেম্বর তারিখে। সময় প্রতি বৎসর 2 মাস হিসাবে তিনি তাঁহার কানপুরের ভবনে বাস করিয়াছিলেন। কিন্তু 1968 সালের 31শে মার্চ তারিখে যে বৎসর শেষ হয় ঐ বৎসর শ্রীগোবিন্দলাল ভারতে আসিতে পারিলেন না।

আয়কর আইন অনুসারে 1967 68 পূর্ববর্তী বৎসরের জন্য শ্রীগোবিন্দলালের আবাসী মর্যাদা নিরূপণ কর।]

Solution 1967 68 পূর্ববর্তী বৎসরের সারা বৎসর ধরিয়া ভারতে গোবিন্দলালের ভবন বাসভবন ছিল; কিন্তু উক্ত পূর্ববর্তী বৎসরের কোন সময়েই তিনি ভারতে ছিলেন না। সুতরাং 1967 68 পূর্ববর্তী বৎসরের জন্য তিনি ভারতে 'অনাবাসিক' এবং ঐ ভিত্তিতে তাঁহার আয়ের উপর আয়কর ধার্য হইবে।

Problem 23 One Basu family, a Hindu Undivided Family of Calcutta, carries on Jute export business situated in India, U K and U S A The business of U K and U S A is looked after by the *Karta* (i e seniormost member) of the family During the previous year, the *Karta* went to U K and U S A once for a week in each country In every other preceding previous year he did so

You are to ascertain the residential status of the abovementioned business concern for the assessment year 1968 69

[বসু পরিবার' নামে কলিকাতার কোন অবিভক্ত হিন্দু পরিবার ভারত, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রে পাট রপ্তানির ব্যবসায় করে। যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের ব্যবসায় পরিবারের কর্তা (পরিবারের সর্বজ্যেষ্ঠ সভ্য) কর্তৃক পরিচালিত হয়। পূর্ববর্তী-বৎসরে কর্তা যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রে গিয়াছিলেন এবং প্রত্যেক স্থানে প্রত্যেক বারে এক সপ্তাহ অবস্থান করিয়াছিলেন। অন্যান্য পূর্ববর্তী বৎসরেও তিনি এইরূপ করিয়াছিলেন।

1968-69 কর নির্ধারণ-বৎসরের জন্য উপরোক্ত ব্যবসায় প্রতিষ্ঠানের আবাসী মর্যাদা নিরূপণ করিতে হইবে।]

Solution প্রশ্নোক্ত 'বসু পরিবার' অবিভক্ত হিন্দু পরিবার বলিয়া সংশ্লিষ্ট ব্যবসায়টি পারিবারিক ব্যবসায়। এই ব্যবসায়ের সম্পূর্ণ নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা ভারত হইতেই করা হয়।

উক্ত পরিবারের 'কর্তা' প্রতি বৎসরে মাত্র দুই সপ্তাহ করিয়া ভারতের বাহিরে অবস্থান করেন; অর্থাৎ পূর্ববর্তী-বৎসরে তিনি 182 দিনের অধিক ভারতে বসবাস করিয়াছেন। সুতরাং আয়কর আইনের বিধান অনুসারে তিনি ভারতে 'আবাসিক' বলিয়া গণ্য হইবেন।

আবার, পূর্ববর্তী বৎসরের অব্যবহিত পূর্বের 10 বৎসরের মধ্যে 9 বৎসর এবং সাত বৎসরের মধ্যে অন্যূন 730 দিন ভারতে 'আবাসিক' বলিয়া উক্ত কর্তা ভারতে 'সাধারণত আবাসিক'-ও বটে।

সুতরাং, বস্ত্র পরিবারের কর্তা ভারতে 'আবাসিক' ও সাধারণত আবাসিক' বলিয়া সংশ্লিষ্ট পারিবারিক ব্যবসায়টিও ভারতে 'আবাসিক' ও 'সাধারণত আবাসিক' বলিয়া গণ্য হইবে।

Problem 24 Mr Wilson a foreign technician was appointed in a manufacturing concern in India on 1st April 1957 On 31st January 1965, he went to Rangoon on deputation service and stayed there for 3 years his wife and children, however remained in India On 1st May 1966 he came back to India and took with him his family to Rangoon on 30th June 1966 He later on, came to India again to join his original job on 2nd February 1968

Ascertain the residential status of Mr Wilson for the assessment year 1965 66 to 1968 69

[মি উইলসন নামে একজন বৈদেশিক কারিগর 1957 সালের 1লা এপ্রিল তারিখে ভারতের কোন উৎপাদনকারী প্রতিষ্ঠানে চাকুরীতে নিযুক্ত হইলেন। 1965 সালের 31শে জানুয়ারী তারিখে তিনি প্রাতিনিধিক চাকুরিতে (Deputation Service) রেঙ্গুন গেলেন এবং সেখানে তিন বৎসর অবস্থান করিলেন। সে সময় তাহার স্ত্রী ও সন্তানগণ ভারতে থাকিয়া গেল। 1966 সালের 1লা মে তারিখে তিনি ভারতে ফিরিয়া আসিলেন এবং 1966 সালের 30শে জুন তারিখে পরিবারবর্গকে সঙ্গে লইয়া রেঙ্গুনে ফিরিয়া গেলেন। পরবর্তী কালে 1968 সালের 1লা ফেব্রুয়ারী তারিখে তিনি ভারতে তাঁহার মূল চাকুরিতে পুনরায় যোগদান করিলেন।

1965 66 হইতে 1968 69 পর্যন্ত করনির্ধারণ বৎসর গুলির জন্য মি উইলসনের আবাসী মর্যাদা নিরূপণ কর।]

Solution যে সময়ের জন্য মি উইলসন ভারতে বাস করিয়াছিলেন তাহা নিম্নে বিশ্লেষণ করা হইল :

1957 58 সালে	365 দিন	
1958 59 „	365	
1959 60 „	366	
1960 61 „	365 „	
1961 62 „	365	
1962 63 „	365 „	
1963-64 „	366	
1964 65 „	305 „	
1965 66 „	×	
1966 67 „	60	(1লা মে হইতে 29শে জুন পর্যন্ত)
1967 68 „	59 „	(2রা ফেব্রুয়ারী হইতে 31শে মার্চ পর্যন্ত)

1964 65. উপরোক্ত বিশ্লেষণ হইতে দেখা যায় যে, 1964 65 পূর্ববর্তী বৎসরে মিঃ 182 দিনের অধিক ভারতে বাস করিয়াছেন। সুতরাং তিনি ভারতে "আবাসিক"।

কিন্তু উক্ত পূর্ববর্তী বৎসরের অব্যবহিত পূর্বের 10 বৎসরের মধ্যে 9 বৎসর তিনি ভারতে 'আবাসিক' ছিলেন না বলিয়া তিনি ভারতে **'সাধারণতঃ আবাসিক নহেন'** বলিয়া গণ্য হইবেন।

1965 66: উপরোক্ত বিশ্লেষণ হইতে দেখা যায় যে, 1965 66 পূর্ববর্তী বৎসরে সম্পূর্ণকাল ধরিয়া মিঃ উইলসন্ তাঁহার পরিবারকে ভারতে রাখিযাছিলেন; অর্থাৎ ভারতে তাঁহার বাসগৃহ ছিল। কিন্তু উক্ত পূর্ববর্তী বৎসরে একদিনের জন্যও মি উইলসন্ ভারতে আসেন নাই বলিয়া উক্ত পূর্ববর্তী বৎসরে তিনি ভারতে 'আবাসিক' নহেন, অর্থাৎ তিনি ভারতে **'অনাবাসিক'**।

1966 67 উপরোক্ত বিশ্লেষণ হইতে দেখা যায যে, 1966 67 পূর্ববর্তী বৎসরের অব্যবহিত পূর্বের চারি বৎসরে (1962 63 হইতে 1965 66 পর্যন্ত) মি উইলসন 365 দিনের অধিক ভারতে বাস করিয়াছেন এবং উক্ত পূর্ববর্তী বৎসরে তিনি ভারতে 60 দিন বাস করিয়াছেন। সুতরাং, তিনি ভারতে **'আবাসিক'**। কিন্তু 1966 67 পূর্ববর্তী বৎসরে অব্যবহিত পূর্বের 10 বৎসরের মধ্যে নয বৎসর তিনি ভারতে 'আবাসিক' ছিলেন না, সুতরাং, তিনি ভারতে **'সাধারণতঃ আবাসিক নহেন'** বলিয়া গণ্য হইবেন।

1967 68 উপরোক্ত বিশ্লেষণ হইতে দেখা যায যে, 1967 68 পূর্ববর্তী বৎসরে মি. উইলসন 182 দিন বা ততোধিক দিন ভারতে ছিলেন না অথবা উক্ত পূর্ববর্তী বৎসরের অব্যবহিত পূর্বেব চারি বৎসরের মধ্যে 365 দিন বা ততোধিক দিন তিনি ভারতে থাকিলেও উক্ত পূর্ববর্তী বৎসরে তিনি 60 দিন ভারতে ছিলেন না। সুতরাং তিনি ভারতে **'অনাবাসিক'** বলিয়া গণ্য হইবেন।[1]

Tax Liability of Resident, Not Ordinarily Resident and Non-resident (আবাসিক, সাধারণতঃ আবাসিক নহে ও অনাবাসিকের কর-দায়)

আবাসের ভিত্তিতে বিভিন্ন ব্যক্তির আযকর সংক্রান্ত দায় আযকর আইনের 5 ধারায়[2] আলোচনা করা হইযাছে। উক্ত ধারার বিধানগুলি নিম্নরূপ

আবাসিক (Resident) আবাসিক' ব্যক্তির পূর্ববর্তী বৎসরের নিম্নলিখিত আয়গুলি তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে

(১) পূর্ববর্তী বৎসরে ভারতে যে কোন উৎস হইতে উক্ত ব্যক্তি বা তাহার কোন প্রতিনিধি কর্তৃক প্রাপ্ত বা প্রাপ্ত বলিয়া বিবেচিত আয়, বা

---

1 1967-68 সালে আবাসী সংক্রান্ত প্রথম বিচারেই মি উইলসন অনাবাসিক' বিবেচিত হওয়ায় 44 পৃষ্ঠার পাদটীকায় বর্ণিত দ্বিতীয় বিচারের অর্থাৎ তিনি ভারতে সাধারণতঃ আবাসিক নহে' কিনা তাহা নিরূপণ করার কোন প্রয়োজন নাই।

2 (1) Subject to the provisions of this Act, the total income of any previous year of a person who is a *resident* includes all income from whatever source derived which—

(a) is received or is deemed to be received in India in such year by or on behalf of such person, or

(ii) পূর্ববর্তী বৎসরে ভারতে যে কোন উৎস হইতে উক্ত ব্যক্তির বা তাহার কোন প্রতিনিধির প্রাপ্য বা উৎপন্ন অথবা প্রাপ্য বা উৎপন্ন বলিয়া বিবেচিত আয়, বা

(iii) ভারতের বাহিরে পূর্ববর্তী বৎসরে প্রাপ্য বা উৎপন্ন আয়।

সাধারণতঃ আবাসিক নহে (Not Ordinarily Resident): 'সাধারণত' আবাসিক নহে' এরূপ ব্যক্তির পূর্ববর্তী বৎসরের নিম্নলিখিত আয়গুলি তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে

(i) পূর্ববর্তী বৎসরে ভারতে যে কোন উৎস হইতে উক্ত ব্যক্তি কর্তৃক বা তাহার কোন প্রতিনিধি কর্তৃক প্রাপ্ত বা প্রাপ্ত বলিয়া বিবেচিত আয়, বা

(ii) পূর্ববর্তী বৎসরে ভারতে যে কোন উৎস হইতে উক্ত ব্যক্তির বা তাহার কোন প্রতিনিধির প্রাপ্য বা উৎপন্ন অথবা প্রাপ্য বা উৎপন্ন বলিয়া বিবেচিত আয়, বা

(iii) ভারত হইতে পরিচালিত ভারতের বহিঃস্থিত কোন ব্যবসায়ের দ্বারা অথবা ভারতে প্রতিষ্ঠিত কোন পেশার (Profession) দ্বারা ভারতের বাহিরে প্রাপ্য বা উৎপন্ন আয়।

উপরোক্ত আলোচনা হইতে ইহা সুস্পষ্ট যে, 'সাধারণত আবাসিক নহে'—এইরূপ ব্যক্তির কর-দায় আবাসিক ব্যক্তির করদায়ের অনুরূপ কিন্তু এতদুভয়ের মধ্যে একটি মাত্র পার্থক্য এই যে, 'সাধারণত আবাসিক নহে' ব্যক্তি **বিদেশ হইতে** যে আয় অর্জন করিয়া থাকে, উহা যদি সে ভারত হইতে পরিচালিত কোন ব্যবসায়ের দ্বারা অথবা ভারতে প্রতিষ্ঠিত কোন পেশার দ্বারা অর্জন না করে, তবে তাহার ঐ আয় মোট আয়ের অন্তর্ভুক্ত করা হয় না।

অনাবাসিক (Non-resident): অনাবাসিক ব্যক্তির পূর্ববর্তী বৎসরের নিম্নলিখিত আয়গুলি তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে

(i) পূর্ববর্তী বৎসরে ভারতে যে কোন উৎস হইতে উক্ত ব্যক্তি কর্তৃক বা তাহার কোন প্রতিনিধি কর্তৃক প্রাপ্ত বা প্রাপ্ত বলিয়া বিবেচিত আয়, বা

(ii) পূর্ববর্তী বৎসরে ভারতে যে কোন উৎস হইতে উক্ত ব্যক্তির বা তাহার কোন প্রতিনিধির প্রাপ্য বা উৎপন্ন অথবা প্রাপ্য বা উৎপন্ন বলিয়া বিবেচিত আয়।

উপরোক্ত আলোচনা হইতে ইহা সুস্পষ্ট যে ভারতের বাহিরে অবস্থিত কোন ব্যবসায় বা পেশা হইতে ভারতের বাহিরে অনাবাসিক ব্যক্তির যে আয় হইয়া থাকে, উহা তাহার

(b) accrues or arises or is deemed to accrue or arise to him in India during such year, or

(c) accrues or arises to him outside India during such year

Provided that in the case of a person *not ordinarily resident* in India within the meaning of sub-section (6) of Section 6 the income which accrues or arises to him outside India shall not be included unless it is derived from a business controlled in or a profession set up in India

(2) Subject to the provisions of this Act the total income of any previous year of a person who is a *non resident* includes all income from whatever source derived which—

(a) is received or is deemed to be received in India in such year by or on behalf of such person; or

(b) accrues or arises or is deemed to accrue or arise to him in India during such year"

মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না। পূর্ববর্তী বৎসরে এইরূপ আয় ভারতে প্রেরণ করা হইলেও উহা করযোগ্য হইবে না।

আবাসিক, সাধারণত' আবাসিক নহে ও অনাবাসিকের কর দায় সংক্রান্ত উপরোক্ত আলোচনাকে নিম্নলিখিতভাবে সংক্ষেপে প্রকাশ করা যাইতে পারে

(ক) ভারতে প্রাপ্ত সকল প্রকার আয়ের (ইহা ভারতে অর্জিত হউক অথবা ভারতের বাহিরে অর্জিত হউক) উপর সকল শ্রেণীর করদাতা কর্তৃক আয়কর প্রদেয় হইবে,

(খ) ভারতে অর্জিত আয়ের (ইহা ভারতে প্রাপ্ত হউক বা ভারতের বাহিরে প্রাপ্ত হউক) উপর সকল শ্রেণীর করদাতা কর্তৃক আয়কর প্রদেয় হইবে,

(গ) ভারতের বাহিরে অর্জিত আয় ভারতে প্রাপ্ত না হইলেও 'আবাসিকগণের' ক্ষেত্রে উক্ত আয়ের উপর কর প্রদেয় হইবে,

(ঘ) ভারত হইতে পরিচালিত ভারতের বহিঃস্থিত কোন ব্যবসায়ের দ্বারা অথবা ভারতে প্রতিষ্ঠিত কোন পেশা (Profession) দ্বারা ভারতের বাহিরে অর্জিত আয় ভারতে প্রাপ্ত না হইলেও ঐ আয়ের উপর 'সাধারণত আবাসিক নহে' এরূপ 'ব্যক্তি' কর্তৃক আয়কর প্রদেয় হইবে,

(ঙ) ভারতের বাহিরে অবস্থিত কোন ব্যবসায় বা পেশা হইতে ভারতের বাহিরে অনাবাসিক (Non resident) ব্যক্তির যে আয় হইয়া থাকে উহা তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না। পূর্ববর্তী বৎসরে এইরূপ আয় ভারতে প্রেরণ করা হইলেও উহা করযোগ্য হইবে না।

(চ) ভারতের বাহিরে অর্জিত বিগত পূর্ববর্তী বৎসরগুলির কোন আয় পূর্ববর্তী বৎসরে ভারতে আনীত হইলে উহার উপর কোন শ্রেণীর আয়করদাতারই আয়কর প্রদেয় হইবে না।

উপরোক্ত আলোচনা হইতে ইহা সুস্পষ্ট যে অনাবাসিকগণকে (Non resident) তাহাদের শুধুমাত্র ভারতীয় আয়ের উপর কর প্রদান করিতে হয়—বিদেশীয় আয়ের উপর নহে, কিন্তু আবাসিকগণ (Resident) কর্তৃক তাহাদের ভারতীয় ও বিদেশীয় উভয় প্রকার আয়ের উপর আয়কর প্রদেয়।

Income Received
(প্রাপ্ত আয়)

কোন আয় যেস্থানে সর্বপ্রথমে কোন ব্যক্তির হস্তগত হয়, সেই স্থানে ঐ আয়কে প্রাপ্ত আয় (Income received) বলা হয়। যথা, কোন অনাবাসিক ব্যক্তি তাহার বিদেশে অর্জিত আয় যদি ভারতে বসিয়া প্রথমবারের জন্য হস্তগত করে, তাহা হইলে ঐ আয় তাহার 'প্রাপ্ত আয়' বলিয়া বিবেচিত হইবে। কিন্তু ঐ ব্যক্তি যদি তাহার আয় প্রথমে বিদেশে হস্তগত করে এবং তৎপরে ভারতে প্রেরণ করে তবে উহা 'প্রাপ্ত আয়' বলিয়া গণ্য হইবে না। নগদ অর্থ, চেক, বিল প্রভৃতির মাধ্যমে আয় সাধারণত 'প্রাপ্ত' হওয়া যায়। আবার, দুই পক্ষের প্রাপ্য ও প্রদত্ত কোন অর্থ হিসাবের মাধ্যমে কাটাকাটি করা হইলে উহাও 'প্রাপ্ত আয়ের' অন্তর্ভুক্ত হইবে।

কোন 'অনাবাসিক' বিদেশে যে আয় অর্জন করিয়া থাকে উহা যদি ভারতে 'প্রাপ্ত আয়' হয়, অর্থাৎ ভারতে বসিয়া যদি সে উহা প্রথমবারের জন্য হস্তগত করে, তাহা হইলেই এইরূপ আয় ভারতীয় আয়কর আইন অনুসারে করযোগ্য হইবে, অন্যথা নহে।

Income deemed to be received

(প্রাপ্ত বলিয়া বিবেচিত আয়)

কোন আবাসিক ব্যক্তির যে আয় ভারতে প্রাপ্ত হওয়া না গেলেও আইনের চক্ষে তাহা প্রাপ্ত বলিয়া বিচার করা হয়, এইরূপ আয়কে **'প্রাপ্ত বলিয়া বিবেচিত আয়'** বলা হয়। যথা, কোন বেতনভোগী কর্মচারীর প্রভিডেণ্ট ফাণ্ডে যে টাকা প্রতি বৎসর জমা হয়, উহা ঐ কর্মচারীর হস্তগত না হইলেও আয়কর আইন অনুসারে উহাকে তাহার প্রাপ্ত আয়েরই অন্তর্গত বলিয়া বিবেচনা করিতে হয়। অনুরূপভাবে আয়কর আইনের ৪ ধারা অনুসারে, কোন কোম্পানী যদি লভ্যাংশ (Dividend) ঘোষণা করিয়া থাকে তবে ঐ লভ্যাংশ বাবদ নগদ অর্থ সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারের হস্তগত না হইলেও উহা তাহার 'প্রাপ্ত বলিয়া বিবেচিত আয়' বলিয়া গণ্য হইবে এবং পূর্ববর্তী বৎসরের অন্যান্য আয়ের সহিত যুক্ত হইবে। কোন কোন বিশেষজ্ঞের মতে এইরূপ আয়কে আইনানুগ প্রাপ্তি (Statutory Receipt) বলা শ্রেয়।

Income Accruing or Arising

(প্রাপ্য বা উৎপন্ন আয়)

যে আয় করদাতার হস্তগত হয় নাই, কিন্তু তৎসত্ত্বেও উহার উপর করদাতার অধিকার জন্মিয়াছে, এইরূপ আয়কে **প্রাপ্য আয় (Income Accruing)** বলা হয়। আবার প্রাপ্য আয়কে হিসাবভুক্ত করিয়া আয়ের পরিমাণ নির্ণয় করা হইলে ঐ আয়কে **উৎপন্ন আয় (Income Arising)** বলা হয়। যথা, নগদান ভিত্তিতে (Cash Basis) হিসাব রাখা হইলে কোন পূর্ববর্তী বৎসরের প্রাপ্য আয় (Income Accruing) যখন পরবর্তী বৎসরে শোধ করা হয় প্রাপকের নিকট তখনই তাহা 'উৎপন্ন আয়' এ (Income Arising) পরিণত হয়। কিন্তু ব্যবসায়িক ভিত্তিতে (Mercantile Basis) হিসাব রাখা হইলে যে বৎসর আয় প্রাপ্য (Income Accruing) হয়, উহা হিসাবভুক্ত করা মাত্র সেই বৎসরই প্রাপকের নিকট উৎপন্ন আয়' (Income Arising) বলিয়া গণ্য হয়।

যে পূর্ববর্তী বৎসরে কোন আয় 'প্রাপ্য বা উৎপন্ন' হয় সেই বৎসরই উহার উপর কর ধার্য করা হয়।

Income deemed to accrue or arise

(প্রাপ্য বা উৎপন্ন বলিয়া বিবেচিত আয়)

যে আয় প্রাপ্য বা উৎপন্ন বলিয়া বিবেচনা করা হয়, ঐ আয়কে **'প্রাপ্য বা উৎপন্ন বলিয়া বিবেচিত আয়'** বলা হয়।

নিম্নলিখিত বিষয়গুলি 'প্রাপ্য বা উৎপন্ন বলিয়া বিবেচিত আয়ের' অন্তর্গত

1 নিম্নলিখিত যে কোন সূত্র হইতে প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে প্রাপ্য বা উৎপন্ন সকল

(ক) ভারতে কোনও ব্যবসায়ের সহিত সম্পর্কবশতঃ (business connection) আয়,

(খ) ভারতে কোন সম্পদ (Property) হইতে আয় ;

(গ) ভারতে কোন সম্পত্তি (asset) বা আয় উৎস হইতে আয় ,

(ঘ) ভারতের বাহিরে প্রদত্ত ঋণের উপর প্রাপ্ত সুদ নগদে বা বস্তুতে (in cash or in kind) ভারতে আনা হইলে তৎসংক্রান্ত আয় ,

(ঙ) ভারতে কোন মূলধনী সম্পত্তির হস্তান্তর জনিত আয়।

2 'বেতন' খাতে আয় যদি ভারতে অর্জিত হয়, তবে ঐ আয়।

3 ভারতের বাহিরে কর্মরত কোন ভারতীয় নাগরিককে ভারত সরকার কর্তৃক যে বেতন প্রদেয় হয়, উক্ত বেতন বাবদ সংশ্লিষ্ট কর্মচারীর আয়।

4 কোন 'ভারতীয় কোম্পানী' যদি উহার ডিভিডেণ্ড ভারতের বাহিরে প্রদান করে, তবে ঐ ডিভিডেণ্ড বাবদ আয়।

Problem 25 Ascertain the total income of Mr Stewart in the following cases for the previous year 1968 69

(i) if he is resident (and ordinarily resident)

(ii) if he is resident but not ordinarily resident

(iii) if he is non resident

Mr Stewart s income under different heads during the previous year 1968 69 was as follows

(a) Salary earned and received in India Rs 9 600

(b) He earned Rs 15 000 from a business situated in Ceylon but controlled from India out of which Rs 6,000 only were remitted to India

(c) He earned Rs 12 000 from a business situated in London and not controlled from India

(d) He earned Rs 2,500 in the year 1963 from a company situated and controlled in Paris but remitted to India during the previous year

[নিম্নলিখিত ক্ষেত্রে 1968-69 পূর্ববর্তী বৎসরের জন্য মি স্টুয়ার্ট এর মোট আয় নিরূপণ কর

(i) যদি তিনি আবাসিক (এবং সাধারণত আবাসিক) হন

(ii) যদি তিনি আবাসিক কিন্তু সাধারণতঃ আবাসিক নহে হন

(iii) যদি তিনি অনাবাসিক হন।

1968-69 পূর্ববর্তী বৎসরে মি স্টুয়ার্ট এর বিভিন্ন খাতে আয় নিম্নরূপ ছিল

(ক) ভারতে অর্জিত ও প্রাপ্ত বেতন 9 600 টাকা

(খ) সিংহলে অবস্থিত কিন্তু ভারত হইতে নিয়ন্ত্রিত কোন ব্যবসায় হইতে তিনি 15 000 টাকা অর্জন করিলেন কিন্তু উক্ত টাকা হইতে মাত্র 6 000 টাকা ভারতে প্রেরণ করা হইয়াছিল

(গ) লণ্ডনে অবস্থিত কিন্তু ভারত হইতে নিয়ন্ত্রিত নহে কোন ব্যবসায় হইতে তিনি 12 000 টাকা অর্জন করিলেন

(ঘ) প্যারিসে অবস্থিত এবং তথা হইতে নিয়ন্ত্রিত কোন কোম্পানী হইতে তিনি 1963 সালে 2 500 টাকা অর্জন করিয়াছিলেন, কিন্তু পূর্ববর্তী বৎসরে উক্ত টাকা ভারতে প্রেরণ করা হইয়াছিল।]

Solution

মিঃ স্টুয়ার্টের করযোগ্য আয়
(1968-1969 পূর্ববর্তী-বৎসর)

1968 69 পূর্ববর্তী বৎসরের আয় (Income of Previous year 1968 69)	আবাসিক (Resident)	সাধারণত আবাসিক নহে (Not Ordinarily Resident)	অনাবাসিক (Non Resident)
ভারতে আয়	টাকা	টাকা	টাকা
বেতন	9 600	9 600	9,600
বিদেশে আয়			
সিংহলের ব্যবসায়			
ভারতে প্রেরিত	6 000	6 000	করযোগ্য নহে
ভারতে অপ্রেরিত	9 000	9 000	"
লণ্ডনের ব্যবসায়	12 000	করযোগ্য নহে	"
প্যারিসের ব্যবসায় (অতীতের পূর্ববর্তী বৎসরের আয়)	করযোগ্য নহে		"
মোট আয়	36 600	24 600	9 600

Problem 26 From the following particulars ascertain the taxable income of Sri Ghanashyam for the previous year 1968 69 if he be

(i) a resident (ii) a not ordinarily resident and (iii) a non resident in India

(a) Profit from a business in Calcutta Rs 8 000 ,

(b) Income accrued in India but received in London Rs 4,000 ,

(c) Profit from business in Ceylon received in India Rs 6,000

(d) Income from house property in Ceylon received in India Rs 700 ,

(e) Income from house property in Rangoon deposited in a bank there Rs 2,000

(f) Profit of business situated in Rangoon but controlled in India Rs 3,000 , but this profit was deposited in a bank in Rangoon

[নিম্নলিখিত বিবরণী হইতে 1968-69 পূর্ববর্তী বৎসরের জন্য শ্রীঘনশ্যামের করযোগ্য আয় নিরূপণ কর যদি সে

(i) ভারতে 'আবাসিক' হয় (ii) ভারতে 'সাধারণত আবাসিক নহে' হয় এবং (iii) ভারতে অনাবাসিক হয়।

(ক) কলিকাতায় কোন ব্যবসা হইতে মুনাফা—8 000 টাকা

(খ) ভারতে প্রাপ্য কিন্তু লণ্ডনে প্রাপ্ত আয়—4,000 টাকা

(গ) সিংহলে ব্যবসায়ের মুনাফা কিন্তু ইহা ভারতে প্রাপ্ত—6,000 টাকা।

(ঘ) সিংহলস্থ কোন গৃহ-সম্পত্তি হইতে আয় কিন্তু ইহা ভারতে প্রাপ্ত—700 টাকা।

(ঙ) রেঙ্গুনস্থ কোন গৃহ-সম্পত্তি হইতে আয় কিন্তু ইহা রেঙ্গুনের কোন ব্যাঙ্কে জমা দেওয়া হয়—2,000 টাকা।

(চ) রেঙ্গুনস্থ কোন ব্যবসায় হইতে মুনাফা—3 000 টাকা উক্ত ব্যবসায় ভারত হইতে নিয়ন্ত্রিত এবং উক্ত মুনাফার টাকা রেঙ্গুনে কোন ব্যাঙ্কে জমা দেওয়া হয়।]

Solution

1968-69 পূর্ববর্তী-বৎসরে শ্রীঘনশ্যামের করযোগ্য আয়

	আবাসিক	সাধারণত আবাসিক নহে	অনাবাসিক
	টাকা	টাকা	টাকা
ভারতে প্রাপ্য ও প্রাপ্ত আয়ঃ			
কলিকাতাস্থ ব্যবসায় হইতে মুনাফা	8 000	8,000	8,000
ভারতে প্রাপ্য কিন্তু ভারতের বাহিরে প্রাপ্ত আয়ঃ			
ভারতে প্রাপ্য কিন্তু লণ্ডনে প্রাপ্ত	4 000	4,000	4,000
ভারতের বাহিরে প্রাপ্য কিন্তু ভারতে প্রাপ্ত আয়ঃ			
সিংহলস্থ ব্যবসায়ের মুনাফা, কিন্তু ইহা ভারতে প্রাপ্ত	6,000	6 000	6 000
সিংহলস্থ গৃহ সম্পত্তির আয়, ইহা ভারতে প্রাপ্ত	700	700	700
ভারতের বাহিরে প্রাপ্য এবং ভারতে অপ্রাপ্ত আয়ঃ			
রেঙ্গুনস্থ গৃহ সম্পত্তির আয়, রেঙ্গুনের ব্যাঙ্কে সঞ্চিত	2 000	—	—
রেঙ্গুনস্থ ব্যবসায় হইতে মুনাফা; ইহা রেঙ্গুনের ব্যাঙ্কে সঞ্চিত, উক্ত ব্যবসায় ভারত হইতে নিয়ন্ত্রিত	3 000	3 000	—
মোট করযোগ্য আয়	23,700	21,700	18,700

প্রশ্নাবলী

1 Explain fully the term, 'Tax Liability'

(কর-দায় বলিতে কি বুঝ তাহা বিশদভাবে বুঝাইয়া লিখ।)

উঃ—'কর-দায়' (38 পৃঃ) লিখ।

2 Classify, as per Income-tax Act the different classes of assessees on the basis of residence

(আয়কর আইন অনুসারে আবাসের ভিত্তিতে বিভিন্ন করদাতার শ্রেণীবিভাগ কর।)

উ—'আবাসের ভিত্তিতে করদাতাগণের শ্রেণীবিভাগ (38 39 পৃ) লিখ।

3 Narrate the different rules according to which the residence of an assessee is determined

(আয়কর দাতার আবাস নিরূপণ সংক্রান্ত বিভিন্ন নিয়মগুলি বর্ণনা কর।)

উ — আয়করদাতার আবাস নিরূপণ সংক্রান্ত নিয়মাবলী (39 43 পৃ) লিখ।

4 Explain fully the following terms (i) Resident in India (ii) Not Ordinarily Resident in India and (iii) Not Resident in India (i e Non Resident in India)

[নিম্নলিখিত পরিভাষাগুলির বিশদ ব্যাখ্যা কর

(i) ভারতে আবাসিক (ii) ভারতে সাধারণত আবাসিক নহে এবং (iii) ভারতে আবাসিক নহে (অর্থাৎ অনাবাসিক)।]

উ — আয়করদাতার আবাস নিরূপণ সংক্রান্ত নিয়মাবলী (39 43 পৃ) লিখ।

** Write short notes on (i) Resident (ii) Not Ordinarily Resident and (iii) Non resident

[সংক্ষিপ্ত টীকা লিখ —(ক) আবাসিক (খ) সাধারণত আবাসিক নহে (গ) অনাবাসিক।]

উ — আয়করদাতার আবাস নিরূপণ সংক্রান্ত নিয়মাবলী (39 43 পৃ) লিখ।

6 In what ways does the liability to tax of a Resident person differ from that of a Non-resident person under the Income tax Act ?

(আয়কর আইন অনুসারে আবাসিক ও অনাবাসিকের কর দায়ের মধ্যে পার্থক্য কি ?)

উ — আবাসিক সাধারণত আবাসিক নহে ও অনাবাসিকের কর দায় (49 50 পৃ) দেখিয়া লিখ।

7 In what ways does the liability to tax of a Not Ordinarily Resident person differ from that of Resident person under the Income tax Act ?

(আয়কর আইন অনুসারে সাধারণত আবাসিক নহে এরূপ ব্যক্তির কর দায় ও আবাসিক -এর করদায়ের মধ্যে পার্থক্য কি)

উ — আবাসিক সাধারণত আবাসিক নহে ও অনাবাসিকের করদায (49 50 পৃ) হইতে লিখ।

8 Explain the following terms used in Income tax Act

(i) Income received (ii) Income deemed to be received (iii) Income accruing or arising (iv) Income deemed to accrue or arise

[আয়কর আইনে ব্যবহৃত নিম্নলিখিত পরিভাষাগুলির ব্যাখ্যা কর

(i) প্রাপ্ত আয় (ii) প্রাপ্ত বলিয়া বিবেচিত আয় (iii) প্রাপ্য বা উৎপন্ন আয় (iv) প্রাপ্য বা উৎপন্ন বলিয়া বিবেচিত আয়।]

উ —(i) প্রাপ্ত আয় (ii) প্রাপ্ত বলিয়া বিবেচিত আয় (iii) প্রাপ্য বা উৎপন্ন আয় (iv) প্রাপ্য বা উৎপন্ন বলিয়া বিবেচিত আয়' (51 53 পৃ) লিখ।

চতুর্থ অধ্যায়

কর-মুক্ত আয়

(INCOMES EXEMPTED FROM TAX)

যে আয়ের উপর আয়কর বা অতি কর (Super tax) ধার্য করা হয় না, উহাকে কর-মুক্ত আয় (Exempted Income) বলা হয়। ইহা নিম্নলিখিত দুই শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে

1 যে আয় মোটেই মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না, ফলে ইহা সম্পূর্ণ করমুক্ত।

2 যে আয় মোট আয়ের অন্তর্ভুক্ত করা হইলেও উহার উপর কোন কর ধার্য করা হয় না। অর্থাৎ মোট আয়ের গড় হার নিরূপণ করিবার জন্য এইরূপ আয় যুক্ত করিয়া মোট আয় নিরূপণ করা হয়, কিন্তু প্রদেয় মোট কর হইতে উহার জন্য একটি ছাড় (Rebate) বাদ দেওয়া হয়।

উপরোক্ত আয়গুলির বিশদ বিবরণ নিম্নে লিপিবদ্ধ করা হইল

যে আয় মোট আয়ের অন্তর্ভুক্ত করা হয় না এবং উহার উপর আয়কর প্রদান করা হয় না (Incomes which are neither included in total income nor income-tax is payable on them) :

আয়কর আইনের 10 ধারার বিধান অনুসারে, নিম্নলিখিত আয়গুলি ব্যক্তির মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না।

(1) **কৃষি-আয় (Agricultural Income) :** আয়কর আইনের 10(1) ধারায় বলা হইয়াছে যে কৃষি আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

(2) **অবিভক্ত হিন্দু পরিবারের কোন সভ্য কর্তৃক প্রাপ্ত আয় (Income received by a member of a Hindu Undivided Family) :** অবিভক্ত হিন্দু পরিবারের আয় হইতে বা পরিবারের কোন অবিভাজ্য সম্পত্তির আয় হইতে পরিবারের কোন সভ্যকে কোন অর্থ প্রদান করা হইলে উহা সংশ্লিষ্ট সভ্যের মোট আয়ের অন্তর্গত হইবে না।

(3) **আকস্মিক ও অনাবর্তক আয় (Casual and Non-recurring Income) :** 'ব্যক্তির' এমন কতকগুলি আয় আছে যেগুলি সম্পূর্ণ আকস্মিক অর্থাৎ সাময়িক বা অনাবর্তক (non recurring) জাতীয়। এইরূপ আয়কে ভাগ্যপ্রসূত আয়ও বলা যাইতে পারে। কখনও কখনও ইহা কোন চুক্তি বা পরিশ্রম প্রসূত আয় নহে। লটারী, ঘোড়দৌড়, আড়াআড়ি শব্দ প্রতিযোগিতা (Crossword Competition) প্রভৃতি হইতে প্রাপ্ত পুরস্কার এই জাতীয় আয়ের উদাহরণ। রাস্তায় কুড়ান অর্থ বা মূল্যবান বস্তু, বিবাহ বা জন্মদিন উপলক্ষে প্রাপ্ত উপহার,

নিরুদ্দেশ পুত্র বা আত্মীয়ের সংবাদ প্রদান করিয়া প্রাপ্ত পুরস্কার প্রভৃতিও আকস্মিক আয়ের পর্যায়ভুক্ত।

আয়কর আইনের 10(3) ধারায় বলা হইয়াছে যে, আকস্মিক আয় ব্যক্তির মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না, কিন্তু ইহা নিম্নলিখিত চারিটি শর্তসাপেক্ষ

(i) ইহা সাময়িক ও অনাবর্তক (non recurring) হইতে হইবে,

(ii) ইহা আয়কর আইনের 45 ধারায় বর্ণিত করযোগ্য মূলধনী আয়ের প্রকৃতিবিশিষ্ট হইবে না।[1]

(iii) ইহা ব্যবসায় বা পেশা বা বৃত্তির সহিত সংশ্লিষ্ট আয় হইবে না। যথা, কোন শিক্ষক কর্তৃক প্রাপ্ত পরীক্ষার খাতা দেখার আয় সাময়িক আয় বলিয়া বিবেচিত হইতে পারে না, কারণ ইহা তাঁহার বৃত্তির সহিত সংশ্লিষ্ট।

(iv) ইহা কোন কর্মচারীর বেতনাতিরিক্ত (addition to salary) জাতীয় আয় হইবে না।[1]

Problem 27 Are the following receipts exempt as receipts of casual and non recurring nature? Give reasons for your answer

(i) A company secretary who is not associated with any college, sets a question paper on Secretarial Practice for the B Com Examination of a University and examines 96 answer papers for which he receives a total remuneration of Rs 192

(ii) Managing agents of a Company bought plots of lands adjoining the company's mill by four sale deeds and sold them to the company five years later at a profit **[C U Three Year Degree Course, B Com 1967]**

[আকস্মিক ও অনাবর্তক বলিয়া নিম্নলিখিত আয়গুলি আয়কর হইতে রেহাই পাইবে কি? যুক্তিসহ উত্তর দাও

(i) কোন কলেজের সহিত সংশ্লিষ্ট নহে এইরূপ কোন কোম্পানী সেক্রেটারী কোন বিশ্ববিদ্যালয়ের বি কম পরীক্ষায় সচিব কার্যপদ্ধতির প্রশ্ন করেন এবং 96 খানা উত্তরপত্র পরীক্ষা করেন। ইহার জন্য তিনি মোট 192 টাকা পারিশ্রমিক পাইলেন।

(ii) চারখানা বিক্রয় দলিলের মাধ্যমে কোন কোম্পানীর ম্যানেজিং এজেন্টগণ কোম্পানীর কারখানার সন্নিকটবর্তী কয়েকখণ্ড জমি ক্রয় করিলেন এবং পাঁচ বৎসর পরে মুনাফা করিয়া সেই জমিগুলি উক্ত কোম্পানীর নিকট বিক্রয় করিয়া দিলেন।]

Solution: (i) প্রশ্নপত্র প্রস্তুত করা বা উত্তরের খাতা পরীক্ষা করা প্রযোক্ত কোম্পানী-সেক্রেটারীর নিয়মিত কার্যের অন্তর্ভুক্ত হইতে পারে না। সুতরাং প্রশ্নপত্র প্রস্তুত

[1] "In computing the total income of a previous year of any person (the following income) shall not be included,—

Any receipt which are of a casual and non recurring nature unless they are—

(i) Capital gains chargeable under the provisions of Section 45 or

(ii) receipts arising from business or the exercise of a profession or occupation or receipts by way of addition to the remuneration of an employee"—*Sec. 10 (3)*.

করা ও সংশ্লিষ্ট উত্তরের খাতা পরীক্ষা করার জন্য তিনি যে পারিশ্রমিক লাভ করিয়াছেন তাহা তাঁহার আকস্মিক আয় (Casual Income) বলিয়া বিবেচিত হইবে। ফলে উহা করযোগ্য আয় নহে।

কিন্তু উক্ত সেক্রেটারী যদি কোন নৈশ কলেজে আংশিক কর্মী (Part-timer) হিসাবে অধ্যাপনা করেন, তবে এইরূপ আয় তাঁহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে।

(ii) ইহা আয়কর আইনে 45 ধারায় বর্ণিত মূলধনী মুনাফার অন্তর্ভুক্ত বিষয়। সুতরাং ইহা আকস্মিক আয় বলিয়া পরিগণিত হইবে না। বস্তুত ইহা মূলধনী মুনাফা খাতে করযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

Problem 28 Baroda Technical Institute organised a competition The subject matter of the competition was the 'plan of a building the 'Institute' invited architects to join the competition *X* & Co, a firm of practising architects submitted their plan in the said competition and won a prize of Rs 20 000

State with reasons if this income of *X* & Co was of a casual and non recurring nature

[বরোদা টেকনিক্যাল ইনস্টিটিউট একটি প্রতিযোগিতার ব্যবস্থা করিল। একটি দালানের নক্সা ঐ প্রতিযোগিতার বিষয়বস্তু ছিল। উক্ত প্রতিযোগিতায় যোগদান করিবার জন্য ইনস্টিটিউট স্থপতিদিগকে আমন্ত্রণ জানাইলেন। *X* & Co নামে কোন ব্যবসায়ী স্থপতি প্রতিষ্ঠান উক্ত প্রতিযোগিতায় তাহাদের নক্সা দাখিল করিল এবং 20 000 টাকা পুরস্কার লাভ করিল। X & Co এর উক্ত আয় আকস্মিক ও অনাবর্তক বলিয়া বিবেচিত হইবে কিনা তাহা যুক্তিসহ বিবৃত কর।]

Solution: বাড়ীর নক্সা প্রস্তুত করা হইল স্থপতিগণের একটি পেশা এবং পেশাগত কর্তব্য সম্পাদন উপলক্ষ করিয়াই *X* & Co প্রশ্নোক্ত পুরস্কার লাভ করিয়াছে। সুতরাং, আয়কর আইনের 10(3) (ii) ধারা অনুসারে *X* & Co-এর উক্ত আয় আকস্মিক ও অনাবর্তক বলিয়া পরিগণিত হইতে পারে না। [*Parekar, Gore and Parpia* V *Commissioner of Income tax, 34 I T R 312 (Bomb), 1958*]

Problem 29 *P*, sister of *Q* had been receiving for several years a fixed sum of Rs 10 000 per year from *Q*, the brother *Q* had no obligation to pay and this payment from him was wholly gratuitous State with reasons if this income of *P* is exempted from income tax as casual income

[*Q* এর ভগ্নী *P* তাহার ভ্রাতা *Q* এর নিকট হইতে বহু বৎসর ধরিয়া বার্ষিক 10,000 টাকার একটি নির্দিষ্ট অর্থ পাইতেছিল। উক্ত অর্থ প্রদান করা বিষয়ে *Q* এর কোন বাধ্যবাধকতা ছিল না। সম্পূর্ণভাবে স্বেচ্ছাপ্রণোদিত হইয়াই *Q* এই অর্থ প্রদান করিতেছিল। আকস্মিক আয় বলিয়া *P* এর উক্ত আয় করমুক্ত হইবে কিনা তাহা যুক্তিসহকারে বিবৃত কর।]

Solution সম্পূর্ণভাবে স্বেচ্ছাপ্রণোদিত হইয়াই *Q* তাহার ভগ্নী *P*-কে বার্ষিক 10,000 টাকা প্রদান করিতেছিল। এ বিষয়ে *Q*-এর কোন বাধ্যবাধকতা ছিল না। এমতাবস্থায়

...কর্তৃক উক্ত অর্থ প্রাপ্তি সম্পর্কে কোন নিশ্চয়তা ছিল না বলিয়া ইহা আকস্মিক ও অনাবর্তক আয় বলিয়া বিবেচিত হইতে পারে। ফলে ইহা করমুক্ত আয় বলিয়া গণ্য হইবে।

[*Rani Amrit Kunwar* V *Commissioner of Income tax, 14 I T.R 561 (All), 1946*]

Problem 80 *S* an advocate attended a shareholders meeting of a company under the proxy from a shareholder In the meeting S made a speech as a result of which the company issued new shares to the public *T* a stock broker benefitted by this new issue and in appreciation of the performance of *S* rewarded him Rs 10 000 State with reasons if the income of *S* was of a casual and non recurring nature

[*S* নামে কোন এ্যাডভোকেট কোন শেয়ার হোল্ডারের প্রতিনিধি হিসাবে কোন কোম্পানীর শেয়ার হোল্ডারগণের একটি সভায় উপস্থিত হইলেন। ঐ সভায় S একটি বক্তৃতা দিলেন। ঐ বক্তৃতার ফলে কোম্পানী জনসাধারণের নিকট নূতন শেয়ার বিক্রি করিল। নূতন শেয়ার বিক্রির ফলে *T* নামে কোন ষ্টক দালাল বিশেষ উপকৃত হইল এবং সে S এর কার্যের স্বীকৃতি হিসাবে তাহাকে 10 000 টাকা পুরস্কার দিল। S এর উক্ত আয় আকস্মিক ও অনাবর্তক কিনা যুক্তি সহকারে বিবৃত কর।]

Solution: অন্যের জন্য ওকালতি করাই হইল এ্যাডভোকেটের পেশা এবং উক্ত পেশাগত কর্তব্য সম্পাদন উপলক্ষ করিয়াই *T* এর নিকট হইতে S 10 000 টাকা লাভ করিয়াছে। সুতরাং, আয়কর আইনের 10 (3) (ii) ধারা অনুসারে S এর প্রশ্নোক্ত আয় আকস্মিক ও অনাবর্তক বলিয়া পরিগণিত হইতে পারে না। [*Susil Chandra Sen In re, I T R 261 (Cal), 1941*]

(4) **অনাবাসিক কর্তৃক প্রাপ্ত কোন কোন সুদ (Certain Interest received by a Non-resident):** কেন্দ্রীয় সরকার বিজ্ঞাপনের দ্বারা যে সকল পত্রিপত্রের উপর সুদ অনাবাসিকগণের ক্ষেত্রে করমুক্ত বলিয়া ঘোষণা করেন ঐ সুদ উক্ত ব্যক্তির মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না। 'পুনর্গঠন ও উন্নয়নমূলক আন্তর্জাতিক ব্যাঙ্ক (International Bank of Reconstruction and Development) অথবা আমেরিকা যুক্তরাষ্ট্রের উন্নয়নমূলক ঋণ ভাণ্ডারের (Development Loan Fund of the U S A) সহিত ঋণ চুক্তি বশতঃ ভারত সরকার কর্তৃক অথবা ভারতীয় কোন উৎপাদনকারী প্রতিষ্ঠান বা আর্থিক সংস্থা (Financial Corporation) কর্তৃক বিলিকৃত কোন অঙ্গীকারপত্রের (Bonds) উপর সুদ (অথবা এইরূপ অঙ্গীকারপত্রের পরিশোধ সংক্রান্ত অধিহার) মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

1947 সালের 'বৈদেশিক মুদ্রা বিনিময় নিয়ামক আইন' [1] অনুসারে ভারতে কোন অনাবাসিকের হিসাবে যে অর্থ গচ্ছিত রাখা হয়, উহার উপর কোন অনাবাসিক ব্যক্তি সুদ পাইয়া থাকেন, উহাও তাঁহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না। [10(4A) ধারা]

(5) পথ-খরচ (Passage money) : কেন্দ্রীয় সরকার কর্তৃক আরোপিত ... সাপেক্ষ, ভারতের কোন নাগরিক তাহার ভারতস্থ স্বগৃহে যাইবার জন্য সংশ্লিষ্ট নিয়োগকর্তা হইতে নিজের, স্ত্রীর ও সন্তানগণের পথ খরচ বাবদ যে পাওনা বা সুযোগ সুবিধা পাইয়া থাকেন উহা তাঁহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।[1]

(6) ভারতের নাগরিক নহে এরূপ ব্যক্তির কোন কোন আয় (Some incomes of persons who are not citizens of India) : যে সকল ব্যক্তি ভারতের নাগরিক নহে তাঁহাদের নিম্নলিখিত আয়গুলি মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না :

(ক) কেন্দ্রীয় সরকার কর্তৃক আরোপিত নিয়মকানুন সাপেক্ষ ভারতের নাগরিক নহে একপ কোন ব্যক্তি ভারতের বাহিরে তাঁহার স্বগৃহে যাইবার জন্য পথ খরচ বাবদ যে অর্থ পাইয়া থাকেন উহা অথবা অনুরূপ সুযোগ-সুবিধার অর্থমূল্য তাঁহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

(খ) ভারতস্থ কোন বিদেশীয় রাষ্ট্রদূত (Ambassador) এবং দূতাবাসের অন্যান্য অফিসার যে বেতন পাইয়া থাকেন তাহা তাঁহাদের মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

(গ) ভারতস্থ কোন বিদেশীয় রাষ্ট্র-প্রতিনিধি (Consul) যে বেতন পাইয়া থাকেন তাহা তাঁহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

(ঘ) বিদেশীয় রাষ্ট্রের কোন বাণিজ্যিক প্রতিনিধি (Trade Commissioner) উহার অন্য কোন প্রতিনিধি ভারতে যে বেতন পাইয়া থাকেন তাহা তাঁহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না। কিন্তু ইহা এই শর্তসাপেক্ষ যে সংশ্লিষ্ট বিদেশী রাষ্ট্র কর্তৃকও তাঁহার দেশে ভারত সরকারের কর্মচারিগণকে অনুরূপ সুবিধা প্রদান করিতে হইবে।

(ঙ) উপরোক্ত (খ) (গ) ও (ঘ) তে বর্ণিত ব্যক্তিগণের অফিসের কোন কর্মচারী যদি বিদেশী রাষ্ট্রের নাগরিক হন এবং সংশ্লিষ্ট অফিসের কর্মচারীর পদাধিকার বলে যা তাহা ছাড়া ব্যক্তিগতভাবে ভারতে অন্য কোন ব্যবসায় পেশা বা চাকুরি না করে হইলে ঐ কর্মচারীর বেতন তাঁহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

(চ) কোন বিদেশীয় প্রতিষ্ঠানের কোন কর্মচারী ভারতে অবস্থানকালে প্রাতিনিধ্য চাকুরীতে (Deputation Service) বিদেশ হইতে ভারতে প্রেরিত কর্মচারী কার্যের জন্য যে পারিশ্রমিক পাইয়া থাকেন তাহা তাঁহার মোট আয়ের অন্তর্ভুক্ত হ কিন্তু ইহা নিম্নলিখিত তিনটি শর্তসাপেক্ষ,

(i) সংশ্লিষ্ট বিদেশীয় প্রতিষ্ঠান ভারতে কোন ব্যবসায় বা বাণিজ্যে লিপ্ত থাকিবে না

(ii) সংশ্লিষ্ট পূর্ববর্তী বৎসরে উক্ত কর্মচারী ভারতে মোট 90 দিনের অধিক করিবেন না, এবং

1 'Subject to such conditions as the Central Government may prescribe, any travel concession or assistance received by or due to any person, being a citizen from the employer for himself, his wife and children, in connection with his proceeding to his home-district in India —Sec 10 (5)

(iii) সংশ্লিষ্ট নিয়োগকর্তার আয় যদি আয়কর আইন অনুসারে করযোগ্য হয়, তাহা হইলে ঐ আয় হইতে এইরূপ কর্মচারীর বেতন বাদযোগ্য হইবে না।

(ছ) সরকার, স্থানীয় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান বিধিবদ্ধ কর্পোরেশন (Statutory Corporation) বা বেসরকারী ব্যবসায় প্রতিষ্ঠান কর্তৃক নিযুক্ত কোন বৈদেশিক কারিগর যে আর্থিক-বৎসরে ভারতে আগমন করেন উহার অব্যবহিত পূর্ববর্তী চার বৎসরের মধ্যে কোন এক বৎসরের জন্য তিনি যদি ভারতের 'আবাসিক' না হন তাহা হইলে নিম্নলিখিত নির্দিষ্ট কালের জন্য তাঁহার বেতন মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না.

শিল্প ও ব্যবসায়-পরিচালনা কৌশলে বিশেষজ্ঞ কোন কারিগরের চাকুরী তাঁহার ভারতে আগমন করিবার এক বৎসরের মধ্যে যদি কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত হয় তাহা হইলে এরূপ কারিগর যে দিন ভারতে আগমন করেন ঐ তারিখ হইতে 6 মাসের জন্য তাঁহার বেতন তাঁহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

অন্যান্য কারিগরের ক্ষেত্রে তাহাদের চাকুরী সংক্রান্ত চুক্তি ভারত সরকার কর্তৃক অনুমোদিত হইলে যে দিন সে ভারতে আগমন করে ঐ তারিখ হইতে 36 মাসের জন্য এরূপ কারিগরের বেতন তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না। উক্ত কালের পরে এরূপ কারিগরের বেতন কেন্দ্রীয় সরকারের অনুমোদনক্রমে আরও 60 মাসের অনধিক কালের জন্য করমুক্ত করা যাইতে পারে, কিন্তু সেক্ষেত্রে উক্ত কারিগরের আয়ের উপর প্রদেয় কর নিয়োগকর্তাকে বহন করিতে হইবে।

বৈদেশিক কারিগর নিয়োগ সংক্রান্ত চুক্তি যেক্ষেত্রে কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত হয় না সেক্ষেত্রে শিল্প বা ব্যবসায় পরিচালনায় বিশেষজ্ঞ কারিগরের বেতন সম্পূর্ণ করমুক্ত বলিয়া গণ্য করা হইবে না। কিন্তু অন্যান্য কারিগরের ক্ষেত্রে এরূপ বিশেষজ্ঞ যেদিন ভারতে আগমন করেন, ঐ তারিখ হইতে 365 দিনের জন্য তাঁহার আয় সম্পূর্ণরূপে করমুক্ত বলিয়া গণ্য হইবে।

(জ) বৈদেশিক জাহাজে কর্মরত কোন অনাবাসিক ব্যক্তি যদি কোন পূর্ববর্তী বৎসরে 90 দিনের অধিক ভারতে বাস না করে, তাহা হইলে উক্ত পূর্ববর্তী বৎসরে তাহার বেতন মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

(ঝ) যে সকল বিদেশী শিক্ষক ভারতে অধ্যাপনায় আসেন তাঁহাদের বেতন করমুক্ত বলিয়া গণ্য হইবে। কিন্তু এরূপ শিক্ষককে চাকুরী শুরু করার এক বৎসরের মধ্যে তাঁহার চাকুরী কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদন করাইয়া লইতে হইবে। অধিকন্তু উক্ত শিক্ষক যে আর্থিক-বৎসরে ভারতে আগমন করেন, উহার অব্যবহিত পূর্বের চার বৎসরের মধ্যে কোন এক বৎসরের জন্য তিনি ভারতে 'আবাসিক' বলিয়া গণ্য হইবেন না। তিনি যে দিন ভারতে আগমন করেন, ঐ তারিখ হইতে 36 মাসের জন্য তাঁহার বেতন সম্পূর্ণরূপ করমুক্ত আয় গণ্য হইবে। তৎপরবর্তী আরও 24 মাস কালের জন্য তাঁহার বেতন মোট আয়ের করা হইবে না; কিন্তু সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় বা অন্যান্য শিক্ষা-প্রতিষ্ঠানকে উপর কর বহন করিতে হইবে।

(ঙ) বিদেশী সরকার বা শিক্ষা-প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত যে-সকল বিদেশী শিক্ষাবিদ বা শিক্ষক অনুমোদিত কর্মসূচী (Approved Programme) অনুযায়ী ভারতে গবেষণা কার্যে লিপ্ত আছেন, এরূপ ব্যক্তির আয় দুই বৎসরের জন্য সম্পূর্ণরূপে করমুক্ত বলিয়া গণ্য হইবে।

(7) **ভারতের বাহিরে কর্মরত ভারতীয় নাগরিকের ভাতা বা বেতন-পূরক (Allowance or Perquisites of an Indian citizen serving outside India) :** কোন ভারতীয় নাগরিক ভারতের বাহিরে কর্মরত থাকিলে ভারত সরকার তাঁহাকে ভারতের বাহিরে ভাতা বা বেতনপূরক (Perquisite) প্রদান করিলে উহা তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না। এরূপ ভাতাকে বিদেশী ভাতা (Foreign Allowance) বলা হয়।[1]

(8) **পারস্পরিক কারিগরী সাহায্যের কর্মসূচী অনুসারে নিযুক্ত ব্যক্তির আয় (Income of a person employed in connection with co-operative technical assistance programme) :** পারস্পরিক কারিগরী সাহায্যের কর্মসূচী অনুসারে বিদেশীয় কোন সরকারের সহিত ভারত সরকারের চুক্তির ফলে কোন ব্যক্তি ভারতে কর্মরত থাকিলে তাহার নিম্নলিখিত আয়গুলি মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না

(ক) উক্ত ব্যক্তি তাহার বিদেশীয় সরকারের নিকট হইতে নিজের কার্যের জন্য যে পারিশ্রমিক পায়, উক্ত আয়,

(খ) উক্ত ব্যক্তির অন্য কোন আয় যদি ভারতের বাহিরে প্রাপ্য বা উৎপন্ন হয় ও যদি উহা ভারতে প্রাপ্য বা উৎপন্ন বলিয়া বিবেচিত না হয় এবং যদি এরূপ আয়ের উপর সংশ্লিষ্ট বিদেশী সরকারকে উক্ত ব্যক্তির আয়কর বা সামাজিক নিরাপত্তা কর দিতে হয়, তাহা হইলে ঐ আয় তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

(9) **পারস্পরিক কারিগরী সাহায্যের কর্মসূচী অনুসারে নিযুক্ত ব্যক্তির সহিত আগত পরিবারের অন্য ব্যক্তির আয় (Income of any family-member accompanying the person employed in connection with co-operative technical assistance programme) :** উপরোক্ত (8) নম্বরে বর্ণিত ব্যক্তির সহিত তাহার পরিবারের কোন সভ্য ভারতে আসিয়া থাকিলে ঐ সভ্যের কোন আয় যদি ভারতের বাহিরে প্রাপ্য বা উৎপন্ন হয় এবং যদি উহা ভারতে প্রাপ্য বা উৎপন্ন বলিয়া বিবেচিত না হয় এবং যদি এইরূপ আয়ের উপর সংশ্লিষ্ট বিদেশী সরকারকে উক্ত সভ্যের আয়কর বা সামাজিক নিরাপত্তা কর দিতে হয়, তাহা হইলে ঐ আয় তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

(10) **মৃত্যু ও অবসর-সংক্রান্ত আনুতোষিক (Death-cum-Retirement Gratuity) :** কেন্দ্রীয় সরকারের পরিবর্তিত পেন্সন নিয়মাবলী[2] অনুসারে অথবা রাজ্য সরকার,

---

1 "Any allowance or perquisites paid or allowed as such outside India by the Government to a citizen of India for rendering service outside India.—*Sec. 10 (7)*.

2 Pension Rules.

প্রদত্ত প্রশ্নানুসারে :—

(1) 1968 সালের 31শে মার্চ পর্যন্ত যে তিন বৎসর শেষ হইয়াছে, ঐ কালের জন্য গড় মাসিক বেতন

$$=\frac{550\times12+600\times12+650\times12}{36}=600 \text{ টাকা}$$

(2) (i) $\frac{1}{2}\times600$ টা $\times35=10,500$ টাকা

(ii) 600 টা $\times15=9,000$ টাকা।

সুতরাং, আয়কর আইনের 10 (10) ধারা অনুসারে শ্রীভার্গব আনুতোষিকের 9,000 টাকা পর্যন্ত করমুক্তি পাইবেন। অবশিষ্ট 13,000 টা − 9,000 টা = 4,000 টাকার উপর তিনি করমুক্তি পাইবেন না, অর্থাৎ উক্ত 4,000 টাকা তাঁহার মোট আয়ের সহিত যুক্ত হইবে।

Problem 32 Sri Basudev, an employee of Eastern Co (Private) Ltd retires after 40 years of service on June 30, 1969 and receives a gratuity of Rs 12 500 from the employers His basic salary for the years ended 31st March 1967 31st March 1968 and 31st March, 1969 amounted to Rs 8o6 Rs 900 and Rs 950 per month respectively

You are to ascertain the amount of gratuity exempt under section 10 (10) of the Income tax Act

[ইষ্টার্ন কোং (প্রাইভেট) লিমিটেডের কর্মচারী শ্রীবাসুদেব 40 বৎসর চাকুরী করার পরে 1969 সালের 30শে জুন তারিখে অবসর গ্রহণ করিলেন ও তাঁহার নিয়োগকর্তাগণের নিকট হইতে আনুতোষিক রূপে 12 500 টাকা পাইলেন 31শে মার্চ 1967 31শে মার্চ 1968 এবং 31শে মার্চ 1969 তারিখে তাঁহার মাসিক গড় মূল বেতন ছিল যথাক্রমে 850 টাকা 900 টাকা ও 950 টাকা।

আয়কর আইনের 10 (10) ধারা অনুসারে শ্রীবাসুদেব কর্তৃক প্রাপ্ত আনুতোষিকের কত টাকা করমুক্তির যোগ্য তা নিরূপণ করিতে হইবে।]

Solution আয়কর আইনের 10(10) ধারায় বলা হইয়াছে যে, মৃত্যু ও অবসর সংক্রান্ত আনুতোষিকের ক্ষেত্রে, যে বৎসর ইহা প্রদত্ত হয়, উহার অব্যবহিত পূর্বের তিন বৎসরের বেতনের গড় হিসাব করিয়া প্রতি পূর্ণ বৎসর কাজের জন্য অনধিক অর্ধমাসের বেতন ধরিয়া ভিত্তিতে কোন আনুতোষিক (24 হাজার টাকা এবং 15 মাসের বেতনের মধ্যে যেটি নিম্নতর উহাই সর্বোচ্চ অঙ্ক হইতে পারে) মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না অর্থাৎ ইহা করমুক্ত বলিয়া বিবেচিত হইবে।

প্রদত্ত প্রশ্নানুসারে

(1) 1969 সালের 31 শে মার্চ পর্যন্ত যে তিন বৎসর শেষ হইয়াছে ঐ কালের জন্য গড় মাসিক বেতন

$$=\frac{850\times12+900\times12+950\times12}{36}=900 \text{ টাকা।}$$

(2) (i) $\frac{1}{2}\times900$ টা $\times40$ $=18,000$ টাকা

(ii) 15×900 $=13,500$ টাকা

প্রাপ্ত আনুতোষিক 12,500 টাকা অপেক্ষা উপরোক্ত 18,000 টাকা ও 13,500 টাকা
। সুতরাং, আয়কর আইনের 10(10) ধারা অনুসারে শ্রীবাসুদেব কর্তৃক প্রাপ্ত আনুতোষিকের সম্পূর্ণ অঙ্কই (অর্থাৎ 12,500 টা) করমুক্ত বলিয়া গণ্য হইবে।

Problem 38 : Mr Roy, an employee of a private firm retired after 25 years of service on June 30, 1969 He was drawing a basic salary of Rs 2,000 per month on the average till the date of retirement At the time of retirement he received a gratuity of Rs 60,000 How much of it is exempt under section 10 (10) of the Income-tax Act ?

[মিঃ রায় কোন ব্যক্তিগত প্রতিষ্ঠানে 25 বৎসর চাকুরি করিয়া 1969 সালের 30শে জুন তারিখে অবসর গ্রহণ করিলেন। অবসর গ্রহণের তারিখ পর্যন্ত তিনি গড়ে মাসিক 2,000 টাকা হিসাবে মূল বেতন পাইতেছিলেন। অবসরগ্রহণকালে তিনি আনুতোষিকরূপে 60 000 টাকা পাইয়াছিলেন। আয়কর আইনের 10(10) ধারা অনুসারে ইহার কত টাকা করমুক্তির যোগ্য ?]

Solution : আয়কর আইনের 10 (10) ধারায় বলা হইয়াছে যে, মৃত্যু ও অবসর সংক্রান্ত আনুতোষিকের ক্ষেত্রে, যে বৎসর ইহা প্রদত্ত হয় উহার অব্যবহিত পূর্ববর্তী তিন বৎসরের বেতনের গড় হিসাব করিয়া প্রতি পূর্ণ বৎসর কাজের জন্য অনধিক অর্ধ মাসের বেতন ধরিয়া ঐ ভিত্তিতে কোন আনুতোষিক (24 হাজার টাকা ও 15 মাসের বেতনের মধ্যে যেটি নিম্নতর, উহাই সর্বোচ্চ অঙ্ক হইতে পারে) মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না। অর্থাৎ ইহা করমুক্ত বলিয়া বিবেচিত হইবে।

এক্ষেত্রে প্রযোজ্যতানুসারে :—

(i) $\frac{1}{2} \times 2,000$ টা $\times 25 = 25,000$ টাকা।

(ii) $2,000$ টা $\times 15 = 30,000$ টাকা।

উপরোক্ত উভয়ক্ষেত্রে 25,000 টাকা ও 30 000 টাকা আইন বর্ণিত 24,000 টাকা অপেক্ষা উচ্চতর। অধিকন্তু প্রদত্ত আনুতোষিকের অঙ্কও আইন নির্ধারিত 24 000 টাকা অপেক্ষা উচ্চতর।

এক্ষেত্রে, 24,000 টাকা মি রায়ের মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না, কিন্তু অবশিষ্ট 60,000 টা − 24,000 টা = 36,000 টাকা মি রায়ের মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে অর্থাৎ ইহা করযোগ্য হইবে।

(11) বিধিবদ্ধ প্রভিডেণ্ট ফণ্ড হইতে প্রাপ্ত আয় (Payment from a Statutory Provident Fund) : বিধিবদ্ধ প্রভিডেণ্ট ফণ্ড হইতে প্রাপ্ত যে কোন আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

(12) অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ডে সঞ্চিত আয় (Accumulated balance in a Recognised Provident Fund) : অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ড হইতে কোন ব্যক্তির যে টাকা পাওনা হয়, উহা তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না।

(13) **অনুমোদিত বার্ধক্য-বৃত্তি তহবিল হইতে প্রাপ্ত আয় (Payment from approved Superannuation Fund) :** অনুমোদিত কোন বার্ধক্য বৃত্তি তহবিল হইতে কোন ব্যক্তি কর্তৃক প্রাপ্ত আয় তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

(14) **কর্তব্য সম্পাদনে অপরিহার্য বিশেষ ভাতা (Special Allowance indispensable for performing duties) :** কোন কর্মচারীর স্বীয় কর্তব্য সম্পাদনের জন্য যে সকল ব্যয় নির্বাহ করা অপরিহার্য বলিয়া বিবেচিত হয়, সেইগুলির জন্য সে তাহার নিয়োগকর্তার নিকট হইতে যে বিশেষ ভাতা পাইয়া থাকে, উহা তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না। যথা, কোন কর্মচারীকে যে ভ্রমণ খরচ (Travelling Expenses) বা যাতায়াত খরচ (Conveyances) দেওয়া হয়, তাহা তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না অর্থাৎ ইহা করমুক্ত বলিয়া বিবেচিত হয়।[1]

(15) **কয়েক প্রকারের লগ্নিপত্র-সংক্রান্ত আয় (Income from certain Securities) :** লগ্নিপত্র সংক্রান্ত নিম্নলিখিত আয়গুলি কোন ব্যক্তির মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না, অর্থাৎ এইগুলির উপর প্রাপ্ত সুদ করমুক্ত বলিয়া বিবেচিত হয়।

(i) ট্রেজারি সেভিংস্ ডিপোজিট সার্টিফিকেটের উপর সুদ,

(ii) পোস্ট অফিস ক্যাশ সার্টিফিকেটের উপর সুদ,

(iii) পোস্ট অফিস জাতীয় সঞ্চয় সার্টিফিকেটের উপর সুদ,

(iv) জাতীয় পরিকল্পনা সার্টিফিকেটের উপর সুদ,

(v) 12 বৎসরের মেয়াদী জাতীয় পরিকল্পনা সঞ্চয় সার্টিফিকেটের উপর সুদ,

(vi) 10 বৎসরের মেয়াদী প্রতিরক্ষা ডিপোজিট সার্টিফিকেটের উপর সুদ,

(vii) ভারত সরকারের প্রতিরক্ষা সার্টিফিকেটের উপর সুদ,

(viii) 12 বৎসরের মেয়াদী জাতীয় প্রতিরক্ষা সার্টিফিকেটের উপর সুদ,

(ix) পোস্ট অফিস সেভিংস্ ব্যাঙ্কে গচ্ছিত টাকার উপর সুদ,

(x) 15 বৎসরের মেয়াদী বার্ষিক সালিয়ানা সার্টিফিকেট সংক্রান্ত মাসিক কিস্তি,

(xi) 1980 সালে পরিশোধ্য জাতীয় প্রতিরক্ষা স্বর্ণবণ্ড সংক্রান্ত বার্ষিক কিস্তি।

(16) **ছাত্রবৃত্তি (Scholarship) :** কোন শিক্ষা সংক্রান্ত ব্যয় বহন করার উদ্দেশ্যে যে সকল বৃত্তি দেওয়া হয়, তাহা করমুক্ত আয় বলিয়া বিবেচিত হয়।[2]

(17) **কেন্দ্রীয় বা রাজ্য আইনসভার সভ্যের দৈনিক ভাতা (Daily allowance of a member of the Central or State legislature) :** কেন্দ্রীয় বা রাজ্য আইনসভার

---

[1] "Any special allowance or benefit not being in the nature of an entertainment allowance or other perquisite within the meaning of clause (2) of Section 17, specially granted to meet expenses wholly necessarily and exclusively incurred in the performance of the duties of an office or employment of profit, to the extent to which such expenses are actually incurred for that purpose"—Sec 10 (14).

[2] "Scholarships, granted to meet the cost of education."—Sec 10 (16).

কোন সভ্য অথবা তাহাদের নিযুক্ত কোন [illegible] দৈনিক ভাতা করমুক্ত আয় বলিয়া বিবেচিত হইবে।[1]

(18) **বীরত্বের পুরস্কার (Gallantry award)** : কোন ব্যক্তি কর্তৃক কেন্দ্রীয় বা প্রাদেশিক সরকার হইতে নগদে বা দ্রব্যে প্রাপ্ত সাহসিকতার পুরস্কার তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না। কিন্তু এইরূপ পুরস্কার কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রচলিত বা অনুমোদিত হওয়া প্রয়োজন।[2]

(19) **দেশীয় রাজ্যের শাসক কর্তৃক প্রাপ্ত রাজকীয় ভাতা (Privy Purse of a Ruler)** : অধুনালুপ্ত দেশীয় রাজ্যের রাজন্যবর্গকে যে ভাতা দেওয়া হয়, তাহা আয়কর আইনের 10 (19) ধারা অনুসারে সম্পূর্ণ করমুক্ত আয় বলিয়া গণ্য হয়।[3]

(20) **স্থানীয় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানের আয় (Income of local authorities)** : স্বীয় এলাকার মধ্যে কোন স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান পণ্য বা সেবা সরবরাহ করিয়া যে মুনাফা অর্জন করিয়া থাকে, তাহা করমুক্ত আয় বলিয়া গণ্য হয়। কিন্তু উক্ত প্রতিষ্ঠান নিজ এলাকার বাহিরে কোন পণ্য বা সেবা সরবরাহ করিয়া মুনাফা অর্জন করিলে উক্ত কার্যের দ্বারা এলাকার বাহিরে অর্জিত মুনাফা সম্পূর্ণরূপে করযোগ্য বলিয়া গণ্য হইবে।

(21) **বৈজ্ঞানিক গবেষণা সমিতির আয় (Income of Scientific Research Associations)** : যে বৈজ্ঞানিক গবেষণা সমিতির আয় সম্পূর্ণভাবে উহার নিজের কাজেই প্রয়োগ করা হয়, উহার আয় সম্পূর্ণরূপে করমুক্ত আয় বলিয়া গণ্য হইবে।

(22) **বিশ্ববিদ্যালয় বা অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের আয় (Income of a University or other Educational Institutions)** : শিক্ষাদানের সম্পূর্ণ উদ্দেশ্য লইয়া গঠিত (অর্থাৎ মুনাফা অর্জনের জন্য গঠিত নহে এইরূপ) কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানের আয় সম্পূর্ণরূপে করমুক্ত বলিয়া গণ্য হয়।

(23) **ক্রীড়ামোদ সমিতির বা প্রতিষ্ঠানের আয় (Income of Games and Sports Association or Institution)** : ভারতে ক্রিকেট হকি, ফুটবল, টেনিস অথবা এইরূপ অন্যান্য ক্রীড়ামোদ নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান, নিয়মন বা উদ্দীপনের জন্য স্থাপিত সমিতি বা প্রতিষ্ঠানের আয় সম্পূর্ণরূপে করমুক্ত বলিয়া গণ্য হইবে। কিন্তু ইহা নিম্নলিখিত শর্তসাপেক্ষ

(i) এইরূপ সমিতি বা প্রতিষ্ঠান সম্পূর্ণভাবে উহার নিজের উদ্দেশ্য সাধন করিবার জন্য উহার আয় প্রয়োগ করিবে;

(ii) উক্ত ক্রীড়ামোদ সমিতি বা প্রতিষ্ঠানের সহিত সংযুক্ত অন্য কোন সমিতি বা প্রতিষ্ঠানকে প্রদেয় অনুদান (grants) ব্যতীত ইহার অন্য সভ্যগণের মধ্যে স্বীয় আয়ের কোন অংশ বণ্টন করা হইবে না;

1 "Any daily allowance received by any person by reason of his membership of Parliament or State Legislature or of any Committee thereof — Sec 10 (17)

2 "Any payment made, whether in cash or in kind by the Central Government or any Government in pursuance of gallantry awards instituted or approved by the Central [illegible]"—Sec 10 (18)

3 "Any amount received by the Ruler of an Indian State as privy purse under Article [illegible] the Constitution"—Sec. 10 (19).

(iii) আইনের এই বিধানের সুবিধা গ্রহণ করিতে হইলে এইরূপ সমিতি বা প্রতিষ্ঠান কেন্দ্রীয় সরকারের অনুমোদিত হইতে হইবে।

(24) **শ্রমিক সঙ্ঘের আয় (Income of a Trade Union) :** শ্রমিক ও নিয়োগকর্তার মধ্যে বা শ্রমিক ও শ্রমিকের মধ্যে পারস্পরিক সম্পর্ক নিয়ন্ত্রণের উদ্দেশ্যে স্থাপিত রেজিস্টার্ড ট্রেড ইউনিয়ন কর্তৃক 'লগ্নিপত্রের উপর সুদ', 'গৃহসম্পত্তি হইতে আয়' এবং 'অন্যান্য উৎস হইতে আয়' খাতে যে সকল আয় অর্জন করা হয়, সেগুলি সম্পূর্ণরূপে করমুক্ত বলিয়া গণ্য হয়।

(25) **বিভিন্ন প্রভিডেণ্ট ফণ্ড বা বার্ধক্য-বৃত্তি ফণ্ডের আয় (Income of Provident Fund or Superannuation Fund) :** অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ড বা বার্ধক্যবৃত্তি ফণ্ডের আয় করযোগ্য নহে। উক্ত ফণ্ডগুলি যে লগ্নিপত্রের অধিকারী সেইগুলির উপর প্রাপ্ত সুদ বা সেইগুলির বিক্রয়লব্ধ মূলধনী মুনাফাও করযোগ্য হইবে না।

(26) **তফসিলী উপজাতির কোন সভ্যের আয় (Income of the member of a Scheduled tribe) :** উপজাতি অঞ্চলে অথবা মণিপুরে ও ত্রিপুরায় বসবাসকারী তফসিলী উপজাতীয় কোন সভ্য (সরকারী কর্মচারী ব্যতীত) উপজাতি অঞ্চলের অথবা পূর্বোক্ত মণিপুর ও ত্রিপুরা রাজ্যের কোন আয়ের উৎস হইতে অথবা ডিভিডেণ্ড বা লগ্নিপত্রের উপর সুদ হইতে যে আয় প্রাপ্ত হয়, উহা সম্পূর্ণরূপে করমুক্ত বলিয়া গণ্য হইবে।

লাদাক অঞ্চলের অধিবাসী কোন ব্যক্তির (সরকারী কর্মচারী ব্যতীত) লাদাকস্থ অথবা ভারতের বহিঃস্থ কোন আয় সম্পূর্ণরূপে করমুক্ত বলিয়া গণ্য হইবে। কিন্তু এরূপ ব্যক্তিকে 1962 63 করনির্ধারণ বৎসরের পূর্ববর্তী বৎসরেও লাদাকে 'আবাসিক' হইতে হইবে। আইনের এই বিধান 1969 70 করনির্ধারণ বৎসর পর্যন্ত (উক্ত 1969 70 সাল সহ) বলবৎ থাকিবে।

(27) **গো-মহিষ ও হাঁস-মুরগী প্রতিপালন ও দুগ্ধ খামার হইতে আয় (Income from Livestock breeding and Dairy farming) :** গো মহিষ ও হাঁস মুরগী প্রতিপালন ও দুগ্ধ খামার হইতে কোন ব্যক্তির যে আয় হয়, উহা তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

(28) **ট্যাক্স ক্রেডিট সার্টিফিকেট (Tax credit certificate) :** আয়কর আইনের XXIIB অধ্যায়ের বিধান এবং ইহার অন্তর্গত কোন পরিকল্পনা অনুসারে যে সকল ট্যাক্স জমার সার্টিফিকেট করদাতার হিসাবে জমা বা মিলকরণ (adjust) করা হয়, উহা তাহার আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

(29) **ইউনিট ট্রাস্টের ডিভিডেণ্ড (Unit Trust Dividend) :** ভারতের ইউনিট ট্রাস্টের সার্টিফিকেটের উপর যে ডিভিডেণ্ড দেওয়া হয়, উহা অনধিক 1,000 টাকা পর্যন্ত করদাতার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না অর্থাৎ এইরূপ আয় 1,000 টাকা পর্যন্ত করমুক্ত বলিয়া গণ্য হয়।

(30) **পণ্য বাজারজাতকরণ হইতে আয় (Income from marketing of Commodities) :** 1967 সালের ফাইন্যান্স (নং 2) এ্যাক্টের দ্বারা আয়কর আইনের 10 ধারার সহিত 29 উপ ধারা যুক্ত করিয়া বলা হইয়াছে যে, পণ্য বাজারজাত করিবার জন্য আইনগতভাবে সংগঠিত

কোন প্রাধিকারী (authority) পণ্য মজুত, শোধন ও বাজারজাত করিবার জন্য ব্যবহৃত কোন গুদামঘর ভাড়া দিয়া যে ভাড়া পাইয়া থাকে, উহা করমুক্ত আয় বলিয়া গণ্য হইবে।

(31) **পাবলিক প্রভিডেন্ট ফণ্ড হইতে প্রাপ্ত আয় (Payments out of the Public Provident Fund) :** 1968 সালের ফাইনান্স এ্যাক্টের বিধানের বলে একটি পাবলিক প্রভিডেন্ট ফণ্ড (Public Provident Fund) সৃষ্টি করা হইয়াছে। অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডের ক্ষেত্রে করমুক্তি বিষয়ে যে সকল সুযোগ সুবিধা লাভ করা যায়, পাবলিক প্রভিডেণ্ড ফণ্ডের ক্ষেত্রেও সেইগুলি লাভ করা যায়। 1969 70 করনির্ধারণ বৎসর হইতে উক্ত ফণ্ডটি চালু করা হইয়াছে।

(32) **কয়েক প্রকারের স্থির আমানতের উপর সুদ (Interest on certain Fixed Deposit) :** 1968 সালের ফাইনান্স এ্যাক্টে বিধান দেওয়া হইয়াছে যে 1969 70 করনির্ধারণ বৎসর হইতে কয়েক প্রকারের স্থির আমানতের উপর যে সুদ প্রাপ্ত হওয়া যাইবে, উহা করমুক্ত আয় বলিয়া পরিগণিত হইবে। এ বিষয়ে প্রয়োজনীয় নিয়মকানুন এখনও প্রণয়ন করা হয় নাই।

(33) **দাতব্য ও ধর্মীয় ট্রাস্ট ও প্রতিষ্ঠানের আয় (Income of Charitable and Religious Trusts) :** দাতব্য ও ধর্মীয় ট্রাস্ট ও প্রতিষ্ঠানের কোন কোন আয় সম্পূর্ণরূপে করমুক্ত বলিয়া গণ্য হয়।

দাতব্য বা ধর্মীয় ট্রাস্ট ও প্রতিষ্ঠান

(Charitable or Religious Trusts and Institutions)

আয়কর আইনের 2 (15) 11, 12, 13 160—165 ও 236A ধারার বিধানগুলি দাতব্য ও ধর্মীয় ট্রাস্টের ক্ষেত্রে প্রযোজ্য।

কোন নির্দিষ্ট ব্যক্তি বা ব্যক্তিগণের হিতার্থে কোন ব্যক্তি যদি তাহার সম্পত্তি অপর কোন তৃতীয় ব্যক্তির নিকট হস্তান্তরিত করে, তবে উহাকে **অছিয়ত** বা **ট্রাস্ট (Trust)** বলা হয়। যিনি এরূপ সম্পত্তি হস্তান্তরিত করেন, তাঁহাকে **ট্রাস্টের প্রণেতা (Author of Trust)** এবং যাহার নিকট এইরূপ সম্পত্তি হস্তান্তরিত করা হয় তাহাকে **অছি** বা **ট্রাস্টী (Trustee)** বলা হয়। যে ব্যক্তি বা ব্যক্তিগণের মঙ্গলার্থ ট্রাস্টের সৃষ্টি করা হয়, তাহাকে বা তাহাদিগকে **সুবিধাভোগী (Beneficiaries)** বলা হয়। ট্রাস্টী যে সম্পত্তির অধিকারী হয়, সে উহা সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিগণের মঙ্গলার্থে প্রয়োগ করিতে আইনত বাধ্য থাকে। মুসলিম ওয়াকফ্ (Muslim Wakf), হিন্দু যৌতুক (Hindu Endowment) হিন্দু দেবোত্তর প্রভৃতি হইল ট্রাস্টের উদাহরণ।

দরিদ্রের সাহায্য, শিক্ষার উন্নতি চিকিৎসার সহায়তা এবং জনকল্যাণমূলক যে কোন অগ্রগতি—এই সকল উদ্দেশ্য হইল দাতব্য উদ্দেশ্যের (Charitable Purpose) অন্তর্গত, তবে কার্যাবলী অবশ্যই মুনাফার উদ্দেশ্যবিহীন হইতে হইবে [2(15) ধারা]। ধর্মের পৃষ্ঠপোষকতা ও প্রচারের উদ্দেশ্যকে ধর্মীয় উদ্দেশ্য (Religious purpose) বলা হয়।

যে সকল ট্রাস্টের কার্যের দ্বারা জনসাধারণ বা কোন সম্প্রদায় উপকৃত হয়, উহাকে সাধারণের ট্রাস্ট (Public Trust) এবং যে সকল ট্রাস্টের কার্যের দ্বারা কোন বিশেষ ব্যক্তি বা ব্যক্তিগণ উপকৃত হয়, উহাকে স্বকীয় ট্রাস্ট (Private Trust) বলা হয়।

দাতব্য ট্রাস্টগুলি সর্বদা সাধারণের জন্য (Public) এবং ধর্মীয় ট্রাস্টগুলি সাধারণের (Public) জন্য বা স্বকীয় (Private) উদ্দেশ্যে স্থাপিত হইতে পারে। স্বকীয় উদ্দেশ্যে স্থাপিত ট্রাস্টগুলি করমুক্তি দাবি করিতে পারে না।

নিম্নলিখিত শর্তগুলি পূরণ করিতে পারিলে দাতব্য বা ধর্মীয় উদ্দেশ্যে অধিকৃত সম্পত্তির (ব্যবসায়ও ইহার অন্তর্গত) আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না

(1) ট্রাস্ট বা অনুরূপ আইনগত দায় সম্পাদন করিবার উদ্দেশ্যে যে সম্পত্তির অধিকার পাওয়া গিয়াছে, সংশ্লিষ্ট আয় উহা হইতে প্রাপ্ত হইতে হইবে।

এই বিধান হইতে ইহা সুস্পষ্ট যে, কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক বা কোন আইনজীবী এ্যাডভোকেট্ যদি তাঁহার নিজস্ব আয় কোন দাতব্য বা ধর্মীয় উদ্দেশ্যে উৎসর্গ করিয়া থাকেন তাহা হইলে তিনি উৎসর্গীকৃত বেতনের জন্য করমুক্তি দাবি করিতে পাবেন না।

(2) যে উদ্দেশ্যে ট্রাস্টের সৃষ্টি, ট্রাস্টের আয় সেই নির্দিষ্ট উদ্দেশ্যেই ব্যয় করিতে হইবে।

(3) ট্রাস্ট সম্পর্কিত সম্পত্তির আয় যে বৎসর অর্জিত হয়, সেই বৎসরই ঐ আয়ের অধিকাংশ ব্যয় করিতে হইবে। পরবর্তী বৎসর বা বৎসরগুলিতে ব্যয় করিবার জন্য বার্ষিক আয়ের কিছু অংশ সঞ্চয় করিয়া রাখা যাইতে পারে, কিন্তু বার্ষিক আয়ের 25% বা 10,000 টাকার মধ্যে যেটি উচ্চতর উহা অপেক্ষা বার্ষিক সঞ্চয় অধিক হইতে পারিবে না [11 ধারা[1]]। যদি আইন নির্ধারিত অঙ্ক অপেক্ষা বার্ষিক সঞ্চয় অধিক হয়, তবে অব্যয়িত অতিরিক্ত অংশের উপর কর ধার্য হইবে উক্ত আইনের ব্যতিক্রমও করা যাইতে পারে, কিন্তু সেক্ষেত্রে যে উদ্দেশ্যে এবং যে কালের জন্য আয় সঞ্চয় করা হইয়াছে, নির্দিষ্ট ফরমে তাহা বিজ্ঞাপিত করিয়া আয়কর কর্তৃপক্ষকে লিখিত নোটিশ প্রেরণ করিতে হইবে। কিন্তু 10 বৎসরের (আয়ের বৎসর সমেত) অধিককাল এইরূপ আয় সঞ্চয় করিয়া রাখা চলিবে না। সঞ্চিত অর্থ কেন্দ্রীয় সরকারের লগ্নিপত্রে বা উহার অনুমোদিত লগ্নিপত্রে বিনিয়োগ করিতে হইবে।

1 '(1) Subject to the provisions of Section 60 to 63 the following income shall not be included in the total income of the previous year of the person in receipt of the income—

(a) income derived from property held under trust wholly for charitable or religious purposes, to the extent to which such income as applied to such purposes in India, and where any such income is accumulated for application to such purposes in India to the extent to which the income so accumulated is not in excess of twenty-five per cent of the income from the property or rupees ten thousand, whichever is higher

(b) income derived from property held under trust having been created before the commencement of this Act, to the extent to which such income is applied, to such purposes in India, and where any such income is finally set apart to which the income so set apart is not in excess of twenty five per cent of the income from the property held under trust in part."—Sec. 11.

II মোট আয়ের অন্তর্ভুক্ত কিন্তু করমুক্ত আয় (Incomes included in the total income but exempted from income-tax)—ব্যক্তির এমন কতকগুলি আয় আছে, যেগুলি মোট আয়ের অন্তর্ভুক্ত হইলেও উহারা করমুক্ত বলিয়া বিবেচিত হয়। আয়করের গড় হার নিরূপণ করিবার উদ্দেশ্যে উহাদিগকে মোট আয়ের সহিত যুক্ত করা হয় বটে, কিন্তু প্রদেয় আয়কর হইতে উহাদের জন্য একটা রেয়াত (Rebate) বাদ দেওয়া হয়।

নিম্নলিখিত আয়গুলি এইজাতীয় আয়ের উদাহরণ

(1) যদি কোন অনিবন্ধিত অংশীদারী কারবারের কোন অংশীদারের মোট আয়ের উপর আয়কর উক্ত অংশীদারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় হয়, তাহা হইলে উক্ত অংশীদারী কারবারের ঐ অংশীদারের প্রাপ্য লাভের অংশ।

(2) ব্যক্তিবর্গের অন্যান্য সমিতি উহার মোট আয়ের উপর ইতিপূর্বে কর প্রদান করিয়া থাকিলে উক্ত সমিতির কোন সভ্য কর্তৃক প্রাপ্ত মুনাফার অংশ।

(8) আয়কর আইনের 86 (IV) ধারা অনুসারে যদি কোন নিবন্ধিত অংশীদারী প্রতিষ্ঠান উহার আয়ের উপর আয়কর প্রদান করিয়া থাকে তাহা হইলে উক্ত অংশীদারের মোট আয়ের উপর আয়করের গড় হার ও সংশ্লিষ্ট অংশীদারী প্রতিষ্ঠানের মোট আয়ের উপর প্রযোজ্য আয় করের গড় হারের অন্তরের ভিত্তিতে আয়কর উক্ত অংশীদারের নিজস্ব করনির্ধারণের সময় বাদ যাইবে।

(4) আয়কর আইনের 86A-ধারা অনুসারে, কেন্দ্রীয় সরকার বা রাজ্য-সরকার কর্তৃক বিলিকৃত কয়েকপ্রকার লগ্নিপত্রের উপর সুদ বাবদ যে আয় হয়, উহা মোট আয়ের গড় হার বা 27 5%-এর মধ্যে যেটি নিম্নতর ঐ ভিত্তিতে রেয়াত (Rebate) পাইবার অধিকারী।

প্রশ্নাবলী

1 What do you mean by 'Exempted Income in income tax ?
[আয়করে 'করমুক্ত আয়' বলিতে কি বুঝায় ?]

উ —'করমুক্ত আয়' (57 পৃ) দেখ।

2 What are the different kinds of incomes that are not included in the total income ?

[যে সকল আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না, সেইগুলি কি কি ?]

উ—'যে আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না এবং উহার উপর আয়কর প্রদান করা হয় না' (57—70 পৃ) লিখ।

8 What are the incomes which do not form a part of the total income ?
[কি কি আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না ?]

উঃ—'যে আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না এবং উহার উপর আয়কর প্রদান করা হয় না' (57—70 পৃঃ) লিখ।

4 What do you mean by Casual Income ?
['আকস্মিক আয়' বলিতে কি বুঝায় ?]

উঃ—'আকস্মিক ও অনাবর্তক আয়' (57 পৃ) লিখ।

5 Mention at least six different kinds of income which are not included incomputing the total income of a person
[C U Three Year Degree Course, B Com 1966]

[ব্যক্তির মোট আয় নিরূপণ করিবার সময় উহার অন্তর্ভুক্ত করা যায় না, এইরূপ অন্তত ছয়টি বিভিন্ন প্রকারের আয়ের নামোল্লেখ কর।]

উ —'যে আয় মোট আয়ের অন্তর্ভুক্ত করা হয় না এবং উহার উপর আয়কর প্রদান করা হয় না' (57—70 পৃ) হইতে যে কোন ছয়টি লিখ।

6 Which of the following incomes are to be included in the total income of an assessee who is a citizen of India ?

(i) The value of any travel concession or assistance received by an assessee from his employer

(ii) Motor car allowance received by an employee to meet the expenses of a motor car which he maintains for his office work ,

(iii) Income arising by way of allowance when the assessee is in Government service outside India
[C U Three Year Degree Course, B Com 1965]

[নিম্নলিখিত আয়গুলির মধ্যে কোন্ কোনটি ভারতীয় নাগরিক কোন ব্যক্তির মোট আয়ের অন্তর্ভুক্ত হবে ?]

(i) কোন করদাতা কর্তৃক নিয়োগকর্তার নিকট হইতে প্রাপ্ত ভ্রমণ কনসেশন বা সাহায্যের অর্থমূল্য ;

(ii) অফিসে যাতায়াত করার উদ্দেশ্যে ব্যবহৃত মোটর গাড়ীর ব্যয় নির্বাহ করার জন্য কোন কর্মচারী কর্তৃক প্রাপ্ত মোটর গাড়ী ভাতা

(iii) ভারতের বাহিরে সরকারী কার্যে কর্মরত কোন করদাতাকে প্রদেয় ভাতা বাবদ আয়।]

উ — পথ খরচ (61 পৃ) ; 'কর্তব্য সম্পাদনে অপরিহার্য বিশেষ ভাতা' (67 পৃ) এবং ভারতের বাহিরে কর্মরত ভারতীয় নাগরিকের ভাতা বা বেতন পূরক (63 পৃ) লিখ।

7 State the provisions of the Income tax Act, 1961, with regard to the 'Income from property, held under trust for charitable or religious purposes

[ট্রাস্টের অধিকারস্থ দাতব্য ও ধর্মীয় উদ্দেশ্যে রক্ষিত সম্পত্তি হইতে আয় সম্পর্কে 1961 সালের আয়কর আইনের বিধানগুলি উল্লেখ কর।]

উ — দাতব্য বা ধর্মীয় ট্রাস্ট ও প্রতিষ্ঠানের আয় (70 পৃ) লিখ।

8 Write short notes on (a) Income of trust or institutions (b) Donations and subscriptions received by political parties

[সংক্ষিপ্ত টীকা লিখ (ক) স্বেচ্ছামূলক চাঁদা হইতে কোন ট্রাস্ট বা প্রতিষ্ঠানের আয় ; (খ) রাজনৈতিক দল কর্তৃক প্রাপ্ত দান ও চাঁদা।]

উ —'স্বেচ্ছামূলক দান' (73 পৃ) ও 'রাজনৈতিক দল কর্তৃক প্রাপ্ত দান বা চাঁদা' (73 পৃ) লিখ।

9 What are the incomes which are included in the total income but are exempt from income-tax at the average rate of tax applicable to the total income ?

[কি কি আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হইলেও উহাদের উপর মোট আয়ের গড় হারের ভিত্তিতে আয়কর রেহাই দেওয়া হয় ?]

উ:—'মোট আয়ের অন্তর্ভুক্ত কিন্তু করমুক্ত আয় (74 পৃ) লিখ।

পঞ্চম অধ্যায়

আয় নিরূপণকালে রেয়াত

(Deductions to be made in computing Income)

ব্যক্তির মোট আয় নিরূপণ করিবার সময় 'গ্রস্ মোট আয়' (Gross Total Income) হইতে নিম্নলিখিত বিষয়গুলি রেয়াত (Deductions) বাবদ বাদ যাইবে। 'গ্রস্ মোট আয়' বলিতে বুঝায় নিম্নলিখিত বিষয়গুলি অথবা 280-O ধারায় বর্ণিত 'বার্ষিক-কিস্তি আমানত' (Annuity Deposit) বাদ দেওয়ার পূর্বের আয়। কিন্তু 64 ধারায় বর্ণিত আয়গুলি [অর্থাৎ করদাতার পত্নী/স্বামী (Spouse) বা নাবালক সন্তান প্রভৃতির আয়] উক্ত 'গ্রস্ মোট আয়ের' অন্তর্ভুক্ত হইবে না।

কোন অবস্থাতেই মোট রেয়াতের অঙ্ক 'গ্রস্ মোট আয়ের অঙ্ক অপেক্ষা উচ্চতর হইতে পারিবে না।

কয়েক প্রকারের ব্যয় বাবদ রেয়াত

(Deductions in respect of certain Expenditures)

(1) **জীবন বীমার প্রিমিয়াম, প্রভিডেণ্ট ফণ্ডের চাঁদা প্রভৃতি বাবদ রেয়াত (Deductions in respect of life insurance premium, Contribution to Provident Fund etc)**• আয়কর আইনের 80C-ধারায় [1] বলা হইয়াছে যে কোন করদাতার আয়ের সমষ্টি হইতে তাহার নিম্নলিখিত ব্যয়গুলির প্রথম 5,000 টাকার 60% এবং তৎপরবর্তী জেরের 50% বাদ যাইবে

(ক) (i) কোন একক-জন তাহার করযোগ্য আয় হইতে পূর্ববর্তী-বৎসরে তাহার নিজের বা স্ত্রীর অথবা স্ত্রী তাহার স্বামীর [অথবা করদাতার কোন সন্তানের[2]] জীবনবীমার উপর যে প্রিমিয়াম প্রদান করে, উহার,

(ii) কোন একক-জন তাহার করযোগ্য আয় হইতে পূর্ববর্তী বৎসরে তাহার নিজের বা স্ত্রীর অথবা স্ত্রী তাহার স্বামীর জীবনের উপর 'বিলম্বিত বার্ষিক বৃত্তি বীমার' (Deferred Annuity) জন্য যে চাঁদা প্রদান করে, উহার, (যদি সংশ্লিষ্ট চুক্তিতে শর্ত থাকে যে, বীমাপত্র গ্রহীতা বার্ষিক বৃত্তির পরিবর্তে এককালীন নগদ অর্থ গ্রহণ করিবেন তাহা হইলেও এই নিয়মের ব্যতিক্রম হইবে না),

1 "In computing the total income of an assessee there shall be deducted, in accordance with and subject to the provisions of this section an amount equal to sixty per cent of the first five thousand rupees of the aggregate of the sums specified in sub-section (2) and fifty per cent of the balance if any of such aggregate'—*Sec 80C*

2. তৃতীয় বন্ধনীর অন্তর্গত অংশ 1969 সালের ফাইনান্স অ্যাক্টের দ্বারা সংযুক্ত করা হইয়াছে, ইহা 1970 সালের 1লা এপ্রিল হইতে বলবৎ হইবে।

(iii) বিধিবদ্ধ প্রভিডেন্ট ফণ্ডে (Statutory Provident Fund) যে চাঁদা প্রদান করা হয়, উহার,

(iv) কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রতিষ্ঠিত এবং সরকারী গেজেটে বিজ্ঞাপিত কোন প্রভিডেন্ট ফণ্ডে যে চাঁদা প্রদান করা হয় উহার।

(খ) কোন অবিভক্ত হিন্দু পরিবার উহার করযোগ্য আয় হইতে পূর্ববর্তী-বৎসরে পরিবারের কোন সভ্যের জীবনবীমার জন্য যে প্রিমিয়াম প্রদান করে, উহার। [1969 সালের ফাইনান্স অ্যাক্ট অনুসারে।]

(গ) কোন করদাতা একক-জনের নাবালক সন্তান এবং অবিভক্ত-হিন্দুপরিবারের নাবালক সভ্য যেন সাবালকত্ব প্রাপ্ত হইয়া নিজের বীমাপত্র গ্রহণ করিতে সক্ষম হয়, এতদুদ্দেশ্যে গৃহীত বীমাপত্রের উপর যে প্রিমিয়াম প্রদান করা হয়, উহার।

(ঘ) কোন সরকারী কর্মচারীর নিজের জন্য কোন 'বিলম্বিত বার্ষিক কিস্তি' (Deferred Annuity) অথবা তাহার স্ত্রীর বা সন্তানগণের উদ্দেশ্যে ভবিষ্যৎ-ব্যবস্থার সংস্থান করিবার জন্য উক্ত কর্মচারীর বেতন হইতে পূর্ববর্তী-বৎসরে যে অর্থ (সর্বোচ্চ অঙ্ক বেতনের এক-পঞ্চমাংশ) কাটিয়া রাখা হয়, উহার।

(ঙ) কোন কর্মচারী তাহার নিজের চাঁদা বাবদ কোন অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে যে অর্থ প্রদান করিয়া থাকে (বেতনের এক পঞ্চমাংশ বা 8 000 টাকার মধ্যে যেটি নিম্নতর উহাই সর্বোচ্চ অঙ্ক হইবে) উহার। [অর্থাৎ (i) প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা, (ii) কর্মচারীর বেতনের এক পঞ্চমাংশ ও (iii) 8,000 টাকার মধ্যে যেটি সর্বনিম্ন, উহার জন্য 80C-ধারা অনুসারে রেয়াত দাবি করা যায়।]

(চ) কোন কর্মচারী তাহার নিজের চাঁদা বাবদ কোন অনুমোদিত 'বার্ধক্য বৃত্তি ফণ্ডে' (Superannuation Fund) যে অর্থ প্রদান করে উহার।

(ছ) কোন একক জন তাহার করযোগ্য আয় হইতে পূর্ববর্তী বৎসরে 1959 সালের 'পোস্ট অফিস সেভিংস্ ব্যাঙ্ক (সঞ্চয়ী মেয়াদী আমানতী) নিয়মাবলী'[1] অনুসারে পোস্ট অফিসে কোন দশ বা পনর বৎসরের আমানতী হিসাবে (Deposit Account) কোন অর্থ জমা দিয়া থাকিলে, উহার।

নিম্নলিখিত বিষয়গুলিও এখানে উল্লেখযোগ্য

(i) একক জন বা অবিভক্ত হিন্দু পরিবার কর্তৃক গৃহীত জীবন-বীমাপত্রের ক্ষেত্রে, উক্ত বীমাপত্রের উপর প্রদেয় বার্ষিক প্রিমিয়ামের অঙ্ক বীমাপত্রের লিখিত মূল্যের 10% এর অধিক হইতে পারিবে না।

(ii) গ্রন্থকার নাট্যকার, চিত্রকর, গায়ক বা অভিনেতা এইরূপ একক জনের ক্ষেত্রে তাহার গ্রস্ মোট আয়ের যে শতকরা হার অথবা যে অঙ্ক আয়কর বিভাগ বাদযোগ্য বলিয়া নির্দেশ দিবে উহার অধিক হইতে পারিবে না। [1969 সালের ফাইনান্স অ্যাক্ট অনুসারে।]

1 Post Office Savings Bank (Cumulative Time Deposit) Rules, 1959.

(iii) অন্যান্য একক-জনের ক্ষেত্রে, তাহাদের 'গ্রস্ মোট আয়ের' 30% বা 15 000 টাকার মধ্যে যেটি নিম্নতর রেয়াত বাবদ দাবিযোগ্য অঙ্ক উহা অপেক্ষা অধিক হইতে পারিবে না।

[অর্থাৎ (ক) আইন-গ্রাহ্য মোট সঞ্চয়, (খ) গ্রস্ মোট আয়ের 30% ও (গ) 15,000 টাকার মধ্যে যেটি সর্বনিম্ন উহাই রেয়াত বাবদ দাবিযোগ্য অঙ্ক (Qualifying Amount) বলিয়া গণ্য হইবে।]

(iv) অবিভক্ত হিন্দু পরিবারের ক্ষেত্রে, উহার 'গ্রস্ মোট আয়ের' 30% বা 30,000 টাকার মধ্যে যেটি নিম্নতর রেয়াত বাবদ দাবিযোগ্য অঙ্ক উহা অপেক্ষা অধিক হইতে পারিবে না। [অর্থাৎ (ক) আইন-গ্রাহ্য মোট সঞ্চয়, (খ) গ্রস্ মোট আয়ের 30% ও (গ) 30,000 টাকার মধ্যে যেটি সর্বনিম্ন উহাই রেয়াত বাবদ দাবিযোগ্য অঙ্ক (Qualifyig Amount) বলিয়া গণ্য হইবে।]

করদাতার বিভিন্ন খাতে আয়ের অঙ্ক হইতে উপরোক্ত রেয়াতের অঙ্ককে নিম্নলিখিতভাবে বাদ দিয়া দেখাইতে হইবে

রেয়াতের অঙ্কবে প্রথমে বেতন খাতে আয়ের অঙ্ক হইতে বাদ দিয়া দেখাইতে হইবে। ইহার পরে যদি রেয়াতের অঙ্কের কিছু অবশিষ্ট থাকে, তবে ঐ অবশিষ্টকে অন্যান্য শ্রম আয় (Earned income) যথা, ব্যবসায় বা পেশাগত আয় হইতে বাদ দিয়া দেখাইতে হইবে। তৎপরেও যদি রেয়াতের অঙ্কের কিছু অবশিষ্ট থাকে, তবে ঐ অবশিষ্টকে বিনাশ্রম আয় (Unearned income) যথা গৃহ সম্পত্তি হইতে আয় হইতে বাদ দিয়া দেখাইতে হইবে।

Problem 35 • Sridhar is employed at a monthly salary of Rs 3 000 He contributed 10% of his salary to a recognised Provident Fund During 1968-69 he paid Rs 6 000 as Life Insurance premium on his own life and deposited Rs 3,000 in a 15 year Post Office Savings Bank (C T D[1]) account State the amount of deduction or rebate to which he would be entitled under Section 80C for the assessment year 1969-70

[শ্রীধর মাসিক 3 000 টাকা বেতনে চাকুরী করে। সে বেতনের 10% অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে চাঁদা প্রদান করে। 1968 69 সালে সে নিজের জীবনবীমার জন্য 6 000 টাকা প্রিমিয়াম প্রদান করিল এবং পোস্ট অফিস সেভিংস্ ব্যাঙ্ক (সি টি ডি) হিসাবে 3 000 টাকা জমা দিল। 80C ধারা অনুসারে 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য তাহার দাবিযোগ্য বাদ বা ছাড়ের অঙ্ক কত তাহা উল্লেখ কর।]

Solution প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম ও পোস্ট অফিস সেভিংস্ ব্যাঙ্ক (সি টি ডি) হিসাবে জমা বাবদ 80C-ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) 10800 টাকা। ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

	টাকা
(ক) আইন-গ্রাহ্য সঞ্চয়	
(i) প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা (36 000 টাকার 10%)	3,600
(ii) জীবনবীমার প্রিমিয়াম	6,000
(iii) পোস্ট অফিস সেভিংস্ ব্যাঙ্ক (সি টি ডি) হিসাবে জমা	3 000
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	12,600

[1] C T. D অর্থাৎ Cumulative Time Deposit (সঞ্চয়ী মেয়াদী আমানত।)

(খ) গ্রস্ মোট আয়ের অর্থাৎ বেতন 3,000 টাকা × 12 অর্থাৎ 36,000 টাকার 30%— 10,800 টাকা।

(গ) আইনোক্ত সর্বোচ্চ সীমা 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ) নম্বরের নির্ণীত অঙ্ক তিনটির মধ্যে (খ)-নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া উহাই অর্থাৎ 10 800 টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount[1]) বলিয়া গণ্য হইবে।

সুতরাং, শ্রীধরের 'গ্রস্ মোট আয়' হইতে নিম্নলিখিত অঙ্ক রেয়াত বাদ যাইবে

দাবিযোগ্য বাদের অঙ্ক 10,800 টাকা, ইহার —		টাকা
প্রথম 5,000 টাকার 60%		3,000
অবশিষ্ট 5,800 টাকার 50%		2 904
মোট 10,800 টাকা	রেয়াতের অঙ্ক	5,900

Problem 36 Mr Roy, an individual declares his following incomes for the assessment year 1969 70

	Rs	
Salaries (Net amount received in hand)	21,000	(Tax deducted at source, Rs 3 000)
Income from Business	9 000	
Dividends (gross)	4,000	
Total	34,000	

During the previous year ended 31st March 1969, the following payments were made by Mr Roy

	Rs
(i) Contribution to a recognised Provident Fund	2,400
(ii) Life insurance premium	
on Own life (Sum assured Rs 50,000)	3,000
on Wife's life (Sum assured Rs 35,000)	5,000
(iii) Time Deposit under the Post office scheme	1,000

You are to ascertain the amount of relief which Mr Roy will get on account of contribution to Provident Fund life insurance premium etc, for the assessment year 1969-70

[1969 70 করনির্ধারণ বৎসরের জন্য মি রায় নামে কোন একজন তাঁহার নিম্নলিখিত আয়গুলি ঘোষণা করিলেন

[1] পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : আয়কর কর্তৃপক্ষের অনুমোদিত ফণ্ডে বা প্রতিষ্ঠানে পূর্ববর্তী-বৎসরে আয়করদাতা নিজের সঞ্চয় যে অংশ জমা দেয় [যথা, প্রভিডেন্ট ফণ্ডে আয়করদাতার নিজের জীবনবীমার প্রিমিয়াম, বার্ষক্যবৃত্তি ফণ্ডের চাঁদা, 1959 সালের পোস্ট অফিস সেভিংস্ ব্যাঙ্ক (সঞ্চয় মেয়াদী আমানত) নিয়মাবলীর (Post Office Savings Bank—Cumulativa Time Deposits—Rules 1959) অন্তর্গত কোন হিসাবে প্রদত্ত জমা প্রভৃতি], উহার জন্য উক্ত করদাতা তাহার করযোগ্য আয় হইতে মোট যে অঙ্ক আইনতঃ বাদ বা রেয়াত দাবি করিতে পারে, উহাকে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) বলা হয়।

	টাকা
বেতন : (হাতে প্রাপ্ত নীট অঙ্ক)	21,000 (উৎস স্থানে কর বাবদ বাদ 3,000 টাকা)
ব্যবসায় হইতে আয়	9,000
ডিভিডেণ্ড (গ্রস্)	4,000
মোট	34,000

1969 সালের 31শে মার্চ তারিখে যে পূর্ববর্তী বৎসর শেষ হইয়াছে ঐ সময়ে মি রায় নিম্নলিখিত অর্থ প্রদান করিলেন

	টাকা
(i) অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ডে চাঁদা	2,400
(ii) জীবন বীমার প্রিমিয়াম	
নিজের জীবনের উপর (বীমাকৃত মূল্য 50,000 টাকা)	3 000
স্ত্রীর জীবনের উপর (বীমাকৃত মূল্য 35 000 টাকা)	5,000
(iii) পোস্ট অফিস পরিকল্পনার অন্তর্গত	
মেয়াদী আমানত	1,000

প্রভিডেণ্ট ফণ্ডের চাঁদা ও বীমার প্রিমিয়াম বাবদ মি রায় 1969 70 করনির্ধারণ বৎসরে কত টাকা রেয়াত পাইবেন তাহা নিরূপণ করিতে হইবে ।]

Solution : নিম্নলিখিতভাবে 80C-ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) নিরূপণ করিতে হইবে

(ক) আইন-গ্রাহ্য সঞ্চয়

	টাকা
(i) প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা	2,400
(ii) জীবনবীমার প্রিমিয়াম	
নিজের জীবনের উপর	3,000
স্ত্রীর জীবনের উপর (প্রিমিয়ামের সর্বোচ্চ সীমা— 35,000 টাকার 10%)	3,500
(iii) পোস্ট অফিসের পরিকল্পনার অন্তর্গত মেয়াদী আমানত	1,000
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	9,900

(খ) গ্রস্ মোট আয় :

	টাকা	টাকা
নীট বেতন	21,000	
যোগ : উৎস-স্থানে কর্তিত কর	3,000	
		24,000
ব্যবসায় হইতে আয়		9,000
ডিভিডেণ্ড (গ্রস্)		4,000
গ্রস্ মোট আয়		37,000

সুতরাং, গ্রস্ মোট আয়ের অর্থাৎ 37,000 টাকার 30%	11 100
(গ) আইনের সর্বোচ্চ সীমা	15,000

উপরোক্ত (ক), (খ) ও (গ)-নম্বরের অঙ্ক তিনটির মধ্যে (ক) নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া উহাই অর্থাৎ 9,900 টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) বলিয়া গণ্য হইবে।

সুতরাং মিঃ রায়ের 'গ্রস্ মোট আয় হইতে নিম্নলিখিত অঙ্ক রেয়াত-বাদ যাইবে

দাবিযোগ্য বাদের অঙ্ক 9,900 টাকা, ইহার —		টাকা
প্রথম 5,000 টাকার 60%		3,000
অবশিষ্ট 4,900 টাকার 50%		2,450
মোট 9,900 টাকা	রেয়াতের অঙ্ক	5,450

Problem 37 Mr Sen, an individual declares his following incomes for the assessment year 1969-70

	Rs
Income from house property	32,000
Income from business	48,000
Divdends	22,000
Gross Total Income	1,02,000

During the previous year ended 31st March, 1969, the following payments were made by Mr Sen

	Rs
(i) Insurance premium on own life (sum assured Rs 1,30,000)	16,000
(ii) Time Deposit under Post Office scheme	11,000
	27 000

You are to ascertain the amount of relief which Mr Sen will get on account of life insurance premium etc for the assessment year 1969-70

[1969 70 করনির্ধারণ বৎসরের জন্য মি সেন নামে কোন একক জন তাহার নিম্নলিখিত আয়গুলি ঘোষণা করিলেন

	টাকা
গৃহসম্পত্তি হইতে আয়	32 000
ব্যবসায় হইতে আয়	48 000
ডিভিডেণ্ড	22,000
গ্রস্ মোট আয়	1,02,000

1969 সালের 31শে মার্চ তারিখে যে পূর্ববর্তী বৎসর শেষ হইয়াছে, সেই সময় মি সেন নিম্নলিখিত অর্থ ব্যয় করিয়াছিলেন

	টাকা
(i) নিজের জীবনের উপর বীমার প্রিমিয়াম (বীমাকৃত অঙ্ক 1,30,000 টাকা)	16,000
(ii) পোস্ট অফিস পরিকল্পনার অন্তর্গত মেয়াদী আমানত	11,000
	27,000

তাহা নিরূপণ করিতে হইবে।]

Solution নিম্নলিখিতভাবে 80C-ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) নিরূপণ করিতে হইবে

	টাকা
(ক) আইন-গ্রাহ্য-সঞ্চয়	
(i) জীবনবীমার প্রিমিয়াম (প্রিমিয়ামের সর্বোচ্চ সীমা—1,30,000 টাকার 10%)	13,000
(ii) পোস্ট অফিস পরিকল্পনার অন্তর্গত মেয়াদী আমানত	11,000
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	24,000
(খ) গ্রস্ মোট আয়ের অর্থাৎ 1,02 000 টাকার 30%	30,600
(গ) আইনোক্ত সর্বোচ্চ সীমা	15,000

উপরোক্ত (ক), (খ) ও (গ)-নম্বরের অঙ্ক তিনটি মধ্যে (গ)-নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া উহাই অর্থাৎ 15,000 টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) বলিয়া গণ্য হইবে।

সুতরাং, মিঃ সেনের 'গ্রস্ মোট আয়' হইতে নিম্নলিখিত অঙ্ক রেয়াত বাদ যাইবে

দাবিযোগ্য বাদের অঙ্ক 15,000 টাকা, ইহার —			টাকা
প্রথম	5,000 টাকার	60%	3,000
পরবর্তী	10,000 টাকার	50%	5,000
মোট	15,000 টাকা	রেয়াতের অঙ্ক	8,000

করদাতার আয়ের অঙ্ক হইতে উপরোক্ত রেয়াতের অঙ্ককে নিম্নলিখিত ভাবে বাদ দিয়া দেখাইতে হইবে

	টাকা	টাকা
গৃহসম্পত্তি হইতে আয়		32,000
ব্যবসায় হইতে আয়	48,000	
বাদ : 80C-ধারা অনুসারে রেয়াত	8,000	40,000
অন্যান্য উৎস হইতে আয় • ডিভিডেণ্ড		22,000
মোট আয়		94,000

Problem 38 · The following are the incomes of a Hindu undivided family for the assessment year 1969-70

	Rs
Business Profits	5,000
Incomes from house properties	48,000
Dividends (Gross)	57,000
Gross Total Income	1,10,000

It paid the following amounts during the previous year 1968-69

	Rs
(i) Life Insurance Premium	
On *Karta's* life (Sum assured Rs 1,00,000	10,000
„ member X's life (Sum assured Rs 1,00,000)	10,000
„ X's wife's life („ „ Rs 75,000)	10,000
(ii) Time Deposit in Post Office	10,000
	40,000

You are to ascertain the relief which the said Hindu undivided family is entitled to under section 80C of the Income-tax Act, 1961 for the assessment year 1969-70

[1969 70 করনির্ধারণ-বৎসরের জন্য কোন অবিভক্ত-হিন্দুপরিবারের আয়গুলি নিম্নরূপ ছিল

	টাকা
ব্যবসায়ের মুনাফা	5,000
গৃহসম্পত্তি হইতে আয়	48,000
ডিভিডেণ্ড (গ্রস্)	57,000
গ্রস্ মোট আয়	1,10 000

1968-69 পূর্ববর্তী বৎসরে ইহা নিম্নলিখিত অর্থগুলি ব্যয় করিয়াছিল

	টাকা
(i) জীবনবীমার প্রিমিয়াম	
কর্তার জীবনের উপর (বীমাকৃত অঙ্ক 1,00 000 টাকা)	10,000
X নামক কোন সভ্যের জীবনের উপর (বীমাকৃত অঙ্ক 1,00,000 টাকা)	10,000
X এর স্ত্রীর জীবনের উপর (বীমাকৃত অঙ্ক 75 000 টাকা)	10,000
(ii) মেয়াদী আমানত (পোস্ট অফিসে)	10,000
	40,000

1961 সালের আয়কর আইনের 80C ধারা অনুসারে উক্ত অবিভক্ত হিন্দুপরিবার 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য যে রেয়াত পাইবার অধিকারী তাহা নিরূপণ কর ।]

Solution নিম্নলিখিতভাবে 80C-ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) নিরূপণ করিতে হইবে :

	টাকা
(ক) আইনগ্রাহ্য সঞ্চয় :	
(i) জীবনবীমার প্রিমিয়াম	
কর্তার জীবনের উপর	10,000
X এর জীবনের উপর	10,000
X-এর স্ত্রীর জীবনের উপর	
(প্রিমিয়ামের সর্বোচ্চ সীমা—75,000 টাকার 10%)	7,500
আইনগ্রাহ্য মোট সঞ্চয় [1]	27,500
(খ) গ্রস্ মোট আয়ের অর্থাৎ 1,10,000 টাকার 30%	33,000
(গ) আইনোক্ত সর্বোচ্চ সীমা	30 000

উপরোক্ত (ক), (খ) ও (গ)-নম্বরের অঙ্ক তিনটির মধ্যে (ক)-নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া উহাই অর্থাৎ 27,500 টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) বলিয়া গণ্য হইবে।

সুতরাং, প্রশ্নোক্ত অবিভক্ত-হিন্দুপরিবারের 'গ্রস্ মোট আয়' হইতে নিম্নলিখিত অঙ্ক রেয়াত বাদ যাইবে

দাবিযোগ্য বাদের অঙ্ক 27,500 টাকা , ইহার —

				টাকা
প্রথম	5,000 টাকার	60%		3,000
অবশিষ্ট	22,500 টাকার	50%		11,250
মোট	27,500 টাকা		রেয়াতের অঙ্ক	14,250

উপরোক্ত রেয়াতের অঙ্ক 14,250 টাকা সর্বপ্রথমে ব্যবসায়ের মুনাফা 5,000 টাকা হইতে বাদ যাইবে ; ফলে ব্যবসায়ের মুনাফার অঙ্ক 'শূন্যে' পরিণত হইবে। অবশিষ্ট 9,250 টাকা (অর্থাৎ 14,250 টাকা − 5,000 টাকা) বিনাশ্রম আয় হইতে বাদ যাইবে—এখানে

1 প্রশ্নোক্ত করদাতা একক জন নহে বলিয়া মেয়াদী আমানত (Time Deposit) বাবদ কোন রেয়াত অধিকারী নহে ; সুতরাং, ইহা সঞ্চয়ের অন্তর্ভুক্ত করা হয় নাই।

'গৃহসম্পত্তি হইতে আয়' হইতে বাদ যাইবে। সুতরাং, সংশ্লিষ্ট করদাতার আয়ের মোট অঙ্ক নিম্নরূপ হইবে :

	টাকা	টাকা
ব্যবসায়ের মুনাফা	5,000	
বাদ : রেয়াত	5,000	শূন্য
গৃহসম্পত্তি হইতে আয়	48,000	
বাদ : রেয়াত	9,250	38,750
ডিভিডেণ্ড		57,000
	মোট আয়	95,750

(2) **বিকলাঙ্গ পোষ্যবর্গের চিকিৎসা-ব্যয় বাবদ রেয়াত (Deduction in respect of medical treatment etc of handicapped dependants) :** আয়কর আইনের 80D ধারায় বলা হইয়াছে যে, পূর্ববর্তী বৎসরে শারীরিক বা মানসিক বিকলাঙ্গ, নিঃসহায় ও অনন্যগতি কোন আত্মীয়ের চিকিৎসা ও শুশ্রূষার জন্য কোন একক জন বা অবিভক্ত-হিন্দুপরিবার যে অর্থ ব্যয় করিয়া থাকে রেয়াত বাবদ তাহা তাহাদের মোট আয় হইতে নিম্নলিখিতভাবে বাদ যাইবে

(i) যদি উক্ত বিকলাঙ্গ পোষ্য পূর্ববর্তী-বৎসরে কোন হাসপাতালে বা সেবাসদনে (Nursing home) 182 দিন বা ততোধিক দিনের জন্য চিকিৎসাধীন থাকে এবং যদি উক্ত হাসপাতালে বা সেবাসদনে তাহার চিকিৎসার ব্যয় আদায় করা হয় তাহা হইলে 2,400 টাকা, অন্যথা 600 টাকা।

(ii) যদি পূর্ববর্তী-বৎসরে করদাতা একাধিক বিকলাঙ্গ পোষ্যের জন্য এরূপভাবে অর্থ ব্যয় করিয়া থাকেন, তাহা হইলে করদাতার ইচ্ছানুসারে একজন মাত্র বিকলাঙ্গের জন্য এইরূপ রেয়াত-বাদের সুযোগ প্রদান করা হইবে।

(3) **অবসর-বৃত্তি প্রাপ্তির উদ্দেশ্যে প্রদত্ত অর্থের জন্য রেয়াত (Deduction in respect of payment for securing retirement annuities) :** আয়কর আইনের 80E-ধারায় বলা হইয়াছে যে, সনদপ্রাপ্ত হিসাবরক্ষকগণের (Chartered Accountants) স্থপতিগণের সলিসিটরগণের বা আইনজীবিগণের কোন রেজিস্টার্ড ফার্মের অংশীদার অবসর-বৃত্তি সংক্রান্ত কোন বার্ষিক-বৃত্তির চুক্তি অনুসারে বা কোন অনুমোদিত ফণ্ডে যে প্রিমিয়াম প্রদান করিয়া থাকেন উহার 5,000 টাকা বা আয়ের 10%-এর মধ্যে যেটি নিম্নতর উহা পর্যন্ত প্রসূ মোট আয় হইতে তিনি রেয়াত বাদ পাইবেন।

(4) **কোনকোন ক্ষেত্রে শিক্ষা-ব্যয় বাবদ রেয়াত (Deduction in respect of educational expenses in certain cases) :** আয়কর আইনের 80F ধারায় বলা হইয়াছে যে, ভারতের নাগরিক নহে এইরূপ কোন করদাতার 21 বৎসরের অনধিক বয়স্ক কোন

সন্তান বা সন্তানগণ ভারতের বাহিরে পাঠরত থাকিলে করদাতা তাহার উক্ত সন্তান বা সন্তান-গণের জন্য যে অর্থ ব্যয় করিয়া থাকেন, এক সন্তানের ক্ষেত্রে উহার 1,500 টাকা পর্যন্ত এবং দুই বা ততোধিক সন্তানের ক্ষেত্রে উহার 3,000 টাকা পর্যন্ত করদাতার মোট আয় হইতে রেয়াত-বাদ যাইবে।

(5) কোন কোন বিশেষ ফণ্ডে বা দাতব্য প্রতিষ্ঠানে দান বাবদ রেয়াত (Deduction in respect of donations to certain funds, charitable institutions, etc): আয়কর আইনের 80 G ধারায় বলা হইয়াছে যে, কোন করদাতা পূর্ববর্তী-বৎসরে নিম্নলিখিত ক্ষেত্রে দান করিয়া যে অর্থ ব্যয় করিয়া থাকেন, কোম্পানী করদাতার ক্ষেত্রে উহার 50% এবং অন্যান্য ক্ষেত্রে উহার 55% করদাতার মোট আয় হইতে রেয়াত বাবদ বাদ যাইবে

(i) কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রতিষ্ঠিত জাতীয় প্রতিরক্ষা ভাণ্ডার (National Defence Fund), বা

(ii) জহরলাল নেহরু স্মৃতি ভাণ্ডার (Jawaharlal Nehru Memorial Fund); বা

(iii) প্রধানমন্ত্রীর খরাত্রাণ ভাণ্ডার (Prime Minister's Drought Relief Fund); বা

(iv) সরকার বা কোন স্বায়ত্ত শাসন প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত দাতব্য ফণ্ড, বা

(v) ভারতে দাতব্য উদ্দেশ্যে প্রতিষ্ঠিত যে কোন ফণ্ড কিন্তু ইহা কতকগুলি শর্তসাপেক্ষ।

উপরোক্ত ক্ষেত্রগুলিতে চাঁদার পরিমাণ 2 লক্ষ টাকা বা 'গ্রস্ মোট আয়ের 10% এর মধ্যে যেটি নিম্নতর উহার অধিক হইতে পারিবে না। আবার, উপরোক্ত চাঁদাগুলির মোট অঙ্ক 250 টাকার নিম্নে হইলে উহার জন্য কোন রেয়াত বাদ দেওয়া হইবে না।[1]

কোন কোন আয় বাবদ রেয়াত
(Deductions in respect of certain incomes)

(1) উদ্বাস্তু নিয়োগকারী নূতন শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে রেয়াত (Deduction in case of new industrial undertakings employing displaced persons etc): আয়কর আইনের 80 H ধারায় বলা হইয়াছে যে, উদ্বাস্তু নিয়োগকারী কোন নূতন শিল্প প্রতিষ্ঠান হইতে করদাতা যদি তাহার আয় প্রাপ্ত হইয়া থাকেন, তাহা হইলে এইরূপ আয়ের 50% বা 1 লক্ষ টাকার মধ্যে যেটি নিম্নতর, উহা করদাতার মোট আয় নিরূপণ করিবার সময় রেয়াত বাবদ বাদ যাইবে। যে পূর্ববর্তী-বৎসরে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানটি পণ্য উৎপাদন শুরু করে ঐ বৎসর হইতে দশ বৎসর পর্যন্ত রেয়াত-বাদের উপরোক্ত সুবিধা লাভ করা যাইবে।

1 "No deduction shall be allowed under sub-section (1) if the aggregate of the sums referred to in sub-section (2) is less than two hundred and fifty rupees"—*Sec 80G (3)*

(2) অগ্রাধিকারপ্রাপ্ত শিল্প হইতে কোন কোন কোম্পানী কর্তৃক যে মুনাফা বা লাভ অর্জিত হইয়া থাকে, উহার ক্ষেত্রে রেয়াত (Deduction in respect of profits and gains from priority industries in case of certain companies) : আয়কর আইনের 80 I ধারায় বলা হইয়াছে যে, কোন দেশীয় কোম্পানী (Domestic Company) অগ্রাধিকারপ্রাপ্ত শিল্প হইতে যে মুনাফা অর্জন করে, উহার অঙ্ক যদি 50,000 টাকার অধিক না হয়, তাহা হইলে উহার আয়ের 8% কোম্পানীর গ্রস মোট আয় হইতে রেয়াত বাবদ বাদ যাইবে।

(3) নবপ্রতিষ্ঠিত কোন কোন শিল্পসংস্থার বা জাহাজের বা হোটেল ব্যবসায়ের মুনাফা ও লাভ বাবদ রেয়াত (Deduction in respect of profits and gains of newly established industrial undertakings or ships or hotel business in certain cases) আয়কর আইনের 80 J ধারায় বলা হইয়াছে যে, নব প্রতিষ্ঠিত কোন শিল্পসংস্থায় বা নূতন হোটেলে বা কোন জাহাজে যে মূলধন বিনিয়োগ করা হয় উহার 6% পর্যন্ত রেয়াত-বাদ যাইবে। যে তারিখে পণ্য উৎপাদন শুরু করা হয় অথবা হিম-ঘরের কলকব্জা (Cold storage plant) প্রথম চালু করা হয় বা জাহাজ প্রথম কাজে লাগানো হয় বা হোটেলের কাজ প্রথম শুরু হয় ঐ তারিখের অব্যবহিত পরবর্তী পাঁচ বৎসর পর্যন্ত উক্ত রেয়াত বাদ দেওয়া যাইবে। কিন্তু যে ক্ষেত্রে নূতন শিল্পসংস্থাটি বা হোটেলটি বা জাহাজখানা কোন সমবায় প্রতিষ্ঠানের অধিকারস্থ হয়, সেক্ষেত্রে 5 বৎসরের পরিবর্তে 7 বৎসর পর্যন্ত রেয়াত বাদ দেওয়া যাইবে। মোট আয় হইতে এইরূপ রেয়াত বাদ দেওয়ার পরে কোন ঘাটতি পড়িলে উহা পরবর্তী বৎসরে জের টানিয়া লওয়া চলিবে।

(4) নবপ্রতিষ্ঠিত শিল্পসংস্থা বা জাহাজ বা হোটেল ব্যবসায়ের মুনাফা বা লাভ হইতে ডিভিডেণ্ড বাবদ রেয়াত (Deduction in respect of dividends attributable to profits and gains from new industrial undertakings or ships or hotel business) আয়কর আইনের 80-K ধারাতে বলা হইয়াছে যে, নব প্রতিষ্ঠিত শিল্প সংস্থা বা হোটেল কোম্পানী বা জাহাজ কোম্পানী হইতে উহাদের শেয়ারহোল্ডারগণ যে ডিভিডেণ্ড পাইয়া থাকে, উক্ত শেয়ারহোল্ডারগণের মোট আয় নিরূপণ করিবার সময় উহা রেয়াতযোগ্য বিষয় বলিয়া গণ্য হইবে।

(5) ডিভিডেণ্ডের কোন কোন ক্ষেত্রে রেয়াত (Deduction in respect of dividends in certain cases) আয়কর আইনের 80-L ধারায় বলা হইয়াছে যে, ভারতীয় কোম্পানী হইতে কোন করদাতা যে ডেভিডেণ্ড পাইয়া থাকে উহার 1000 টাকা[1] পর্যন্ত রেয়াতযোগ্য বিষয় বলিয়া পরিগণিত হইবে। কিন্তু যেক্ষেত্রে করদাতার ডিভিডেণ্ড

---

[1] ইতিপূর্বে উক্ত রেয়াতের অঙ্ক ছিল 500 টাকা; কিন্তু 1969 সালের ফাইনান্স অ্যাক্টের দ্বারা 1970 সালের 1লা এপ্রিল হইতে ইহা 1,000 টাকা করা হইয়াছে।

[illegible] ক্ষেত্রে তাহার মোট আয় হইতে এরূপ কোন রেয়াত বাদ দেওয়া যাইবে না।

(6) কোন কোন আন্তঃকোম্পানীর ডিভিডেণ্ডের ক্ষেত্রে রেয়াত (**Deduction in respect of certain inter-corporate dividend**) আয়কর আইনের 80-M ধারায় বলা হইয়াছে যে, কোন দেশীয় কোম্পানী (Domestic Company) হইতে প্রাপ্ত ডিভিডেণ্ড যদি কোন কোম্পানীর গ্রস্ মোট আয়ের অন্তর্ভুক্ত থাকে তাহা হইলে এরূপ কোম্পানীর আয় হইতে উক্ত ডিভিডেণ্ড নিম্নলিখিতভাবে রেয়াতের যোগ্য বলিয়া গণ্য হইবে

(ক) যদি করদাতা কোম্পানীটি একটি বিদেশী কোম্পানী হয়, তাহা হইলে কোন 'অগ্রাধিকার প্রাপ্ত শিল্পে' (Priority industry) নিযুক্ত কোম্পানী হইতে উহা যে ডিভিডেণ্ড পাইয়া থাকে উহার 80% উক্ত বিদেশী কোম্পানীর মোট আয় হইতে রেয়াত বাবদ বাদ যাইবে। কিন্তু অন্যান্য কোম্পানী হইতে উহা যে ডিভিডেণ্ড পাইয়া থাকে উহার 65% রেয়াতযোগ্য বলিয়া বিবেচিত হইবে ,

(খ) যদি করদাতা কোম্পানীটি একটি দেশীয় কোম্পানী (Domestic Company) হয় তাহা হইলে উক্ত কোম্পানী অন্য কোন কোম্পানী হইতে যে ডিভিডেণ্ড পাইয়া থাকে, উহার 60% করদাতা কোম্পানীর মোট আয় হইতে রেয়াত বাবদ বাদ যাইবে।

(7) ভারতের অন্যান্য প্রতিষ্ঠান হইতে কোন ভারতীয় কোম্পানী কর্তৃক প্রাপ্ত স্বত্বভাড়া প্রভৃতি বাবদ রেযাত (**Deduction in the case of an Indian Company in respect of royalties etc received from any concern in India**) আয়কর আইনের 80 MM ধারায়[1] বলা হইয়াছে যে ভারতে অন্যান্য প্রতিষ্ঠানকে কারিগরী-জ্ঞান প্রভৃতি প্রদান করিয়া কোন ভারতীয় কোম্পানী যে স্বত্বভাড়া ও ফী প্রভৃতি প্রাপ্ত হয় উহার 40% সংশ্লিষ্ট ভারতীয় কোম্পানীর মোট আয় হইতে রেয়াত বাবদ বাদ যাইবে। কারিগরী-জ্ঞান বলিতে কি বুঝায় এবং যে সকল প্রতিষ্ঠানকে ইহা প্রদান করা হইলে উহা আইনগ্রাহ্য হইবে তাহা উক্ত ধারাতে বিশদভাবে লিপিবদ্ধ আছে। সংশ্লিষ্ট পক্ষদ্বয়ের মধ্যে এতৎসংক্রান্ত যে চুক্তি হয় উহা 1লা এপ্রিল, 1969 তারিখে বা তৎপরে সম্পাদিত হইতে হইবে এবং সংশ্লিষ্ট করনির্ধারণ বৎসরের 1লা অক্টোবর তারিখের পূর্বে উহা কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত হইতে হইবে। 1970 সালের 1লা এপ্রিল হইতে উক্ত ধারা বলবৎ হইবে।

(8) কোন কোন বিদেশী কোম্পানী হইতে প্রাপ্ত ডিভিডেণ্ড বাবদ রেয়াত (**Deduction in respect of dividends received from certain foreign companies**) : আয়কর আইনের 80N-ধারায় বলা হইয়াছে যে, কোন বিদেশী

1. *Vide* Finance Act, 1969—*Sec* 9

কোম্পানীকে কারিগরী-জ্ঞান (Technical 'know-how') বা কারিগরী সেবা প্রদান করিয়া যদি কোন ভারতীয় কোম্পানী প্রতিদান রূপে উক্ত বিদেশী কোম্পানীতে শেয়ার পাইয়া থাকে, তাহা হইলে এইরূপ শেয়ারের উপর প্রাপ্ত ডিভিডেণ্ডের 60% সংশ্লিষ্ট ভারতীয় কোম্পানীর মোট আয় হইতে রেয়াত বাবদ বাদ যাইবে। কিন্তু এরূপক্ষেত্রে ভারতীয় কোম্পানী ও উক্ত বিদেশীয় কোম্পানীর মধ্যে যে চুক্তি হয় উহা ভারত সরকারের অনুমোদিত হওয়া প্রয়োজন।

(9) কোন বিদেশী কোম্পানী হইতে প্রাপ্ত স্বত্বভাড়া বাবদ রেয়াত (Deduction in respect of royalties, etc received from certain foreign companies) : আয়কর আইনের 80 O ধারাতে বলা হইয়াছে যে, কোন বিদেশী কোম্পানীকে কারিগরী-জ্ঞান (Technical know how) ও কারিগরী সেবা প্রদান করিয়া যদি কোন ভারতীয় কোম্পানী প্রতিদানরূপে উক্ত বিদেশীয় কোম্পানীর নিকট হইতে স্বত্বভাড়া, কমিশন, ফী প্রভৃতি পাইয়া থাকে, তবে উহার 60% ভারতীয় কোম্পানীর মোট আয় হইতে রেয়াত বাবদ বাদ যাইবে। কিন্তু এরূপক্ষেত্রে ভারতীয় কোম্পানী ও বিদেশীয় কোম্পানীর মধ্যে যে চুক্তি হয়, উহা সংশ্লিষ্ট করনির্ধারণ বৎসরের 1 লা অক্টোবর তারিখের পূর্বে ভারত সরকার কর্তৃক অনুমোদিত হওয়া আবশ্যক।

(10) বিভিন্ন সমবায় সমিতির আয় বাবদ রেয়াত (Deduction in respect of income of Co-operative Societies) আয়কর আইনের 80P-ধারায় বলা হইয়াছে যে, সমবায় সমিতির মোট আয় হইতে রেয়াত বাবদ নিম্নলিখিত বিষয়গুলি বাদ যাইবে :

(ক) ব্যাঙ্কিং ব্যবসায়ের জন্য বা সভ্যদিগকে ঋণদান করিবার জন্য বা কুটির শিল্পের জন্য বা সভ্যগণের দ্বারা উৎপন্ন পণ্য বাজারজাত করিবার জন্য বা কৃষির যন্ত্রপাতি, বীজ, গো মহিষ বা কৃষিকার্যে ব্যবহৃত অন্যান্য জিনিসপত্র ক্রয় করিবার জন্য বা যন্ত্রপাতির সাহায্য ব্যতীত সভ্যগণের কৃষিজাত পণ্যাদি শোধন করিবার জন্য গঠিত সমবায় সমিতি কর্তৃক এইরূপ ব্যবসায় হইতে প্রাপ্ত সমগ্র মুনাফা বা লাভ তাহাদের 'গ্রস্ মোট আয়' হইতে রেয়াত বাদ যাইবে।

(খ) পারস্পরিক চুক্তি অনুসারে স্থাপিত দুগ্ধ সমবায়কে (Federal Milk Co-operative) দুগ্ধ সরবরাহকারী প্রাথমিক সমবায় সমিতি (Primary Co operative Society) কর্তৃক এইরূপ ব্যবসায় হইতে প্রাপ্ত সমগ্র মুনাফা বা লাভ উহাদের 'গ্রস মোট আয়' হইতে রেয়াত বাদ যাইবে।

(গ) যে সকল সমবায় সমিতি উপরোক্ত (ক) ও (খ) শ্রেণীতে বর্ণিত কার্যাবলী ব্যতীত অন্য কোন কার্যের দ্বারা মুনাফা বা লাভ অর্জন করিয়া থাকে; উহাদের আয়ের 15,000 টাকা[1] পর্যন্ত উহাদের 'গ্রস্ মোট আয়' হইতে রেয়াত বাদ যাইবে।

1 1969 সালের ফাইনান্স অ্যাক্টের দ্বারা 1970 সালের 1লা এপ্রিল হইতে ইহা 20,000 টাকায় বৃদ্ধি করা হইয়াছে।

(ঘ) কোন সমবায় সমিতি যদি অন্য কোন সমবায় [illegible] সুদ বা ডিভিডেণ্ড পাইয়া থাকে, তবে উক্ত আয় উহার 'গ্রস্ মোট আয়' হইতে [illegible] ;

(ঙ) কোন সমবায় সমিতি যদি পণ্য মজুত, পণ্য শোধন বা পণ্য বাজারজাত করার জন্য ইহার গুদাম-ঘর ভাড়া দিয়া কোন আয় অর্জন করিয়া থাকে, তবে এইরূপ সমগ্র আয়ই উহার 'গ্রস্ মোট আয়' হইতে রেয়াত বাদ যাইবে।

(চ) গৃহনির্মাণ সমবায় সমিতি বা নাগরিক ক্রেতা সমবায় সমিতি (Consumers' Co-operative Society) বা পরিবহণ সমবায় সমিতি বা যন্ত্রশক্তির সাহায্যে উৎপাদনে রত নহে এইরূপ সমবায় সমিতিগুলি ব্যতীত অন্যান্য সমবায় সমিতির আয় যদি 20,000 টাকার অধিক না হয়, তাহা হইলে এইরূপ সমিতি কর্তৃক লগ্নিপত্রের উপর 18 ধারা অনুসারে করযোগ্য প্রাপ্ত সুদ বা গৃহসম্পত্তি হইতে 22-ধারা অনুসারে করযোগ্য প্রাপ্ত আয় উহার 'গ্রস মোট আয়' হইতে রেয়াত বাদ যাইবে।

(11) সমবায় সমিতি হইতে প্রাপ্ত ডিভিডেণ্ড বাবদ রেয়াত (Deduction in respect of dividends from Co operative Society) আয়কর আইনের 80Q ধারাতে বলা হইয়াছে যে, সমবায় সমিতির কোন সভ্য সংশ্লিষ্ট সমিতি হইতে যে ডিভিডেণ্ড পাইয়া থাকেন, উহা উক্ত সভ্যের 'গ্রস্ মোট আয়' হইতে রেয়াত বাদ যাইবে।

(12) বৈদেশিক সূত্র হইতে কোন অধ্যাপক বা শিক্ষক প্রভৃতি কর্তৃক প্রাপ্ত পারিশ্রমিক বাবদ রেয়াত (Deduction in respect of remuneration from certain foreign sources in the case of professors, teachers etc) আয়কর আইনের 80R ধারাতে বলা হইয়াছে যে, ভারতের নাগরিক কোন একক জন যদি ভারতের বাহিরে অবস্থিত কোন বিশ্ববিদ্যালয় বা অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানকে বা ভারত সরকার কর্তৃক সরকারী গেজেটে বিজ্ঞাপিত ভারতের বহিঃস্থ অন্য কোন সমিতি বা সঙ্ঘকে অধ্যাপক, শিক্ষক বা গবেষকরূপে সেবা প্রদান করার বিনিময়ে উক্ত বিশ্ববিদ্যালয় শিল্পপ্রতিষ্ঠান, সমিতি বা সঙ্ঘ হইতে কোন আয় প্রাপ্ত হইয়া থাকেন এবং উক্ত আয় তাঁহার 'গ্রস্ মোট আয়ের' অন্তর্ভুক্ত থাকে, তবে ঐ আয়ের 50% উক্ত একক জনের মোট আয় হইতে রেয়াত বাদ যাইবে।

কিন্তু উক্ত অধ্যাপক, শিক্ষক বা গবেষক 36 মাসের অধিক কাল এইরূপ বিশ্ববিদ্যালয়, শিক্ষাপ্রতিষ্ঠান, সমিতি বা সঙ্ঘে কর্মরত থাকিলে তিনি 36 মাসের পরবর্তীকালের জন্য উপরোক্ত রেয়াতের অধিকারী হইবেন না।

(13) বৈদেশিক উৎস হইতে গ্রন্থকার, শিল্পী প্রভৃতির পেশাগত আয় বাবদ রেয়াত (Deductions in respect of professional income from foreign sources) . আয়কর আইনের 80RR-ধারাতে[1] বলা হইয়াছে যে, গ্রন্থকার, নাট্যকার, চিত্রকর, গায়ক বা [illegible] ব্যক্তিগণ বিদেশ হইতে বৈদেশিক মুদ্রায় যে পেশাগত আয় অর্জণ করিয়া থাকেন, উহার 25% তাঁহাদের মোট আয় নিরূপণকালে রেয়াত বাদ যাইবে। [উক্ত ধারা 1970 সালের [illegible] এপ্রিল হইতে বলবৎ হইবে।]

---

[1] [illegible] মার্চ, 1969

[illegible]
[illegible] কর্তৃক প্রাপ্ত ক্ষতিপূরণ বাবদ রেয়াত (Deduct [illegible] managing agency etc. in the case of non-company assessees) :

80S-ধারায় বলা হইয়াছে যে, ম্যানেজিং এজেন্সি প্রভৃতি চুক্তির পরিসমাপ্তির জন্য, এরূপ কোন করদাতা যদি কোন ক্ষতিপূরণ পাইয়া থাকে এবং যদি উক্ত ক্ষতিপূরণ [illegible] আয় উক্ত করদাতার 'গ্রস মোট আয়ের' অন্তর্ভুক্ত থাকে, তবে তাহার উক্ত আয়ের 25% বা 1 লক্ষ টাকার মধ্যে যেটি নিম্নতর উহা তাহার মোট আয় নিরূপণ করিবার সময় রেয়াত বাদ যাইবে।

(16) কোম্পানী নহে এরূপ করদাতার ক্ষেত্রে দীর্ঘ-মেয়াদী মূলধনী লাভ বাবদ রেয়াত (Deduction in respect of long-term capital gains in the case of non-company assessees) আয়কর আইনের 80T ধারায় বলা হইয়াছে যে, দীর্ঘ-মেয়াদী কোন মূলধনী লাভ যদি কোম্পানী নহে এরূপ করদাতার গ্রস মোট আয়ের' অন্তর্ভুক্ত থাকে, তবে ভূমি ও গৃহ-সম্পত্তির ক্ষেত্রে 5,000 টাকা+5,000 টাকার অতিরিক্ত অঙ্কের 45%, উক্ত করদাতার মোট আয় নিরূপণ কালে রেয়াত বাদ যাইবে, কিন্তু অন্যান্য দীর্ঘ-মেয়াদী সম্পত্তির ক্ষেত্রে মূলধনী লাভের 5,000 টাকা+5,000 টাকার অতিরিক্ত অঙ্কের 65% করদাতার মোট আয় নিরূপণ কালে রেয়াত বাদ যাইবে। করদাতার মোট আয় 10,000 টাকার অনধিক হইলে দীর্ঘ-মেয়াদী মূলধনী লাভের সমগ্র অঙ্ক তাহার মোট আয় নিরূপণ করিবার সময় রেয়াত-বাদ যাইবে।

প্রশ্নাবলী

1 Describe briefly the provision of the Income-tax Act as regards deductions to be made in computing the total income of an assessee in respect of certain expenditures

[করদাতার কোন কোন ব্যয় বাবদ রেয়াত বিষয়ে আয়কর আইনে যে সকল বিধান লিপিবদ্ধ আছে সেগুলি সংক্ষেপে আলোচনা কর।]

উঃ—'কোন কোন ব্যয় বাবদ রেয়াত (76 86 পৃঃ) হইতে লিখ।

2 Describe briefly the provisions of the Income tax Act as regards deduction to be made in computing the total income of an assessee in respect of certain incomes

[করদাতার কোন কোন আয় বাবদ রেয়াত বিষয়ে আয়কর আইনে যে সকল বিধান লিপিবদ্ধ আছে, সেগুলি সংক্ষেপে আলোচনা কর।]

উঃ—'কোন কোন আয় বাবদ রেয়াত' (86-90 পৃঃ) লিখ।

3. Describe briefly the provisions of the Income-tax Act as regards deduction in respect of Life insurance premium, contribution to Provident Fund etc, paid by an assessee

[করদাতা কর্তৃক প্রদত্ত জীবনবীমার প্রিমিয়াম, প্রভিডেন্ট ফণ্ডের চাঁদা প্রভৃতি বাবদ রেয়াত বিষয়ে আয়কর আইনের বিধানগুলি সংক্ষেপে বর্ণনা কর।]

উঃ—'জীবনবীমার প্রিমিয়াম, প্রভিডেন্ট ফণ্ডের চাঁদা প্রভৃতি বাবদ রেয়াত' (76 পৃঃ) দিখ।

4. What do you mean by 'charitable donation'? Describe briefly the provisions of the Income tax Act regarding deduction in respect of donation to charitable funds or institutions

['দাতব্য দান' বলিতে কি বুঝায়? দাতব্য ভাণ্ডার বা প্রতিষ্ঠানকে প্রদত্ত দান বাবদ রেয়াত বিষয়ে আয়কর আইনের বিধানগুলি সংক্ষেপে বর্ণনা কর।]

উঃ—'কোন কোন বিশেষ ফণ্ডে বা দাতব্য প্রতিষ্ঠানকে দান বাবদ রেয়াত' (86 পৃ) দিখ।

5 *Describe briefly the provisions of the Income-tax Act as regards* deduction in respect of income of co operative societies

[সমবায় সমিতির আয় বাবদ রেয়াত বিষয়ে আয়কর আইনের বিধানগুলি সংক্ষেপে বর্ণনা কর।]

উঃ—'বিভিন্ন সমবায় সমিতির আয় বাবদ রেয়াত' (89 পৃঃ) দিখ।

ষষ্ঠ অধ্যায়

বেতন

(Salaries)

বেতন

(Salary)

1961 সালের আয়কর আইনে 'বেতন' শব্দটি অত্যন্ত ব্যাপক অর্থে প্রয়োগ করা হইয়াছে। উক্ত আইনের 15-ধারায়[1] বলা হইয়াছে যে, নিম্নলিখিত আয়গুলি বেতন আয় খাতে করযোগ্য হইবে :

(ক) পূর্ববর্তী বৎসরে কোন করদাতা তাহার বর্তমান অথবা পূর্বের কোন নিয়োগকর্তার নিকট যে বেতন পাওনা হইয়া থাকে, উহা তাহার বেতন আয়ের অন্তর্ভুক্ত হইবে, উক্ত আয় তাহাকে প্রদান করা হইয়াছে কিনা তাহা বিবেচ্য নহে।

(খ) করদাতার প্রাপ্য না হইলেও অথবা তাহার প্রাপ্য হওয়ার পূর্বেই বর্তমান অথবা পূর্বের কোন নিয়োগকর্তা অথবা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি কর্তৃক করদাতাকে কোন বেতন প্রদান করা হইলে বা মঞ্জুর করা হইলে ইহাকে করদাতার পূর্ববর্তী বৎসরের বেতন-আয়ের অন্তর্ভুক্ত বলিয়া ধরা হইবে।

(গ) বর্তমান অথবা পূর্বের কোন নিয়োগকর্তা অথবা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি কোন বকেয়া বেতন করদাতাকে পূর্ববর্তী বৎসরে প্রদান করিলে অথবা মঞ্জুর করিলে এবং উক্ত বেতনের উপর পূর্বের কোন পূর্ববর্তী বৎসরে কর ধার্য করা না হইলে, ঐ বেতন করদাতার বেতন-আয়ের অন্তর্ভুক্ত হইবে।

উপরোক্ত 15-ধারার বিশ্লেষণে (Explanation) আরও বলা হইয়াছে যে, যেক্ষেত্রে অগ্রিম বেতন কোন ব্যক্তির মোট আয়ের অন্তর্ভুক্ত করা হয়, সেক্ষেত্রে উক্ত বেতন প্রকৃতপক্ষে প্রাপ্য হওয়ার সময় উহা সংশ্লিষ্ট ব্যক্তির মোট আয়ের সহিত পুনরায় যুক্ত করা যাইবে না।

উপরোক্ত আলোচনা হইতে নিম্নলিখিত বিষয়গুলি সুস্পষ্ট হইবে :

(i) বকেয়া বেতনের উপর পূর্বে কর প্রদান করা না হইলে উহা বেতন আয়ের অন্তর্ভুক্ত করা যায় ;

---

[1] "The following income shall be chargeable to income-tax under the head 'salaries'—

(a) any salary due from an employer or a former employer to an assessee in the previous year, whether paid or not ;

(b) any salary paid or allowed to him in the previous year by or on behalf of an employer or a former employer though not due or before it became due to him ;

(c) any arrears of salary paid or allowed to him in the previous year by or on behalf of an employer or a former employer, if not charged to income-tax for any earlier previous year.

Explanation : "For the removal of doubts, it is hereby declared that where any salary paid in advance is included in the total income of any previous year it shall not be included again in the total income of the person when the salary becomes due."—Sec. 15.

(ii) বেতন বর্তমান বা পূর্বের কোন নিয়োগকর্তা হইতে [illegible]

(iii) বেতন প্রকৃতপক্ষে পাওয়া যাউক বা না যাউক, [illegible]

বেতন-আয় বলিয়া ধরা যাইবে,

(iv) অগ্রিম বেতন পাওয়া গেলে উহাও বেতন-আয়ের অন্তর্ভুক্ত করা হইবে।

আয়কর আইনের 17(1) ধারায়[1] নিম্নলিখিত বিষয়গুলিকে বেতনের অন্তর্ভুক্ত করা হইয়াছে :

(i) মাহিনা মজুরি,

(ii) কোন বার্ষিক সালিয়ানা (Annuity) বা অবসর বৃত্তি

(iii) কোন আনুতোষিক (Gratuity),

(iv) কোন ফি, কমিশন, বেতন পূরক মাহিনার বদলে মুনাফা, বা বেতনাতিরিক্ত বা উপরি মজুরি,

(v) অগ্রিম বেতন ;

(vi) অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে কোন কর্মচারীর হিসা[illegible] বাৎসরিক চাঁদা কর্মচারীর বেতনের 10% অপেক্ষা বেশী হইলে এবং উক্ত হিসাবের জেরের উপর 6% এর বেশী সুদ বা মোট সুদ কর্মচারীর মোট বেতনের এক তৃতীয়াংশের বেশী হইলে তদতিরিক্ত আয়,

(vii) কোন অননুমোদিত প্রভিডেন্ট ফণ্ড প্রথমবারে অনুমোদিত হইলে অনুমোদনের সময় কর্মচারীর প্রভিডেন্ট ফণ্ড হিসাবে যে ক্রেডিট ব্যালান্স থাকে, উহার যে অঙ্ক অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে স্থানান্তরিত করা হয়, উহাকে স্থানান্তরিত জের (Transferred Balance) বলা হয়। এরূপ ক্ষেত্রে, শুরু হইতেই যদি সংশ্লিষ্ট ফণ্ডটি অনুমোদিত বলিয়া গণ্য হইত, তাহা হইলে উক্ত 'স্থানান্তরিত জেরের' অন্তর্ভুক্ত যে সকল বিষয় (ফণ্ডটি অতীতেই অনুমোদিত ছিল ধরিয়া) পূর্বে করযোগ্য পর্যায়ভুক্ত হইতে পারিত ঐ সকল বিষয়গুলির মোট অঙ্ক, যে পূর্ববর্তী-বৎসরে ফণ্ডটি অনুমোদন লাভ করে, ঐ পূর্ববর্তী বৎসরে কর্মচারীর বেতন আয়ের সহিত যুক্ত হয়।

বার্ষিক সালিয়ানা, অবসর-বৃত্তি এবং আনুতোষিক যদি নিয়োগকর্তা কর্তৃক (স্বেচ্ছায় বা কোন চুক্তির শর্তানুসারে) প্রদত্ত হয়, কেবলমাত্র তাহা হইলে কর্মচারীর এইরূপ আয়গুলি আয়কর আইনের 15-ধারা অনুসারে করযোগ্য হইবে। নিয়োগকর্তা কর্তৃক স্বেচ্ছায় কর্মচারীকে

---

[1] "Salary includes—

(i) wages,

(ii) any annuity or pension

(iii) any gratuity

(iv) any fees, commissions, perquisites or profits in lieu of or in addition to any salary or wages ;

(v) any advance of salary,

(vi) the annual accretion to the balance at the credit of an employee participating in a recognised provident fund to the extent to which it [illegible] under Rules 6 of Part A of the Fourth Schedule ; and

[illegible] উহা তাহার বেতন-আয়ের অন্তর্ভুক্ত হইবে না; [illegible]

[illegible] নিম্নলিখিত বিষয়গুলিও উল্লেখযোগ্য :

[illegible] যদি কোন কর্মচারী স্বীয় বেতনের কোন অংশের উপর স্বেচ্ছায় তাহার দাবি [illegible] যদি 'স্বেচ্ছায় বেতন সমর্পণ আইন, 1961' এর[1] আওতায় পড়ে, তাহা হইলে [illegible] এইরূপ সমর্পিত অংশ করযোগ্য হইবে না অন্যথায় ইহা করযোগ্য হইবে।

(ii) কোন কর্মচারী তাহার নিয়োগকর্তা ব্যতীত অন্য কাহারো নিকট হইতে যদি কোন অর্থ, সুবিধা (benefits), বেতন পূরক বা অন্য কোন অর্থ পাইয়া থাকেন, তবে সেইগুলি তাহার বেতন আয়ের অন্তর্ভুক্ত হইবে না। যথা, যাদব কোন আইনজীবীর অধীনে চাকুরী করে, উক্ত আইনজীবীর কোন মক্কেলের মোকদ্দমার সংক্ষিপ্ত বিবরণ (brief) প্রস্তুত করিবার জন্য যাদব কঠোর পরিশ্রম করিল। ইহার ফলে সংশ্লিষ্ট মক্কেল বিশেষ উপকৃত হইল এবং যাদবের কার্যের স্বীকৃতি হিসাবে তাহাকে 5,000 টাকা প্রদান করিল। যাদবের উক্ত আয় বেতন আয়ের অন্তর্ভুক্ত হইবে না—ইহা তাহার 'অন্যান্য উৎস হইতে আয়' বলিয়া পরিগণিত হইবে।

বেতন-পূরক

(Perquisite)

বেতনের অনুপূরক হিসাবে কোন কর্মচারী তাহার নিয়োগকর্তার নিকট হইতে [illegible] সকল সুখ স্বাচ্ছন্দ্য ও সুবিধা লাভ করিয়া থাকে, উহাদিগকে বেতন পূরক (Perquisite) বলা হয়। আয়কর আইনের 17 (2) ধারা[2] অনুসারে নিম্নলিখিত বিষয়গুলি বেতন পূরকের অন্তর্গত :

(ক) নিয়োগকর্তার নিকট হইতে করদাতা কর্তৃক প্রাপ্ত বিনাভাড়ার বাসাবাড়ীর [illegible] ভাড়া বেতন-পূরকের অন্তর্গত হইবে;

(vii) the aggregate of all sums that are comprised in the transferred balance as referred to in sub-rule (2) of Rule 11 of Part A of the Fourth Schedule of an employee participating in a recognised provident fund, to the extent to which it is chargeable to tax under sub-rule (4) thereof "—*Sec 17 (1)*.

[1] Voluntary Surrender of Salaries Act 1961

[2] "*Perquisite includes*—

(i) The value of rent-free accommodation provided to the assessee by his employer;

(ii) The value of any concession in the matter of rent respecting any accommodation provided to the assessee by his employer,

(iii) The value of any benefit or amenity granted or provided free of cost or at concessional rate in any of the following cases—

(a) by a company to an employee who is a director thereof,

(b) by a company to an employee being a person who has a substantial interest in the company;

(খ) নিয়োগকর্তা কর্তৃক ব্যবস্থিত বাসাবাড়ীর ভাড়া [illegible] রেয়াত দেওয়া হয়, উহা বেতন-পূরকের অন্তর্গত হইবে।

(গ) নিম্নলিখিত ক্ষেত্রে বিনামূল্যে অথবা রেয়াত-মূল্যে নিয়ো[illegible] যে সুখ-সুবিধা প্রদান করা হয়, উহার অর্থমূল্য বেতন-পূরকের অন্তর্গত হইবে [illegible]

(i) কর্মচারীরূপে নিযুক্ত ডাইরেক্টরকে প্রদত্ত সুখ সুবিধার মূল্য ;

(ii) কোম্পানীতে পর্যাপ্ত স্বার্থবিশিষ্ট কোন ব্যক্তি (অর্থাৎ যিনি কোম্[illegible] শতাংশ শেয়ারের অধিকারী, এইরূপ ব্যক্তি) যদি কর্মচারীরূপে নিযুক্ত থাকেন, [illegible] কোম্পানী কর্তৃক তাঁহাকে প্রদত্ত সুখ-সুবিধার অর্থমূল্য ,

(iii) যেক্ষেত্রে উপরোক্ত (i) ও (ii) নম্বর বিধান দুইটি প্রয়োজ্য নহে এবং 'বেতন' খাতে কর্মচারীর আয় বার্ষিক 18,000 টাকার (বিনামূল্যে প্রাপ্ত সুখ-সুবিধার অর্থমূল্য বাদে) অনধিক সেক্ষেত্রে নিয়োগকর্তা (কোম্পানীও ইহার অন্তর্গত) কর্তৃক প্রদত্ত সুখ সুবিধার অর্থমূল্য।

(ঘ) করদাতা কর্তৃক প্রদেয় কোন অর্থ যদি বাধ্যবাধকতাবশতঃ নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত হইয়া থাকে, তাহা হইলে এইভাবে প্রদত্ত যে কোন অর্থ বেতন পূরকের অন্তর্গত হইবে ,

(ঙ) কর্মচারীর জীবনের উপর বীমাপত্র গ্রহণ অথবা এইজাতীয় অন্য কোন বার্ষিক সালিয়ানা (annuity) সংক্রান্ত চুক্তির জন্য প্রত্যক্ষভাবে বা অন্য কোন ফণ্ডের (অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ড বা অনুমোদিত বার্ধক্য বৃত্তি ফণ্ড ব্যতীত) মাধ্যমে নিয়োগকর্তা যে অর্থ প্রদান করে, উহা বেতন-পূরকের অন্তর্গত হইবে।

যথাযথ বলিতে গেলে, কর্মচারী কর্তৃক প্রাপ্ত উপরোক্ত বেতন-পূরকগুলি আয়কর আইন অনুসারে করযোগ্য আয় বলিয়া বিবেচিত হয়। কিন্তু আয়কর বিভাগের নির্দেশ অনুযায়ী নিম্নলিখিত বেতন পূরকগুলি করমুক্ত (Tax free) বলিয়া গণ্য হয় ও সেইগুলি কর্মচারীর বেতনের সহিত যুক্ত হয় না :-

(ক) কর্মচারীর নিজের অথবা তাহার পরিবারস্থ সভ্যগণের চিকিৎসার জন্য নিয়োগকর্তার নিকট হইতে প্রাপ্ত চিকিৎসা-সংক্রান্ত সুবিধা ,

(খ) কর্মচারীর আবাসের জন্য ব্যবহৃত কিন্তু নিয়োগকর্তার স্বত্বাধীন কোন বাসাবাড়ীতে বাগানের রক্ষণাবেক্ষণ কার্যে নিয়োজিত মালীকে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত বেতন ,

---

(iii) by any employer (including a company) to an employee to whom the provisions of paragraphs (a) and (b) of this sub-clause do not apply and whose income under the head 'Salaries', exclusive of the value of all benefits or amenities not provided for by way of monetary payment, exceeds eighteen thousand rupees ,

(iv) any sum paid by the employer in respect of any obligation which, but for such payment, would have been payable by the assessee , and

(v) any sum payable by the employer, whether directly or through a fund, other than a recognised provident fund or an approved superannuation fund, to effect an assurance on the life of the assessee or to effect a contract for an annuity "— Sec. 17 (2).

(ঘ) নিয়োগকর্তা কর্তৃক কর্মচারিগণের জন্ত আমোদপ্রমোদের ব্যবস্থা করার ব্যয় ;

(ঙ) অফিসে কর্মরত কর্মচারিবর্গকে জলযোগ (মধ্যাহ্নভোজ নহে) প্রদান করার ব্যয়।

পরীক্ষার্থিগণের কর্তব্য : (নিয়োগকর্তা যদি বাহিরের কোন স্থান হইতে খাদ্য ক্রয় করিয়া বিনামূল্যে কর্মচারিগণকে মধ্যাহ্নভোজের জন্ত প্রদান করেন তাহা হইলে উহা করযোগ্য হইবে এবং বেতন-আয়ের সহিত যুক্ত হইবে; কিন্তু নিয়োগকর্তার অধীনস্থ ক্যান্টিন (Canteen) হইতে কর্মচারিগণকে বিনামূল্যে এইরূপ মধ্যাহ্নভোজ প্রদান করা হইলে উহার মূল্য কর্মচারিগণের বেতন আয়ের সহিত যুক্ত হইবে না। পরীক্ষার প্রশ্নপত্রে এই বিষয়ে স্পষ্ট কিছু উল্লেখ করা না থাকিলে পরীক্ষার্থিগণ তাহাদের উত্তরের নীচে যথোচিত মন্তব্য যুক্ত করিয়া দিবে।

বেতনের বদলে মুনাফা

(Profit in lieu of Salary)

আয়কর আইনের 17(3) ধারায়[1] বলা হইয়াছে যে, নিম্নলিখিত বিষয়গুলি 'বেতনের বদলে মুনাফার' অন্তর্গত হইবে

(i) নিয়োগ চুক্তির অবসান ঘটাইবার সময় অথবা নিয়োগ সংক্রান্ত চুক্তির শর্তাবলীর সংশোধন করিবার সময় বর্তমানের অথবা পূর্বের নিয়োগকর্তার নিকট হইতে কোন করদাতার প্রাপ্য অথবা তৎকর্তৃক প্রাপ্ত ক্ষতিপূরণের অঙ্ক 'বেতনের বদলে মুনাফা' বলিয়া গণ্য হইবে।

(ii) বর্তমানের অথবা পূর্বের নিয়োগকর্তার নিকট হইতে কোন প্রভিডেন্ট বা অন্য ফণ্ড হইতে (অনুমোদিত বার্ধক্য বৃত্তি ফণ্ড ব্যতীত) করদাতার প্রাপ্য বা তৎকর্তৃক প্রাপ্ত যে কোন অর্থ 'বেতনের বদলে মুনাফার' অন্তর্ভুক্ত হইবে—করদাতার নিজস্ব চাঁদা (Contribution) বা উহার উপর সুদ ইহার অন্তর্গত হইবে না।

'বেতনের বদলে মুনাফার' অঙ্ক করদাতার মোট আয়ের সহিত বেতনের খাতে যুক্ত হইবে।

বেতনান্তর্গত যে সকল বিষয় মোট আয়ের অংশীভূত হয় না

(Items of salaries not forming part of total income)

বেতন, ভাতা এবং পারিশ্রমিকের মধ্যে যেগুলি সম্পূর্ণরূপে করমুক্ত, সেইগুলি নিয়ে আলোচনা করা হইল :

(1) শিক্ষার ব্যয় বহন করিবার উদ্দেশ্যে প্রদত্ত বৃত্তি,

(2) অফিসের কর্তব্যের অঙ্গীভূত কোন কাজ করিবার জন্য যদি কোন বিশেষ ভাতা মঞ্জুর করা হয়, তবে উহা,

(3) ভারতের বাহিরে কর্মরত সরকারী কর্মচারীকে ভারতের বাহিরে প্রদত্ত ভাতা;

---

1 *"Profits in lieu of salary includes—*

(i) The amount of any compensation due to or received by an assessee from his employer or former employer at or in connection with the termination of his employment or the modification of the terms and conditions relating thereto - (ii) any payment other than any payment referred to in clause (10) clause (10-A) clause (11) clause (12) or clause (13-A) of Section 10, due to or received by an assessee from an employer or a former employer or from a provident or other fund (not being an approved superannuation fund) to the extent to which it does not consist of contributions by the assessee or interest on such contributions."—*Sec 17(3).*

(4) বিদেশী শিক্ষানবিসগণকে প্রদত্ত ভরণপোষণ ভাতা 400 টাকা পর্যন্ত ,

(5) কেন্দ্রীয় বা রাজ্য আইনসভার সদস্যগণের দৈনিক ভাতা ;

(6) ভারতের অ নাগরিক কোন ব্যক্তিকে তাহার নিজের, স্ত্রীর ও সন্তানগণের বিদেশস্থ স্বগৃহে প্রত্যাবর্তন উপলক্ষে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত পথ-খরচ ,

(7) নিজের ও স্ত্রীপুত্রের স্বগৃহে যাতায়াতের জন্য ভারতীয় নাগরিককে নিয়োগকর্তা কর্তৃক যে ভাতা দেওয়া হয়, উহা ,

(8) কেন্দ্রীয় সরকারের কোন কর্মচারী যদি স্বগৃহে বাস না করেন অথবা তাঁহার পিতামাতা যে গৃহে বাস করেন, সে গৃহে যদি উক্ত কর্মচারী বাস না করেন, তাহা হইলে তাঁহাকে গৃহভাতা বাবদ যে অর্থ প্রদান করা হয়, উহা ,

(9) কোন বিশ্ববিদ্যালয় বা অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে কোন নির্দিষ্ট কালের জন্য কোন অধ্যাপক বা শিক্ষক কর্মরত থাকিলে তাঁহাকে যে পারিশ্রমিক প্রদান করা হয়, উহা ;

(10) কতকগুলি শর্তসাপেক্ষ ভারতে প্রদত্ত কোন সেবার জন্য বিদেশের কোন সরকার হইতে প্রাপ্ত পারিশ্রমিক ;

(11) কতকগুলি শর্তসাপেক্ষ বিদেশের কোন কারিগর কর্তৃক নির্দিষ্ট কালের জন্য প্রাপ্ত পারিশ্রমিক ,

(12) বিদেশের কোন জাহাজে কর্মরত কোন অনাবাসিক ভারতে যদি 90 দিনের অধিক বাস না করেন, তবে তৎকর্তৃক প্রাপ্ত পারিশ্রমিক ,

(13) বিদেশের কোন সরকার কর্তৃক ভারতে গবেষণা কার্যের জন্য কোন ব্যক্তিকে প্রদত্ত পারিশ্রমিক।

বেতন হইতে রেয়াত

(Deduction from Salaries)

আয়কর আইনের 16 ধারার[1] বিধান অনুসারে নিম্নলিখিত খরচগুলি করদাতার বেতন-আয় হইতে বাদ যাইবে .

(1) **বইপত্রের খরচ (Cost of Books) :** করদাতার কর্তব্য কর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করিবার জন্য যে সকল বইপত্রের প্রয়োজন হয়, সেইগুলির খরচ বাবদ অনধিক 500 টাকা পর্যন্ত করদাতার বেতন আয় হইতে বাদ যাইতে পারে।

[1] "The income chargeble under the head '*Salaries* shall be computed after making the following deductions, namely —

(i) any amount, not exceeding five hundred rupees, expended by the assessee on the purchase of books and other publications necessary for the purpose of his duties

(ii) in respect of any allowance in the nature of an entertainment allowance specifically granted to the assessee by his employer—

(a) in the case of an assessee who is in receipt of a salary from the Government, a sum equal to one fifth of his salary (exclusive of any allowance, benefit or other perquisite) or five thousand rupees, whichever is less and

(২) **আপ্যায়ন-ভাতা (Entertainment Allowance) :** কর্মচারীকে আপ্যায়ন-ভাতা বাবদ যে অর্থ নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত হয়, উহা প্রথমে বেতন খাতে মোট আয়ের অন্তর্ভুক্ত করা হয়। তৎপরে করদাতার মোট আয় হইতে নিম্নলিখিত খরচগুলি বাদ দেওয়া হয়.

(ক) **সরকারী কর্মচারীর ক্ষেত্রে :** করদাতা যদি সরকারী কর্মচারী হন, তাহা হইলে আপ্যায়ন-ভাতা তাঁহার মোট আয় হইতে নিম্নলিখিতভাবে বাদ যাইবে

ভাতার পরিমাণ : (*i*) বর্তমানে প্রাপ্ত ভাতা বা (*ii*) মূল বেতনের এক পঞ্চমাংশ বা (*iii*) 5,000 টাকা—এই তিনটির মধ্যে যেটি সর্বনিম্ন উহাই করদাতার মোট আয় হইতে বাদ যাইবে।

(খ) **বেসরকারী কর্মচারীর ক্ষেত্রে :** 1955 সালের 1লা এপ্রিল বা উহার পূর্ব হইতে যদি কোন আপ্যায়ন ভাতা কোন কর্মচারী তাহার বর্তমান নিয়োগকর্তার নিকট হইতে পাইয়া থাকে এবং এখনও একটানা পাইতেছে, কেবলমাত্র তাহা হইলেই আপ্যায়ন ভাতা তাহার মোট আয় হইতে নিম্নলিখিতভাবে বাদ যাইবে

ভাতার পরিমাণ (*i*) বর্তমানে প্রাপ্ত ভাতা বা (*ii*) মূল বেতনের এক পঞ্চমাংশ বা (*iii*) 1955 সালের 31শে মার্চের ভিত্তিতে এক বৎসরের ভাতা বা (*iv*) 7,500 টাকা—এই চারিটির মধ্যে যেটি সর্বনিম্ন উহাই করদাতার মোট আয় হইতে বাদ যাইবে।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, প্রাপ্ত আপ্যায়ন ভাতা কর্মচারী কর্তৃক প্রকৃতপক্ষে ব্যয়িত (সম্পূর্ণরূপে বা আংশিকভাবে) হইয়াছে কিনা, তাহা তাহার বেতন আয় নিরূপণকালে বিবেচ্য নহে।

Problem 39 *A* has been in continuous employment with *XY & Co* from April 1, 1950 He has been regularly in receipt of entertainment allowance for entertaining customers of the Company The rates of such allowance were as under

	Rs
1 4 50 to 31 3 54	4,800 per annum
1 4 54 to 31 3 56	6,000 „ „
1 4 56 to date	8,400 „ „

His salary for the year ended 31st March, 1966 exclusive of any allowance, benefit or other perquisite was Rs 54,000

(b) in the case of any other assessee who is in receipt of such entertainment allowances and has been continuously in receipt of such entertainment allowance regularly from his present employer from a date before the 1st day of April, 1955, the amount of such entertainment allowance regularly received by the assessee from his present employer in any previous year ending before the 1st day of April, 1955, or a sum equal to one-fifth of his salary (exclusive of any allowance, benefit or other perquisite) or seven thousand five hundred rupees, whichever is least,—*Income Tax Act, 1961, Sec (16).*

Is A entitled to any [illegible] so, what is the amount thereof ?

[C U Three-Year Degree [illegible]]

[1950 সালের 1লা এপ্রিল হইতে XYZ Co-তে A [illegible] আপ্যায়ন করার জন্য সে নিয়মিতভাবে আপ্যায়ন ভাতা পাইতেছিল। আপ্যায়ন ভাতার [illegible]

			টাকা	
1 4 50	হইতে	31 3 54 পর্যন্ত	4,800	বার্ষিক
1 4 54	হইতে	31 3 56 পর্যন্ত	6,000	"
1 4 56	হইতে	আজ পর্যন্ত	8,400	"

1966 সালের 31শে মার্চ তারিখে তাহার বেতন (কোন ভাতা, সুবিধা বা অন্যান্য বেতন-পূরক ব্যতীত) 54,000 টাকা ছিল।

আপ্যায়ন ভাতা বাবদ A কোন রেয়াত দাবি করিতে পারে কিনা এবং যদি সে তাহা দাবি করিতে পারে তবে রেয়াতের অঙ্ক কত ?]

Solution 1955 সালের 1লা এপ্রিল হইতে নিয়মিতভাবে আপ্যায়ন ভাতা পাইতেছে বলিয়া A বর্তমান বৎসরে আপ্যায়ন ভাতা বাবদ 6,000 টাকা বেতন আয় হইতে রেয়াত পাইবে। রেয়াতের অঙ্ক নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

		টাকা	
(i)	বর্তমান বৎসরে প্রাপ্ত ভাতা	8,400	বার্ষিক
(ii)	1955 সালের 31শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে, সেই বৎসরে প্রাপ্ত ভাতা	6,000	
(iii)	বেতনের এক পঞ্চমাংশ (54,000 টাকার $\frac{1}{5}$)	10,800	
(iv)	আইন নির্দেশিত সর্বোচ্চ সীমা	7,500	

উপরোক্ত অঙ্কগুলির মধ্যে (ii) নম্বরের 6,000 টাকা সর্বনিম্ন বলিয়া ইহাই গণনাধীন বৎসরের আপ্যায়ন ভাতা বাবদ A এর বেতন আয় হইতে রেয়াত বাদ যাইবে।

Problem 40 Mr Ranganathan who is a Government employee draws a salary of Rs 2,000 per month He received the present appointment on 1st April, 1967 on which date he joined the same He is also in receipt of entertainment allowance of Rs 6,000 per annum Find out the amount of deduction he will be entitled to on account of entertainment allowance in the assessment year 1968-69

Does it make any difference if he is not a Government employee ?

[B U Three-Year Degree Course, B Com 1968—*Adapted*]

[মিঃ রঙ্গনাথন একজন সরকারী কর্মচারী। তিনি মাসিক 2,000 টাকা বেতন পান। 1967 সালের 1লা এপ্রিল তারিখে তিনি বর্তমান চাকুরীটি পান এবং ঐ দিনই উহাতে যোগদান করেন। তিনি বার্ষিক 6,000 টাকা আপ্যায়ন-ভাতা পান। 1968-69 করনির্ধারণ-বৎসরে আপ্যায়ন ভাতা বাবদ তিনি কত রেয়াত বাদ পাইবেন তাহা [illegible] ?

উপরোক্ত পদ্ধতির মধ্যে (ঙ)-নম্বরের 4,200 টাকা সর্বনিম্ন বলিয়া উহাই 1968-69 করনির্ধারণ বৎসরের বাদযোগ্য আপ্যায়ন ভাতা বলিয়া গণ্য হইবে।

যদি রঞ্জনাথম কোন বেসরকারী প্রতিষ্ঠানের কর্মচারী হন, তাহা হইলে তিনি আপ্যায়ন-ভাতা বাবদ কোন রেয়াত বাদ পাইবেন না। কারণ, 1955 সালের 1লা এপ্রিল হইতে তিনি এরূপ আপ্যায়ন ভাতা একটানা পাইতেছেন না।

Problem 41 Chinmoy Ghosh was employed as assistant manager of Progressive Publishers Ltd in 1953 He had been serving the company upto 1965 when he resigned his service During this period, he was regularly getting entertainment allowance from the company In the year 1967, he joined the company again as manager and was getting the usual entertainment allowance as follows

	Rs	
1 1 1953 to 31 12 54	4 400	per annum
1 1 1955 to 31 12 58	5,000	,, ,,
1 1 1959 to 31 12 65	5,600	,, ,,
1 1 1967 to date	6 400	,, ,,

Chinmoy Ghosh's salary (excluding all allowances and perquisites) was Rs 24 000 in the year 1963 and Rs 30,000 in 1967 Ascertain the amount of deduction, if any, which Chinmoy Ghosh is entitled to in respect of entertainment allowance in 1967

[প্রোগ্রেসিভ পাবলিশার্স লিমিটেডের সহকারী ম্যানেজাররূপে 1953 সালে চিন্ময় ঘোষ কর্মে যোগদান করেন 1965 সাল পর্যন্ত তিনি উক্ত কোম্পানীতে কর্মরত থাকিয়া ঐ বৎসর কর্মত্যাগ করিলেন। কোম্পানীতে কর্মরত থাকার সময় তিনি নিয়মিতভাবে আপ্যায়ন ভাতা পাইতেছিলেন। আপ্যায়ন-ভাতার অঙ্কগুলি নিম্নরূপ ছিল:

		টাকা	
1 1 1953	হইতে 31 12 54 পর্যন্ত	4 400	বার্ষিক
1 1 1955	হইতে 31 12 58 পর্যন্ত	5 000	
1 1 1959	হইতে 31 12 65 পর্যন্ত	5 600	,,
1 1 1967	হইতে আজ পর্যন্ত	6 400	,,

চিন্ময় ঘোষের বেতন (সর্বপ্রকার ভাতা ও বেতন পূরক ব্যতীত) 1963 সালে 24 000 টাকা এবং 1967 সালে 30,000 টাকা ছিল। 1967 সালে আপ্যায়ন-ভাতা বাবদ চিন্ময় ঘোষ কোন রেয়াত দাবি করিতে পারে কিনা তাহা নিরূপণ কর।]

Solution চিন্ময় ঘোষ 1953 সাল হইতে নিয়মিত ভাবে আপ্যায়ন ভাতা পাইয়া থাকিলেও 1965 সালে তিনি কর্ম ত্যাগ করায় আপ্যায়ন-ভাতা প্রাপ্তি বিষয়ে তাহার ছেদ পড়ে। সুতরাং, 1955 সালের 1লা এপ্রিল হইতে একটানা পায় নাই বলিয়া 1967 সালে আপ্যায়ন-ভাতা বাবদ তাহার বেতন-আয় হইতে কোন রেয়াত বাদ যাইবে না। [16-ধারা]

(3) **পেশা, ব্যবসায় বা চাকুরী-সংক্রান্ত কর (Taxes on Professions, Trades or Employments) :** রাজ্য সরকারের কোন আইনের ফলে কোন করদাতা তাহার পেশা, ব্যবসায় বা চাকুরীর উপর যে কর প্রদান করিয়া থাকে উহা তাহার মোট আয় হইতে বাদ যাইবে।

(4) **কর্মচারীর ব্যক্তিগত যানবাহনের খরচ (Expenses on own conveyance of the employee) :** যেক্ষেত্রে কর্মস্থলে যাইবার জন্য এবং/অথবা স্বীয় কর্তব্য সম্পাদন সংক্রান্ত অন্যান্য কাজের জন্য কর্মচারী তাহার নিজের গাড়ী ব্যবহার করিয়া থাকে এবং উহার জন্য নিয়োগ-কর্তার নিকট হইতে কোন যাতায়াত ভাতা প্রাপ্ত হয় না, সেক্ষেত্রে এইরূপ গাড়ী চালু রাখার খরচ করদাতার মোট আয় হইতে বাদ যাইবে। এইরূপ গাড়ীর স্বাভাবিক ক্ষয় ক্ষতি এবং অবচয়ও এই খরচের অন্তর্ভুক্ত হইতে পারে, আয়কর আইনের বিধান অনুসারে এইরূপ ক্ষয়ক্ষতির অঙ্ক নিম্নলিখিতভাবে নিরূপণ করিতে হইবে :

		প্রতি পঞ্জিকা-মাস বা তদংশের জন্য টাকা
(i)	মোটর গাড়ীর ক্ষেত্রে কর্মচারীর বেতন[1]	
	(ক) 15,000 টাকার অনধিক	150
	(খ) 15,000 টাকার অধিক, কিন্তু 25,000 টাকার অনধিক	200
	(গ) 25,000 টাকার অধিক	250
(ii)	মোটর সাইকেল, স্কুটার প্রভৃতির ক্ষেত্রে	50
(iii)	বাই সাইকেলের ক্ষেত্রে	5
(iv)	অন্যান্য যানবাহনের ক্ষেত্রে ক্ষয়ক্ষতির অঙ্ক নিরূপণ বিষয়ে আয়কর অফিসারের বিবেচনার উপর নির্ভর করিতে হইবে।	

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, যেক্ষেত্রে কর্মচারীর নিজের কোন গাড়ীঘোড়া নাই, কিন্তু নিয়োগকর্তার নিকট হইতে সে **যাতায়াত-ভাতা** (Conveyance Allowance) পাইয়া থাকে, সেক্ষেত্রে আয়কর আইনের 10 (14) ধারায় বর্ণিত নিম্নলিখিত বিধান প্রয়োজ্য হইবে :

1 1969 সালের ফাইনান্স অ্যাক্টের দ্বারা এতৎসংক্রান্ত আইনের নিম্নরূপ পরিবর্তন করা হইয়াছে। উক্ত পরিবর্তন 1970 সালের 1লা এপ্রিল হইতে বলবৎ হইবে।

মোটর গাড়ীর ক্ষেত্রে কর্মচারীর বেতন	প্রতি পঞ্জিকা মাস বা তদংশের জন্য টাকা
(ক) 25,000 টাকার অনধিক	200
(খ) 25,000 টাকার অধিক	[illegible]

যে সকল ব্যয় [আপ্যায়ন ভাতা বা 17 (2)-ধারায় বর্ণিত বেতন পূরক ব্যতীত] কর্মচারীর, স্বীয় কর্তব্য সম্পাদনের জন্য অপরিহার্য বলিয়া বিবেচিত হয় এবং সেইগুলির জন্য কর্মচারী যদি তাহার নিয়োগকর্তার নিকট হইতে কোন বিশেষ ভাতা পাইয়া থাকে, তাহা হইলে এইরূপ ভাতা হইতে কর্মচারী যে ব্যয় নির্বাহ করিয়া থাকে উহার প্রকৃত অঙ্ক কর্মচারীর বেতন-আয়ের সহিত যুক্ত হইবে না। উক্ত বিধান হইতে ইহা সুস্পষ্ট যে, স্বীয় কর্তব্য সম্পাদনের জন্য ব্যয়িত যাতায়াত-খরচের জন্য কর্মচারী যদি তাহার নিয়োগকর্তার নিকট হইতে কোন যাতায়াত [illegible] পাইয়া থাকে, তবে ঐ ভাতা হইতে প্রদত্ত প্রকৃত খরচের অঙ্ক কর্মচারীর বেতন-[illegible] যুক্ত হইবে না, কিন্তু প্রাপ্ত ভাতার কোন [illegible] অপেক্ষা [illegible] করা [illegible] কর্মচারী [illegible] ঐ [illegible] যাতায়াতের জন্য ব্যয় করিয়া থাকে, তাহা হইলে তাহার বেতন-আয়ের সহিত উক্ত 1,200 টাকা যুক্ত হইবে না। কিন্তু কর্মচারী যদি উক্ত 1,200 টাকা হইতে মাত্র 1,000 টাকা ব্যয় করিয়া থাকে, তাহা হইলে তাহার আয়ের সহিত 200 টাকা (অর্থাৎ 1,200 টা—1,000 টা) যুক্ত হইবে। কিন্তু যদি সে যাতায়াত খরচের জন্য প্রকৃত পক্ষে 1,600 টাকা ব্যয় করিয়া থাকে, তাহা হইলে মাত্র 1,200 টাকা তাহার বেতন আয়ের সহিত যুক্ত হইবে না—কর্মচারী কর্তৃক ব্যয়িত অতিরিক্ত 400 টাকার (1600 টা—1,200 টা) জন্য তাহাকে কোন ছাড় (deduction) দেওয়া হইবে না।

(5) **কর্মচারী কর্তৃক ব্যয়িত অন্যান্য খরচের প্রকৃত অঙ্ক (Other amounts actually expended by the employee):** অনেক ক্ষেত্রে চাকুরীর শর্তানুসারে কার্য সম্পাদন করিবার জন্য কর্মচারীকে কিছু কিছু ব্যয় অত্যাবশ্যকীয়ভাবে বহন করিতে হয়। এইরূপ খরচও তাহার মোট আয় হইতে বাদ যাইবে।[1]

বেতন-পূরকের মূল্যায়ন

(Valuation of Perquisites)

বেতন-পূরকের মূল্যায়ন বিষয়ে 1961 সালের আয়কর আইনে কোন বিধান নাই। কিন্তু এতৎসম্পর্কীয় বিধানগুলি 1962 সালের 'আয়কর নিয়মাবলীতে'[2] লিপিবদ্ধ আছে। উক্ত নিয়মাবলীর 3-নম্বর বিধানে বেতন পূরকের মূল্যায়ন সম্পর্কে নিম্নলিখিত নির্দেশ প্রদত্ত হইয়াছে :

I. বিনাভাড়ায় বাসাবাড়ী (Rent-free Quarter): কর্মচারী যদি বিনাভাড়ায় নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত কোন আবাসগৃহে বসবাস করিয়া থাকে, তাহা হইলে অনুমানের উপর

---

[1] "Any amount actually expended by the assessee not being an amount expended on the purchase of books or other publications, or an entertainment or on the maintenance of conveyance, which by the conditions of his service, he is required to spend out of his remuneration wholly, necessarily and exclusively in the performance of his duties"—Sec 16 (v)

[2] Income-tax Rules, 1962.

ভিত্তি করিয়া ঐ গৃহের ভাড়া নিরূপণ করিতে হইবে এবং উহা করদাতার বেতন আয়ের সহিত যুক্ত হইবে। কি প্রণালীতে উক্ত ভাড়া অনুমান করিতে হইবে সেই বিষয়ে 1962 সালের 'আয়কর নিয়মাবলীতে' বিস্তৃত নির্দেশ প্রদত্ত হইয়াছে। [এই বিষয়ে এই অধ্যায়ে 'বিনাভাড়ার গৃহ-সংস্থানের মূল্যায়ন' শীর্ষক অনুচ্ছেদে পরে বিস্তারিত আলোচনা করা হইয়াছে।]

II বিনামূল্যে গ্যাস, বিদ্যুৎ বা জল সরবরাহ (Free Gas, Electricity or Water) : যদি কর্মচারীকে গ্যাস, বিদ্যুৎ বা জল সরবরাহ করা হয় এবং সেইগুলির মূল্য নিয়োগকর্তা নিজেই প্রদান করিয়া থাকে, তাহা হইলে উহাদের মূল্য বাবদ যত টাকা প্রদান করা হয়, উহার সম্পূর্ণই কর্মচারীর বেতন আয়ের সহিত যুক্ত হইবে।

কিন্তু উক্ত গ্যাস, বিদ্যুৎ বা জল যদি নিয়োগকর্তা নিজেই উৎপাদন বা আহরণ করিয়া কর্মচারীদিগকে উহা বিনামূল্যে সরবরাহ করে তাহা হইলে সেইগুলির মূল্য বাবদ কিছুই কর্মচারীর বেতন আয়ের সহিত যুক্ত হইবে না।

III বিনা বেতনে শিক্ষা (Free Education) : নিয়োগকর্তা যদি কর্মচারীর পরিবারস্থ সভ্যগণের জন্য বিনা বেতনে শিক্ষার ব্যবস্থা করিয়া থাকেন, তাহা হইলে এইরূপ শিক্ষা ব্যবস্থা বাবদ নিয়োগকর্তা যে পরিমাণ অর্থ ব্যয় করিবেন উহার সম্পূর্ণই কর্মচারীর বেতন আয়ের সহিত যুক্ত হইবে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, স্থানীয় অনুরূপ শিক্ষায়তনে উক্ত শিক্ষার জন্য অবৈতনিক ব্যবস্থা থাকিলে এই শিক্ষার জন্য কর্মচারীর বেতন আয়ের সহিত কিছুই যুক্ত হইবে না।

IV বিনা ভাড়ায় পরিবহণের ব্যবস্থা (Free Transport Facilities) : যদি নিয়োগকর্তা নিজেই পরিবহণ সংস্থা হয় তাহা হইলে ইহা নিজের যানবাহনের সাহায্যে বিনাভাড়ায় কর্মচারিগণের বা তাহাদের পরিবারস্থ কোন সভ্যের বা আত্মীয়ের যাতায়াতের ব্যবস্থা করিলে উহা বাবদ কিছুই কর্মচারীর বেতন আয়ের সহিত যুক্ত হইবে না।

V চিকিৎসা খরচ (Medical Expenses) : কর্মচারীর নিজের অথবা তাহার পরিবারস্থ সভ্যগণের চিকিৎসার জন্য নিয়োগকর্তা যে অর্থ ব্যয় করিয়া থাকে তাহা বেতন পূরক বলিয়া গণ্য হইবে না এবং কর্মচারীর বেতন-আয়ের অন্তর্ভুক্ত হইবে না। [প্রত্যক্ষ করের কেন্দ্রীয় বোর্ডের নির্দেশ অনুসারে]।

VI. বাগানের মালীর বেতন (Salary of Gardener) : নিয়োগকর্তার অধীন বিনাভাড়ার বাড়ীতে কর্মচারীর ফুলবাগানের মালীর বেতন যদি নিয়োগকর্তা নিজে প্রদান করিয়া থাকে, তাহা হইলে উহা বেতন পূরকের অন্তর্গত বলিয়া গণ্য হইবে না এবং তাহা কর্মচারীর বেতন-আয়ের অন্তর্ভুক্ত হইবে না। অন্যথা ইহা করযোগ্য হইবে। [প্রত্যক্ষ করের কেন্দ্রীয় নির্দেশ অনুসারে।]

মোটরগাড়ী (Motor car) : মোটরগাড়ী-সংক্রান্ত বেতন-পূরক কর্মচারীর সহিত যুক্ত হইবে। নিম্নলিখিতভাবে মোটর-গাড়ীর ব্যবহার-সংক্রান্ত বেতন-পূরকের হইবে :

(i) **কর্মচারীর সম্পূর্ণ ঘরোয়া বা ব্যক্তিগত উদ্দেশ্যে ব্যবহারের জন্য নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত মোটরগাড়ী (Motor-car provided by the employer exclusively for the employee's private or personal use)** সম্পূর্ণ ঘরোয়া বা ব্যক্তিগত ব্যবহারের জন্য নিয়োগকর্তা কর্তৃক কর্মচারীকে কোন কোন ক্ষেত্রে মোটরগাড়ী দেওয়া হয়। এইরূপ গাড়ীর রক্ষণাবেক্ষণ ও চালনার জন্য নিয়োগকর্তা যে অর্থ ব্যয় করিয়া থাকেন, উহাই মোটর-গাড়ী সংক্রান্ত বেতন পূরক বলিয়া বিবেচিত হইবে, সংশ্লিষ্ট মোটর গাড়ীটি নিয়োগকর্তার স্বত্বাধীন হইলে উহার ক্ষয়ক্ষতি ও অবচয়ের অঙ্ক ও বেতন পূরকের সহিত যুক্ত হইবে। আবার, মোটরগাড়ীটি নিয়োগকর্তা কর্তৃক বাহিরের কোন লোক হইতে ভাড়া করা হইলে উহার ভাড়া এবং রক্ষণাবেক্ষণ ও চালনা খরচের সমষ্টি হইবে মোটরগাড়ী সংক্রান্ত বেতন পূরকের মূল্য।

(ii) **কর্মচারীর স্বীয় কর্তব্য সম্পাদনের জন্য এবং ঘরোয়া বা ব্যক্তিগত উদ্দেশ্যে ব্যবহারের জন্য নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত মোটরগাড়ী (Motor-car provided by the employer for the use of the employee in the performance of his duties and also for his private or personal purposes)** যদি কর্মচারীকে **আংশিকভাবে** তাহার **কর্তব্য সম্পাদনের জন্য** এবং **আংশিকভাবে** তাহার **ঘরোয়া বা ব্যক্তিগত ব্যবহারের** জন্য কোন মোটরগাড়ী দেওয়া হয়, তাহা হইলে ঐ গাড়ীর চালনা খরচ, রক্ষণাবেক্ষণ ব্যয়, স্বাভাবিক ক্ষয়ক্ষতি ও অবচয় এবং ভাড়াটিয়া গাড়ীর ক্ষেত্রে উহার ভাড়া বাবদ নিয়োগকর্তার যে অর্থ ব্যয় হয়, উহাকে দুই অংশে বিভক্ত করিতে হইবে—প্রথমাংশে অফিসের কর্তব্য সম্পাদনের জন্য ব্যয়িত অর্থের মোট অঙ্ক এবং দ্বিতীয়াংশে কর্মচারীর ঘরোয়া বা ব্যক্তিগত ব্যবহারের জন্য ব্যয়িত অর্থের মোট অঙ্ক। উক্ত দ্বিতীয়াংশের অঙ্কটি অর্থাৎ কর্মচারীর ঘরোয়া বা ব্যক্তিগত ব্যবহারের জন্য ব্যয়িত অর্থের অঙ্কই হইল মোটরগাড়ী সংক্রান্ত বেতন পূরকের মূল্য।

কিন্তু মোটরগাড়ী সংক্রান্ত উপরোক্ত খরচগুলিকে যেক্ষেত্রে উপরোক্তভাবে বণ্টন করা সম্ভব হয় না, সেক্ষেত্রে নিম্নের অবস্থা দুইটি বিচার করিয়া মোটরগাড়ী সংক্রান্ত বেতন পূরকের মূল্যায়ন করিতে হইবে

(ক) যেক্ষেত্রে আংশিকভাবে কর্মচারীর অফিসের কর্তব্য সম্পাদনে ও আংশিকভাবে তাহার ঘরোয়া বা ব্যক্তিগত প্রয়োজনে ব্যবহৃত মোটরগাড়ীটির রক্ষণাবেক্ষণ ও চালনা সংক্রান্ত যাবতীয় **খরচ নিয়োগকর্তা নিজেই বহন করেন** সেক্ষেত্রে সংশ্লিষ্ট গাড়ীটির অশ্বশক্তি যদি 16-এর অনধিক বা উহার ইঞ্জিনের ঘনক্ষমতা (Cubic capacity) 1.88 লিটারের অনধিক হয়, তবে মোটরগাড়ী-সংক্রান্ত বেতন পূরকের মূল্য হইবে মাসিক 150 টাকা।

কিন্তু এরূপক্ষেত্রে গাড়ীটির অশ্বশক্তি যদি 16 এর অধিক বা উহার ইঞ্জিনের ঘনক্ষমতা (Cubic capacity) 1.88 লিটারের অধিক হয়, তবে মোটরগাড়ী সংক্রান্ত বেতন-পূরকের মূল্য হইবে মাসিক 250 টাকা।

(খ) যেক্ষেত্রে আংশিকভাবে কর্মচারীর অফিসের কর্তব্য সম্পাদনে ও আংশিকভাবে তাহার ব্যক্তিগত প্রয়োজনে ব্যবহৃত মোটরগাড়ীটির রক্ষণাবেক্ষণ ও চালনা-সংক্রান্ত যাবতীয় খরচ কর্মচারী নিজের পকেট হইতে বহন করিয়া থাকে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট গাড়ীটির অশ্বশক্তি যদি 16 এর অনধিক বা উহার ইঞ্জিনের ঘনক্ষমতা (Cubic capacity) 1.88 লিটারের অনধিক হয়, তবে মোটরগাড়ী সংক্রান্ত বেতন পূরকের মূল্য হইবে মাসিক 60 টাকা।

কিন্তু এরূপক্ষেত্রে গাড়ীটির অশ্বশক্তি যদি 16 এর অধিক বা উহার ইঞ্জিনের ঘনক্ষমতা (Cubic capacity) 1.88 লিটারের অধিক হয়, তবে মোটরগাড়ী সংক্রান্ত বেতন পূরকের মূল্য হইবে মাসিক 100 টাকা।

1962 সালের আয়কর নিয়মাবলীতে[1] উপরোক্ত আলোচনাটিকে নিম্নলিখিতভাবে তালিকার আকারে লিপিবদ্ধ করা হইয়াছে

	প্রতি পঞ্জিকা মাসে বেতন-পূরকের মূল্য	
	যেক্ষেত্রে গাড়ীর অশ্বশক্তি 16 এর অনধিক অথবা গাড়ীর ইঞ্জিনের ঘন ক্ষমতা 1.88 লিটারের অনধিক	যেক্ষেত্রে গাড়ীর অশ্বশক্তি 16 এর অধিক অথবা গাড়ীর ইঞ্জিনের ঘনক্ষমতা 1.88 লিটারের অধিক
	টাকা	টাকা
1 যেক্ষেত্রে মোটরগাড়ী নিয়োগকর্তার স্বত্বাধীন বা তৎকর্তৃক ভাড়াকৃত এবং ইহার রক্ষণাবেক্ষণ ও চালনা খরচ নিয়োগকর্তা কর্তৃক কর্মচারীকে প্রদত্ত হয় অথবা প্রতিপূরণ (reimburse) করা হয়।		250
2 যেক্ষেত্রে মোটরগাড়ী নিয়োগকর্তার স্বত্বাধীন বা তৎকর্তৃক ভাড়াকৃত কিন্তু কর্মচারীর নিজের যাতায়াত বা ব্যক্তিগত প্রয়োজনে ইহার রক্ষণাবেক্ষণ ও চালনা খরচ করদাতা কর্মচারী নিজের পকেট হইতে বহন করিয়া থাকেন।	60	100

(iii) **কর্মচারীর স্বত্বাধীন মোটরগাড়ী, কিন্তু ইহার চালনা ও রক্ষণাবেক্ষণ-সংক্রান্ত যাবতীয় খরচ নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত হয় (Motor-car owned by the employee but the running and maintenance expenses are fully met by the employer):** এরূপ মোটরগাড়ীর চালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত খরচগুলিকে

[1] **Income tax Rules, 1962—*Rule 3***

আয়কর অফিসার বিশ্লেষণ করিয়া দেখিবেন এবং কর্মচারীর ঘরোয়া বা ব্যক্তিগত প্রয়োজনে উহার যে অংশ ব্যয় করা হইয়াছে তাহা অনুমান করিবেন। উক্ত অনুমিত অঙ্কই হইবে মোটরগাড়ী সংক্রান্ত বেতন পূরকের মূল্য।

VIII কর্মচারীর ব্যবহারের জন্য নিয়োগকর্তা কর্তৃক বিনাভাড়ায় প্রদত্ত অন্য কোনরূপ যান (Any other vehicle provided by the employer for free use by the employee) : কর্মচারী কর্তৃক বিনামূল্যে ব্যবহারের জন্য মোটরগাড়ী ব্যতীত অন্য কোন যানের ব্যবস্থা করা হইলে নিয়োগকর্তার এতৎসংক্রান্ত খরচগুলিকে আয়কর অফিসার বিশ্লেষণ করিয়া দেখিবেন এবং মোট খরচের যে অংশ কর্মচারীর ঘরোয়া বা ব্যক্তিগত প্রয়োজনে ন্যায্যভাবে ব্যয়িত হইয়াছে উহার অঙ্ক নিরূপণ করিবেন। উক্ত নিরূপিত অঙ্কই বেতন পূরকের মূল্য বলিয়া বিবেচিত হইবে।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, সংশ্লিষ্ট যানটির স্বাভাবিক ক্ষয়ক্ষতি ও অবচয়ের আনুপাতিক অঙ্ক এবং নিয়োগকর্তা যদি যানটি ভাড়া লইয়া থাকেন, তবে ঐ ভাড়ার আনুপাতিক অঙ্কও বেতন পূরকের মূল্যের সহিত যুক্ত হইবে।

বিনাভাড়ার গৃহ-সংস্থান
(Rent Free Accommodation)

1962 সালের আয়কর নিয়মাবলীর 3 নম্বর নিয়মে[1] বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্যায়ন সম্পর্কে নিম্নলিখিত নির্দেশ প্রদত্ত হইয়াছে

নিয়োগকর্তার নিকট হইতে কর্মচারী যদি বিনাভাড়ায় কোন বাসগৃহ পাইয়া থাকে, তবে অনুমানের উপর ভিত্তি করিয়া ঐ গৃহের ভাড়ার মূল্যায়ন করিতে হইবে এবং এরূপভাবে নির্ণীত অঙ্ক কর্মচারীর বেতন আয়ের সহিত যুক্ত হইবে। এরূপক্ষেত্রে নিম্নলিখিতভাবে গৃহটির ভাড়া অনুমান করিতে হইবে

[1] "The value of rent free residential accommodation shall ordinarily be estimated at the sum equal to—

where the accommodation is not furnished—10 per cent

where the accommodation is furnished 12.5 per cent of the salary due to the assessee in respect of the period of his occupation of the said accommodation during the relevant previous year but—

(i) where the fair rental value of the accommodation is in excess of 25 per cent (if furnished) or 20 per cent (if unfurnished) of the employee's salary the value of the perquisite shall be taken to be 12.5 per cent or 10 per cent respectively of the salary increased by a sum equal to the amount by which the fair rental value exceed 25 per cent (when accommodation is furnished or 20 per cent (when accommodation is unfurnished) of salary

(ii) where the assessee claims and the Income tax officer is satisfied that the sum arrived at on the basis of first mentioned *exceeds the fair rental value* of the accommodation the value of the perquisite to the assessee shall be limited to such fair rental value —*Income-tax Rules, 1962, Rule 3*

(i) গৃহটি **আসবাব শূন্য (Unfurnished)** হইলে কর্মচারীর বেতনের 10% ঐ গৃহের ভাড়া বলিয়া অনুমান করিতে হইবে।

(ii) গৃহটি **আসবাব সমেত (Furnished)** হইলে কর্মচারীর বেতনের 12½% ঐ গৃহের ভাড়া বলিয়া অনুমান করিতে হইবে।

উপরোক্ত উপায়ে বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্যায়ন করাই হইল সাধারণ নিয়ম। কিন্তু **যেক্ষেত্রে ন্যায্য-ভাড়ার (Fair Rent) প্রশ্ন থাকে** এবং উপরোক্ত (i) ও (ii) নম্বরে বর্ণিত বেতনের শতকরা হার ভিত্তিক অনুমিত ভাড়া [অর্থাৎ (i) নম্বরে বর্ণিত বেতনের 10% এবং (ii) নম্বরে বর্ণিত বেতনের 12½%] অপেক্ষা ন্যায্য ভাড়া **কম হয়** সেক্ষেত্রে ন্যায্য ভাড়াই হইবে **বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্য।** আবার (i) ও (ii) নম্বরে বর্ণিত বেতনের শতকরা হার ভিত্তিক **অনুমিত** ভাড়া [অর্থাৎ (i) নম্বরে বর্ণিত বেতনের 10% বা (ii) নম্বরে বর্ণিত বেতনের 12½%] যদি ন্যায্য ভাড়ার **সমান** হয়, তবে আসবাবশূন্য গৃহের ক্ষেত্রে বেতনের 10% বা আসবাবসমেত গৃহের **ক্ষেত্রে** বেতনের 12½% হইবে বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্য। কিন্তু আইন নির্দিষ্ট উক্ত বেতনের **শতকরা** হার ভিত্তিক অনুমিত ভাড়া [অর্থাৎ উপরোক্ত (i) ও (ii) নম্বরে বর্ণিত 10% বা 12½%] অপেক্ষা **ন্যায্য ভাড়া বেশী হইলে** নিম্নলিখিতভাবে বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্যায়ন করিতে হইবে

(ক) **আসবাবশূন্য (Unfurnished) গৃহের ক্ষেত্রে :**

(i) যদি ন্যায্য ভাড়া কর্মচারীর বেতনের **10%-এর বেশী,** কিন্তু উহার **20%-এর সমান বা কম** হয়, তবে বেতনের 10% ই হইবে বিনা ভাড়ার গৃহ সংস্থানের মূল্য এবং উহা কর্মচারীর বেতন আয়ের সহিত যুক্ত হইবে।

(ii) যদি ন্যায্য ভাড়া কর্মচারীর বেতনের **20%-এর বেশী** হয় তাহা হইলে বেতনের 10%+(ন্যায্য ভাড়া − বেতনের 20%) হইবে বিনা ভাড়ার গৃহ সংস্থানের মূল্য এবং উহা কর্মচারীর বেতন আয়ের সহিত যুক্ত হইবে।

(খ) **আসবাব সমেত (Furnished) গৃহের ক্ষেত্রে :**

(i) যদি ন্যায্য ভাড়া কর্মচারীর বেতনের 12½% **এর বেশী,** কিন্তু উহার 25% **এর সমান বা কম** হয়, তবে বেতনের 12½% ই হইবে বিনা ভাড়ার গৃহ সংস্থানের মূল্য এবং উহা কর্মচারীর বেতন আয়ের সহিত যুক্ত হইবে।

(ii) যদি ন্যায্য ভাড়া কর্মচারীর বেতনের 25% **এর বেশী হয়,** তাহা হইলে বেতনের 12½%+(ন্যায্য ভাড়া − বেতনের 25%) হইবে বিনা ভাড়ার গৃহ সংস্থানের মূল্য এবং উহা কর্মচারীর বেতন আয়ের সহিত যুক্ত হইবে।

কলিকাতা, বোম্বাই, দিল্লী বা মাদ্রাজের বাড়ীর ক্ষেত্রে উপরোক্ত 20% ও 25%-এর

স্থলে যথাক্রমে 30% ও 37½% এর উপর ভিত্তি করিয়া উপরোক্তভাবে গণনা করিতে হইবে। [আয়কর বিভাগের নির্দেশ অনুসারে।]

চা বাগানের ক্ষেত্রে, আসবাব শূন্য গৃহ হইলে বেতনের 7½% এবং আসবাব সমেত গৃহ হইলে বেতনের 9% (সর্বোচ্চ সীমা যথাক্রমে বার্ষিক 7,500 টাকা ও 9,000 টাকা) আনুমানিক ভাড়া বলিয়া বিবেচিত হইবে। [আয়কর বিভাগের নির্দেশ অনুসারে।]

যে বেতনের উপর উপরোক্ত শতকরা হার গণনা করা হয়, তাহা কর্মচারীর মূল বেতন, বোনাস ও কমিশন লইয়া গঠিত, সাধারণতঃ এই বেতনের সহিত **মহার্ঘ-ভাতা (Dearness Allowance) যুক্ত হইবে না**, কিন্তু বার্ধক্য বৃত্তি ও অবসরগ্রহণকালীন সুযোগ সুবিধার (Superannuation বা Retirement benefits) অর্থমূল্য নিরূপণ করিবার জন্য মহার্ঘ ভাতা গণনার মধ্যে ধরা হইলে উহা বেতন আদের সহিত যুক্ত হইবে। নিয়োগকর্তা কর্তৃক কর্মচারীর প্রভিডেণ্ট ফাণ্ডে যে অর্থ প্রদান করা হয় তাহাও উক্ত বেতন গণনা করার সময় যুক্ত হইবে না। কর্মচারী যদি কোন আইনগত করমুক্ত ভাতা যথা, আপ্যায়ন ভাতা (Entertainment Allowance) পাইয়া থাকে তবে উহাও উক্ত বেতন গণনা করার সময় যুক্ত হইবে না।[1]

ন্যায্য ভাড়া
(Fair Rent)

যে ন্যায্য অর্থের বিনিময়ে কোন গৃহ সাধারণতঃ ভাড়া দেওয়া যায়, উহাকে ঐ গৃহের **ন্যায্য-ভাড়া (Fair Rent)** বলা হয়। কেন্দ্রীয় বা রাজ্য সরকারের বা উহাদের অধীনস্থ বিভিন্ন প্রতিষ্ঠান বা সংস্থাসমূহের কর্মচারিগণের আবাসের জন্য ব্যবহৃত গৃহের ন্যায্য ভাড়া কিভাবে নিরূপণ করা হইবে সে বিষয়ে 1962 সালের আয়কর নিয়মাবলীতে প্রয়োজনীয় নিয়মাবলী লিপিবদ্ধ আছে। এতদ্ব্যতীত অন্যান্য ক্ষেত্রে নিম্নলিখিতভাবে ন্যায্য ভাড়া নির্ধারণ করিতে হইবে

(ক) আসবাব শূন্য গৃহের ক্ষেত্রে সংশ্লিষ্ট অঞ্চলে অনুরূপ অন্য গৃহ ভাড়া দিয়া যে অর্থ অর্জন করা যায় অথবা উক্ত গৃহস্থানের জন্য মিউনিসিপ্যালিটি যে মূল্য নির্ধারণ করিয়াছে উহাদের মধ্যে যে অঙ্কটি উচ্চতর, উহাই হইবে সংশ্লিষ্ট গৃহটির ন্যায্য ভাড়া, এবং (খ) আসবাব সমেত গৃহের ক্ষেত্রে প্রথমে ধরিয়া লইতে হইবে যে, গৃহটি যেন আসবাব শূন্য এবং ঐ ভিত্তিতে উহার ন্যায্য ভাড়া নির্ণয় করিতে হইবে। তৎপরে, এরূপভাবে নির্ণীত ভাড়ার অঙ্কের সহিত আসবাবপত্রের [তাপ নিয়ন্ত্রণ যন্ত্র ও হিম সিন্দুকও (Refrigerator) ইহার অন্তর্ভুক্ত] ন্যায্য ভাড়ার

[1] Salary includes the pay allowances bonus or commission payable monthly or otherwise, but does include the following, namely—

(i) dearness allowance or dearness pay unless it enters into the computation of superannuation or retirement benefits of the employee concerned

(ii) employer's contribution to the provident fund account of the assessee

(iii) allowances which are exempted from payment of tax —*Income tax Rules 1962 Rule 3*

অর্থাৎ উহাদের মূল মূল্যের 10% অথবা সংশ্লিষ্ট আসবাবপত্রগুলি ভাড়া করা হইলে উহাদের ভাড়ার অঙ্ক যোগ করা হইলে আসবাবসমেত গৃহের ন্যায্য ভাড়া নিরূপণ করা যাইবে। [আয়কর নিয়মাবলী, 1962 এর 3 নম্বর নিয়ম[1]।]

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : বিনা ভাড়ায় গৃহ সংস্থানের (Rent free Accommodation) মূল্যায়ন সংক্রান্ত উপরোক্ত সমগ্র আলোচনাকে পরীক্ষার্থিগণ সহজে মনে রাখিবার জন্য ইহা নিম্নলিখিতভাবে **তালিকার আকারে সংক্ষেপে** প্রকাশ করা যাইতে পারে

	বিনা ভাড়ায় গৃহ সংস্থানের মূল্য	
	আসবাব শূন্য গৃহের ক্ষেত্রে	আসবাব সমেত গৃহের ক্ষেত্রে
1 **সাধারণ বিধান**	বেতনের 10%	বেতনের 12½%
2 **বিশেষ বিধান** (ন্যায্য ভাড়ার ক্ষেত্রে প্রযোজ্য)		
(i) যদি ন্যায্য ভাড়া আসবাব শূন্য গৃহের ক্ষেত্রে বেতনের 10% এবং আসবাব সমেত গৃহের ক্ষেত্রে বেতনের 12½% অপেক্ষা **কম** হয়, তবে	ন্যায্য ভাড়া	ন্যায্য ভাড়া
(ii) যদি ন্যায্য ভাড়া আসবাব শূন্য গৃহের ক্ষেত্রে বেতনের 10% এর এবং আসবাব সমেত গৃহের ক্ষেত্রে বেতনের 12½% এর **সমান** হয় তবে	বেতনের 10%	বেতনের 12½%
(iii) যদি ন্যায্য ভাড়া আসবাব শূন্য গৃহের ক্ষেত্রে বেতনের 10% এর **বেশী**, কিন্তু 20% এর **কম বা সমান** এবং আসবাব সমেত গৃহের ক্ষেত্রে বেতনের 12½% এর বেশী, কিন্তু 25% এর **কম বা সমান** হয় তবে	বেতনের 10%	
(iv) যদি ন্যায্য ভাড়া আসবাব শূন্য গৃহের ক্ষেত্রে বেতনের 20% এর এবং আসবাব সমেত গৃহের ক্ষেত্রে বেতনের 25% এর **বেশী** হয়, তবে	বেতনের 10% + (ন্যায্য ভাড়া — বেতনের 20%)	বেতনের 12½% + (ন্যায্য ভাড়া — বেতনের 25%)

[1] "The fair rental value shall be—

(ii) in other cases—

* Where the accommodation is not furnished the rent which a similar accomodation would realise in the same locality or the municipal valuation in respect of the accommodation whichever is higher and

where the accommodation is furnished the fair rental value of the accommodation as if it were not furnished *plus* the fair rent for the furniture (including air conditioning equipments and refrigerators), calculated at 10 per cent per annum on the original cost of the furniture, or if the furniture is hired from a third party the actual hire charges payable therefor"
—*Income-tax Rules 1962 Rule 3*

মন্তব্য—:(ক) কলিকাতা, বোম্বাই, মাদ্রাজ ও দিল্লীর ক্ষেত্রে উপরোক্ত 2 (২খ) এ বর্ণিত 20% ও 25%-এর পরিবর্তে যথাক্রমে 30% ও 37½ % ধরিয়া গণনা করিতে হইবে।

(খ) উপরোক্ত ক্ষেত্রগুলিতে বেতনের শতকরা হার গণনা করিবার সময় নিম্নলিখিতভাবে বেতনের অঙ্ক নিরূপণ করিতে হইবে

বেতন=মূল বেতন+বোনাস+কমিশন। এখানে লক্ষ্য করিবার বিষয় এই যে, এক্ষেত্রে মহার্ঘ ভাতা এবং আইনত করযোগ্য নহে এরূপ ভাতা (যথা, আপ্যায়ন ভাতা) বেতনের অন্তর্ভুক্ত বিষয় বলিয়া গণ্য হইবে না।

নিম্নলিখিত তালিকাগুলিতে 1, 2, 3 প্রভৃতি ক্রমিক নম্বর অনুসারে প্রদত্ত উদাহরণগুলির সাহায্যে বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্যায়ন সংক্রান্ত উপরোক্ত আলোচনাটিকে সুস্পষ্টভাবে প্রকাশ করা যাইতে পারে

(ক) আসবাব-শূন্য গৃহ-সংস্থানের ক্ষেত্রে

ক্রমিক নম্বর	স্থান	বেতন	ন্যায্য ভাড়া	মূল্যায়ন (Valuation) ভিত্তি ন্যায্য ভাড়া বা বেতনের 10%	+ বেতনের 20% এর অতিরিক্ত অঙ্ক	+ বেতনের 30% এর অতিরিক্ত অঙ্ক	মোট
		টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা
1	আসানসোল	10 000	900	900	—	—	900
2	গিরিডি	12 000	1 600	1 200	—	—	1 200
3	কৃষ্ণনগর	8 500	1 700	850	—	—	850
4	পাটনা	13 000	2 700	1 300	100	—	1 400
5	কলিকাতা	14 000	4 900	1 400	—	700	2 100

(খ) আসবাব-সমেত গৃহ-সংস্থানের ক্ষেত্রে

ক্রমিক নম্বর	স্থান	বেতন	ন্যায্য ভাড়া	মূল্যায়ন (Valuation) ভিত্তি ন্যায্য ভাড়া বা বেতনের 12 5%	+ বেতনের 25% এর অতিরিক্ত অঙ্ক	+ বেতনের 37 5% এর অতিরিক্ত অঙ্ক	মোট
		টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা
1	আসানসোল	12 400	950	950	—	—	950
2	গিরিডি	17 000	3 500	2 125	—	—	2 125
3	কৃষ্ণনগর	16 000	4 000	2 000	—	—	2 000
4	পাটনা	21 000	6 000	2 625	750	—	3,375
5	কলিকাতা	25 000	10 000	3 125	—	625	3,750

সুবিধাজনক ভাড়ায় আবাসগৃহ সংস্থান

(Accommodation at Concessional Rent)

যেক্ষেত্রে কর্মচারীকে সম্পূর্ণ বিনাভাড়ায় আবাসগৃহ প্রদান করা হয় না, তৎপরিবর্তে তাহার নিকট হইতে ন্যায্য ভাড়া অপেক্ষা কম ভাড়া আদায় করা হয়, অর্থাৎ তাহাকে সুবিধাজনক ভাড়ায় (Concessional Rent) আবাসগৃহ দেওয়া হয়, সেক্ষেত্রেও ইতিপূর্বে আলোচিত প্রণালীতেই বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্যায়ন করিতে হইবে। কিন্তু এরূপভাবে নিরূপিত ভাড়ার অঙ্ক হইতে কর্মচারী কর্তৃক প্রদত্ত ভাড়ার অঙ্ক বিয়োগ করিতে হইবে।[1]

Problem 42 The following are the particulars of the salary of Ajit Banerjee who lives in a house supplied by his employers free of rent

		Rs
(a)	Basic salary	1,500 Per month
(b)	Dearness Allowance	350 Per month
(c)	Bonus	1,200 Per year
(d)	Calcutta City Allowance	150 Per month

You are to ascertain the value of rent free accommodation given to Ajit Banerjee by his employers, (*i*) if the said house is *unfurnished* and (*ii*) if the said house is *furnished*

(অজিত ব্যানার্জির বেতনের বিবর। নিম্নে প্রদত্ত হইল। নিয়োগকর্তাগণ কর্তৃক প্রদত্ত কোন গৃহে তিনি বিনাভাড়ায় বাস করেন

		টাকা
(ক)	মূল বেতন	1,500 মাসিক
(খ)	মহার্ঘ ভাতা	350
(গ)	বোনাস	1 200 বার্ষিক
(ঘ)	কলিকাতা মহানগরীর ভাতা	150 মাসিক

অজিত ব্যানার্জিকে প্রদত্ত বিনাভাড়ার গৃহসংস্থানের মূল্য নিরূপণ করিতে হইবে (i) যদি উক্ত গৃহটি আসবাব শূন্য হয় ও (ii) যদি উক্ত গৃহটি আসবাব সমেত হয়।)

Solution প্রদত্ত প্রশ্নে অজিত ব্যানার্জির বেতন=মূল মাহিনা+বোনাস+কলিকাতা মহানগরীর ভাতা। অবসরবৃত্তি গণনা করিবার সময় মহার্ঘ ভাতার অঙ্ক হিসাবে ধরা হইবে না বলিয়া উহা উপরোক্ত বেতনের অন্তর্গত করা হয় নাই।

[1] The value of residential accommodation provided at a *concessional rent* shall be determined as the *sum* by which the value computed in accordance with clause (a) as if the accommodation were provided free of rent exceeds the rent actually payable by the assessee for the period of his occupation during the relevant previous year "—*Income tax Rules, 1962 Rule 3.*

(i) আসবাব-শূন্য গৃহের ক্ষেত্রে —

		টাকা
মূল বেতন	1,500 টা × 12	18,000
বোনাস		1,200
মহানগরীর ভাতা	150 টা × 12	1,800
	মোট	21,000

সুতরাং, **আসবাব শূন্য গৃহ-সংস্থানের মূল্য** = 21,000 টাকার 10% = 2,100 টাকা

(ii) আসবাব সমেত গৃহের ক্ষেত্রে —

মূল বেতন	1,500 টা × 12	18,000
বোনাস		1,200
মহানগরীর ভাতা	1,50 টা × 12	1,800
	মোট	21,000

সুতরাং, **আসবাব সমেত গৃহ সংস্থানের মূল্য** = 21,000 টাকার $12\frac{1}{2}\%$ = 2,62০ টাকা।

Problem 43 Aditya draws a salary of Rs 50,000 per annum He lives in an unfurnished rent free house supplied by his employers The fair rent of the house is Rs 4,500 per annum

You are to ascertain the value of the rent free accommodation

[আদিত্য বার্ষিক 50 000 টাকা বেতন পায়। নিয়োগকর্তাগণ কর্তৃক প্রদত্ত আসবাব শূন্য একটি বিনা-ভাড়ার বাড়ীতে সে বাস করে। বাড়ীটির বার্ষিক ন্যায্য ভাড়া 4 500 টাকা।

বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্যায়ন করিতে হইবে।]

Solution বেতনের অর্থাৎ 50,000 টাকার 10% = 5,000 টাকা, কিন্তু এক্ষেত্রে উক্ত বেতনের শতকরাভিত্তিক অঙ্ক অপেক্ষা ন্যায্য ভাড়ার অঙ্ক নিম্নতর বলিয়া ন্যায্য ভাড়ার অঙ্ক অর্থাৎ 4,500 টাকাই বিনা ভাড়ার গৃহ সংস্থানের মূল্য বলিয়া নির্ধারিত হইবে।

Problem 44 Prabhat draws a salary of Rs 50,000 per annum He lives in an unfurnished rent free house supplied by his employers The fair rent of the house is Rs 5,800 per annum

You are to ascertain the value of rent free accommodation

[প্রভাত বার্ষিক 50 000 টাকা বেতন পায়। নিয়োগকর্তাগণ কর্তৃক প্রদত্ত আসবাব শূন্য একটি বিনাভাড়ার বাড়ীতে সে বাস করে। বাড়ীটির বার্ষিক ন্যায্য ভাড়া 5 800 টাকা।

বিনাভাড়ার গৃহ-সংস্থানের মূল্যায়ন করিতে হইবে।]

Solution বেতনের অর্থাৎ 50,000 টাকার 10% = 5,000, উক্ত অঙ্ক অপেক্ষা ন্যায্য-ভাড়ার অঙ্ক (5,800 টাকা) উচ্চতর, কিন্তু ইহা বেতনের 20% (অর্থাৎ 50,000 টাকার

20% = 10,000 টাকা) অপেক্ষা নিম্নতর বলিয়া বেতনের 10% বিনা ভাড়ার গৃহ-সংস্থানের মূল্য বলিয়া নির্ধারিত হইবে।

অর্থাৎ, **বিনাভাড়ার আসবাব শূন্য গৃহ সংস্থানের মূল্য** = 50,000 টাকার 10%
= 5,000 টাকা।

Problem 45 Mr Roychowdhury, employed as the manager of a Calcutta firm since 1960 supplies the following particulars of his income for the year ended 31st March, 1968

(a) Monthly salary Rs 1,000

(b) Entertainment @ Allowance Rs 300 per month

(c) Bonus equal to 3 months basic salary

(d) Commission @ 1% on firm's net profit which for the year end 31st March, 1968 amounted to Rs 2,00,000

(e) A rent free furnished quarter at Calcutta was provided to him for which the firm paid annual rent of Rs 5,000 which is considered to be the fair rent of the house

You are required to ascertain the value of the rent free accommodation

[1960 সাল হইতে কলিকাতার কোন ব্যবসায় প্রতিষ্ঠানে ম্যানেজাররূপে কর্মরত মি রায়চৌধুরী 31শে মার্চ 1968 তারিখে সমাপ্ত বৎসরের জন্য তাহার আয়ের নিম্নলিখিত বিবরণগুলি প্রদান করিল

(ক) মাসিক বেতন—1000 টাকা

(খ) আপ্যায়ন ভাতা—মাসিক 300 টাকা হারে

(গ) বোনাস—তিন মাসের মূল বেতনের সমান

(ঘ) প্রতিষ্ঠানের নীট মুনাফার উপর 1% হারে কমিশন—31শে মার্চ 1968 তারিখ বর্ষশেষে প্রতিষ্ঠানের নীট মুনাফা হইয়াছিল 2 00 000 টাকা

(ঙ) তাহাকে কলিকাতাতে একটি আসবাব সমেত বাসাবাড়ী বিনাভাড়ায় দেওয়া হইয়াছিল—ইহার জন্য ব্যবসায়-প্রতিষ্ঠানটি বার্ষিক 5 000 টাকা ভাড়া প্রদান করে এবং উক্ত অঙ্কই ইহার ন্যায্য ভাড়া বলিয়া বিবেচিত হয়।

বিনাভাড়ার গৃহ-সংস্থানের মূল্যায়ন করিতে হইবে।]

Solution বেতন	টাকা
মূল বেতন (1,000 টা × 12)	12,000
আপ্যায়ন ভাতা (300 টা × 12)	3,600
বোনাস (1,000 টা × 3)	3,000
কমিশন (2,00,000 টাকার 1%)	2,000
মোট বেতন	20,600

প্রদত্ত তথ্যাবলীতে বিশেষ লক্ষণীয় এই যে, সংশ্লিষ্ট গৃহটি আসবাব সমেত এবং ইহা কলিকাতায় অবস্থিত। সুতরাং, এক্ষেত্রে নিম্নলিখিতভাবে বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্যায়ন করিতে হইবে

বেতনের 12½% অর্থাৎ 20,600 টাকার 12½%—2,575 টাকা। উক্ত অঙ্ক অপেক্ষা ন্যায্য-ভাড়ার অঙ্ক (5,000 টাকা) উচ্চতর, কিন্তু ইহা বেতনের 37½% (অর্থাৎ 20,600 টাকার 37½%—7,725 টাকা অপেক্ষা নিম্নতর বলিয়া বেতনের 12½% হইবে বিনা ভাড়ার গৃহ সংস্থানের মূল্য। সুতরাং বিনাভাড়ার আসবাব সমেত গৃহ সংস্থানের মূল্য=20,600 টাকার 12½%—2,575 টাকা।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : যেক্ষেত্রে ন্যায্য ভাড়ার অঙ্ক আসবাব শূন্য গৃহের ক্ষেত্রে আইন নির্ধারিত শতকরা ভিত্তিক ভাড়ার অঙ্ক (অর্থাৎ আসবাব শূন্য গৃহের ক্ষেত্রে বেতনের 10% এবং আসবাব সমেত গৃহের ক্ষেত্রে বেতনের 12½%) অপেক্ষা উচ্চতর, কিন্তু আসবাব শূন্য গৃহের ক্ষেত্রে বেতনের 20% এবং আসবাব সমেত গৃহের ক্ষেত্রে বেতনের 25% অপেক্ষা নিম্নতর বা উহার সমান হয়, সেক্ষেত্রে উপরোক্তভাবে বিনা ভাড়ার গৃহ সংস্থানের মূল্যায়ন করিতে হইবে। কিন্তু যে ক্ষেত্রে ন্যায্য ভাড়ার অঙ্ক আসবাব শূন্য গৃহের ক্ষেত্রে বেতনের 20% ও আসবাব সমেত গৃহের ক্ষেত্রে বেতনের 25% অপেক্ষা উচ্চতর হয়, সেক্ষেত্রে কিভাবে বিনা ভাড়ার গৃহ সংস্থানের মূল্যায়ন করিতে হইবে তাহা নিম্নের অঙ্কগুলিতে দেখানো হইল।

Problem 46 The salary of Prabir Roy, an employee of Bharat Traders Limited is Rs 50 000 per year He occupies an unfurnished house rented by his employers The fair rent of the house is Rs 11,000 per annum

You are to ascertain the value of the rent free accommodation

[ভারত ট্রেডার্স লিমিটেডের কর্মচারী প্রবীর রায়ের বেতন বার্ষিক 50 000 টাকা। নিয়োগকর্তাগণ কর্তৃক ভাড়াকৃত একটি আসবাব শূন্য গৃহে তিনি বাস করেন। গৃহটির ন্যায্য ভাড়া বার্ষিক 11 000 টাকা। বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্যায়ন করিতে হইবে।]

Solution

	টাকা
বার্ষিক বেতনের (অর্থাৎ 50,000 টাকার) 10%	5,000
+ [ন্যায্য ভাড়া − 50,000 টাকার 20% অর্থাৎ 11,000 টা − 10,000 টা]	1,000
বিনাভাড়ার আসবাবশূন্য গৃহ-সংস্থানের মূল্য	6,000

Problem 47 The salary of Prabir Roy, an employee of Bharat Traders Limited is Rs 50,000 per annum He occupies an unfurnished house rented by his employers The house is situated in Calcutta and its fair rent is Rs 17,000 per annum

You are to ascertain the value of the rent free accommodation

[ভারত ট্রেডার্স লিমিটেডের কর্মচারী প্রবীর রায়ের বেতন বার্ষিক 50 000 টাকা। নিয়োগকর্তাগণ কর্তৃক ভাড়াকৃত একটি আসবাব শূন্য গৃহে তিনি বাস করেন। গৃহটি কলিকাতায় অবস্থিত এবং ইহার ন্যায্য ভাড়া বার্ষিক 17,000 টাকা। বিনাভাড়ার গৃহ-সংস্থানের মূল্যায়ন করিতে হইবে।]

Solution	টাকা
বার্ষিক বেতনের (অর্থাৎ 50,000 টাকার) 10%	5,000
+[ন্যায্য ভাড়া - 50,000 টাকার 30%	
অর্থাৎ 17,000 টাকা - 15,000 টাকা]	2,000
বিনাভাড়ার আসবাব-শূন্য গৃহ সংস্থানের মূল্য	7,000

Problem 48 The salary of Prabir Roy an employee of Bharat Traders Limited is Rs 50 000 He occupies a furnished house rented by his employers The fair rent of the house is Rs 13 000 per annum

You are to ascertain the value of the rent free accommodation

[ভারত ট্রেডার্স লিমিটেডের কর্মচারী প্রবীর রায়ের বেতন বার্ষিক 50 000 টাকা। নিয়োগকর্তাগণ কর্তৃক ভাড়াকৃত একটি আসবাব সমেত গৃহে তিনি বাস করেন। গৃহটির ন্যায্য ভাড়া বার্ষিক 13 000 টাকা। বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্যায়ন করিতে হইবে।]

Solution	টাকা
বার্ষিক বেতনের (অর্থাৎ 50,000 টাকার) $12\frac{1}{2}$%	6,250
+[ন্যায্য ভাড়া 50,000 টাকার 25%	
অর্থাৎ 13 000 টাকা - 12,500 টাকা]	500
বিনাভাড়ার আসবাব সমেত গৃহ সংস্থানের মূল্য	6,750

Problem 49 The salary of Prabir Roy, an employee of Bharat Traders Limited is Rs 50 000 He occupies a furnished house rented by his employers The house is situated at Calcutta and its fair rent is Rs 20 000 per annum

You are to ascertain the value of the rent-free accommodation

[ভারত ট্রেডার্স লিমিটেডের কর্মচারী প্রবীর রায়ের বেতন বার্ষিক 50 000 টাকা। নিয়োগকর্তাগণ কর্তৃক ভাড়াকৃত একটি আসবাব সমেত গৃহে তিনি বাস করেন। গৃহটি কলিকাতায় অবস্থিত এবং ইহার ন্যায্য ভাড়া 20 000 টাকা। বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্যায়ন করিতে হইবে।]

Solution	টাকা
বার্ষিক বেতনের (অর্থাৎ 50,000 টাকার) $12\frac{1}{2}$%	6,250
+[ন্যায্যভাড়া - 50,000 টাকার $37\frac{1}{2}$%	
অর্থাৎ 20,000 টাকা - 18,750 টাকা]	1,250
বিনাভাড়ার আসবাব-সমেত গৃহ সংস্থানের মূল্য	7,500

Problem 50 Following are the details of the salary of Subir Sen, the manager of Dhanbad Colliery Ltd for the assessment year, 1969 70

	Rs	
Basic Salary	2,000	per month
Dearness Allowance	300	„ „
Entertainment Allowance		
(Since 1st April, 1952)	250	„ „
Bonus	2,000	per year
Commission	4,000	„ „
Rent free quarter—rent payable by the Colliery Company	600	per month

You are to ascertain the value of the rent free accommodation under the following circumstances

(i) If the quarter is unfurnished

(ii) If the quarter is furnished

[1969 70 করনির্ধারণ বৎসরে ধানবাদ কোলিয়ারী লিমিটেডের ম্যানেজার সুবীর সেনের বেতনের পূর্ণ বিবরণ নিম্নে দেওয়া হইল

	টাকা
মূল বেতন	2 000 মাসিক
মহার্ঘ ভাতা	300
আপ্যায়ন ভাতা	
(1952 সালের 1লা এপ্রিল হইতে)	250
বোনাস	2 000 বার্ষিক
কমিশন	4 000
বিনাভাড়ায় আসবাব শূন্য গৃহ—	
ভাড়া কোম্পানী কর্তৃক প্রদেয়	600 মাসিক

নিম্নলিখিত অবস্থাগুলিতে তোমাকে বিনাভাড়ার গৃহসংস্থানের মূল্যায়ন করিতে হইবে

(i) যদি গৃহটি আসবাব শূন্য হয়

(ii) যদি গৃহটি আসবাব সমেত হয়।]

Solution 30,000 টাকা বেতনের উপর ভিত্তি করিয়া বিনাভাড়ার গৃহসংস্থানের মূল্যায়ন করিতে হইবে, উক্ত বেতন নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

	টাকা
মূল বেতন (প্রতিমাসে 2,000 টাকা হিসাবে)	24,000
বোনাস	2,000
কমিশন	4,000
বেতন	30,000

per annum to the employers towards rent of the house occupied by him The fair rent of the quarter is Rs 1 100 per annum

You are to ascertain the value of the unfurnished **accommodation at the concessional rent**

[জনকনাথ মাসিক 1 250 টাকা বেতন পায়। নিয়োগকর্তাগণ কর্তৃক প্রদত্ত আসবাব শূন্য বাড়ীতে সে বাস করে। ঐ বাড়ীর ভাড়া বাবদ সে নিয়োগকর্তাগণকে বার্ষিক 600 টাকা প্রদান করে। বাড়ীটির ন্যায্য ভাড়া বার্ষিক 1 100 টাকা। সুবিধাজনক ভাড়ায় প্রদত্ত আসবাব শূন্য গৃহ সংস্থানের মূল্যায়ন করিতে হইবে।]

Solution এক্ষেত্রে ন্যায্য ভাড়া 1,100 টাকা কর্মচারীর বেতনের অর্থাৎ 1,250 টা ×12=15,000 টাকার 20% অপেক্ষা কম।

	টাকা
বার্ষিক বেতনের (অর্থাৎ 15 000 টাকার) 10%	1,500
সুতরাং, বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্য (ন্যায্য ভাড়ার উপর ভিত্তি করিয়া)	1,100
বাদ—প্রদত্ত ভাড়া	600
সুবিধাজনক ভাড়ায় প্রদত্ত গৃহ সংস্থানের মূল্য	500

গৃহভাড়া-ভাতা

(House Rent Allowance)

যে ক্ষেত্রে কর্মচারীকে বিনাভাড়ার গৃহ সংস্থানের পরিবর্তে গৃহভাড়া ভাতা (House rent Allownce[1]) বাবদ কোন বিশেষ ভাতা প্রদান করা হয়, সেক্ষেত্রে 1962 সালের আয়কর নিয়মাবলীতে লিপিবদ্ধ বিধানগুলি প্রযোজ্য হইবে। 1962 সালের আয়কর নিয়মাবলীর 2 A নিয়মে[2] বলা হইয়াছে যে, নিম্নলিখিত চারিটি অঙ্কের মধ্যে যেটি সর্বনিম্ন হইবে, সেই পরিমাণ গৃহ ভাতার অঙ্ক কর্মচারীর বেতন আয়ের সহিত যুক্ত হইবে না

1 অনেকে ইহাকে House Allowance বা গৃহ ভাতা নামে অভিহিত করিয়া থাকেন।

2 The amount which is not to be included in the total income of an assessee in respect of the special allowance referred to in clause (13 A) of section 10 [of I T Act 1961] shall be—

(a) The actual amount of such allowance received by the assessee in respect of the relevant period Or

(b) The amount by which the expenditure actually incurred by the assessee in payment of rent in respect of residential accommodation occupied by him exceeds one tenth of the amount of salary due to the assessee in respect of the relevant period Or

(c) an amount equal to—

(i) Where such residential accommodation is situated at Ahmedabad, Bangalore Bombay Calcutta Delhi Hyderabad, Kanpur Madras or Poona one fifth of the amount of salary due to the assessee in respect of the relevant period and

(ii) Where such residential accommodation is situated at any other place, one-tenth of the amount of salary due to the assessee in respect of the relevant period, Or

(d) a sum calculated at the rate of Rs 300 per month in respect of the relevant period, whichever is less' —*Income Tax Rules, 1962—Rule 2 A*

(i) গৃহ-ভাতার জন্য কর্মচারী কর্তৃক প্রাপ্ত প্রকৃত টাকার অঙ্ক ,

(ii) যদি গৃহ ভাড়ার জন্য করদাতার বেতনের 10% এর অধিক অর্থ ব্যয় করা হয়, তাহা হইলে এইরূপ ভাড়া বাবদ যে অর্থ বেশী দেওয়া হয়, উহা ,

(iii) যদি গৃহটি কলিকাতা, বোম্বাই, দিল্লী, মাদ্রাজ, আমেদাবাদ, বাঙ্গালোর, হায়দ্রাবাদ, কানপুর বা পুণাতে অবস্থিত হয়, তাহা হইলে কর্মচারীর বেতনের 20% , কিন্তু এই শহরগুলি ছাড়া অন্যস্থানে গৃহটি অবস্থিত হইলে কর্মচারীর বেতনের 10% , এবং

(iv) মাসিক 300 টাকা হিসাবে গণনা করিয়া যে অঙ্ক হয়, উহা।

নিয়োগ চুক্তির শর্তানুসারে যদি **মহার্ঘ ভাতা** প্রদান করার বিষয় উল্লেখ থাকে, তাহা হইলে উহা উপরোক্ত ক্ষেত্রে **বেতনের সহিত যুক্ত হইবে** কিন্তু অন্যান্য ভাতা বা বেতন পূরক ইহার অন্তর্গত হইবে না[1] ।

Problem 54 : Rajen draws a basic salary of Rs 2,500 per month He is also granted a house allowance of Rs 650 per month but Rajen has a house of his own where he lives with his family

How much of the house allowance received by him should be treated as legally exempt from tax ?

[রাজেনের মূল বেতন মাসিক 2,500 টাকা। গৃহ ভাতা বাবদ তাহাকে মাসিক আরও 650 টাকা প্রদান করা হয়। কিন্তু রাজেনের নিজস্ব গৃহ আছে এবং সেখানে সে সপরিবারে বাস করে। প্রাপ্ত গৃহ ভাতার কত টাকা করমুক্ত বলিয়া বিবেচিত হইবে ?]

Solution 55 ঘর ভাড়া বাবদ রাজেনকে কোন অর্থ ব্যয় করিতে হয় না বলিয়া, সে গৃহ ভাতা বাবদ মাসিক যে 650 টাকা পায়, তাহা করমুক্ত আয় বলিয়া গণ্য হইবে না।

Problem 55 Rajen draws a basic salary of Rs 2,500 per month He lives in a house in Calcutta rented at Rs 700 per month and on that account he is granted by his employer a house allowance of Rs 650 per month

Ascertain the annual amount which is exempt under Incom tax Act on account of house allowance

[রাজেন 2,500 টাকা মূল বেতন পায়। সে মাসিক 700 টাকা ভাড়া দিয়া কলিকাতায় একটি বাড়ীতে বাস করে এবং সেইজন্য নিয়োগকর্তার নিকট হইতে মাসিক 650 টাকা হারে গৃহ ভাতা পায়। আয়কর আইন অনুসারে তাহার বার্ষিক গৃহ-ভাতার কত টাকা করমুক্ত হইবে তাহা নিরূপণ কর।]

Solution (i) গৃহ ভাতার প্রকৃত অঙ্ক 650 টাকা × 12 = 7,800 টাকা ,

(ii) 700 × 12 − (2,500 × 12) টাকার 10%

= 8,400 − 30,000 টাকার 10% = 8,400 − 3,000 = 5,400 টাকা।

[1] '*Salary* here is inclusive of dearness allowance if the terms of employment so provide, ut excludes all other allowances and perquisites —*Rule 2(h) of Part*

(iii) (2,500 × 12) টাকার 20% (গৃহটি কলিকাতায় অবস্থিত হওয়ায়)=6,000 টাকা,

(iv) 300 টা × 12=3,600 টাকা,

উপরোক্ত অঙ্ক চারিটির মধ্যে (iv) নম্বরের 3,600 টাকা সর্বনিম্ন হওয়ায় উহা রাজেনের মোট আয় হইতে বাদ যাইবে। অর্থাৎ, গৃহ-ভাতা বাবদ রাজেন বার্ষিক যে 650 টাকা × 12=7,800 টাকা পায় উহার মধ্যে 3,600 টাকা করমুক্ত, কিন্তু অবশিষ্ট 4,200 টাকা (অর্থাৎ 7,800 টাকা − 3,600 টাকা) করযোগ্য হইবে।

Problem 56 Sohanlal who is in the employ of National Traders Ltd is posted at Bhagalpur where he lives in a house for which he pays a rent of Rs 350 per month

Sohanlal draws salary and allowances as follows

	Rs	
Basic Salary	500	per month
Dearness Allowance (according to termes of employment)	400	"
House Allowance	250	"
Children's Allowance	600	"
Marriage Allowance	150	"

You are to ascertain how much of the house allowance is exempt from tax

[ন্যাশানাল ট্রেডার্স লিমিটেডের কর্মচারী সোহনলাল ভাগলপুরে কর্মরত আছে। সেখানে সে মাসিক 350 টাকা ভাড়া দিয়া একটি গৃহে বাস করে। সোহনলাল নিম্নলিখিত বেতন ও ভাতা পাইয়া থাকে

	টাকা
মূল বেতন	500 মাসিক
মহার্ঘ ভাতা (চাকুরীর শর্তানুসারে)	400
গৃহ ভাতা	250
সন্তান সন্ততির ভাতা	600
বিবাহ ভাতা	150 "

সোহনলালের গৃহ ভাতার কত টাকা করমুক্ত হইবে তাহা নিরূপণ করিতে হইবে।]

Solution : বেতন=মূল বেতন 500 টাকা+মহার্ঘ ভাতা 400 টাকা=900 টাকা।

(i) গৃহ ভাতার প্রকৃত অঙ্ক 250 টাকা,

(ii) 350 টাকা−(500+400) টাকার 10%
=350 টাকা − 90 টাকা=260 টাকা,

(iii) 900 টাকার 10%=90 টাকা।

(iv) 300 টাকা।

উপরোক্ত অঙ্ক চারিটির মধ্যে (iii) নম্বরের 90 টাকা সর্বনিম্ন হওয়ায় উহা সোহনলালের মোট আয় হইতে বাদ যাইবে। অন্যভাবে বলিতে গেলে, গৃহ-ভাতা বাবদ সোহনলাল মাসিক যে 250 পায়, উহার মধ্যে 90 টাকা করমুক্ত, কিন্তু মাসিক 160 টাকা (অর্থাৎ 250 টাকা − 90 টাকা) করযোগ্য হইবে।

Problem 57 Mr *X* draws a basic salary of Rs 2,000 per month and is granted in addition an allowance of Rs 600 per month as house rent allowance Mr *X* takes a house in Calcutta on rent for purposes of his residence and such rent is at the rate of Rs 700 per month

What amount is exempted u/s 10 (13A) of the Incom tax Act 1961 ?

[C U Three Year Degree Course, B Com (Hons), 1967]

[মি॰ *X* মাসিক 2 000 টাকা করিয়া মূল-বেতন পান। তদুপরি তিনি মাসিক 600 টাকা করিয়া গৃহভাড়া-ভাতা পান। নিজের আবাসের জন্য মি *X* কলিকাতাতে একটি গৃহ ভাড়া করিলেন। ঐ বাড়ীর ভাড়া বাবদ তিনি মাসিক 700 টাকা ব্যয় করেন।

1961 সালের আয়কর আইনের 10(13A) ধারা অনুসারে তাঁহার আয়ের কত টাকা করমুক্ত বলিয়া গণ্য হইবে ?]

Solution

(i) গৃহ ভাতার প্রকৃত অঙ্ক 600 টাকা

(ii) 700 টাকা - 2,000 টাকার 10%

=700 টাকা - 200 টাকা 500 টাকা

(iii) 2,000 টাকার 20% (গৃহটি কলিকাতায় অবস্থিত বলিয়া) 400 টাকা

(iv) 300 টাকা

উপরোক্ত অঙ্ক চারিটির মধ্য (iv) নম্বরের 300 টাকা সর্বনিম্ন হওয়ায় উহা মি *X* এর মোট আয় হইতে বাদ যাইবে। অন্যভাবে বলিতে গেলে গৃহ-ভাতা বাবদ মি *X* মাসিক যে 600 টাকা পান, উহার মধ্য 300 টাকা করমুক্ত, কিন্তু অবশিষ্ট 300 টাকা (অর্থাৎ 600 টাকা - 300 টাকা) করযোগ্য হইবে।

Problem 58 Following are the particulars of income of *A* who is married but has no dependent child for the accounting year ended 31st March 1966

(a) Work out the amount of house rent exempt and (b) total income from salary and (c) also the amount by which his income tax will be reduced on account of personal allowance

Salary Rs 1,000 per month

House Rent[1] received from employers Rs 250 per month

House Rent paid by *A* for his accommodation in Calcutta Rs 400 per month

[C U Three-Year Degree Course, B Com 1968]

[*A* বিবাহিত 1966 সালের 31শে মার্চ তারিখে যে হিসাব বৎসর শেষ হইয়াছে সেই বৎসর তাহার কোন পোষ্য সন্তান ছিল না। ঘর ভাড়া বাবদ *A* কত টাকা করমুক্তি পাইবে এবং বেতন খাতে তাহার আয় কত হইবে তাহা নিম্নলিখিত বিবরণী হইতে নিরূপণ কর এবং ব্যক্তিগত ছাড় বাবদ তাহার আয়কর কত কমিবে তাহাও নিরূপণ কর

মাসিক বেতন 1 000 টাকা

নিয়োগকর্তা হইতে প্রাপ্ত গৃহ ভাতা (মাসিক) 250 টাকা

কলিকাতায় গৃহ-সংস্থানের জন্য *A* কর্তৃক প্রদত্ত ভাড়া—মাসিক 400 টাকা।]

1 অর্থাৎ House Rent Allowance

Solution (ক) (i) গৃহ ভাতার প্রকৃত অঙ্ক (250 টাকা × 12) = 3,000 টাকা

(ii) 400 টাকা × 12 − (1,000 × 12) টাকার 10%

অর্থাৎ 4,800 টাকা − 1,200 টাকা = 3,600 টাকা

(iii) (1,000 × 12) টাকার 20% (গৃহটি কলিকাতায় অবস্থিত হওয়ায়) = 2,400 টাকা

(iv) 300 টাকা × 12 = 3,600 টাকা

উপরোক্ত অঙ্ক চারিটির মধ্যে (iii) নম্বরের 2,400 টাকা সর্বনিম্ন হওয়ায় উহা *A* এর মোট আয় হইতে বাদ যাইবে। অন্যভাবে বলিতে গেলে, গৃহ ভাতা বাবদ *A* মাসিক যে 3,000 টাকা পায় উহার মধ্যে 2,400 টাকা করমুক্ত। কিন্তু অবশিষ্ট 600 টাকা (অর্থাৎ 3,000 টাকা 2,400 টাকা) করযোগ্য হইবে।

(খ) সুতরাং, *A* এর মোট বেতন আয় নিম্নরূপ হইবে

বেতন 1,000 টাকা × 12	12,000 টাকা
+ গৃহভাতার করযোগ্য অঙ্ক	600 টাকা
	12,600 টাকা

(গ), ব্যক্তিগত রেয়াত বাবদ

আয়কর হইতে বাদ 200 টাকা[1]

Problem 59 The assessee, a Government servant, received the following sums during the year ended 31st March, 1967

(i) Salary at the rate of Rs 700 per month

(ii) Advance Salary for one month during the last month of the year The advance was, however, repaid in the subsequent year

(iii) Rs 200, being fees for valuing answer books for the Departmental Examination,

(iv) Conveyance allowance Rs 50 per month

He claims a deduction of Rs 300 which is found to have been expended by him on the purchase of books necessary for the purpose of his duties

Work out the income chargeable under the head 'Salaries' for the assessment year 1967-68

[C U Three-Year Degree Course, B Com (Comp) 1967]

[1967 সালের 31-শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে ঐ সময় জনৈক সরকারী কর্মচারী করদাতারূপে নিম্নলিখিত আয়গুলি প্রাপ্ত হইলেন

(i) বেতন—মাসিক 700 টাকা হিসাবে

(ii) বৎসরের শেষ মাসে এক মাসের অগ্রিম বেতন—উক্ত অগ্রিম বেতন অবশ্য পরবর্তী বৎসরে পরিশোধ করা হইয়াছিল

[1] Vide Finance 1968, First Schedule [এই বই এর শেষভাগে পরিশিষ্ট (ক) দ্রষ্টব্য]।

(iii) বিভাগীয় পরীক্ষার উত্তর পত্র দেখার জন্য পারিশ্রমিক—200 টাকা

(iv) যাতায়াত ভাড়া—মাসিক 50 টাকা হারে।

স্বীয় কর্তব্য সম্পাদনের জন্য প্রয়োজনীয় বইপত্রের মূল্য বাবদ তিনি 800 টাকা ব্যয় করিয়াছিলেন উক্ত টাকার জন্য তিনি ছাড় দাবি করিলেন।

1967-68 সালে করনির্ধারণ বৎসরে তাহার বেতন খাতে করযোগ্য আয় নিরূপণ কর।]

Solution 1967-68 করনির্ধারণ-বৎসরের জন্য জনৈক সরকারী কর্মচারীর মোট বেতন আয় গণনা

	টাকা
মূল বেতন 700 টাকা × 12	8,400
অগ্রিম বেতন	700
বিভাগীয় পরীক্ষার খাতা দেখার পারিশ্রমিক	200
মোট বেতন আয়	9,300
বাদ ক্রীত বই এর মূল্য	300
করযোগ্য বেতন আয়	9,000

মন্তব্য: (1) করদাতা কর্তৃক প্রাপ্ত অগ্রিম বেতন আয়কর আইনের বিধানানুসারে বেতনের অন্তর্ভুক্ত বলিয়া পরিগণিত হয়।

(2) বিভাগীয় পরীক্ষার খাতা দেখার পারিশ্রমিক আকস্মিক আয় (Casual Income) নহে বলিয়া বিবেচনা করা হইয়াছে, সুতরাং, উহা বেতনের সহিত যুক্ত করা হইয়াছে।

(3) উক্ত আয়করদাতা যাতায়াত ভাড়া বাবদ যে অর্থ পাইয়াছে উহা তাহার কর্তব্য সম্পাদনের জন্য অত্যাবশ্যকীয় বলিয়া বিবেচনা করা হইয়াছে এবং উক্ত ভাতা বাবদ প্রাপ্ত সম্পূর্ণ অর্থই ব্যয়িত হইয়াছে বলিয়া মনে করা হইয়াছে। সুতরাং ইহা বেতন আয়ের সহিত যুক্ত করা হয় নাই।

(4) সুষ্ঠুভাবে স্বীয় কর্তব্য সম্পাদনের জন্য প্রয়োজনীয় বই পত্রের জন্য অনধিক 500 টাকা পর্যন্ত করদাতা আইনত ব্যয় করিতে পারেন। সুতরাং, এক্ষেত্রে 300 টাকার সম্পূর্ণ অঙ্কই তাহার বেতন আয় হইতে বাদ দেওয়া হইয়াছে।

Problem 60 The following are the particulars about Ramen Banerjee, an employee of Eastern Traders Ltd :

	Rs
Salary (Annually)	24,000
Bonus	3,000
Entertainment Allowance (since 1st April, 1962)	4,800
Educational expenses of the son of Ramen Banerjee, borne by the employers	6,000

In addition to the above, Ramen Banerjee gets from his employers a rent free unfurnished residential house the fair rent of which is Rs 8,000 but its municipal value is Rs 6,500 He is also provided by his employers with a motor car of more than 16 horse power rating All the running expenses of the motor car are borne by the employers

You are to ascertain the taxable salary income of Ramen Banerjee for the assessment year 1969 70

[ইষ্টার্ণ ট্রেডার্স লিমিটেডের কর্মচারী রমেন ব্যানার্জির সম্পর্কে নিম্নলিখিত বিবরণগুলি প্রদত্ত হইল:

	টাকা
বেতন (বার্ষিক)	24 000
বোনাস	3 000
আপ্যায়ন ভাতা	
(1লা এপ্রিল 1962 হইতে প্রাপ্ত)	4 800
রমেন ব্যানার্জির পুত্রের শিক্ষা ব্যয়	
(নিয়োগকর্তাগণ কর্তৃক প্রদত্ত)	6 000

উপরোক্ত বিষয়গুলি ছাড়াও রমেন ব্যানার্জি তাঁহার নিয়োগকর্তাগণের নিকট হইতে বসবাসের জন্য একখানা বিনাভাড়ার আসবাবশূন্য বাড়ী পান। উক্ত বাড়ীর ন্যায্য ভাড়া 8 000 টাকা কিন্তু মিউনিসিপ্যালিটি কর্তৃক নিধারিত ভাড়া 6 500 টাকা। তাঁহাকে 16 অশ্বশক্তির অধিক শক্তিবিশিষ্ট একখানা মোটরগাড়ীও দেওয়া হয় উক্ত গাড়ীখানার চালনা সংক্রান্ত সমগ্র খরচ নিয়োগকর্তাগণ বহন করিয়া থাকেন।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য রমেন ব্যানার্জির করযোগ্য বেতন আয় নিরূপণ করিতে হইবে।]

Solution 1969 70 করনির্ধারণ-বৎসরের জন্য রমেন ব্যানার্জির

মোট বেতন আয়ের গণনা

	টাকা
বেতন	24,000
বোনাস	3,000
আপ্যায়ন ভাতা	4,800
	31,800
বেতন-পূরক:	
বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্য	4,820
পুত্রের শিক্ষা ব্যয়	
(নিয়োগকর্তাগণ কর্তৃক প্রদত্ত)	6 000
মোটর গাড়ী[1] (250 টাকা × 12)	3,000
করযোগ্য মোট বেতন আয়	45 620

মন্তব্য: (1) আপ্যায়ন ভাতা 1 4 1955 তারিখের পূর্বে হইতে পাইতেছে না বলিয়া উহার সম্পূর্ণ অঙ্কই করযোগ্য হইবে।

(2) বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্য 4,820 টাকা নিম্নলিখিতভাবে নিরূপণ করা

1 106 পৃষ্ঠা দ্রষ্টব্য।

হইয়াছে মিউনিসিপ্যালিটির নির্ধারিত ভাড়া 6,500 টাকা অপেক্ষা ন্যায্য ভাড়া 8,000 টাকা উচ্চতর বলিয়া ন্যায্য ভাড়াকে ভিত্তি করিয়া বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্যায়ন করিতে হইবে।

বেতন = মূল বেতন 24,000 + বোনাস 3 000 + আপ্যায়ন ভাতা 4,800 = 31,800 টাকা

বেতন 31,800 টাকার 10%		3 180 টাকা
ন্যায্য ভাড়া	8,000 টাকা	
বাদ বেতন 31 800 টাকার 20%	6,360 টাকা	
		1,640 টাকা
বিনাভাড়ার গৃহ-সংস্থানের মূল্য		4,820 টাকা

Problem 61 Sri Prakash Roy, the manager of Rudra Printing Works Ltd draws a salary of Rs 2,000 per month Besides, he gets a commission of 5% on the net profits of the company A motor car allowance of Rs 200 per month is granted to him by his employers the car allowance being spent for the official duty of Sri Prakash Roy He is also provided with a rent free unfurnished quarter The net profit of the company for the year amounted to Rs 1,00,000 Sri Prakash Roy who served in a princely state in the past is also receiving a pension of Rs 300 per month

You are to ascertain the salary income of Sri Prakash Roy for the assessment year 1969 70

[রুদ্র প্রিণ্টিং ওয়ার্কস্ লিমিটেডের ম্যানেজার শ্রীপ্রকাশ রায় মাসিক 2 000 টাকা হারে বেতন পান। অধিকন্তু তিনি কোম্পানীর মোট মুনাফার 5% কমিশন রূপে পান। নিয়োগকর্তাগণ তাঁহাকে মাসিক 200 টাকা হারে মোটর গাড়ীর ভাতা প্রদান করিয়া থাকেন এবং শ্রীপ্রকাশ রায় অফিসের কাজেই মোটরগাড়ীর ভাতা ব্যয় করিয়া থাকেন। বসবাসের জন্য তাঁহাকে বিনাভাড়ার আসবাব শূন্য একখানা গৃহও দেওয়া হইয়াছে। চলতি বৎসরে কোম্পানীর 1 00 000 টাকা মুনাফা হইল। শ্রীপ্রকাশ রায় পূর্বে কোন দেশীয় রাজ্যে চাকুরী করিতেন এবং সেজন্য তিনি মাসিক 300 টাকা হারে পেন্সন পান।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য শ্রীপ্রকাশ রায়ের বেতন আয় নিরূপণ করিতে হইবে।]

Solution 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য শ্রীপ্রকাশ রায়ের মোট বেতন-আয়ের গণনা

	টাকা
12 মাসের বেতন (প্রতি মাসে 2,000 টাকা হিসাবে)	24,000
পেন্সন („ „ 300 „ „)	3,600
মোটরগাড়ী ভাতা („ „ 200 „ „)	—
কমিশন 1,00,000 টাকার 5%	5,000
বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্য	2,900
মোট বেতন আয়	35,500

মন্তব্য বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্য নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে :

বেতন : মূল বেতন		24,000
কমিশন		5 000
	মোট	29 000

সুতরাং, বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্য=29,000 টাকার 10%=2,900 টাকা।

Problem 62 Messrs Davidson & Co Ltd started business in India on 1 4 1965 Mr Smith an Englishman who had been in India continuously since 1950, was employed in their Delhi Office from the same date until 31 3 1969 when the company wound up its business completely

Mr Smith was getting a salary of Rs 2,500 per month throughout the period of his employment He was also given regularly entertainment allowance of Rs 3 000 per annum since 1 4 1965 During the previous year 1968 69 he donated Rs 1 500 to the National Defence Fund set up by the Govt of India

On the termination of his service on 31 3 1969 he received Rs 15 000 as gratuity

On the basis of the above particulars you are to compute Mr Smith s total income for the assessment year 1969 70 (Assume that Mr Smith had no other source of income)

[মেসার্স ডেভিডসন্ অ্যাণ্ড কো লি 1 4 1965 তারিখে ভারতে একটি ব্যবসায় শুরু করিয়াছিল। উক্ত তারিখ হইতে 31 3 1969 তারিখে কোম্পানীর সমাপনের দিন পর্যন্ত মি স্মিথ নামে কোন ইংরেজকে কোম্পানীর দিল্লী অফিসে নিয়োগ করা হইয়াছিল। মি স্মিথ 1950 সাল হইতে ভারতে একটানা বাস করিয়া আসিতেছেন। তিনি মাসিক 2 500 টাকা হারে বেতন পাইতেছিলেন। 1 4 1965 তারিখ হইতে তাহাকে বার্ষিক 3 000 টাকা হিসাবে আপ্যায়ন ভাতা দেওয়া হইতেছিল। ভারত সরকার কর্তৃক প্রতিষ্ঠিত জাতীয় প্রতিরক্ষা তহবিলে মি স্মিথ 1968 69 পূর্ববর্তী বৎসরে 1 500 টাকা দান করিয়াছিলেন। 31 3 1969 তারিখে তাহার চাকুরীর সমাপ্তির দিন তিনি 15 000 টাকা আনুতোষিক পাইলেন।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য মি স্মিথের মোট আয় নিরূপণ করিতে হইবে। (ধরিয়া লওয়া হইল যে মি স্মিথের অন্য কোন আয় উৎস ছিল না।)]

Solution : 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য মিঃ স্মিথের মোট বেতন আয়ের গণনা

		টাকা
বেতন (2,500 টাকা × 12)		30,000
আপ্যায়ন ভাতা		3,000
আনুতোষিক [নিম্নে মন্তব্য দ্রষ্টব্য]		10,000
	গ্রস্ মোট আয়	43,000
বাদ : ন্যাশন্যাল ডিফেন্স ফণ্ডে চাঁদা বাবদ রেয়াত [80 G ধারা অনুসারে] 1,500 টাকার 55%		825
	মোট আয়	42,175

মন্তব্য : (1) আপ্যায়ন ভাতা 1 4 1955 তারিখের পূর্ব হইতে পাইতেছে বলিয়া উহার সম্পূর্ণ অঙ্কই করযোগ্য হইবে।

(2) যে তারিখে মি' স্মিথ আনুতোষিক পাইয়াছে, সেই তারিখ পর্যন্ত তাহার চাকুরীর চার বৎসর পূর্ণ হইয়াছে। মি স্মিথ তাহার চাকুরীর প্রতি এক বৎসরের জন্য অর্ধমাসের বেতন অর্থাৎ 2,500 টাকার $\frac{1}{2}$=1,250 টাকা হারে চার বৎসরের জন্য 4×1,250 টাকা অর্থাৎ মোট 5,000 টাকা আনুতোষিক বাবদ রেয়াত বাদ পাইবেন। সুতরাং, আনুতোষিকের অবশিষ্টাংশ অর্থাৎ 15,000 টাকা−5,000 টাকা=10,000 টাকা করযোগ্য হইবে।

প্রভিডেন্ট ফণ্ড
(Provident Funds)

1961 সালের আয়কর আইনে প্রভিডেন্ট ফণ্ডকে নিম্নলিখিত **তিন শ্রেণীতে** বিভক্ত করা হইয়াছে

(1) বিধিবদ্ধ প্রভিডেন্ট ফণ্ড
(Statutory Provident Fund)

1925 সালের প্রভিডেন্ট ফণ্ড আইন[1] অনুসারে স্থাপিত প্রভিডেন্ট ফণ্ডকে **'বিধিবদ্ধ প্রভিডেন্ট ফণ্ড' (Statutory Provident Fund)** বলা হয়। সরকার, রেল কোম্পানী, স্থানীয় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান বিশ্ববিদ্যালয়, সরকারী কলেজ, বা কোন কোন কোম্পানী এরূপ প্রভিডেন্ট ফণ্ড রাখিয়া থাকে। আয়কর আইনে এইরূপ ফণ্ডের সভ্যগণকে কতকগুলি সুবিধা প্রদান করা হইয়াছে। এইরূপ প্রভিডেন্ট ফণ্ডের ক্ষেত্রে নিম্নলিখিত নিয়মাবলী প্রযোজ্য হয়

(i) এইজাতীয় প্রভিডেন্ট ফণ্ডে করদাতা নিজে যে চাঁদা প্রদান করে, উহা তাহার বেতন আয়ের অন্তর্ভুক্ত হয়, কিন্তু নিয়োগকর্তা কর্তৃক এইজাতীয় প্রভিডেন্ট ফণ্ডে করদাতার হিসাবে যে চাঁদা প্রদত্ত হয় বা উক্ত হিসাবের সঞ্চিত জেরের উপর যে সুদ জমা হয় উহার সমস্তই করমুক্ত আয় বলিয়া বিবেচিত হয়। অর্থাৎ এই সকল আয় করদাতার বেতন আয়ের সহিত যুক্ত হইবে না।

(ii) 80C (2) ধারায় বর্ণিত বিষয়গুলির জন্য অর্থাৎ প্রভিডেন্ট ফণ্ডের চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম, অনুমোদিত বার্ধক্যবৃত্তি ফণ্ডে প্রদত্ত অর্থ, 10 বা 15 বৎসরের পোস্ট অফিস সেভিংস্ সঞ্চয়ী মেয়াদী আমানত প্রভৃতি বাবদ কর্মচারী নিজে যে অর্থ জমা দেয়, উহার মোট অঙ্ক কখনই করদাতার বিভিন্ন খাতে 'গ্রস্ মোট আয়ের'[2] 30% বা 15,000 টাকার মধ্যে যেটি কম উহা অপেক্ষা অধিক হইতে পারিবে না। উক্ত অঙ্ককে **'দাবিযোগ্য বাদের অঙ্ক'[3] (Qualifying Amount)** বলা হয়। প্রভিডেন্ট ফণ্ডের চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম প্রভৃতি বাবদ প্রদত্ত মোট অর্থ যদি উপরোক্ত 30% বা

[1] Provident Funds Act, 1925 (Act 19 of 1925)

[2] অর্থাৎ করদাতার বিভিন্ন খাতে আয়ের যোগফল।

[3] **পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য :** আয়কর কর্তৃপক্ষের অনুমোদিত ফণ্ডে বা অনুমোদিত প্রতিষ্ঠানে পূর্ববর্তী বৎসরে কোন আয়করদাতা নিজের সঞ্চয়ের যে অংশ জমা দেয় উহার জন্য উক্ত করদাতা তাহার করযোগ্য আয় হইতে মোট

15,000 টাকা অপেক্ষা কম হয়, তবে প্রদত্ত অর্থের প্রকৃত অঙ্ককেই 'দাবিযোগ্য বাদের অঙ্ক' বলিয়া গণ্য করিতে হইবে, মোট কথা (ক) আইনগ্রাহ্য মোট সঞ্চয়, (খ) গ্রস্ মোট আয়ের 30% ও (গ) 15,000 টাকার মধ্যে যেটি সর্বনিম্ন উহাই 'দাবিযোগ্য বাদের অঙ্ক' বলিয়া বিবেচিত হইবে।

দাবিযোগ্য বাদের অঙ্কের (Qualifying Amount) প্রথম 5,000 টাকার 60% এবং তৎপরবর্তী অবশিষ্টের 50% করদাতার মোট আয় হইতে রেযাত বাবদ বাদ যাইবে [80C ধারা]।

(iii) অবসরগ্রহণকালে করদাতা বিধিবদ্ধ প্রভিডেণ্ট ফণ্ড হইতে তাহার অতীতের সঞ্চয় বাবদ যে অর্থ পাইয়া থাকে, উহা তাহার মোট আয়ের সহিত যুক্ত হয় না।

(2) অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ড

(Recognised Provident Fund)

1961 সালের আয়কর আইনের বলে আয়কর কমিশনার (Income tax Commissioner) কর্তৃক যে প্রভিডেণ্ট ফণ্ড স্বীকৃত হইয়াছে উহাকে **অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ড (Recognised Provident Fund)** বলা হয়। আয়কর আইনের চতুর্থ তফশিলের 'এ' অংশে[1] লিপিবদ্ধ বিধানাবলী এইজাতীয় প্রভিডেণ্ট ফণ্ডের ক্ষেত্রে প্রযোজ্য হয়। 1952 সালের কর্মচারী প্রভিডেণ্ট ফণ্ড আইন[2] অনুসারে গঠিত কর্মচারী প্রভিডেণ্ট ফণ্ডও (Employees' Provident Fund) ইহার অন্তর্গত। এইজাতীয় প্রভিডেণ্ট ফণ্ড সংক্রান্ত বিধানগুলি নিম্নে লিপিবদ্ধ করা হইল

(i) চাকুরীর শর্তানুসারে যদি **মহার্ঘ ভাতার উপর** অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ডের চাঁদা গণনা করিবার নিয়ম থাকে, তাহা হইলে উক্ত মহার্ঘ ভাতার উপরও প্রভিডেণ্ট ফণ্ডের চাঁদা গণনা করা হইবে। কিন্তু কর্মচারী কর্তৃক প্রাপ্ত অন্যান্য ভাতা বা বেতন পূরকের উপর এরূপ প্রভিডেণ্ট ফণ্ডের চাঁদা গণনা করা হইবে না[3]।

(ii) কর্মচারী নিজে এইরূপ প্রভিডেণ্ট ফণ্ডে যে চাঁদা প্রদান করে, উহার অঙ্ক তাহার বেতনের এক পঞ্চমাংশের বা 8,000 টাকার মধ্যে যেটি কম, উহা অপেক্ষা অধিক অঙ্কের জন্য সে 80C ধারা অনুসারে রেযাত দাবি করিতে পারিবে না। অর্থাৎ, (i) কর্মচারী কর্তৃক প্রদত্ত চাঁদার প্রকৃত অঙ্ক, (ii) বেতনের এক পঞ্চমাংশ ও (iii) 8,000 টাকার মধ্যে যেটি সর্বনিম্ন, উহার জন্য 80C-ধারা অনুসারে রেযাত দাবি করা যায়[3]।

যে অঙ্ক আইনতঃ বাদ অর্থাৎ রেয়াত দাবি করিতে পারে উহাকে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) বলা হয়। সাধারণত প্রভিডেণ্ট ফণ্ডে করদাতার নিজের চাঁদা জীবনবীমার প্রিমিয়াম বার্ধক্য বৃত্তি ফণ্ডে করদাতার নিজের চাঁদা 1959 সালের পোষ্ট অফিস সেভিংস ব্যাঙ্ক (সঞ্চয়ী মেয়াদী আমানত) নিয়মাবলীর [Post Office Savings Bank (Cumulative Time Deposits) Rules 1959] অন্তর্গত কোন হিসাবে জমা প্রভৃতি 'দাবিযোগ্য বাদের অঙ্কের' অন্তর্ভুক্ত থাকে।

[1] The Fourth Schedule, Part A, Income tax Act 1961

[2] Employees Provident Fund Act 1952

[3] The sums referred to in sub section (1) shall be following namely —

(iii) নিয়োগকর্তা এইজাতীয় প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর বেতনের 10% এর অতিরিক্ত চাঁদা প্রদান করিলে, উক্ত অতিরিক্ত চাঁদা কর্মচারীর বেতনের সহিত যুক্ত হইবে; অর্থাৎ উক্ত অতিরিক্ত অঙ্ক করযোগ্য হইবে।

(iv) এইজাতীয় ফণ্ডের উপর বার্ষিক 6% এর অধিক কোন সুদ হইলে অথবা মোট সুদ কর্মচারীর বেতনের এক তৃতীয়াংশের অধিক হইলে, উক্ত অতিরিক্ত অংশও কর্মচারীর বেতনের সহিত যুক্ত হইবে; অর্থাৎ উক্ত অতিরিক্ত অংশ করযোগ্য হইবে।

(v) 80C(2) ধারায় বর্ণিত বিষয়গুলির জন্য অর্থাৎ প্রভিডেন্ট ফণ্ডের চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম, অনুমোদিত বার্ধক্যবৃত্তি ফণ্ডে প্রদত্ত অর্থ, 10 বা 15 বৎসরের পোস্ট অফিস সেভিংস সঞ্চয়ী মেয়াদী আমানত প্রভৃতি বাবদ কর্মচারী নিজে যে অর্থ জমা দেয়, উহার মোট অঙ্ক করদাতার বিভিন্ন খাতে 'গ্রস্ মোট আয়ের 30% বা 15,000 টাকার মধ্যে যেটি কম উহা অপেক্ষা অধিক হইতে পারিবে না। উক্ত অঙ্ককে **'দাবিযোগ্য বাদের অঙ্ক' (Qualifying Amount)** বলা হয়। প্রভিডেন্ট ফণ্ডের চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম প্রভৃতি বাবদ প্রদত্ত মোট অর্থ যদি উপরোক্ত 30% বা 15,000 টাকার কম হয়, তবে প্রদত্ত অর্থের অঙ্ককেই 'দাবিযোগ্য বাদের অঙ্ক' বলিয়া গণ্য করিতে হইবে। মোট কথা, (ক) আইনগ্রাহ্য মোট সঞ্চয়, (খ) গ্রস্ মোট আয়ের 30% ও (গ) 15,000 টাকার মধ্যে যেটি সর্বনিম্ন উহাই 'দাবিযোগ্য বাদের অঙ্ক' বলিয়া বিবেচিত হইবে।

'দাবিযোগ্য বাদের অঙ্কের' (Qualifying Amount) প্রথম 5,000 টাকার 60% এবং তৎপরবর্তী জেরের 50% করদাতার মোট আয় হইতে রেয়াত বাবদ বাদ যাইবে [80C ধারা]।

(vi) কোন কর্মচারী অন্তত 5 বৎসর নিরবচ্ছিন্নভাবে চাকুরী করিয়া অবসর গ্রহণ করিলে অথবা কর্মচারীর আয়ত্তের বাহিরে কোন কারণে বা শারীরিক অসুস্থতার জন্য তাহার কর্মচ্যুতি ঘটিলে অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে সঞ্চিত যে টাকা অবসরগ্রহণের সময় তাহাকে ফেরত দেওয়া হয়, তাহা তাহার মোট আয়ে অন্তর্ভুক্ত হইবে না।

(vii) কর্মচারীর হিসাবে কোন অননুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে (Unrecognised Provident Fund) যে অর্থ সঞ্চিত হয়, উহা অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে স্থানান্তরিত করা হইলে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত মোট চাদার যে অঙ্ক (সুদ সমেত) উক্ত স্থানান্তরিত অঙ্কের অন্তর্ভুক্ত থাকে, উহা করদাতার গ্রস্ মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে অর্থাৎ উহা করযোগ্য হইবে [94 পৃষ্ঠা দ্রষ্টব্য।]

[অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ড সংক্রান্ত উপরোক্ত আলোচনাকালে যে বেতনের কথা উল্লেখ করা হইয়াছে উহা বলিতে বুঝায় মূল বেতন, কিন্তু চাকুরীর শর্তানুসারে যদি মহার্ঘ ভাতা পাওয়া যায়, তবে মহার্ঘ-ভাতাও বেতনের সহিত যুক্ত হইবে, কিন্তু অন্যান্য ভাতা ও বেতন পূরক এক্ষেত্রে বেতনের সহিত যুক্ত হইবে না।[1]]

' If the assessee is an employee participating in a recognised provident fund his own contributions to his individual account in the fund in the previous year, in so far as the aggregate of such contributions does not exceed one fifth of salary in that previous year or eight thousand rupees, whichever is less —*Section 80c (d)*

[1] *Salary* [here] includes dearness allowance if the terms of employment so provide, but exclude all other allowances and perquisites" —*Section 80C (d)*

15,000 টাকা অপেক্ষা কম হয়, তবে প্রদত্ত অর্থের প্রকৃত অঙ্ককেই 'দাবিযোগ্য বাদের অঙ্ক' বলিয়া গণ্য করিতে হইবে, মোট কথা (ক) আইনগ্রাহ্য মোট সঞ্চয়, (খ) গ্রস্ মোট আয়ের 30% ও (গ) 15,000 টাকার মধ্যে যেটি সর্বনিম্ন উহাই 'দাবিযোগ্য বাদের অঙ্ক' বলিয়া বিবেচিত হইবে।

দাবিযোগ্য বাদের অঙ্কের (Qualifying Amount) প্রথম 5,000 টাকার 60% এবং তৎপরবর্তী অবশিষ্টের 50% করদাতার মোট আয় হইতে রেয়াত বাবদ বাদ যাইবে [80C ধারা]।

(*iii*) অবসরগ্রহণকালে করদাতা বিধিবদ্ধ প্রভিডেণ্ট ফণ্ড হইতে তাহার অতীতের সঞ্চয় বাবদ যে অর্থ পাইয়া থাকে, উহা তাহার মোট আয়ের সহিত যুক্ত হয় না।

(2) অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ড

(Recognised Provident Fund)

1961 সালের আয়কর আইনের বলে আয়কর কমিশনার (Income tax Commissioner) কর্তৃক যে প্রভিডেণ্ট ফণ্ড স্বীকৃত হইয়াছে উহাকে **অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ড (Recognised Provident Fund)** বলা হয়। আয়কর আইনের চতুর্থ তফসিলের 'এ' অংশে[1] লিপিবদ্ধ বিধানাবলী এইজাতীয় প্রভিডেণ্ট ফণ্ডের ক্ষেত্রে প্রযোজ্য হয়। 1952 সালের কর্মচারী প্রভিডেণ্ট ফণ্ড আইন[2] অনুসারে গঠিত কর্মচারী প্রভিডেণ্ট ফণ্ডও (Employees' Provident Fund) ইহার অন্তর্গত। এইজাতীয় প্রভিডেণ্ট ফণ্ড সংক্রান্ত বিধানগুলি নিম্নে লিপিবদ্ধ করা হইল

(*i*) চাকুরীর শর্তানুসারে যদি **মহার্ঘ ভাতার উপর** অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ডের চাঁদা গণনা করিবার নিয়ম থাকে, তাহা হইলে উক্ত মহার্ঘ ভাতার উপরও প্রভিডেণ্ট ফণ্ডের চাঁদা গণনা করা হইবে। কিন্তু কর্মচারী কর্তৃক প্রাপ্ত অন্যান্য ভাতা বা বেতন পূরকের উপর এরূপ প্রভিডেণ্ট ফণ্ডের চাঁদা গণনা করা হইবে না[3]।

(*ii*) কর্মচারী নিজে এইরূপ প্রভিডেণ্ট ফণ্ডে যে চাঁদা প্রদান করে, উহার অঙ্ক তাহার বেতনের এক পঞ্চমাংশের বা 8,000 টাকার মধ্যে যেটি কম উহা অপেক্ষা অধিক অঙ্কের জন্য সে 80C ধারা অনুসারে রেয়াত দাবি করিতে পারিবে না। অর্থাৎ, (*i*) কর্মচারী কর্তৃক প্রদত্ত চাঁদার প্রকৃত অঙ্ক, (*ii*) বেতনের এক পঞ্চমাংশ ও (*iii*) 8,000 টাকার মধ্যে যেটি সর্বনিম্ন, উহার জন্য 80C ধারা অনুসারে রেয়াত দাবি করা যায়[3]।

যে অঙ্ক আইনত বাদ অর্থাৎ রেয়াত দাবি করিতে পারে উহাকে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) বলা হয়। সাধারণত প্রভিডেণ্ট ফণ্ডে করদাতার নিজের চাঁদা জীবনবীমার প্রিমিয়াম বার্ধক্য বৃত্তি ফণ্ডে করদাতার নিজের চাঁদা ,1959 সালের পোষ্ট অফিস সেভিংস ব্যাঙ্ক (সঞ্চয়ী মেয়াদী আমানত) নিয়মাবলীর [Post Office Savings Bank (Cumulative Time Deposits) Rules 1959] অন্তর্গত কোন হিসাবে জমা প্রভৃতি 'দাবিযোগ্য বাদের অঙ্কের' অন্তর্ভুক্ত থাকে।

1 The Fourth Schedule Part A Income tax Act, 1961

2 Employees Provident Fund Act, 1952

3 The sums referred to in sub section (1) shall be following, namely —

(iii) নিয়োগকর্তা এইজাতীয় প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর বেতনের 10%-এর অতিরিক্ত চাঁদা প্রদান করিলে, উক্ত অতিরিক্ত চাঁদা কর্মচারীর বেতনের সহিত যুক্ত হইবে; অর্থাৎ উক্ত অতিরিক্ত অঙ্ক করযোগ্য হইবে।

(iv) এইজাতীয় ফণ্ডের উপর বার্ষিক 6% এর অধিক কোন সুদ হইলে অথবা মোট সুদ কর্মচারীর বেতনের এক তৃতীয়াংশের অধিক হইলে, উক্ত অতিরিক্ত অংশও কর্মচারীর বেতনের সহিত যুক্ত হইবে, অর্থাৎ উক্ত অতিরিক্ত অংশ করযোগ্য হইবে।

(v) 80C(2) ধারায় বর্ণিত বিষয়গুলির জন্য অর্থাৎ প্রভিডেন্ট ফণ্ডের চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম, অনুমোদিত বার্ধক্যবৃত্তি ফণ্ডে প্রদত্ত অর্থ, 10 বা 15 বৎসরের পোস্ট অফিস সেভিংস সঞ্চয়ী মেয়াদী আমানত প্রভৃতি বাবদ কর্মচারী নিজে যে অর্থ জমা দেয়, উহার মোট অঙ্ক করদাতার বিভিন্ন খাতে 'গ্রস্ মোট আয়ের 30% বা 15,000 টাকার মধ্যে যেটি কম উহা অপেক্ষা অধিক হইতে পারিবে না। উক্ত অঙ্ককে **'দাবিযোগ্য বাদের অঙ্ক' (Qualifying Amount)** বলা হয়। প্রভিডেন্ট ফণ্ডের চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম প্রভৃতি বাবদ প্রদত্ত মোট অর্থ যদি উপরোক্ত 30% বা 15,000 টাকার কম হয়, তবে প্রদত্ত অর্থের অঙ্ককেই 'দাবিযোগ্য বাদের অঙ্ক' বলিয়া গণ্য করিতে হইবে। মোট কথা, (ক) আইনগ্রাহ্য মোট সঞ্চয়, (খ) গ্রস্ মোট আয়ের 30% ও (গ) 15,000 টাকার মধ্যে যেটি সর্বনিম্ন উহাই 'দাবিযোগ্য বাদের অঙ্ক' বলিয়া বিবেচিত হইবে।

'দাবিযোগ্য বাদের অঙ্কের' (Qualifying Amount) প্রথম 5,000 টাকার 60% এবং তৎপরবর্তী জেরের 50% করদাতার মোট আয় হইতে রেয়াত বাবদ বাদ যাইবে [80C ধারা]।

(vi) কোন কর্মচারী অন্তত 5 বৎসর নিরবচ্ছিন্নভাবে চাকুরী করিয়া অবসর গ্রহণ করিলে অথবা কর্মচারীর আয়ত্তের বাহিরে কোন কারণে বা শারীরিক অসুস্থতার জন্য তাহার কর্মচ্যুতি ঘটিলে অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে সঞ্চিত যে টাকা অবসরগ্রহণের সময় তাহাকে ফেরত দেওয়া হয়, তাহা তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

(vii) কর্মচারীর হিসাবে কোন অননুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে (Unrecognised Provident Fund) যে অর্থ সঞ্চিত হয় উহা অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে স্থানান্তরিত করা হইলে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত মোট চাঁদার যে অঙ্ক (সুদ সমেত) উক্ত স্থানান্তরিত অঙ্কের অন্তর্ভুক্ত থাকে, উহা করদাতার গ্রস্ মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে অর্থাৎ উহা করযোগ্য হইবে [94 পৃষ্ঠা দ্রষ্টব্য।]

[অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ড সংক্রান্ত উপরোক্ত আলোচনাকালে যে বেতনের কথা উল্লেখ করা হইয়াছে উহা বলিতে বুঝায় মূল বেতন, কিন্তু চাকুরীর শর্তানুসারে যদি মহার্ঘ ভাতা পাওয়া যায়, তবে মহার্ঘ-ভাতাও বেতনের সহিত যুক্ত হইবে, কিন্তু অন্যান্য ভাতা ও বেতন পূরক এক্ষেত্রে বেতনের সহিত যুক্ত হইবে না।[1]]

"If the assessee is an employee participating in a recognised provident fund his own contributions to his individual account in the fund in the previous year, in so far as the aggregate of such contributions does not exceed one fifth of salary in that previous year or eight thousand rupees whichever is less —*Section 80c (d)*

[1] *Salary* [here] includes dearness allowance if the terms of employment so provide, but exclude all other allowances and perquisites" —*Section 80C (d)*

(৪) অনমুমোদিত প্রভিডেন্ট ফণ্ড
(Unrecognised Provident Fund)

যে প্রভিডেন্ট ফণ্ড বিধিবদ্ধ প্রভিডেন্ট ফণ্ড বা অনুমোদিত প্রভিডেন্ট ফাণ্ডর শ্রেণীভুক্ত নহে, উহাকে **অনমুমোদিত প্রভিডেন্ট ফণ্ড (Unrecognised Provident Fund)** বলা হয়। আয়কর কমিশনার কর্তৃক স্বীকৃত হয় না বলিয়াই ইহাকে অনমুমোদিত প্রভিডেন্ট ফণ্ড নামে অভিহিত করা হয়, এই ফণ্ড সংক্রান্ত নিয়মগুলি নিম্নরূপ

(i) কর্মচারী নিজে এইজাতীয় ফাণ্ডে যে চাঁদা জমা দেয়, উহা তাহার বেতন আয়ের অন্তর্ভুক্ত হয়।

(ii) কর্মচারীর হিসাবে নিয়োগকর্তা কর্তৃক প্রতিবৎসর যে চাঁদা প্রদত্ত হয় এবং উক্ত হিসাবে সঞ্চিত মোট অঙ্কের উপর যে সুদ অর্জিত হয়, কর্মচারীর বেতন আয় নিরূপণ করিবার সময় সেইগুলি তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত করা হয় না।

(iii) কর্মচারী নিজে এইরূপ প্রভিডেন্ট ফাণ্ডে যে চাঁদা প্রদান করে 'দাবিযোগ্য বাদের অঙ্ক' (Qualifying Amount) নিরূপণ করিবার সময় উহা গণনার অন্তর্ভুক্ত করা হয় না, অর্থাৎ এইরূপ প্রভিডেন্ট ফাণ্ডে কর্মচারী কর্তৃক প্রদত্ত চাঁদার জন্য কোন বোয়াত (Deduction) বাদ দেওয়া হয় না।

কিন্তু আয়কর আইনের 80C(2) ধারায় বর্ণিত অন্যান্য বিষয়গুলির (যথা, জীবনবীমার প্রিমিয়াম, অনুমোদিত বার্ধক্য বৃত্তি ফাণ্ডে প্রদত্ত অর্থ, 10 বা 15 বৎসরের 'পোস্ট অফিস সেভিংস সঞ্চয়ী মেয়াদী আমানতী হিসাবে'[1] প্রদত্ত জমা প্রভৃতির) জন্য সংশ্লিষ্ট করদাতা তাহার মোট আয়ের 30% বা 15,000 টাকার মধ্যে যেটি কম ঐ অঙ্কের জন্য বোয়াত দাবি করিতে পারে। অর্থাৎ এক্ষেত্রেও (ক) আইনগ্রাহ্য মোট সঞ্চয় (খ) গ্রস মোট আয়ের 30% ও (গ) 15,000 টাকার মধ্যে যেটি সর্বনিম্ন উহাই দাবিযোগ্য বাদের অঙ্ক বলিয়া বিবেচিত হইবে। 'দাবিযোগ্য বাদের অঙ্কের' (Qualifying Amount) প্রথম 5,000 টাকার 60% এবং তৎপরবর্তী অবশিষ্টের 50% করদাতার গ্রস মোট আয় হইতে বাদ যাইবে [80C ধারা]।

(iv) অবসরগ্রহণকালে অনমুমোদিত প্রভিডেন্ট ফণ্ড হইতে কর্মচারী এককালীন যে অর্থ পাইয়া থাকে, উহা হইতে কর্মচারী কর্তৃক প্রদত্ত মোট চাঁদা ও উহার উপর সুদ বাদ দিয়া যে অবশিষ্ট থাকে, উহাই কর্মচারীর 'গ্রস মোট আয়ের' অন্তর্ভুক্ত হইবে, অর্থাৎ উহা করযোগ্য হইবে।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য: বিধিবদ্ধ প্রভিডেন্ট ফণ্ড, অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ড ও অনমুমোদিত প্রভিডেন্ট ফণ্ড সংক্রান্ত বিভিন্ন **বিধানগুলির সাদৃশ্য ও বৈসাদৃশ্য** পরপৃষ্ঠায় সংক্ষেপে তালিকার আকারে প্রকাশ করা হইল

---

[1] Post Office Savings (Cumulative Time Deposit) Account

বিভিন্ন শ্রেণীর প্রভিডেণ্ট ফণ্ডের তুলনা

বিবরণ	বিধিবদ্ধ প্রভিডেণ্ট ফণ্ড	অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ড	অননুমোদিত প্রভিডেণ্ট ফণ্ড
1 নিয়োগকর্তার চাঁদা	মোট আয় নিরূপণকালে ধর্তব্য নহে।	মোট আয় নিরূপণকালে বেতনের 10% এর অতিরিক্ত অঙ্ক ধর্তব্য।	মোট আয় নিরূপণকালে ধর্তব্য নহে।
2 কর্মচারীর চাঁদা	বেতনের অন্তর্ভুক্ত হইবে।	বেতনের অন্তর্ভুক্ত হইবে।	বেতনের অন্তর্ভুক্ত হইবে।
3 প্রভিডেণ্ট ফণ্ডে সুদ	মোট আয় নিরূপণকালে ধর্তব্য নহে।	6% এর অতিরিক্ত সুদ বা মোট সুদ বেতনের এক তৃতীয়াংশের অধিক হইলে সুদের অতিরিক্ত অঙ্ক বেতনের সহিত যুক্ত হইবে।	মোট আয় নিরূপণকালে ধর্তব্য নহে।
4 অবসরগ্রহণের বা চাকুরী ত্যাগের সময় প্রাপ্ত মোট অঙ্ক	মোট আয় নিরূপণকালে ধর্তব্য নহে।	5 বৎসর নিরবচ্ছিন্নভাবে চাকুরী করার পর বা কর্মচারীর আয়ত্তের বহির্ভূত কোন কারণে কর্মচ্যুতি ঘটিলে বেতনের সহিত যুক্ত হইবে না।	নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত মোট চাঁদা ও উহার উপর সুদ সকল অবস্থাতেই বেতনের সহিত যুক্ত হইবে।
5 দাবিযোগ্য বাদের অঙ্কের (Qualifying Amount) সর্বোচ্চ সীমা [80C-ধারা]	(i) প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম (প্রিমিয়ামের সর্বোচ্চ সীমা বীমাকৃত অঙ্কের 10%), অনুমোদিত বার্ধক্য বৃত্তি ফণ্ডে নিজের প্রদত্ত চাঁদা ও পোস্ট অফিস (সি টি ডি) হিসাবে জমা বাবদ মোট সঞ্চয়, (ii) গ্রস্ মোট আয়ের 30% ও (iii) 15,000 টাকার মধ্যে যেটি সর্বনিম্ন, উহা।	(i) প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম (প্রিমিয়ামের সর্বোচ্চ সীমা বীমাকৃত অঙ্কের 10%), অনুমোদিত বার্ধক্য বৃত্তি ফণ্ডে নিজের প্রদত্ত চাঁদা ও পোস্ট অফিস (সি টি ডি) হিসাবে জমা বাবদ মোট সঞ্চয়, (ii) গ্রস্ মোট আয়ের 30% ও (iii) 15,000 টাকার মধ্যে যেটি সর্বনিম্ন উহা।	প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ধর্তব্য নহে। কিন্তু (i) জীবনবীমার প্রিমিয়াম (প্রিমিয়ামের সর্বোচ্চ সীমা—বীমাকৃত অঙ্কের 10%), অনুমোদিত বার্ধক্য বৃত্তি ফণ্ডে নিজের প্রদত্ত চাঁদা ও পোস্ট অফিস (সি টি ডি) হিসাবে জমা বাবদ মোট সঞ্চয়, (ii) গ্রস্ মোট আয়ের 30% ও (iii) 15,000 টাকার মধ্যে যেটি সর্বনিম্ন, উহা।
6 রেয়াতের অঙ্ক [80C-ধারা]	দাবিযোগ্য বাদের অঙ্কের প্রথম 5,000 টাকার 60% ও অবশিষ্টের 50%।	দাবিযোগ্য বাদের অঙ্কের প্রথম 5,000 টাকার 60% ও অবশিষ্টের 50%।	দাবিযোগ্য বাদের অঙ্কের প্রথম 5,000 টাকার 60% ও অবশিষ্টের 50%।

বিভিন্ন ধারা অনুসারে বেতনের অর্থ

(Definition of Salary Under Various Sections)

আপ্যায়ন-ভাতা, বিনাভাড়ার গৃহ সংস্থান, গৃহভাড়া ভাতা ও অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ড সংক্রান্ত আলোচনাকালে ইতিপূর্বে যে 'বেতন' এর কথা উল্লেখ করা হইয়াছে, উহা আয়কর আইনের সংশ্লিষ্ট ধারাগুলিতে বিভিন্ন অর্থে ব্যবহৃত হইয়াছে। সুতরাং 'বেতন'-এর বিভিন্ন অর্থগুলিকে **পরীক্ষার্থিগণ** সহজে মনে রাখিবার জন্য এই অধ্যায়ে ইতিপূর্বে আলোচিত বেতনের সহিত সংশ্লিষ্ট বিধানগুলিকে নিম্নে সংক্ষেপে লিপিবদ্ধ করা হইল:

1 **আপ্যায়ন ভাতা (Entertainment Allowance)** এক্ষেত্রে 'বেতন' বলিতে **শুধুমাত্র মূল বেতনকে** (Basic Pay) বুঝায়। [16 (ii) (b) ধারা]

2 **বিনাভাড়ার গৃহ সংস্থান (Rent-free Accommodation)** এক্ষেত্রে 'বেতন' বলিতে বুঝায় **মূল বেতন (Basic Pay) + নিয়মিতভাবে অর্থের আকারে** (in regular money form) **প্রাপ্ত ভাতা** (মহার্ঘ ভাতা[1], প্রভিডেন্ট ফণ্ডে নিয়োগকর্তার চাঁদা ও করমুক্ত কোন ভাতা ব্যতীত)। [আয়কর নিয়মাবলী, 1962—3 নম্বর নিয়ম।]

3 **গৃহভাড়া-ভাতা (House rent Allowance)** এক্ষেত্রে 'বেতন' বলিতে বুঝায়, **শুধুমাত্র মূল বেতন (Basic Pay)**, (কিন্তু যদি মহার্ঘ ভাতা চাকুরীর শর্তানুসারে প্রদত্ত হয় তবে উহাও বেতনের সহিত যুক্ত হইবে)। [আয়কর নিয়মাবলী, 1962—2A নিয়ম।]

4 **অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ড (Recognised Provident Fund)** এক্ষেত্রে বেতন বলিতে বুঝায় শুধুমাত্র **মূল বেতন (Basic Pay)**, (কিন্তু যদি মহার্ঘ ভাতা চাকুরীর শর্তানুসারে প্রদত্ত হয় তবে উহাও বেতনের সহিত যুক্ত হইবে)। [80C(d) ধারা।]

Problem 63 Mr Sanyal serves in Burdwan and gets a basic salary of Rs 500 per month He contributes 8% of his basic salary to a Provident Fund The contribution of his employers to such fund amounts to 12% of his basic salary He is also provided by his employers with an unfurnished rent free house Interest credited to Provident Fund @ 9% per annum amounts to Rs 600 He pays Rs 450 per annum as his life insurance premium on a policy of Rs 7,000

From the above particulars, you are to ascertain the total salary income of Mr Sanyal for the assessment year 1969-70, if the Provident Fund be (i) *a Statutory Provident Fund*, (ii) *a Recognised Provident Fund or* (iii) *an Unrecognised Provident Fund*

[মি: সান্যাল বর্ধমানে চাকুরী করেন এবং তাঁহার মূল বেতন মাসিক 500 টাকা। তিনি মূল বেতনের 8% প্রভিডেন্ট ফণ্ডে চাঁদা দেন। তাঁহার নিয়োগকর্তাগণ উক্ত ফণ্ডে তাঁহার মূল বেতনের 12% চাঁদা প্রদান করেন। নিয়োগকর্তাগণ

---

[1] বার্ধক্য বৃত্তি ও অবসরগ্রহণকালীন সুযোগ সুবিধার (Superannuation or Retirement benefits) অর্থমূল্য নিরূপণ করিবার সময় মহার্ঘ ভাতা গণনা করা হইলে উহা এরূপ ক্ষেত্রে বেতনের সহিত যুক্ত হইবে।

তাঁহাকে আবাসের জন্য একটি আসবাব শূন্য বিনাভাড়ার গৃহও প্রদান করিয়াছেন। বার্ষিক 9% হারে প্রভিডেন্ট ফণ্ডে 600 টাকা সুদ জমা করা হইয়াছে। 7 000 টাকা মূল্যের জীবনবীমাপত্রের জন্য তিনি বার্ষিক 450 টাকা প্রিমিয়াম প্রদান করেন।

উপরোক্ত বিবরণগুলি হইতে 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য মি' সান্যালের মোট বেতন আয় নিরূপণ কর, যদি প্রভিডেন্ট ফণ্ডটি—(i) বিধিবদ্ধ প্রভিডেন্ট ফণ্ড হয় (ii) অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ড হয় বা (iii) অননুমোদিত প্রভিডেন্ট ফণ্ড হয়।]

Solution 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য মিঃ সান্যালের মোট বেতন আয়ের গণনা ঃ

বিবরণ	বিধিবদ্ধ প্রভিডেন্ট ফাণ্ডের ক্ষেত্রে	অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডের ক্ষেত্রে	অননুমোদিত প্রভিডেন্ট ফাণ্ডের ক্ষেত্রে
	টাকা	টাকা	টাকা
মূল বেতন (500 টাকা × 12)	6,000	6,000	6,000
প্রভিডেন্ট ফণ্ডে নিয়োগকর্তার চাঁদা (6,000 টাকার 12%) - (6,000 টাকার 10%)		120	
প্রভিডেন্ট ফণ্ডের উপর সুদ (9% - 6% = 3% , $\frac{3}{9}$ × 600 টাকা)		200	
আসবাব শূন্য গৃহসংস্থানের মূল্য (বেতনের 10% ; অর্থাৎ 6,000 টাকার 10%)	600	600	600
গ্রস্ মোট আয়	6,600	6,920	6,600
বাদ ঃ প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমার প্রিমিয়াম বাবদ রেয়াত [দাবিযোগ্য বাদের অঙ্ক 930 টাকা, সুতরাং, রেয়াতের অঙ্ক = 930 টাকার 60% = 558 টাকা—নিম্নে মন্তব্য (1) ও (2) দ্রষ্টব্য]		558	
বাদ ঃ জীবনবীমার প্রিমিয়াম বাবদ রেয়াত [দাবিযোগ্য বাদের অঙ্ক 450 টাকা, সুতরাং, রেয়াতের অঙ্ক = 450 টাকার 60% = 270 টাকা—নিম্নে মন্তব্য (3) দ্রষ্টব্য]	•		270
বেতন খাতে মোট আয়	6,042	6,362	6,330

মন্তব্য : (1) বিধিবদ্ধ প্রভিডেন্ট ফণ্ডের ক্ষেত্রে প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমার প্রিমিয়াম বাবদ প্রদত্ত অর্থের জন্য 80C ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক[1] (Qualifying Amount) হইল 930 টাকা। ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

(ক) আইনগ্রাহ্য সঞ্চয় :

	টাকা
(i) প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা	
(6,000 টাকার 8%)	480
(ii) জীবনবীমার প্রিমিয়াম	450
(প্রিমিয়ামের সর্বোচ্চ সীমা—7,000 টাকার 10%)	
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	930

(খ) গ্রস্ মোট আয়ের 30% অর্থাৎ 6,600 টাকার 30%=1,980 টাকা,

(গ) 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ) নম্বরের নির্ণীত অঙ্ক তিনটির মধ্যে (ক) নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া 80C ধারা অনুসারে উহাই অর্থাৎ **930 টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount)** বলিয়া গণ্য হইবে।

(2) অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডের ক্ষেত্রে প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমার প্রিমিয়াম বাবদ প্রদত্ত অর্থের জন্য 80C ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) হইল 930 টাকা ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

(ক) আইনগ্রাহ্য সঞ্চয়

	টাকা
(i) প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা	
(6,000 টাকার 8%)	480
(ii) জীবনবীমার প্রিমিয়াম	450
(প্রিমিয়ামের সর্বোচ্চ সীমা—7,000 টাকার 10%)	
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	930

(খ) গ্রস্ মোট আয়ের 30% অর্থাৎ 6,920 টাকার 30%= 2,076 টাকা ;

(গ) 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ) নম্বরের নির্ণীত অঙ্ক তিনটির মধ্যে (ক) নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া 80C ধারা অনুসারে উহাই অর্থাৎ 930 **টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক** (Qualifying Amount) বলিয়া গণ্য হইবে।

[1] 120 পৃষ্ঠার পাদটীকা দ্রষ্টব্য।

(3) অনমুমোদিত প্রভিডেণ্ট ফণ্ডের ক্ষেত্রে 80C ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) হইবে 450 টাকা ; ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে :

		টাকা
(ক) আইনগ্রাহ্য সঞ্চয়[1]	জীবনবীমার প্রিমিয়াম (প্রিমিয়ামের সর্বোচ্চ সীমা –7,000 টাকার 10%)	450
	আইনগ্রাহ্য মোট সঞ্চয়	450

(খ) গ্রস্ মোট আয়ের 30% অর্থাৎ 6,600 টাকার 30%=1,980 টাকা ,

(গ) 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ) নম্বরে নির্ণীত অঙ্ক তিনটির মধ্যে (ক) নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া 80C ধারা অনুসারে উহাই অর্থাৎ **450 টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক** (Qualifying Amount) বলিয়া গণ্য হইবে।

Problem 64 Ajit Basu draws a salary of Rs 14,400 per year He contributes 8 per cent of his salary to a Provident Fund to which his employer contributes 12 per cent He lives in a rent free quarter supplied by his employer, the fair rent of which is Rs 1,200 per year He also received a bonus of Rs 2 500 The interest credited to his provident fund account was Rs 900 He paid Rs 4,500 as life insurance premium

You are to ascertain the total salary income of Ajit Basu for the assessment year 1969 70, if the provident fund be

(I) a Statutory Provident Fund or

(II) a Recognised Provident Fund

[অজিত বসু বার্ষিক 14 400 টাকা বেতন পান। তিনি [illegible] ঐ ফণ্ডে নিয়োগকর্তাগণও 12% চাঁদা দেন। [illegible] উক্ত বাড়ীর ন্যায্য ভাড়া বার্ষিক 1,200 টাকা। তিনি 2,500 টাকা বোনাস পাইলেন। [illegible] 900 টাকা সুদ জমা হইল। তিনি 4,500 টাকা জীবনবীমার প্রিমিয়াম দিলেন।

1969-70 করনির্ধারণ-বৎসরে অজিত বসুর বেতন আয় নিরূপণ করিতে হইবে

(I) যদি প্রভিডেণ্ট ফণ্ডটি বিধিবদ্ধ প্রভিডেণ্ট ফণ্ড হয় বা

(II) যদি প্রভিডেণ্ট ফণ্ডটি অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ড হয়।]

[1] প্রভিডেণ্ট ফণ্ডটি অনমুমোদিত বলিয়া উক্ত ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা বাবদ প্রদত্ত অর্থ এক্ষেত্রে গণনার মধ্যে ধরিতে হইবে না।

Solution : I বিধিবদ্ধ প্রভিডেণ্ট ফণ্ডের (Statutory Provident Fund) ক্ষেত্রে :

1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য অজিত বসুর মোট বেতন-আয়ের গণনা

	টাকা
বেতন	14,400
বোনাস	2,500
বিনাভাড়ার গৃহ-সংস্থানের মূল্য	
(বেতনের 10% অপেক্ষা কম বলিয়া ন্যায্য ভাড়া)	1,200
গ্রস্ মোট আয় (Gross Total Income)	18,100
বাদ—প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমার প্রিমিয়াম বাবদ রেয়াত	3,215

[দাবিযোগ্য বাদের অঙ্ক 5,430 টাকা, ইহার —

		টাকা
প্রথম	5,000 টাকার 60%	3,000
অবশিষ্ট	430 " 50%	215
মোট	5,430 টাকা রেয়াতের অঙ্ক	3,215

—নিম্নে মন্তব্য দ্রষ্টব্য]

বেতন খাতে মোট আয় 14,885

মন্তব্য : বিধিবদ্ধ প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমার প্রিমিয়াম বাবদ প্রদত্ত অর্থের জন্য 80C ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) হইল 5,430 টাকা। ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

	টাকা
(ক) আইনগ্রাহ্য সঞ্চয়	
(i) প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা (14,400 টাকার 8%)	1,152
(ii) জীবনবীমার প্রিমিয়াম	4,500
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	5,652

(খ) গ্রস্ মোট আয়ের 30% অর্থাৎ 18,100 টাকার 30%=5,430 টাকা,

(গ) 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ)-নম্বরের নির্ণীত অঙ্ক তিনটির মধ্যে (খ) নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া 80C-ধারা অনুসারে উহাই অর্থাৎ **5, 430 টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক** (Qualifying Amount) বলিয়া গণ্য হইবে।

II. অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ডের (Recognised Provident Fund) ক্ষেত্রে :

1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য অর্জিত বস্তুর মোট বেতন আয়ের গণনা

	টাকা
বেতন	14,400
বোনাস	2,500
বিনাভাড়ার গৃহ সংস্থানের মূল্য	1,200
প্রভিডেণ্ট ফণ্ডে নিয়োগকর্তার চাঁদা [(14,400 টাকার 12%) - (14,400 টাকার 10%) অর্থাৎ আইনোক্ত 10% এর অতিরিক্ত অঙ্ক]	288
গ্রস্ মোট আয় (Gross Total Income)	18,388
বাদ—প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমার প্রিমিয়াম বাবদ রেয়াত	3,258
[দাবিযোগ্য বাদের অঙ্ক 5,516 টাকা, ইহার — প্রথম 5,000 টাকার 60% 3,000 টাকা অবশিষ্ট 516 টাকার 50% 258 টাকা মোট 5,516 টাকা রেয়াতের অঙ্ক 3,258 টাকা —নিম্নে মন্তব্য দ্রষ্টব্য]	
বেতন খাতে মোট আয়	15,130

মন্তব্য : অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমার প্রিমিয়াম বাবদ প্রদত্ত অর্থের জন্য 80C ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) হইল 5,516 টাকা। ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

	টাকা
(ক) আইনগ্রাহ্য সঞ্চয়	
(i) প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা (14 400 টাকার 8%)	1,152
(ii) জীবনবীমার প্রিমিয়াম	4 500
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	5,652

(খ) গ্রস্ মোট আয়ের 30% অর্থাৎ 18,388 টাকার 30%=5,516 টাকা,

(গ) 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ) নম্বরের নির্ণীত অঙ্ক তিনটির মধ্যে (খ) নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া 80C ধারা অনুসারে উহাই অর্থাৎ 5,516 টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক বলিয়া গণ্য হইবে।

Problem 65 Samir Sen gets an annual salary of Rs 12,000 *plus* a dearness allowance of Rs 1,500 per annum He contributes 12% of his salary and dearness allowance to a Provident Fund to which his employer contributes an equal amount Interest is calculated on the Provident Fund balance at 9% per annum which amounted to Rs 300 for the previous year House allowance of Rs 960 per annum is also granted to him for a house rented by him on a rental of Rs 1,920 per year He paid Rs 3 000 as life insurance premium on his life

You are to ascertain his gross total income and total income after allowing deduction in respect of Provident Fund contribution and life assurance premium for the assessment year 1969 70 if the Provident Fund is (I) Statutory, (II) Recognised or (III) Unrecognised

[সমীর সেন বার্ষিক 12000 টাকা বেতন পান তিনি বার্ষিক 1 500 টাকা করিয়া মহার্ঘ ভাতা পান। তিনি বেতনের ও মহার্ঘ ভাতার 12% প্রভিডেন্ট ফণ্ডে জমা দেন। উক্ত ফণ্ডে তাঁহার নিয়োগকর্তাও সমপরিমাণ অর্থ জমা দেন। প্রভিডেণ্ট ফণ্ডের জেরের উপর বার্ষিক 9% হারে পূর্ববর্তী বৎসরের জন্য 300 টাকা সুদ হইয়াছিল।

সমীর সেনকে বার্ষিক 960 টাকা হিসাবে গৃহ ভাতাও প্রদান করা হইয়াছিল কিন্তু যে গৃহে তিনি ভাড়াটে রূপে বাস করেন উহার জন্য তিনি বৎসরে 1 920 টাকা ভাড়া দিয়া থাকেন। তিনি নিজের জীবনবীমার প্রিমিয়াম বাবদ 3 000 টাকা ব্যয় করিয়া থাকেন।

1969 70 করনির্ধারণ বৎসরে তাঁহার গ্রস্ (gross) মোট আয় এবং প্রভিডেণ্ট ফণ্ডের চাঁদা ও জীবনবীমার প্রিমিয়াম বাদ দেওয়ার পরে মোট আয় নিরূপণ করিতে হইবে যদি প্রভিডেণ্ট ফণ্ডটি (I) বিধিবদ্ধ, (II) অনুমোদিত বা (III) অননুমোদিত হয়।]

Solution I বিধিবদ্ধ প্রভিডেণ্ট ফণ্ডের (Statutory Provident Fund) ক্ষেত্রে :

1969 70 করনির্ধারণ-বৎসরের জন্য সমীর সেনের মোট বেতন-আয়ের গণনা

	টাকা
বেতন	12,000
মহার্ঘ ভাতা	1,500
গৃহ-ভাতা [নিম্নে মন্তব্য (3) দ্রষ্টব্য।]	390
গ্রস্ মোট আয়	13,890
বাদ—প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমার প্রিমিয়াম বাবদ রেয়াত [দাবিযোগ্য বাদের অঙ্ক হইল 4,167 টাকা, সুতরাং, রেয়াতের অঙ্ক=4,167 টাকার 60% =2,500 টাকা —নিম্নে মন্তব্য (1) দ্রষ্টব্য।]	2,500
বেতন খাতে মোট আয়	11,390

মন্তব্য : (1) বিধিবদ্ধ প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমা'র প্রিমিয়াম বাবদ প্রদত্ত অর্থের জন্য 80C ধারা[1] অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) হইল 4,167 টাকা। ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

	টাকা
(ক) আইনগ্রাহ্য সঞ্চয়	
(i) প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা [(12,000+1,500) টাকার 12%]	1,620
(ii) জীবনবীমার প্রিমিয়াম	3,000
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	4,620

(খ) গ্রস্ মোট আয়ের 30% অর্থাৎ 13 890 টাকার 30%=4,167 টাকা,

(গ) 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ) নম্বরের নির্ণীত অঙ্ক তিনটির মধ্যে (খ) নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া 80C ধারা অনুসারে উহাই অর্থাৎ 4,167 **টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক** (Qualifying Amount) বলিয়া গণ্য হইবে।

(2) প্রশ্নে অনুরূপ নির্দেশ থাকায় প্রভিডেণ্ট ফণ্ডের চাঁদা হিসাব করার সময় মহার্ঘ ভাতার 1,500 টাকাও বেতনের অন্তর্ভুক্ত করা হইয়াছে, [1961 সালের আয়কর আইনের চতুর্থ তফসিলের 'এ' অংশ দ্রষ্টব্য।]

(3) গৃহ ভাতা বাবদ 390 টাকা বেতনের অন্তর্গত করা হইয়াছে, ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

	টাকা
(i) প্রকৃত ভাতার অঙ্ক	960
(ii) 1,920 টাকা - (12,000+1 500) টাকার 10%	570
(iii) 13 500 টাকার 10%	1,350
(iv) 300 টাকা × 12	3,600

উপরোক্ত চারিটি অঙ্কের মধ্যে (ii) নম্বরের 570 টাকা সর্বনিম্ন হওয়ায় উহা সমীর সেনের মোট আয় হইতে বাদ যাইবে। সুতরাং, 960 টাকা 570 টাকা=390 টাকা করযোগ্য হইবে।

[1] The aggregate of the sums referred to in sub-section (2) which qualifies for the purpose of computing the deduction under sub-section (1) shall not exceed—(i) in the case of an individual being an author play wright artist, musician or actor, such percentage of his gross total income, or such amount, as may be prescribed

(ii) in the case of any other individual, thirty per cent of his gross total income or fifteen thousand rupees, whichever is less

(iii) in the case of a Hindu undivided family thirty per cent of its gross total income, or thirty thousand rupees whichever is less'—*Section 80C (4) as amended by the Finance Act, 1969*

II অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডের (Recognised Provident Fund) ক্ষেত্রে :

1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য সমীর সেনের

মোট বেতন আয়ের গণনা

	টাকা
বেতন	12,000
মহার্ঘ ভাতা	1,500
গৃহ ভাতা	390
প্রভিডেণ্ট ফাণ্ড নিয়োগকর্তার চাঁদা [(13,500 টাকার 12%) – (13,500 টাকার 10%) অর্থাৎ আইনোক্ত 10% এর অতিরিক্ত অঙ্ক]	270
প্রভিডেন্ট ফণ্ডের উপর সুদ (আইনোক্ত 6% এর অতিরিক্ত অঙ্ক অর্থাৎ 300 টাকার $\frac{3}{9}$ বা $\frac{1}{3}$)	100
গ্রস্ মোট আয় (Gross Total Income)	14,260
বাদ—প্রভিডেণ্ট ফাণ্ড কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমার প্রিমিয়াম বাবদ রেয়াত [দাবিযোগ্য বাদের অঙ্ক 4,278 টাকা, সুতরাং, রেয়াতের অঙ্ক=4,278 টাকার 60%=2,566 টাকা —নিম্নে মন্তব্য (1) দ্রষ্টব্য]	2,566
বেতন খাতে মোট আয়	11,694

মন্তব্য : (1) অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমার প্রিমিয়াম বাবদ প্রদত্ত অর্থের জন্য 80C ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) হইল 4,278 টাকা। ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

	টাকা
(ক) আইনগ্রাহ্য সঞ্চয়	
(i) প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা (12,000+1,500) টাকার 12%	1,620
(ii) জীবনবীমার প্রিমিয়াম	3,000
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	4,620

(খ) গ্রস্ মোট আয়ের 30% অর্থাৎ 14,260 টাকার 30%=4,278 টাকা,

(গ) 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ) নম্বরের নির্ণীত অঙ্ক তিনটির মধ্যে (খ) নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া 80C ধারা অনুসারে উহাই অর্থাৎ **4,278 টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক** (Qualifying Amount) বলিয়া গণ্য হইবে।

(2) গৃহ ভাতা বাবদ 390 টাকা বেতনের অন্তর্গত করা হইয়াছে, ইহা কিভাবে নিরূপণ করা হইয়াছে, তাহা 141 পৃষ্ঠায় [মন্তব্য (3)] এ দেখানো হইয়াছে।

III অননুমোদিত প্রভিডেন্ট ফণ্ডের (Unrecognised Provident Fund) ক্ষেত্রে :

1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য সমীর সেনের মোট বেতন-আয়ের গণনা

	টাকা
বেতন	12,000
মহার্ঘ ভাতা	1,500
গৃহ ভাতা	390
গ্রস্ মোট আয় (Gross Total Income)	13,890
বাদ—জীবনবীমার প্রিমিয়াম বাবদ রেয়াত [দাবিযোগ্য বাদের অঙ্ক 3,000 টাকা সুতরাং, রেয়াতের অঙ্ক=3,000 টাকার 60%=1 800 টাকা —নিম্নের মন্তব্য দ্রষ্টব্য।]	1,800
বেতন খাতে মোট আয়	12,090

মন্তব্য : অননুমোদিত প্রভিডেন্ট ফণ্ডের ক্ষেত্রে 80C ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) হইল 3,000 টাকা, ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

(ক) আইনগ্রাহ্য সঞ্চয়[1]

জীবনবীমার প্রিমিয়াম	3,000
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	3,000

(খ) গ্রস্ মোট আয়ের 30%, অর্থাৎ 13,890 টাকার 30%=4,167 টাকা,

(গ) 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ) নম্বরের নির্ণীত অঙ্ক তিনটির মধ্যে (ক) নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া 80C ধারা অনুসারে উহাই অর্থাৎ **3,000 টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক** (Qualifying Amount) বলিয়া গণ্য হইবে।

Problem 66 Sri Nirmal is employed at a monthly salary of Rs 3,000 He contributed 10% of his salary to a recognised Provident Fund During 1967-68 he paid Rs 6,000 as Life Insurance premium on his own life and deposited Rs 3,000 in a 15 year Post Office Savings Bank (C T D) account

[1] প্রভিডেন্ট ফণ্ড অননুমোদিত বলিয়া উক্ত ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা বাবদ প্রদত্ত অর্থ এক্ষেত্রে গণনার মধ্যে ধরা হয় নাই।

Compute his total income for the assessment year 1968 69 and state the amount of deduction or rebate to which he would be entitled

[C U Three Year Degree Course, B Com (Hons) 1966—*Adapted*]

[শ্রী নির্মল মাসিক 3 000 টাকা বেতনে চাকুরি করে। সে বেতনের 10% অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে টাকা প্রদান করে। 1967-68 সালে সে নিজের জীবনবীমার জন্য 6 000 টাকা প্রিমিয়াম প্রদান করিল এবং 15-বৎসরের পোষ্ট অফিস সেভিংস ব্যাঙ্ক (সি টি ডি) হিসাবে 3 000 টাকা জমা দিল। 1968-69 করনির্ধারণ বৎসরের জন্য তাহার মোট আয় গণনা কর এবং তাহার দাবিযোগ্য বাদ বা ছাড়ের অঙ্ক কত তাহা উল্লেখ কর।]

Solution 1968 69 করনির্ধারণ-বৎসরের জন্য শ্রীনির্মলের মোট বেতন আয়ের গণনা

	টাকা
বেতন (3,000 টা × 12)	36 000
বাদ —প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম ও পোস্ট অফিস (সি টি ডি) হিসাবে জমা বাবদ রেয়াত	5 900

[দাবিযোগ্য বাদের অঙ্ক 10,800 টাকা , ইহার —

	টাকা
প্রথম 5,000 টাকার 60%	3,000
অবশিষ্ট 5,800 টাকার 50%	2 900
মোট 10,800 টাকা রেয়াতের অঙ্ক	5,900

—নিম্নে মন্তব্য দ্রষ্টব্য]

বেতন খাতে মোট আয়	30,100

মন্তব্য প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম ও পোস্ট অফিস সেভিংস্ ব্যাঙ্ক (সি টি ডি [1]) হিসাবে জমা বাবদ 80C ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) 10,800 টাকা। ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

(ক) আইনগ্রাহ্য সঞ্চয়

	টাকা
(i) প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর চাঁদা (36,000 টাকার 10%)	3,600
(ii) জীবনবীমার প্রিমিয়াম	6,000
(iii) পোস্ট অফিস সেভিংস্ ব্যাঙ্ক (সি টি ডি) হিসাবে জমা	3,000
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	12,600

(খ) গ্রস্ মোট আয়ের 30% , অর্থাৎ 36,000 টাকার 30%=10,800 টাকা ,

(গ) 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ), (গ) নম্বরের নির্ণীত অঙ্ক তিনটির মধ্যে (খ) এর অঙ্কটি সর্বনিম্ন বলিয়া 80C ধারা অনুসারে উহাই (অর্থাৎ 10,800 টাকা) **দাবিযোগ্য বাদের অঙ্ক** (Qualifying Amount) বলিয়া গণ্য হইবে।

[1] C. T D অর্থাৎ Cumulative Time Deposit.

Problem 67 The salary income of Mr Mukherjee for the previous year 1968-69 was Rs 21,000 (gross) During the previous year he made the following payments out of his income

(i) His contribution to a recognised Provident Fund—Rs 6 000 to this fund his employers also contributed a sum equal to 10% of his salary

(ii) Life Insurance Premium on his own life (sum assured Rs 20,000) —Rs 2,500

(iii) Time Deposits in the Post office—Rs 5 000

You are to compute the total income of Mr Mukherjee for the assessment year 1969 70 (Assume that he had no other source of income)

[1968 69 পূর্ববর্তী বৎসরের জন্য মি মুখার্জীর বেতন আয় ছিল 21 000 টাকা (গ্রস)। তিনি তাহার আয় হইতে নিম্নলিখিত অর্থগুলি ব্যয় করিয়াছিলেন

(i) অনুমোদিত প্রভিডেন্ট ফাণ্ডে তাহার চাঁদা 6 000 টাকা এই ফাণ্ডে নিয়োগকর্তাগণও তাহার বেতনের 10% হারে চাঁদা প্রদান করিয়াছিল

(ii) নিজের জীবনের উপর জীবনবীমার প্রিমিয়াম (বীমার অঙ্ক 20 000 টাকা)—2 500 টাকা

(iii) পোস্ট অফিসে মেয়াদী আমানত—5 000 টাকা।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য মি মুখার্জীর মোট আয় নিরূপণ কর। (ধরিয়া লও যে তাহার আর কোন আয় উৎস ছিল না।)]

Solution 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য মিঃ মুখার্জির মোট বেতন আয়ের গণনা

		টাকা
বেতন (গ্রস্)		21,000
বাদ : প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম ও পোস্ট অফিসে মেয়াদী আমানত বাবদ রেয়াত		3,650

[দাবিযোগ্য বাদের অঙ্ক 6,300 টাকা , ইহার—

		টাকা
প্রথম 5,000 টাকার 60%		3,000
অবশিষ্ট 1,300 টাকার 50%		650
মোট 6,300 টাকা	রেয়াতের অঙ্ক	3,650

—নিম্নে মন্তব্য (1) দ্রষ্টব্য]

বেতন খাতে মোট আয় 17,350

মন্তব্য (1) প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম ও পোস্ট অফিসে মেয়াদী আমানত হিসাবে জমা বাবদ 80C ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক হইল 6,300 টাকা। ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

(ক) আইনগ্রাহ্য সঞ্চয়	টাকা
(i) প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা [নিম্নে মন্তব্য (2) দ্রষ্টব্য]	4 200
(ii) জীবনবীমার প্রিমিয়াম[1] (প্রিমিয়ামের সর্বোচ্চ সীমা 20 000 টাকার 10%)	2,000
(iii) পোস্ট অফিসে মেয়াদী আমানত	5,000
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	11,200

(খ) গ্রস্ মোট আয়ের 30% অর্থাৎ 21,000 টাকার 30% =6,300 টাকা,

(গ) 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ) নম্বরের নির্ণীত অঙ্ক তিনটির মধ্যে (খ) এর অঙ্কটি সর্বনিম্ন বলিয়া 80C ধারা অনুসারে উহাই অর্থাৎ **6,300 টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount)** বলিয়া গণ্য হইবে।

(2) প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা বাবদ আইনগ্রাহ্য সঞ্চয় 4,200 টাকা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে[2] —

(ক) কর্মচারী কর্তৃক প্রদত্ত চাঁদার প্রকৃত অঙ্ক 6,000 টাকা,

(খ) বেতনের $\frac{1}{5}$ অর্থাৎ 21,000 টাকার $\frac{1}{5}$=4,200 টাকা

(গ) 8,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ) নম্বরের অঙ্ক তিনটির মধ্যে (খ) নম্বরের অঙ্কটি সর্বনিম্ন হওয়ায় উহাই অর্থাৎ 4,200 টাকাই প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা বাবদ আইনগ্রাহ্য সঞ্চয় বলিয়া গণ্য হইবে।

Problem 68 *A*'s total salary for the year ended 31st March, 1967 is Rs 10 000 He is also entitled to a dearness allowance of Rs 2,004 for the same year

His contribution to a Recognised Provident Fund is Rs 800 He pays life insurance premium of Rs 1,200

A is a married man with three dependent children

(a) Work out the amount on which *A* will be required to pay income tax and (b) the amount by which the income tax will be reduced on account of personal allowance **[C. U Three-Year Degree Course B Com, 1967]**

---

[1] 77 পৃষ্ঠা দ্রষ্টব্য।

[2] 77 পৃষ্ঠা ও 130 পৃষ্ঠা দ্রষ্টব্য।

[1967 সালের 31শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে সেই সময় A বার্ষিক 10 000 টাকা বেতন পায় অধিকন্তু সে ঐ বৎসরের জন্য মহার্ঘ ভাতা বাবদ 2 004 টাকা পায়।

অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ডে সে 800 টাকা চাঁদা দেয়। সে 1 200 টাকা জীবনবীমার প্রিমিয়াম দেয়। বিবাহিত এবং তাহার তিনটি পোষ্য সন্তান আছে।

(ক) যে আয়ের উপর A কে আয়কর প্রদান করিতে হইবে তাহা নিরূপণ কর এবং (খ) ব্যক্তিগত রেয়াত বাবদ তাহার আয়কর যে পরিমাণ কমিবে তাহা নিরূপণ কর।]

Solution 1967-68 করনির্ধারণ বৎসরের জন্য A এর

মোট বেতন আয়ের গণনা

		টাকা
(i)	বেতন	10,000
	মহার্ঘ ভাতা	2,004
	গ্রস্ মোট আয়	12,004
	বাদঃ প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমাব প্রিমিয়াম বাবদ রেয়াত	1,200
	[দাবিযোগ্য বাদের অঙ্ক 2,000 টাকা সুতরা, রেযাত অঙ্ক=2 000 টাকার 60%=1,200 টাকা --নিম্নে মন্তব্য দ্রষ্টব্য।]	
	মোট বেতন আয়	10,804

(ii) ব্যক্তিগত রেযাত বাবদ আয়কর হইতে বাদ 240 টাকা
[পরিশিষ্ট (ক) দ্রষ্টব্য]।

মন্তব্য অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমার প্রিমিয়াম বাবদ প্রদত্ত অর্থের জন্য 80C ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) হইল 2,000 টাকা, ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

		টাকা
(ক)	আইনগ্রাহ্য সঞ্চয়	
	প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা	800
	জীবনবীমার প্রিমিয়াম	1,200
	আইনগ্রাহ্য মোট সঞ্চয়	2 000

(খ) গ্রস্ মোট আয়ের 30% অর্থাৎ 12,004 টাকার 30%=3,601 টাকা,

(গ) 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ) নম্বরের নির্ণীত অঙ্ক তিনটির মধ্যে (ক) নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া 80C ধারা অনুসারে উহাই অর্থাৎ **2,000 টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount)** বলিয়া গণ্য হইবে।

Problem 69 *A*, a resident and ordinarily resident individual gives the following particulars of his income earned during the year ended 31st March, 1969

	Rs
Net Salary received in hand	16,000
Tax deducted at source by employer	2,000
Own contribution to a Recognised	
Provident Fund—also deducted by employer	2,400
Employer's contribution to Provident Fund	2,400
Entertainment Allowance	600

Notes (*i*) *A* was given throughout the year free use of a 20 H P car both for the purpose of employment and for private purposes

(*ii*) The entertainment allowance was given for the first time in the year ended 31st March 1962 and was continued at the same amount

Compute *A*'s income under the head 'Salaries' (Assume that *A* had no other source of income)

[C U Three Year Degree Course, B Com 1969—*Adapted*]

[*A* নামে কোন আবাসিক ও সাধারণত আবাসিক একক জন 31শে মার্চ 1969 তারিখে সমাপ্ত বৎসরের জন্য তাহার আয় সম্পর্কে নিম্নলিখিত বিবরণগুলি প্রদান করিল

	টাকা
হস্তে প্রাপ্ত নীট বেতন	16 000
উৎস স্থানে নিয়োগকর্তা কর্তৃক কর্তিত কর	2 000
অনুমোদিত প্রভিডেণ্ট ফাণ্ডে নিজের চাঁদা	
ইহাও নিয়োগকর্তা কর্তৃক কর্তিত	2,400
প্রভিডেণ্ট ফণ্ডে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত চাঁদা	2 400
আপ্যায়ন ভাতা	600

মন্তব্য (*i*) চাকুরী সংক্রান্ত কর্তব্য সম্পাদনে ও ব্যক্তিগত প্রয়োজনে বিনামূল্যে ব্যবহারের জন্য A কে 20 অশ্বশক্তি বিশিষ্ট একটি মোটর গাড়ী সারা বৎসরের জন্য দেওয়া হইয়াছিল।

(*ii*) 1962 সালের 31শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে ঐ বৎসর *A* কে আপ্যায়ন ভাতা সর্বপ্রথম দেওয়া হইয়াছিল এবং সেই সময় হইতে ইহার বাবদ একই অঙ্ক নিয়মিত দেওয়া হইতেছে।

বেতন খাতে *A* এর আয় গণনা কর। [ধরিয়া লও যে *A* এর অন্য কোন আয় উৎস ছিল না।]

Solution 1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য A-এর মোট বেতন আয়ের গণনা

বেতন	টাকা
নীট বেতন	16,000
উৎস-স্থানে কর্তিত কর	2,000
প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর চাঁদা (নিয়োগকর্তা কর্তৃক কর্তিত)	2,400
গ্রস্ বেতন	20,400
প্রভিডেণ্ট ফণ্ডে নিযোগকর্তা কর্তৃক প্রদত্ত অতিরিক্ত চাঁদা, [অর্থাৎ আইনোক্ত 10% এর অতিরিক্ত অঙ্ক (2,400 টাকা – 20,400 টাকার 10% =2,400 টাকা – 2,040 টাকা]	360
মোটর গাড়ী বাবদ বেতন পূরক (250 টাকা × 12)	3,000
আপ্যায়ন ভাতা	600
গ্রস্ মোট আয়	24,360
বাদ প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা বাবদ রেয়াত [দাবিযোগ্য বাদের অঙ্ক 2,400 টাকা, সুতরাং, রেয়াতের অঙ্ক=2,400 টাকার 60% =1,440 টাকা—নিম্নে মন্তব্য (3) দ্রষ্টব্য]	1 440
বেতন খাতে আয়	22,920

মন্তব্য : (1) মোটর গাড়ীটি 16 এর অধিক অশ্বশক্তি বিশিষ্ট হওয়ায় মোটর গাড়ী বাবদ বেতন পূরকের মূল্য মাসিক 250 টাকা হারে ধরা হইয়াছে। [106 পৃষ্ঠা দ্রষ্টব্য]

(2) 1955 সালের 1লা এপ্রিল তারিখের পূর্ব হইতে আপ্যায়ন ভাতা প্রদান করা শুরু না হওয়ায় উহা করমুক্ত আয় বলিয়া বিবেচিত হইবে না, অর্থাৎ ইহা বেতন আয়ের সহিত যুক্ত হইবে। [99 পৃষ্ঠা দ্রষ্টব্য]

(3) অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা বাবদ প্রদত্ত অর্থের জন্য 80C ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) হইল 2,400 টাকা। ইহা নিম্নলিখিত ভাবে নিরূপণ করা হইয়াছে

(ক) আইনগ্রাহ্য সঞ্চয়	টাকা
প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা	2,400
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	2,400

(খ) গ্রস্ মোট আয়ের 30% অর্থাৎ 24,360 টাকার 30% = 7,308 টাকা,

(গ) 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ)-নম্বরে নির্ণীত অঙ্ক তিনটির মধ্যে (ক) নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া 80C ধারা অনুসারে উহাই অর্থাৎ **2,400 টাকা দাবিযোগ্য ব্যয়ের অঙ্ক (Qualifying Amount)** বলিয়া গণ্য হইবে।

Problem 70 From the following particulars supplied to you regarding Mr Roy who is the employee of a commercial firm, ascertain Mr Roy's total salary income for the assessment year 1969 70 :

(I) if the Provident Fund be a recognised one,

(II) if the Provident Fund be an unrecognised one

Particulars

(a) Salary Rs 36,000 per annum

(b) Conveyance Allowance Rs 6 000 per annum (whole of which was spent by Mr Roy for performing office duties)

(c) Rent free quarters (unfurnished) annual fair value Rs 3,300

(d) His contribution to Provident Fund @ 8% of the salary, the employers contributing to Provident Fund an equal amount

(e) Interest credited to Provident Fund @ 9% per annum, Rs 4,500

(f) Proceeds of an endowment life assurance policy, Rs 25 000

(g) Payment to State Government as professional tax, Rs 500

(h) Life insurance premium paid by Mr Roy Rs 10,000

[কোন সওদাগরী প্রতিষ্ঠানের কর্মচারী মি রায় সম্পর্কে তোমাকে নিম্নলিখিত তথ্যগুলি প্রদান করা হইল। ইহা হইতে 1969 70 করনির্ধারণ বৎসরের জন্ম মি' রায়ের মোট বেতন আয় নিরূপণ কর

(I) যদি প্রভিডেণ্ট ফণ্ডটি অনুমোদিত হয়

(II) যদি প্রভিডেণ্ট ফণ্ডটি অননুমোদিত হয়।

বিবরণ

(ক) বেতন বার্ষিক 36,000 টাকা,

(খ) যাতায়াত ভাতা বার্ষিক 6 000 টাকা ইহার সমগ্রটাই মি রায় অফিস সংক্রান্ত কাজে ব্যয় করিয়া থাকেন

(গ) বিনাভাড়ার বাড়ী (আসবাব শূন্য) বার্ষিক ন্যায্য মূল্য 3 300 টাকা

(ঘ) প্রভিডেণ্ট ফণ্ডে তাঁহার চাঁদা বেতনের 8% প্রভিডেণ্ট ফণ্ডে নিয়োগকর্তাগণের চাঁদা সমপরিমাণ,

(ঙ) প্রভিডেণ্ট ফণ্ডে বার্ষিক 9% হারে জমাকৃত সুদ 4 500 টাকা

(চ) মেয়াদী বীমা হইতে প্রাপ্ত অর্থ 25,000 টাকা

(ছ) পেশা সম্পর্কিত কর বাবদ রাজ্য সরকারকে প্রদত্ত 500 টাকা

(জ) মি' রায় কর্তৃক প্রদত্ত জীবনবীমার প্রিমিয়াম 10 000 টাকা।]

Solution : I. অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডের (Recognised Provident Fund) ক্ষেত্রে :

1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য মিঃ রায়ের

মোট বেতন-আয়ের গণনা :

	টাকা
বেতন	36,000
আসবাব-শূন্য গৃহ সংস্থানের মূল্য (মূল বেতনের 10% অপেক্ষা কম)	3,300
প্রভিডেন্ট ফণ্ডে জমাকৃত সুদ (আইনোক্ত 6% এর অতিরিক্ত অঙ্ক)	1,500
	40,800
বাদ : রাজ্য সরকারকে প্রদত্ত পেশা সম্পর্কিত কর	500
গ্রস্ মোট আয়	40,300
বাদ : প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমার প্রিমিয়াম বাবদ রেয়াত	6,545

[দাবিযোগ্য বাদের অঙ্ক 12,090 টাকা, ইহার—

			টাকা
প্রথম	5,000 টাকার 60%		3,000
অবশিষ্ট	7,090 „ 50%		3,545
মোট	12,090 টাকা	রেয়াতের অঙ্ক	6,545

নিম্নে মন্তব্য (1) দ্রষ্টব্য]

বেতন খাতে মোট আয়	33,7[illegible]

মন্তব্য : (1) অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা ও জীবনবীমার প্রিমিয়াম বাবদ প্রদত্ত অর্থের জন্য 80C ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) হইল 12,090 টাকা। ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

(ক) আইনগ্রাহ্য সঞ্চয়

	টাকা
(i) প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা (36,000 টাকার 8%)	2,880
(ii) জীবনবীমার প্রিমিয়াম	10,000
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	12,880

(খ) গ্রস্ মোট আয়ের 30% অর্থাৎ 40,300 টাকার 30% = 12,090 টাকা,

(গ) 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ) [illegible]

বলিয়া 80C-ধারা অনুসারে উহাই অর্থাৎ 12,090 টাকা দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) বলিয়া গণ্য হইবে।

(2) মেয়াদী বীমা হইতে প্রাপ্ত অর্থ 25,000 টাকা মূলধনী আয় বলিয়া ইহা বেতন খাতে মোট আয়ের মধ্যে ধরা হয় নাই।

(3) রাজ্য সরকারকে প্রদত্ত পেশা সম্পর্কিত কর বাদযোগ্য খরচ বলিয়া বিবেচিত হয়।

II অনমুমোদিত প্রভিডেন্ট ফণ্ডের (Unrecognised Provident Fund) ক্ষেত্রে :

1969-1970 করনির্ধারণ-বৎসরের জন্য মিঃ রায়ের
মোট বেতন-আয়ের গণনা :

		টাকা
বেতন		36,000
আসবাবশূন্য গৃহ সংস্থানের মূল্য		3,300
		39,300
বাদ : রাজ্য সরকারকে প্রদত্ত পেশা সম্পর্কিত কর		500
	গ্রস্ মোট আয়	38,800
বাদ : জীবনবীমার প্রিমিয়াম বাবদ রেয়াত		5,500
[দাবিযোগ্য বাদের অঙ্ক 10,000 টাকা, ইহার—		
	টাকা	
প্রথম 5,000 টাকার 60%	3,000	
অবশিষ্ট 5,000 „ 50%	2,500	
মোট 10,000 টাকা রেয়াতের অঙ্ক	5,500	
—নিম্নে মন্তব্য দ্রষ্টব্য।]		
	বেতন খাতে মোট আয়	33,300

মন্তব্য : অনমুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে জীবনবীমার প্রিমিয়াম বাবদ প্রদত্ত অর্থের জন্য 80C ধারা অনুসারে দাবিযোগ্য বাদের অঙ্ক (Qualifying Amount) হইল 10,000 টাকা, ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

	টাকা
(ক) আইনগ্রাহ্য সঞ্চয়	
জীবনবীমার প্রিমিয়াম	10,000
আইনগ্রাহ্য মোট সঞ্চয়	10 000

(খ) গ্রস্ মোট আয়ের 30% অর্থাৎ 38,800 টাকার 30% = 11,640 টাকা,

(গ) 15,000 টাকা।

উপরোক্ত (ক), (খ) ও (গ) নম্বরের নির্ণীত অঙ্ক তিনটির মধ্যে (ক) নম্বরের অঙ্কটি সর্বনিম্ন বলিয়া 80C ধারা অনুসারে উহাই অর্থাৎ **10,000 টাকা দাবিযোগ্য বাদের (Qualifying Amount)** বলিয়া গণ্য হইবে।

Problem 71 The following are the particulars about Mr Chowdhury, the manager of Nandy & Co Ltd for the assessment year 1969 70

		Rs
1	Salary (annually)	36,000
2	Dearness Allowance	2,300
3	Bonus	5,500
4	Entertainment Allowance (never given before)	4,500
5	Employer s contribution to Recognised Provident Fund	4,000
6	Employee s contribution to Recognised Provident Fund	4,000
7	Interest on Provident Fund @ 4% per annum	2 000
8	Unfurnished rent free quarter (Annual fair rental value)	6,000
9	Gardener s salary (annually), paid by the employers	1,200
10	Educational Expenses of Mr Chowdhury s children, paid by the employers	1,000
11	Medical Expenses paid by the employers	200
12	Refreshment during office hours, paid by the employers	400
13	Gas and electricity bill of Mr Chowdhury, paid by the employers	500
14	Life insurance premium paid by the employers on an endowment policy on the life of Mr Chowdhury	1,000

You are to ascertain the total salary income of Mr Chowdhury for the assessment year 1969 70

[নন্দী অ্যাণ্ড কো লিমিটেডের ম্যানেজার মি চৌধুরীর বিষয়ে 1969 70 করনির্ধারণ বৎসরে নিম্নলিখিত বিবরণগুলি প্রদত্ত হইল

		টাকা
1	বেতন (বার্ষিক)	36 000
2	মহার্ঘ ভাতা	2 300
3	বোনাস্	5,500
4	আপ্যায়ন ভাতা (পূর্বে কোন দিন দেওয়া হয় নাই)	4,500
5	অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ডে নিয়োগকর্তাগণের চাঁদা	4 000
6	অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ডে কর্মচারীর চাঁদা	4,000
7	প্রভিডেণ্ট ফণ্ডের উপর সুদ বার্ষিক 4% হারে	2,000
8	আসবাবহীন গৃহ সংস্থানের মূল্য (বার্ষিক ন্যায্য-ভাড়ার মূল্য)	6,000
9	ফুলবাগানের মালীর বেতন (বার্ষিক) নিয়োগকর্তাগণ কর্তৃক প্রদত্ত	1,200
10	মিঃ চৌধুরীর সন্তানগণের শিক্ষার ব্যয় নিয়োগকর্তাগণ কর্তৃক প্রদত্ত	1,000
11	চিকিৎসার ব্যয় নিয়োগকর্তাগণ কর্তৃক প্রদত্ত	200
12	অফিসের সময় বিনামূল্যে জলখাবার নিয়োগকর্তাগণ কর্তৃক প্রদত্ত	400
13	মি চৌধুরীর গ্যাস ও ইলেকট্রিকের বিল নিয়োগকর্তাগণ কর্তৃক প্রদত্ত	500
14	মিঃ চৌধুরীর জীবনের উপর মেয়াদী বীমাপত্রের জন্য নিয়োগকর্তাগণ কর্তৃক প্রদত্ত জীবনবীমা প্রিমিয়াম	1,000

1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য মিঃ চৌধুরীর মোট বেতন-আয় নিরূপণ করিতে হইবে।]

Solution : 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য মিঃ চৌধুরীর মোট বেতন আয়ের গণনা

	টাকা	টাকা
উপরোক্ত 19 (i) ধারায় সুদ আদায় সংক্রান্ত যে খরচের কথা বলা হইয়াছে, **ব্যাঙ্কিং কোম্পানীর** ক্ষেত্রে উক্ত সুদ আদায় করিবার জন্য **যুক্তিযুক্তভাবে** যে সকল অর্থ খরচ করা হইয়া থাকে, সেইগুলি 'লগ্নিপত্রের উপর সুদ' হইতে বাদ যাইবে। 'লগ্নিপত্রের উপর সুদ' আদায়ের খরচকে তখনই **যুক্তিযুক্ত** বলিয়া গণ্য করা হইবে, যখন দেখা যাইবে যে, আয়কর আইনের 30, 31, 36 ও 37 ধারা অনুসারে ব্যাঙ্কিং কোম্পানীর মোট বাদযোগ্য খরচের ও লগ্নিপত্রের সুদ আদায়ের খরচের মধ্যে যে অনুপাত হইবে, উক্ত ব্যাঙ্কিং কোম্পানীর লাভ লোকসানের হিসাবে প্রদর্শিত অন্যান্য খাতে মোট আয়ের ও উক্ত লগ্নিপত্রের সুদের আয়ের মধ্যে সেই একই অনুপাত বজায় রহিয়াছে। যথা, একটি ব্যাঙ্কিং কোম্পানীর মোট আয় 1,00,000 টাকা এবং বাদযোগ্য মোট ব্যয় 20,000 টাকা (অর্থাৎ 1,00,000 টাকার 20%)। আবার উক্ত ব্যাঙ্কিং কোম্পানীর লগ্নিপত্রের উপর সুদ' খাতে আয় 60 000 টাকা। এরূপক্ষেত্রে উক্ত সুদ 60,000 টাকার 20% অর্থাৎ 12,000 টাকার অধিক হইতে পারিবে না।

উপরোক্ত 19(ii) ধারায় ঋণের উপর প্রদেয় যে সুদের কথা বলা হইয়াছে, ব্যাঙ্কিং কোম্পানীর ক্ষেত্রে, উক্ত প্রদেয় সুদ তখনই যুক্তিযুক্ত বলিয়া গণ্য হইবে যখন দেখা যাইবে যে, উক্ত সুদ ও উক্ত কোম্পানী কর্তৃক অন্যান্য ঋণের উপর প্রদেয় সুদের মধ্যে যে অনুপাত হইবে, লগ্নিপত্রের উপর প্রাপ্য সুদ ও ব্যাঙ্কিং কোম্পানীর লাভ লোকসানের হিসাবে প্রদর্শিত অন্যান্য খাতে আয়ের মধ্যে সেই একই অনুপাত বজায় রহিয়াছে। যথা, একটি ব্যাঙ্কিং কোম্পানীর আয় 7,00,000 টাকা এবং উক্ত অর্থ সংগ্রহ করিবার জন্য প্রদত্ত সুদ 28,000 টাকা অর্থাৎ 7,00,000 টাকার 4%। আবার, উক্ত ব্যাঙ্কিং কোম্পানীর লগ্নিপত্রের উপর সুদ' খাতে আয় 3,00,000 টাকা। এরূপক্ষেত্রে, উক্ত অর্থ সংগ্রহ করিবার জন্য প্রদত্ত সুদ 3,00,000 টাকার 4% অর্থাৎ 12,000 টাকার অধিক হইতে পারিবে না।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, যদি কোন টাকার অঙ্ক উপরোক্তভাবে বাদ দেওয়া হইয়া থাকে, তাহা হইলে 'ব্যবসায়ের বা পেশার মুনাফা বা লাভ' খাতে আয় নিরূপণ করিবার সময় উহা হইতে এইরূপ টাকার অঙ্ক পুনরায় বাদ দেওয়া যাইবে না।

যে সকল সুদ মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না
(Interests not included in the total income)

নিম্নলিখিত লগ্নিপত্রগুলির উপর সুদ করদাতার মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না

(1) পোস্ট অফিসের ক্যাশ সার্টিফিকেট (Post office Cash Certificates),

(2) জাতীয় পরিকল্পনা সার্টিফিকেট (National Plan Certificates),

(3) ট্রেজারী সেভিংস্ ডিপোসিট্ সার্টিফিকেট (Treasury Savings Deposit Certificates),

(4) পোস্ট অফিসের জাতীয় সঞ্চয় সার্টিফিকেট (Post office National Savings Certificates)

(5) বার বৎসরের জাতীয় প্রতিরক্ষা সার্টিফিকেট (12 years National Defence Certificates);

(6) বার বৎসরের জাতীয় পরিকল্পনা সঞ্চয় সার্টিফিকেট (12 years National Plan Savings Certificates)

(7) দশ বৎসরের প্রতিরক্ষা ডিপোসিট সার্টিফিকেট (Ten years Defence Deposit Certificates)

(8) সিংহলের কেন্দ্রীয় ব্যাংক ইস্যু বিভাগ কর্তৃক 1949 সালে সিংহল অর্থনৈতিক আইন অনুসারে রক্ষিত লগ্নিপত্র

(9) কেন্দ্রীয় সরকার কর্তৃক বিনির্দিষ্ট অন্যান্য বিশেষ সার্টিফিকেট।

লগ্নিপত্রের উপর সুদের জন্য যে সকল ব্যক্তি করযোগ্য নহে

(Persons not chargeable to tax for Interest on Securities)

নিম্নলিখিত ব্যক্তিগণ লগ্নিপত্রের উপর যে সুদ অর্জন করিয়া থাকে, উহা করযোগ্য হয় না।

(ক) স্থানীয় স্বায়ত্বশাসন প্রতিষ্ঠান

(খ) কর্মিগণ ও নিয়োগকর্তাগণের মধ্যে অথবা কর্মিগণের পরস্পরের মধ্যে সম্পর্ক নিয়ন্ত্রণের জন্য সংগঠিত রেজিস্টার্ড ট্রেড ইউনিয়ন

(গ) 1925 সালের প্রভিডেন্ট ফণ্ড অ্যাক্টের বিধানাবলী যে প্রভিডেন্ট ফণ্ডের ক্ষেত্রে প্রয়োজ্য, উহা

(ঘ) অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ড

(ঙ) অনুমোদিত বার্ধক্য বৃত্তি ফণ্ড

(চ) আয়কর আইনের 10 (26) ধারায় বর্ণিত অঞ্চলে বসবাসকারী তপশীলী উপজাতির কোন সভ্য (সরকারী কর্মচারী ব্যতীত),

(ছ) কোন অনুমোদিত বৈজ্ঞানিক গবেষণা সমিতির আয় যদি সম্পূর্ণভাবে ইহার নিজের উদ্দেশ্যের জন্য ব্যয়িত হয়, তবে উহা

(জ) সম্পূর্ণভাবে শিক্ষার উদ্দেশ্যে সংগঠিত কোন বিশ্ববিদ্যালয় বা অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান

(ঝ) আয়কর আইনের 10(23) ধারায় বর্ণিত শর্তাবলী পূরণকারী কোন অনুমোদিত

সুদ-সমেত বনাম সুদ-বাদ
(Cum-interest vs Ex-interest)

লগ্নিপত্র সুদ সমেত (Cum interest) বা সুদ বাদ (Ex interest) খরিদ করা হইয়াছে, আয়কর আইন অনুসারে তাহাতে লগ্নিপত্র ক্রেতার নিকট কোন পার্থক্য সৃষ্টি করে না। কারণ, সুদ সমেত বা সুদ বাদের উভয় ক্ষেত্রেই লগ্নিপত্র ক্রেতাকে সম্পূর্ণকালের সুদের প্রাপক বলিয়া ধরিয়া লওয়া হয় এবং ঐ ভিত্তিতে সম্পূর্ণকালের সুদই তাহার আয়ের অন্তর্ভুক্ত করা হয়।

অন্যভাবে বলিতে গেলে, কোন লগ্নিপত্রের উপর যে তারিখে সুদ প্রদেয় হয়, ঐ তারিখে লগ্নিপত্র যাহার স্বত্বাধীন থাকে আয়কর আইন অনুসারে তাহাকেই প্রদেয় সুদের প্রাপক বলিয়া ধরিয়া লওয়া হয় এবং উক্ত সুদ তাহার আয়ের অন্তর্ভুক্ত করা হয়।

কর-মুক্ত সরকারী লগ্নিপত্র, কর-মুক্ত বাণিজ্যিক লগ্নিপত্র ও কর-বাদ লগ্নিপত্র
(Tax-free Government Securities, Tax free Commercial Securities and Less-Tax Securities)

(ক) কর-মুক্ত সরকারী লগ্নিপত্র (Tax-free Government Securities) : এই জাতীয় লগ্নিপত্রগুলি দুই শ্রেণীর হইয়া থাকে (i) কেন্দ্রীয় সরকার কর্তৃক বিলিকৃত লগ্নিপত্র ও (ii) রাজ্য সরকার কর্তৃক বিলিকৃত লগ্নিপত্র। এই সকল লগ্নিপত্রের উপর উহার স্বত্বাধিকারীর যে সুদ প্রাপ্য হয়, উহা সর্বপ্রথমে তাহার মোট আয়ের সহিত যুক্ত করা হয় এবং ঐ মোট আয়ের ভিত্তিতে করদাতা কর্তৃক প্রদেয় মোট করের পরিমাণ স্থির করা হয়। তৎপর কর মুক্ত লগ্নিপত্রের জন্য মোট কর হইতে গড় হারে (সর্বোচ্চ $27\frac{1}{2}\%$) ছাড় (Rebate) বাদ দেওয়া হয়। মোট অঙ্কায়িত (Grossing up) না করিয়াই এইরূপ সুদ করদাতার মোট আয়ের সহিত যুক্ত করা হয়।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, এমন কতকগুলি লগ্নিপত্র আছে যেগুলির সুদ করদাতার মোট আয়ের সহিত মোটেই যুক্ত করা হয় না যথা, পোস্ট অফিসের ক্যাশ সার্টিফিকেট, জাতীয় পরিকল্পনা সার্টিফিকেট, ট্রেজারী সেভিংস্ ডিপোজিট সার্টিফিকেট প্রভৃতি।

(খ) কর-মুক্ত বাণিজ্যিক লগ্নিপত্র (Tax-free Commercial Securities) : কোম্পানী ও অন্যান্য বাণিজ্যিক প্রতিষ্ঠান কর্তৃক এইরূপ লগ্নিপত্র বিলি করা হয়। এইরূপ লগ্নিপত্রের উপর যে কর প্রদেয় হয়, উহা সুদের প্রাপক প্রদান করে না। তৎপরিবর্তে সংশ্লিষ্ট লগ্নিপত্র বিলিকারী প্রতিষ্ঠানই উক্ত সুদের উপর প্রদেয় কর সরকারকে প্রদান করিয়া থাকে। এইরূপ লগ্নিপত্রের স্বত্বাধিকারী তাহার প্রাপ্ত সুদের জন্য নিজের পকেট হইতে সরকারকে কোন কর প্রদান করে না। এইজন্যই এইরূপ লগ্নিপত্রকে 'কর মুক্ত লগ্নিপত্র' বলা হয়।

'লগ্নিপত্রের উপর সুদ' খাতে আয়ের সহিত যুক্ত করিবার পূর্বে এইরূপ সুদের অঙ্ককে মোট অঙ্কায়িত (Grossing up) করিতে হয়, অর্থাৎ কোম্পানী কর্তৃক সুদ হইতে আয়কর কাটিয়া লইবার পূর্বে লগ্নিপত্রের উপরে প্রদেয় সুদ যাহা ছিল, উহার সম্পূর্ণই লগ্নিপত্রের স্বত্বাধিকারীর আয় বলিয়া ধরিয়া লইতে হইবে।

(গ) কর-বাদ লগ্নিপত্র (Less-tax Securities)ঃ এইরূপ লগ্নিপত্রের উপর লগ্নিপত্রের স্বত্বাধিকারীর যে সুদ প্রাপ্য হয়, উহা হইতে উৎস স্থানেই কর কাটিয়া লওয়া হয় এবং অবশিষ্টাংশ লগ্নিপত্রের স্বত্বাধিকারীকে প্রদান করা হয়। কর বাদ দিয়া যে নীট সুদ পাওয়া যায় উহাকে মোট অঙ্কায়িত (Grossing up) করিতে হয় এবং সুদের ঐ মোট অঙ্ককে (Gross Amount) ব্যক্তির মোট আয়ের সহিত যুক্ত করিতে হয়।

Problem 80 : On 31st March, 1969, Madhab Bose held the following securities

4½% India Government tax free securities, Rs 10,000

6% West Bengal Government Loan Bonds, Rs 12,500

3½% Agra Municipal Bonds Rs 5,000

Ascertain Madhab Bose's income from interest on securities for the assessment year 1969 70 Interests are receivable on 1st January & 1st July every year

[1969 সালের 31শে মার্চ তারিখে নিম্নলিখিত লগ্নিপত্রগুলি মাধব বসুর অধিকারে ছিল

	টাকা
4½% ভারত সরকারের কর মুক্ত লগ্নিপত্র	10 000
6% পশ্চিমবঙ্গ সরকারের ঋণ বণ্ড	12 500
3½% আগ্রা মিউনিসিপ্যালিটি বণ্ড	5 000

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য মাধব বসুর লগ্নিপত্রের উপর সুদ খাতে কত টাকা আয় হইয়াছিল তাহা নিরূপণ কর। প্রতি বৎসর 1লা জানুয়ারী ও 1লা জুলাই তারিখে সুদ প্রদেয় হয়।]

Solution : 1969 70 করনির্ধারণ-বৎসরের জন্য মাধব বসুর লগ্নিপত্রের উপর সুদ খাতে-আয়ের গণনা

	টাকা
4½% ভারত সরকারের কর মুক্ত লগ্নিপত্রের সুদ	450
6% পশ্চিমবঙ্গ সরকারের ঋণ বণ্ডের সুদ	750
3½% আগ্রা মিউনিসিপ্যালিটি বণ্ডের সুদ	175
লগ্নিপত্রের উপর সুদ খাতে আয়	1,375

Problem 81 : On 31st March 1969 Dipankar Chatterjee's investments in securities were as follows

	Rs
6% West Bengal Government Loan Bonds	75,000
7% Preference shares of Kanpur Sugar Mills Ltd	1,20,000
4½% India Government Tax free Securities	60,000
3½% Calcutta Improvement Trust Debentures	30,000
5½% 1 year's Fixed Deposit with the State Bank of India	36,000

Find out his income from interest on securities for the assessment year 1969 70 Interests are receivable on 1st January and 1st July every year

[1969 সালের 31শে মার্চ তারিখে দীপঙ্কর চ্যাটার্জির লগ্নিপত্রে বিনিয়োগ নিম্নরূপ ছিল

	টাকা
6% পশ্চিমবঙ্গ সরকারের ঋণ বণ্ড	75,000
7% কানপুর সুগার মিলস্ লিমিটেডের প্রেফারেন্স শেয়ার	1,20 000
$4\frac{1}{2}$% ভারত সরকারের কর মুক্ত লগ্নিপত্র	60 000
$3\frac{1}{2}$% কলিকাতা ইমপ্রুভমেণ্ট ট্রাস্টের ডিবেঞ্চার	30 000
$5\frac{1}{2}$% স্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার 1 বৎসরের স্থির আমানত	36 000

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য তাহার লগ্নিপত্রের উপর সুদ খাতে আয় নিরূপণ কর। প্রতিবৎসর 1লা জানুয়ারী ও 1লা জুলাই তারিখে সুদ প্রদেয় হয়।]

Solution : **1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য দীপঙ্কর চ্যাটার্জির 'লগ্নিপত্রের উপর সুদ' খাতে মোট আয়ের গণনা**

	টাকা
6% পশ্চিমবঙ্গ সরকারের ঋণ বণ্ডের সুদ	4,500
$4\frac{1}{2}$% ভারত সরকারের কর মুক্ত লগ্নিপত্রের সুদ	2,700
$3\frac{1}{2}$% কলিকাতা ইমপ্রুভমেণ্ট ট্রাস্টের ডিবেঞ্চারের সুদ	1,050
'লগ্নিপত্রের উপর সুদ' খাতে মোট আয়	8,250

মন্তব্য : 7% কানপুর সুগার মিলস্ লিমিটেডের প্রেফারেন্স শেয়ার হইতে যে ডিভিডেণ্ড পাওয়া গিয়াছে, তাহা 'লগ্নিপত্রের উপর সুদ' খাতের অন্তর্ভুক্ত হইবে না—'অন্যান্য উৎস হইতে আয়' খাতের অন্তর্গত হইবে।

অনুরূপ কারণে $5\frac{1}{2}$% স্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার 1 বৎসরের স্থির আমানতের সুদ 'লগ্নিপত্রের উপর সুদ' খাতে করযোগ্য হইবে না।

Problem 82 The following were the investments of Basanta Roy during the year ended 31st March, 1969

		Rs
(i)	$3\frac{1}{2}$% Central Govt Securities	25,000
(ii)	4% Calcutta Port Trust Bonds	15,000
(iii)	$4\frac{1}{2}$% Madras Port Trust Bonds	20,000

He paid Rs 35 as commission for collection of the interest and Rs 600 as interest on loan taken for purchasing the Madras Port Trust Bonds

You are to ascertain Basanta Roy's income from 'Interest on Securities' for the assessment year 1969 70

[1969 সালের 31শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে ঐ বৎসরের জন্য বসন্ত রায়ের লগ্নিগুলি নিম্নরূপ ছিল

	টাকা
(i) $3\frac{1}{2}$% কেন্দ্রীয় সরকারের লগ্নিপত্র	25 000
(ii) 4% কলিকাতা পোর্ট ট্রাস্টের বণ্ড	15 000
(iii) $4\frac{1}{2}$% মাদ্রাজ পোর্ট ট্রাস্টের বণ্ড	20 000

সুদ আদায় করিবার জন্য তিনি 35 টাকা আদায়ের কমিশন প্রদান করিলেন এবং মাদ্রাজ পোর্ট ট্রাস্টের বণ্ডগুলি খরিদ করিবার জন্য তিনি যে ঋণ করিয়াছিলেন উহার জন্য 600 টাকা সুদ প্রদান করিলেন।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য বসন্ত রায়ের লগ্নিপত্রের উপর সুদ খাতে আয় নিরূপণ করিতে হইবে।]

Solution 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য বসন্ত রায়ের 'লগ্নিপত্রের উপর সুদ' খাতে মোট আয়ের গণনা

		টাকা
(i) কেন্দ্রীয় সরকারের লগ্নিপত্রের সুদ		875
(ii) কলিকাতা পোর্ট ট্রাস্টের বণ্ডের সুদ		600
(iii) মাদ্রাজ পোর্ট ট্রাস্টের বণ্ডের সুদ		900
		2,375
বাদ :— সুদ আদায়ের কমিশন	টাকা 35	
গৃহীত ঋণের উপর সুদ	600	635
'লগ্নিপত্রের উপর সুদ' খাতে আয়		1,740

Problem 83 On April 1, 1968 Bijit Basu held the following securities

	Rs
(i) 3% West Bengal Govt Loan	45,000
(ii) 5% Madras Improvement Trust Debentures	40,000
(iii) 5% Debentures of Allahabad Sugar Mills Ltd	15,000

On 1st August, 1968, he purchased Rs 10 000 3% U P Government Loan at $92\frac{1}{2}$% (cum interest) Interests on securities are payable in each case on 1st June and 1st December every year

The bank commission for collecting interest was Rs 40

You are to ascertain his income from interest on securities for the assessment year 1969 70

[1968 সালের 1লা এপ্রিল তারিখে নিম্নলিখিত লগ্নিপত্রগুলি বিজিত বসুর স্বত্বাধীন ছিল

	টাকা
(i) 3% পশ্চিমবঙ্গ সরকারের ঋণপত্র	45,000
(ii) 5% মাদ্রাজ ইম্প্রুভমেণ্ট ট্রাস্ট ডিবেঞ্চার	40 000
(iii) 5% এলাহাবাদ সুগার মিলস্ লি° এর ডিবেঞ্চার	15 000

1968 সালের 1লা আগস্ট তারিখে তিনি 10,000 টাকার 3% উত্তর প্রদেশ সরকারের ঋণপত্র $92\frac{1}{2}$% (সুদ সমেত) দরে ক্রয় করিলেন। লগ্নিপত্রের উপর প্রত্যেক ক্ষেত্রে প্রতিবৎসর 1লা জুন ও 1লা ডিসেম্বর তারিখে সুদ প্রদেয় হয়। সুদ আদায় করার জন্য 40 টাকা ব্যাঙ্কের কমিশন প্রদান করা হইয়াছিল।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য বিজিত বসুর লগ্নিপত্রের উপর সুদ খাতে আয় নিরূপণ করিতে হইবে।]

Solution 1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য বিজিত বস্তুর লগ্নিপত্রের উপর সুদ খাতে মোট আয়ের গণনা

		টাকা
(i)	পশ্চিমবঙ্গ সরকারের ঋণপত্রের সুদ	1,350
(ii)	মাদ্রাজ ইমপ্রুভমেণ্ট ট্রাস্টের ডিবেঞ্চারের সুদ	2,000
(iii)	এলাহাবাদ সুগার মিলস্ লিমিটেডের ডিবেঞ্চারের সুদ	750
		4,100
(iv)	উত্তর প্রদেশ সরকারের ঋণপত্রের সুদ (1 7 1968 তারিখে ক্রীত 31শে ডিসেম্বর পর্যন্ত অর্ধ বৎসরের সুদ)	150
		4,250
	বাদঃ সুদ আদায়ের জন্য ব্যাঙ্কের কমিশন	40
	'লগ্নিপত্রের উপর সুদ' খাতে আয়	4,210

Problem 84 On 1st April 1968 the investments of Sitangshu Chowdhury were as follows

		Rs
(i)	4% U P Government Loan	25,000
(ii)	5% Calcutta Improvement Trust Bonds	12,500
(iii)	5% Bandel Jute Mills Debentures	7,500
(iv)	6% Bengal Cotton Mills Preference Shares	10,000

On 1st October, 1968, he sold Calcutta Improvement Trust Bonds at a profit of Rs 250 and purchased Rs 20,000 4% Madras Port Trust Bonds for which he borrowed Rs 7,500 from his bankers, the United Bank Ltd at 6% per annum interest The bank commission for buying and selling the securities was 1% and for collecting interest Rs 10

You are to ascertain Sitangshu Chowdhury s income from 'interest on securities for the assessment year 1969 70 (Interest on securities are payable in each case on 1st January and 1st July every year)

[1968 সালের 1লা এপ্রিল তারিখে শীতাংশু চৌধুরীর লগ্নিগুলি নিম্নরূপ ছিল

		টাকা
(i)	4% উত্তরপ্রদেশ সরকারের ঋণপত্র	25 000
(ii)	5% কলিকাতা ইম্প্রুভমেণ্ট ট্রাস্টের বণ্ড	12 500
(iii)	5% ব্যাণ্ডেল জুট মিলের ডিবেঞ্চার	7 500
(iv)	6% বেঙ্গল কটন মিলস্বের প্রেফারেন্স শেয়ার	10,000

1968 সালের 1লা অক্টোবর তারিখে 250 টাকা মুনাফায় তিনি কলিকাতা ইমপ্রুভমেণ্ট ট্রাস্টের বণ্ড বিক্রয় করিয়া দিলেন এবং 20 000 টাকার 4% মাদ্রাজ পোর্ট ট্রাস্টের বণ্ড খরিদ করিলেন। ইহার জন্য তিনি তাঁহার ব্যাঙ্কার ইউনাইটেড ব্যাঙ্ক লিমিটেডের নিকট হইতে বার্ষিক 6% সুদে 7 500 টাকা ঋণ করিলেন। লগ্নিপত্রগুলির ক্রয় ও বিক্রয়ের জন্য 1% হারে ব্যাঙ্কের কমিশন প্রদান করা হইয়াছিল এবং সুদ আদায়ের জন্য 10 টাকা খরচ হইয়াছিল।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য শীতাংশু চৌধুরীর লগ্নিপত্রের উপর সুদ খাতে আয় নিরূপণ করিতে হইবে। (প্রতিবৎসর 1লা জানুয়ারী ও 1লা জুলাই তারিখে লগ্নিপত্রের উপর সুদ প্রদেয় হয়।)]

Solution 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য শীতাংশু চৌধুরীর 'লগ্নিপত্রের উপর সুদ' খাতে মোট আয়ের গণনা।

		টাকা	টাকা
(i)	উত্তরপ্রদেশ সরকারের ঋণপত্রের সুদ (1 বৎসরের জন্য)		1,000.00
(ii)	কলিকাতা ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট বণ্ডের সুদ (অর্ধ বৎসরের জন্য)		312.50
(iii)	ব্যাণ্ডেল জুট মিলের ডিবেঞ্চারের সুদ (1 বৎসরের জন্য)		375.00
(iv)	মাদ্রাজ পোর্ট ট্রাস্টের বণ্ডের সুদ (অর্ধ বৎসরের জন্য)		400.00
			2,087.50
বাদ :	সুদ আদায়ের জন্য ব্যাঙ্কের কমিশন	10	
	ঋণকৃত অর্থের জন্য ব্যাঙ্কের প্রাপ্য সুদ (1লা অক্টোবর হইতে 31শে মার্চ পর্যন্ত)	225	235.00
	'লগ্নিপত্রের উপর সুদ' খাতে আয়		1,852.50

মন্তব্য : (1) লগ্নিপত্র ক্রয় বিক্রয়ের জন্য ব্যাঙ্ককে যে কমিশন দেওয়া হয় উহা মূলধনজাতীয় ব্যয়, সুতরাং উহা 'লগ্নিপত্রের উপর সুদ' খাতে আয় হইতে বাদযোগ্য নহে।

(2) লগ্নিপত্রগুলি বিনিয়োগ (Investment) সংক্রান্ত বলিয়া উহাদের ক্রয় বিক্রয় হইতে যে মুনাফা বা লোকসান হয়, তাহা লগ্নিপত্রের উপর সুদ খাতে করযোগ্য নহে—মূলধনী মুনাফা খাতে করযোগ্য হইবে।

(3) প্রেফারেন্স শেয়ারের উপর যে ডিভিডেণ্ড পাওয়া যায় উহা 'লগ্নিপত্রের উপর সুদ' খাতে আয়ের অন্তর্ভুক্ত হয় না—'অন্যান্য উৎস হইতে আয়' খাতের অন্তর্ভুক্ত হয়।

Problem 85 The following are the particulars of the investments of **Prakriti Basu** for the previous year 1968-69

		Rs
(a)	2% (Tax free) Central Govt. Securities	25,000
(b)	6% Preference Shares of Jupiter Co. Ltd.	20,000
(c)	4% (Less Tax) Central Govt. Securities	25,000
(d)	5% Debentures of Eastern Co. Ltd.	10,000
(e)	4% West Bengal Government Loan	5,000

He paid Rs. 50 as collection charges for interest to his bankers.

He also paid Rs. 300 as interest on a loan of Rs. 25,000 which he took from his bankers for buying 2% (Tax free) Central Govt. Securities.

You are to ascertain Prakriti Basu's income from Interest on securities for the assessment year 1969-70

[1968 69 পূর্ববর্তী বৎসরের জন্য প্রকৃতি বসুর লগ্নিপত্রে বিনিয়োগ সংক্রান্ত বিবরণ নিম্নে প্রদত্ত হইল

		টাকা
(ক)	2% (কর মুক্ত) কেন্দ্রীয় সরকারের লগ্নিপত্র	25 000
(খ)	6% জুপিটার কো লিমিটেডের প্রেফারেন্স শেয়ার	20 000
(গ)	4% (কর বাদ) কেন্দ্রীয় সরকারের লগ্নিপত্র	25 000
(ঘ)	5% ইষ্টার্ণ কোং লিমিটেডের ডিবেঞ্চার	10 000
(ঙ)	4% পশ্চিমবঙ্গ সরকারের ঋণপত্র	5 000

সুদ আদায়ের ব্যয় বাবদ তিনি ব্যাঙ্কারগণকে 50 টাকা প্রদান করিয়াছিলেন।

2% (কর মুক্ত) কেন্দ্রীয় সরকারের লগ্নিপত্র খরিদ করিবার সময় তিনি ব্যাঙ্কের নিকট হইতে 25 000 টাকা ঋণ করিয়াছিলেন উহার উপর তিনি 300 টাকা সুদ প্রদান করিয়াছিলেন।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য প্রকৃতি বসুর লগ্নিপত্র হইতে সুদ খাতে আয় নিরূপণ করিতে হইবে।]

Solution **1969-70 করনির্ধারণ বৎসরের জন্য প্রকৃতি বসুর 'লগ্নিপত্রের উপর সুদ' খাতে মোট আয়ের গণনা**

	টাকা	টাকা
(ক) 2% (কর মুক্ত) কেন্দ্রীয় সরকারের লগ্নিপত্রের সুদ	500	
বাদঃ ঋণের উপর সুদ	300	200
(খ) 4% (কর বাদ) কেন্দ্রীয় সরকারের লগ্নিপত্রের সুদ		1,000
(গ) 5% ইষ্টার্ণ কোং লিমিটেডের ডিবেঞ্চারের সুদ		500
(ঘ) 4% পশ্চিমবঙ্গ সরকারের ঋণপত্রের সুদ		200
		1,900
বাদঃ সুদ আদায়ের জন্য ব্যাঙ্কের কমিশন		50
'লগ্নিপত্রের উপর সুদ' খাতে আয়		1,850

মন্তব্যঃ 2% (কর মুক্ত) কেন্দ্রীয় সরকারের লগ্নিপত্র খরিদ করার জন্য যে ঋণ গ্রহণ করা হইয়াছিল, উহার উপর প্রদত্ত সুদ সংশ্লিষ্ট লগ্নিপত্রের সুদ হইতে বাদ দেওয়া হইয়াছে।

প্রশ্নাবলী

1 What incomes are chargeable under the head, 'Interest on Securities'?

(কি কি আয় লগ্নিপত্রের উপর সুদ খাতে করযোগ্য হইবে ?)

উ — লগ্নিপত্রের উপর সুদ খাতে করযোগ্য বিভিন্ন আয় (180 পৃষ্ঠা) লিখ।

2 What expenses are allowable in computing the income under the head, 'Interest on Securities ?

(লগ্নিপত্রের উপর সুদ খাতে আয় নিরূপণ করিবার সময় কি কি খরচ উহা হইতে বাদ যায় ?)

উ — বাদযোগ্য খরচ (180 পৃষ্ঠা) লিখ।

3 What types of interest are not included in the total income of the assessee ?

(কি কি জাতীয় সুদ করদাতার মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না ?)

উ —যে সকল সুদ মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না (181 পৃঃ) লিখ।

4 Name the persons who are not chargeable to tax for interest on securities

(লগ্নিপত্রের উপর সুদের জন্য যে সকল ব্যক্তি করদায়ী নহে তাহাদের নাম উল্লেখ কর।)

উঃ—লগ্নিপত্রের উপর সুদের জন্য যে সকল ব্যক্তি করদায়ী নহে (1 2 পৃঃ) লিখ।

5 Rajat Sen had the following investments in his possession during the previous year ended 31st March, 1969

		Rs
(i)	6% Bihar Government Loan bonds	50,000
(ii)	4½% India Government tax free securities	40 000
(iii)	7% Cumulative Preference Shares of Sun Trading Co Ltd	80,000
(iv)	3½ Municipal Debentures	20,000
(v)	5% 2 years Fixed Deposit with Grindlays Bank Ltd	36 000

Find out Rajat Sen's income from interest on securities for the assessment year 1969 70 Interests are payable in each case on 1st January and 1st July every year

[1969 সালের 31শে মার্চ তারিখে যে পূর্ববর্তী বৎসর শেষ হইয়াছে সেই সময় নিম্নলিখিত লগ্নিপত্রগুলি রজত সেনের স্বত্বাধীনে ছিল

		টাকা
(i)	6% বিহার সরকারের ঋণ বণ্ড	50 000
(ii)	4½ ভারত সরকারের করমুক্ত লগ্নিপত্র	40 000
(iii)	7 সান ট্রেডিং কোম্পানী লিমিটেডের কিউমুলেটিভ প্রেফারেন্স শেয়ার	80 000
(iv)	3½% মিউনিসিপ্যাল ডিবেঞ্চার	20 000
(v)	5% গ্রিণ্ডলেজ ব্যাঙ্ক লিমিটেডের 2 বৎসরের স্থির আমানত	36 000

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য রজত সেনের লগ্নিপত্রে সুদ বাবদ আয় নির্ণয় কর। প্রত্যেক লগ্নিপত্রের ক্ষেত্রে 1লা জানুয়ারী ও 1লা জুলাই তারিখে সুদ প্রদেয় হয়।]

উঃ—5,500 টাকা।

[সংকেত (i) কিউমুলেটিভ প্রেফারেন্স শেয়ারের উপর ডিভিডেণ্ড লগ্নিপত্রের উপর সুদের অন্তর্ভুক্ত হয় না।

(ii) 2 বৎসরের স্থির আমানতের উপর সুদ লগ্নিপত্রের উপর সুদের অন্তর্ভুক্ত হয় না।

(iii) ভারত সরকারের করমুক্ত লগ্নিপত্রের জন্য গড় আয়করের হারের ভিত্তিতে মোট আয়কর হইতে ছাড় (rebate) বাদ যাইবে।]

অষ্টম অধ্যায়

গৃহ-সম্পত্তি হইতে আয়

(Income From House Property)

'গৃহ সম্পত্তি হইতে আয়' খাতে করযোগ্য বিষয়

(Items assessable under 'Income from house property')

আয়কর আইনের 22 ধারায় বলা হইয়াছে যে, করদাতার মালিকানাধীন কোন গৃহ বা তৎসংশ্লিষ্ট ভূসম্পত্তির বার্ষিক মূল্য 'গৃহ সম্পত্তি হইতে আয়' খাতে করযোগ্য হইবে, কিন্তু কোন ব্যবসায় বা পেশার মুনাফা করযোগ্য হইলে উক্ত ব্যবসায় বা পেশার জন্য এরূপ সম্পত্তির কোন অংশ করদাতা নিজের দখলে রাখিলে উক্ত অংশের বার্ষিক মূল্য 'গৃহ সম্পত্তি হইতে আয়' খাতে করযোগ্য হইবে না[1]।

কি কি বিষয় 'গৃহ সম্পত্তি হইতে আয়ের অন্তর্ভুক্ত হইবে তাহা সম্যক্ অনুধাবন করিবার জন্য নিম্নলিখিত বিষয়গুলি উল্লেখ করা প্রয়োজন

(*i*) একমাত্র গৃহ সম্পত্তির মালিকেরই গৃহভাড়া হইতে আয় অর্জিত হইতে পারে এবং কেবলমাত্র এইরূপ মালিকের আয়ের উপরই আয়কর ধার্য করা যায়। অর্থাৎ কোন গৃহ সম্পত্তি উহার মালিকের দখলে থাকুক বা কোন ভাড়াটিয়ার দখলে থাকুক—উভয় ক্ষেত্রেই গৃহ সম্পত্তির মালিকের উপর কর ধার্য হইবে। গৃহ সম্পত্তির মালিক বলিতে উহার একমাত্র সাধারণ আইনে স্বীকৃত মালিককেই বুঝায়। আয়কর আইন অনুসারে নিম্নলিখিত ব্যক্তিগণকে গৃহ সম্পত্তির মালিক বলিয়া গণ্য করা হয় এবং তাহাদের ঐ গৃহ সম্পত্তির আয়ের উপর আয়কর ধার্য করা হয়

(ক) উপযুক্ত মূল্য না পাইয়া যদি কোন ব্যক্তি তাহার স্ত্রীকে বা স্ত্রী তাহার স্বামীকে কোন গৃহ সম্পত্তি হস্তান্তরিত করিয়া থাকে, এবং এইরূপ হস্তান্তর যদি স্বামী স্ত্রী পরস্পর পৃথক থাকার কারণে না ঘটিয়া থাকে, তাহা হইলে আয়কর আইনে এইরূপ হস্তান্তরকে স্বীকৃতি দেওয়া হয় না।

(খ) উপযুক্ত মূল্য গ্রহণ না করিয়া যদি কোন ব্যক্তি তাহার বিবাহিতা কন্যা ব্যতীত অন্য কোন নাবালক বা নাবালিকা সন্তানকে তাহার সম্পত্তি হস্তান্তর করিয়া দেয় তাহা হইলে এইরূপ হস্তান্তর আইনত গ্রাহ্য হইবে না।

(*ii*) অবিভাজ্য গৃহ সম্পত্তির দখলকারীকে ঐ সম্পত্তির সমগ্র অংশের একমাত্র মালিক বলিয়া ধরা হয়।

[1] "The annual value of property consisting of any buildings or lands appurtenant thereto of which the assessee is the owner other than such portion of such property as he may occupy for the purposes of any business or profession carried on by him the profits of which are chargeable to income tax shall be chargeable to income tax under the head '"Income from house property",—*Sec 22*

(iii) যৌথ মালিকানাধীন (Joint ownership) কোন গৃহ সম্পত্তির আয় যদি সংশ্লিষ্ট মালিকগণের মধ্যে নির্দিষ্ট অংশে বণ্টন করা সম্ভব হয়, তাহা হইলে গৃহ-সম্পত্তি হইতে আয় নিরূপণের জন্য তাহাদের প্রত্যেককে পৃথক ব্যক্তি বলিয়া বিবেচনা করা হইবে এবং ঐ ভিত্তিতে তাহাদের ব্যক্তিগত আয়ের উপর কর ধার্য হইবে—ব্যক্তিবর্গের সমিতিরূপে নহে [26 ধারা]।

(iv) গৃহনির্মাণ পরিকল্পনার সহিত সংশ্লিষ্ট কোন সমবায় সমিতি যদি উহার কোন সদস্যকে কোন বাড়ী বা উহার কোন অংশ বণ্টন করিয়া দেয়, তাহা হইলে উক্ত সদস্যকে ঐ বাড়ীর বা অংশের মালিক বলিয়া ধরা হইবে।

(v) যদি কোন ভাড়াটিয়া তাহার অধীনস্থ কোন উপ ভাড়াটিয়া (sub letting) রাখিয়া থাকে, তাহা হইলে মূল ভাড়াটিয়ার এইরূপ আয় 'অন্যান্য উৎস হইতে আয় খাতে' করযোগ্য হইবে।

(vi) 'আবাসিক' ব্যক্তি কর্তৃক তাহার বিদেশস্থ কোন সম্পত্তি হইতে যে আয় প্রাপ্ত হয়, উহা করযোগ্য। কিন্তু 'সাধারণত আবাসিক নহে' বা অনাবাসিক' ব্যক্তির এইরূপ আয় করযোগ্য নহে।

(vii) যদি কোন গৃহ সম্পত্তি করদাতার ব্যবসায় বা পেশার জন্য ব্যবহৃত হয় অথবা সুষ্ঠুভাবে ব্যবসায় পরিচালনার জন্য এইরূপ গৃহ সম্পত্তির কোন অংশে কর্মচারিগণের বসবাস অপরিহার্য হয় তাহা হইলে উক্ত অংশ হইতে করদাতার যে আয় হয় তাহা 'ব্যবসায়ের বা পেশার মুনাফা' খাতে করযোগ্য হইবে—'গৃহ সম্পত্তি হইতে আয়' খাতে নহে।[1]

(viii) গৃহ বিহীন অস্থাবর ভূসম্পত্তি হইতে যে আয় হয় তাহা অন্যান্য উৎস হইতে আয়' খাতে করযোগ্য হইবে—'গৃহসম্পত্তি হইতে আয়' খাতে নহে।

(ix) কোন কোম্পানী গৃহ-সম্পত্তির মালিক হইয়া এবং উহা ভাড়া দিয়া কোন আয় উপার্জন করার কাজে রত থাকিলে উক্ত আয় সর্বদাই 'গৃহ সম্পত্তি হইতে আয়' খাতে করযোগ্য হইবে—'ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ' খাতে করযোগ্য হইবে না।[2]

(x) কোন বাজার স্থাপন করিয়া এবং উহার উন্নতি সাধন করিয়া উক্ত বাজার হইতে ভাড়া অর্জন করিবার উদ্দেশ্যে কোন কোম্পানী গঠিত হইয়া থাকিলে, সংশ্লিষ্ট বাজার হইতে এইরূপ কোম্পানীর যে আয় হয় উহা সর্বদাই 'গৃহ সম্পত্তি হইতে আয়' খাতে করযোগ্য হইবে।[3]

(xi) যদি কলকব্জা, যন্ত্রপাতি বা আসবাবপত্র সমেত কোন বাড়ী ভাড়া দেওয়া হয় এবং ইহা হইতে প্রাপ্ত মোট ভাড়ার কতটা অংশ বাড়ীর জন্য এবং কতটা অংশ কলকব্জা ইত্যাদির জন্য তাহা ভাগ করা সম্ভব না হয় তাহা হইলে উক্ত মোট ভাড়া 'অন্যান্য উৎস হইতে আয়' খাতে করযোগ্য হইবে—'গৃহ সম্পত্তি হইতে আয়' খাতে নহে।[4]

---

1. Jamsedpur Engineering & Machine Mfg Co Ltd v C I T [1957] 32 I T R 41
2. Ramniklal Sunderlal v C I T [1959] 36 I T R 464
3. East India Housing and Land Development Trust Ltd v C I T [1961] 42 I T R 49
4. Sultan Bros v C I T [1964] 51 I T R 353

(xii) যে গৃহ সম্পত্তির মালিকানা স্বত্ব সম্পর্কে কোন বিবাদ থাকে, সেক্ষেত্রে যে ব্যক্তি উক্ত সম্পত্তি হইতে প্রকৃতপক্ষে ভাড়া আদায় করিয়া থাকে, তাহার উপর ই কর ধার্য হইবে।

(xiii) কোন ক্লাবের স্বত্বাধীন গৃহ সম্পত্তি যদি ক্লাবের কোন সভ্যকে ভাড়া দেওয়া হয়, তাহা হইলে ক্লাব কর্তৃক প্রাপ্ত এইরূপ ভাডা করমুক্তি দাবি করিতে পারে না, অর্থাৎ উক্ত ভাডা 'গৃহ সম্পত্তি হইতে আয়' খাতে করযোগ্য হইবে।[1]

গৃহ-সম্পত্তি হইতে অর্জিত করমুক্ত আয়

(House Property incomes exempted from tax)

গৃহ সম্পত্তি হইতে অর্জিত নিম্নলিখিত আয করযোগ্য হইবে না

(1) কৃষি ভূমির সংলগ্ন কোন ভূমিতে কৃষক নিজের বাসস্থানের জন্য অথবা উৎপন্ন দ্রব্য গোলাজাত করিবার জন্য কোন গৃহ নির্মাণ করিলে ঐ গৃহ হইতে যে আয হয়, তাহা করযোগ্য হইবে না, [2 (1) (c) ধারা।]

(2) সম্পূর্ণরূপে দাতব্য ও ধর্মীয উদ্দেশ্যে যে গৃহ সম্পত্তি রাখা হয, উহা হইতে যে আয় পাওয়া যায়, তাহা করযোগ্য হইবে না, [11 ধারা।]

(3) ব্যবসায় বা পেশার জন্য ব্যবহৃত গৃহ সম্পত্তি হইতে উহার মালিক যে আয় পাইয়া থাকে, উহা করযোগ্য হইবে না।

(4) নিজের কর্মস্থল বা ব্যবসায় স্থান অন্যত্র অবস্থিত হওযায পূর্ববর্তী বৎসরের সম্পূর্ণকালে করদাতা কোন আবাস গৃহ কার্যত তাহার দখলে না রাখিলে, উহার বার্ষিক-মূল্য করযোগ্য হইবে না। [23 (3) ধারা]

(5) পণ্য সংরক্ষণের বা প্রক্রিযনের বা সুবিধাজনকভাবে বাজারজাতকরণের জন্য ব্যবহৃত কোন গুদাম বা গোলাবাড়ী ভাড়া দিযা কোন সমবায সমিতি যে আয় পাইয়া থাকে, উহা করযোগ্য নহে। [80 P (2) (e) ধারা]

(6) যে সমবায় সমিতির আয় 20 000 টাকার অনধিক, উহা কোন গৃহ সম্পত্তি হইতে যে আয় পাইয়া থাকে, তাহা করযোগ্য নহে। কিন্তু আবাসনী সমবায় সমিতি, নাগরিক ক্রেতা সমবায় সমিতি (Urban Consumers' Society) ও পরিবহণ ব্যবসায়ে লিপ্ত সমবায় সমিতি উক্ত আইনগত সুবিধার অধিকারী নহে। [80P (2) (f) ধারা।]

(7) পণ্য বাজারজাতকরণ সংক্রান্ত কোন আইনের দ্বারা গঠিত কোন প্রাধিকারী (authority) উহার গুদাম বা গোলাবাড়ী ভাড়া প্রদান করিয়া যে আয পাইয়া থাকে, তাহা করযোগ্য হইবে না।

[1] C I T v Wheeler Club [1963] 49 I T R 5.

বার্ষিক-মূল্য

(Annual Value)

1961 সালের আয়কর আইনের 23 (1) ধারায়[1] বলা হইয়াছে যে, ভাড়াটিয়ার নিকট গৃহ সম্পত্তি ভাড়া দিয়া প্রতিবৎসর উহা হইতে যে ন্যায়সঙ্গত ভাড়া আশা করা যায় উহাকেই গৃহ সম্পত্তির **বার্ষিক-মূল্য** (Annual Value) বলা হয়। উক্ত সংজ্ঞা হইতে ইহা সুস্পষ্ট যে, গৃহ সম্পত্তির যে বার্ষিক মূল্যের উপর ভিত্তি করিয়া আয়কর ধার্য করা হয়, উহা একটি আনুমানিক আয় (Notional income) মাত্র—ইহা প্রকৃত ভাড়ার সমান হইতেও পারে বা নাও হইতে পারে। অনুভাবে বলিতে গেলে যে অর্থের বিনিময়ে গৃহ সম্পত্তি ভাড়া দেওয়া হয়, উহাকে অনেকক্ষেত্রে সংশ্লিষ্ট গৃহ সম্পত্তির বার্ষিক মূল্য বলা যায় না কারণ, ন্যায়সঙ্গত ভাড়া হইতে প্রকৃত ভাড়া অনেক সময় কম বা বেশী হইতে পারে। অধিকাংশ শহরেই মিউনিসিপ্যালিটি, কর্পোরেশন প্রভৃতি প্রাধিকারিগণ উহাদের কর আদায়ের ভিত্তিস্বরূপ প্রতিটি গৃহ সম্পত্তির আনুমানিক বার্ষিক মূল্য অর্থাৎ আনুমানিক বার্ষিক ভাড়া নির্ধারণ করিয়া থাকে[2]। অতএব প্রকৃত ভাড়া স্থানীয় বা সন্নিকটস্থ অনুরূপ গৃহ সম্পত্তির ভাড়া গৃহের প্রকৃতি গৃহ নির্মাণ ব্যয় মিউনিসিপ্যালিটি বা অন্যান্য স্থানীয় প্রাধিকারী (local authority) কর্তৃক নির্ধারিত বার্ষিক মূল্য প্রভৃতিকে ভিত্তি করিয়া গৃহ সম্পত্তির ন্যায়সঙ্গত বার্ষিক মূল্য নিরূপণ করিতে হয়।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : গৃহ সম্পত্তি হইতে নীট আয় নিরূপণ করিবার সময়, যেক্ষেত্রে ন্যায্য ভাড়ার (fair rent) অঙ্ক প্রকৃত ভাড়ার (actual rent) অঙ্কের **সমান** অথবা ন্যায্য ভাড়ার অঙ্ক প্রকৃত ভাড়ার অঙ্ক অপেক্ষা **বেশী** হয়, সেক্ষেত্রে প্রশ্নপত্রে সুস্পষ্ট নির্দেশ না থাকিলে ন্যায্য ভাড়াকে ভিত্তি করিয়া 'গৃহ সম্পত্তি হইতে আয়' সংক্রান্ত গণনা শুরু করা বাঞ্ছনীয় কিন্তু যেক্ষেত্রে ন্যায্য ভাড়ার অঙ্ক প্রকৃত ভাড়ার অঙ্ক অপেক্ষা **কম** হয় সেক্ষেত্রে গৃহ সম্পত্তি হইতে আয়' সংক্রান্ত গণনা শুরু করিবার সময় প্রকৃত ভাড়ার অঙ্ককে ভিত্তি করাই যুক্তিযুক্ত। অর্থাৎ, **ন্যায্য ভাড়া ও প্রকৃত ভাড়ার মধ্যে যেটি উচ্চতর উহাকে ভিত্তি করিয়া গৃহ সম্পত্তি হইতে আয়ের গণনা** শুরু করাই শ্রেয়।

গৃহ-সম্পত্তি হইতে আয়ের গণনা

(Computation of Income from House Property)

'গৃহ সম্পত্তি হইতে আয়' নিরূপণ করিবার উদ্দেশ্যে গৃহ সম্পত্তিগুলিকে নিম্নলিখিত **তিন শ্রেণীতে** বিভক্ত করা যায়

I ভাড়া দেওয়া গৃহ সম্পত্তি,

II **স্বত্বাধিকারী কর্তৃক স্বীয় আবাসের জন্য** অধিকৃত গৃহ-সম্পত্তি,

III অংশত স্বত্বাধিকারীর আবাসের জন্য এবং অংশত ভাড়া দেওয়া গৃহ সম্পত্তি।

[1] For the purpose of Section 22 the annual value of any property shall be deemed to be the sum for which the property might reasonably be expected to let from year to year —*Section 23 (1)*

[2] মিউনিসিপ্যালিটি কর্তৃক নির্ধারিত এইরূপ আনুমানিক বার্ষিক ভাড়াকে প্রচলিত ভাষায় মিউনিসিপ্যাল মূল্য (Municipal Value) নামেও অভিহিত করা হয়।

I ভাড়া দেওয়া গৃহ-সম্পত্তি

(House which is let out)

ভাড়া দেওয়া গৃহ-সম্পত্তির উপর মিউনিসিপ্যালিটি কর্পোরেশন বা অন্য কোন স্থানীয় প্রাধিকারী (local authority) কর্তৃক আরোপিত করের যে অঙ্ক সংশ্লিষ্ট সম্পত্তির স্বত্বাধিকারীকে বহন করিতে হয় উহা গৃহ সম্পত্তির বার্ষিক মূল্য হইতে বাদ যাইবে।[1] মিউনিসিপ্যালিটি, কর্পোরেশন প্রভৃতি প্রতিষ্ঠান কর্তৃক আরোপিত তত্ত্বাবধান কর (Conservancy tax) বা হলালকোর কর (Halalkore tax) শিক্ষা কর (Education cess), অগ্নি কর (Fire tax), জল-কর (মিটারের মাধ্যমে জল সরবরাহ করা হইলে উহা ব্যতীত) প্রভৃতি উপরোক্ত করের অন্তর্ভুক্ত।

এক্ষেত্রে উল্লেখ করা প্রয়োজন যে যদি গৃহ সম্পত্তির স্বত্বাধিকারী তাহার ভাড়াটিয়ার নিকট হইতে মিউনিসিপ্যালিটির কর বাবদ কোন অর্থ আদায় করে তবে উহা বার্ষিক ভাড়ার সহিত যুক্ত হইবে।

যেক্ষেত্রে আবাসের জন্য ব্যবহৃত কোন গৃহ সম্পত্তির **নির্মাণকার্য 1961 সালের 1লা এপ্রিলের পরে শুরু ও সমাপ্ত** হইয়াছে, সেক্ষেত্রে উপরোক্ত কর বাদ বার্ষিক মূল্য বা 600 টাকার মধ্যে যেটি অপেক্ষাকৃত নিম্নতর উহা কর বাদ বার্ষিক মূল্য হইতে বাদ যাইবে। কিন্তু এরূপ বাদ দেওয়ার পর কোন অবস্থাতেই লোকসান হইয়াছে বলিয়া আয়কর বিবরণী (Income tax Returns) দাখিল করা চলিবে না। অন্যভাবে বলিতে গেলে, এরূপ ক্ষেত্রে যদি বার্ষিক মূল্য হইতে আইন নির্দিষ্ট 600 টাকা বিয়োগ করিলে বিয়োগফল ঋণাত্মক (Negative) হয়, তবে গৃহ সম্পত্তির বার্ষিক মূল্যের অঙ্ককে শূন্য (0) বলিয়া ধরিতে হইবে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, একাধিক আবাস একক (residential unit) বিশিষ্ট বাড়ীর[2] ক্ষেত্রে প্রত্যেক আবাস এককের জন্য উপরোক্ত পদ্ধতিতে পৃথকভাবে হিসাব করিতে হইবে। যে সকল গৃহ **আবাসের জন্য ভাড়া** দেওয়া হইয়াছে কেবলমাত্র সেইগুলির ক্ষেত্রেই উপরোক্ত আইনগত সুবিধা ভোগ করা যাইবে—স্বত্বাধিকারীর নিজ আবাসের জন্য ব্যবহৃত গৃহ বা ভাড়াটিয়া কর্তৃক

[1] (i) 1968 69 করনির্ধারণ বৎসরের পূর্বে আয়কর আইনে এরূপ বিধান ছিল যে, ভাড়া দেওয়া গৃহ-সম্পত্তিটি 1950 সালের 1লা এপ্রিলের পূর্বে নির্মিত হইয়া থাকিলে গৃহ সম্পত্তিটির বার্ষিক মূল্য হইতে মিউনিসিপ্যালিটি কর্পোরেশন বা অন্য কোন স্থানীয় প্রাধিকারী কর্তৃক আরোপিত করের সম্পূর্ণ অঙ্ক এবং 1950 সালের 1লা এপ্রিল তারিখে বা তৎপরবর্তী কোন দিবসে সংশ্লিষ্ট গৃহটি নির্মিত হইয়া থাকিলে গৃহ সম্পত্তির বার্ষিক মূল্য হইতে এরূপ করের অর্ধাংশ বাদ যাইবে। কিন্তু 1968 সালের ফাইনান্স অ্যাক্টের বিধান অনুসারে উক্ত উভয় ক্ষেত্রেই এইরূপ করের সম্পূর্ণ অঙ্কই গৃহসম্পত্তির বার্ষিক মূল্য হইতে বাদ যাইবে, উক্ত বিধান 1969 70 করনির্ধারণ বৎসর হইতে বলবৎ করা হইয়াছে।

(ii) where the property is in the occupation of a tenant, the taxes levied by any local authority in respect of the property shall to the extent such taxes are borne by the owner, be deducted in determining the annual value of the property —*Section 23 (with effect from Assessment Year 1969 70 Vide Finance Act 1968)*

[2] যথা, বহু ফ্ল্যাটবিশিষ্ট বাড়ী।

আবাস ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত গৃহের ক্ষেত্রে উপরোক্ত বিধান প্রযোজ্য নহে। এইজাতীয় গৃহের নির্মাণকার্য সমাপ্ত হওয়ার পরে মাত্র তিন বৎসর কাল পর্যন্ত উপরোক্ত বিধানগুলির সুবিধালাভ করা যাইবে—তৎপরে নহে। গৃহের মালিকগণকে গৃহ নির্মাণ বিষয়ে উৎসাহ প্রদান করিবার উদ্দেশ্যেই আয়কর আইনে উপরোক্ত বিধানগুলির প্রচলন করা হইয়াছে।[1]

গৃহ সম্পত্তির বার্ষিক মূল্য হইতে উপরোক্তভাবে মিউনিসিপ্যালিটি কর্পোরেশন প্রভৃতি স্থানীয় প্রাধিকারী (local authority) কর্তৃক আরোপিত কর বাদ দিলে [1961 সালের 1লা এপ্রিলের পরে যে গৃহের নির্মাণকার্য শুরু ও সমাপ্ত হইয়াছে, উহার ক্ষেত্রে কর বাদ বার্ষিক মূল্য ও 600 টাকার মধ্যে যেটি নিম্নতর উহা কর বাদ বার্ষিক মূল্য হইতে বাদ দিলে] যে অঙ্ক পাওয়া যায় উহাকে **নীট বার্ষিক মূল্য** (Net Annual Value) নামে অভিহিত করা যাইতে পারে।

উপরোক্ত নীট বার্ষিক মূল্য (Net Annual Value) হইতে আয়কর আইনের 24 (1) ধারায় বর্ণিত বিধান অনুসারে গৃহ সম্পত্তি সংক্রান্ত বিভিন্ন খরচ (যথা, মেরামতী খরচ, গৃহ সম্পত্তির উপর বীমার প্রিমিয়াম বার্ষিক চার্জ জমির খাজনা গৃহীত ঋণের (গৃহ সম্পত্তি ক্রয়, নির্মাণ, সংস্কার বা পুনর্গঠনের জন্য) উপর সুদ ভূমি রাজস্ব, ভাড়া আদায়ের খরচ, বাড়ী খালি থাকার জন্য রেয়াত, অনাদেয় (unrealisable) ভাড়া প্রভৃতি বাদ দিলে ভাড়া দেওয়া গৃহ সম্পত্তি হইতে আয় এর অঙ্ক নিরূপণ করা যাইবে। [আয়কর আইনের 24 (1) ধারায় বর্ণিত উপরোক্ত বাদযোগ্য খরচগুলি সম্পর্কে এই অধ্যায়ে পরে (204 205 পৃষ্ঠা) বিস্তারিত আলোচনা করা হইয়াছে।]

Problem 86 Roy owns a house built before 1st April 1950 This was let out at Rs 100 per month The annual municipal taxes paid by Roy in respect of the house are Rs 130 You are to ascertain the net annual value of the house for the assessment year (*i*) 1968 69 and (*ii*) 1969 70

[রায় 1950 সালের 1লা এপ্রিল তারিখের পূর্বে নির্মিত একটি গৃহের মালিক। ইহা মাসিক 100 টাকা হারে ভাড়া দেওয়া হইয়াছিল। গৃহটির জন্য রায় মিউনিসিপ্যালিটির কর বাবদ 130 টাকা ব্যয় করিয়াছিলেন। গৃহটির নীট বার্ষিক-মূল্য নিরূপণ করিতে হইবে।]

[1] ' in the case of a building comprising one or more residential units the erection of which is begun and completed after the 1st day of April 1961 the annual value as determined under this sub-section shall for a period of three years from the date of completion of the building be reduced by a sum equal to the aggregate of—

(*i*) in respect of any residential unit whose annual value as so determined does not exceed six hundred rupees by the amount of such annual value

(*ii*) in respect of any residential unit whose annual value as so determined exceeds six hundred rupees, by an amount of six hundred rupees

so, however, that the income in respect of any residential unit is in no case a loss —*Sec 23*

Solution : (i) 1968 69 **করনির্ধারণ বৎসরের জন্য নীট বার্ষিক-মূল্য নিরূপণ**

	টাকা
গ্রস বার্ষিক মূল্য (100টা × 12)	1,200
(বার্ষিক ভাড়ার ভিত্তিতে)	
বাদ : মিউনিসিপ্যালিটির কর	130
নীট বার্ষিক মূল্য Net (Annual Value)	1,070

(ii) 1969 70 **করনির্ধারণ বৎসরের জন্য নীট বার্ষিক-মূল্য নিরূপণ**

ইহার সমাধান উপরোক্ত (i) নম্বর সমাধানের অনুরূপ।

Problem 87 Bose owns a house built after 1st April, 1950 This was let out at Rs 150 per month The annual municipal taxes paid by Bose in respect of the house are Rs 180 You are to ascertain the annual value of the house for the assessment year (i) 1968 69 and (ii) 1969 70

[বসু 1950 সালের 1লা এপ্রিল তারিখের পরে নির্মিত একটি গৃহের মালিক। ইহা মাসিক 150 টাকা হারে ভাড়া দেওয়া হইয়াছিল। গৃহটির জন্য বসু মিউনিসিপ্যালিটির কর বাবদ 180 টাকা ব্যয় করিয়াছিলেন। (i) 1968-69 ও (ii) 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য গৃহটির নীট বার্ষিক মূল্য নিরূপণ করিতে হইবে।]

Solution : (i) 1968-69 **করনির্ধারণ বৎসরের জন্য নীট বার্ষিক-মূল্য নিরূপণ**

	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য	1800
(বার্ষিক ভাড়ার ভিত্তিতে)	
বাদ : মিউনিসিপ্যালিটির কর (180 টাকার অর্ধেক)	90
নীট বার্ষিক মূল্য (Net Annual Value)	1,710

(ii) 1969 70 **করনির্ধারণ বৎসরের জন্য নীট বার্ষিক মূল্য নিরূপণ**

	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য	1,800
(বার্ষিক ভাড়ার ভিত্তিতে)	
বাদ মিউনিসিপ্যালিটির কর	180
নীট বার্ষিক-মূল্য (Net Annual Value)	1,620

Problem 88 Banerjee started to construct a residential house on 1st July, 1966 and completed it on 31st March, 1967 On 1st April, 1967, he let out the house at an annual rent of Rs 840 The annual value of the house according to municipal record was Rs 650 The municipal tax paid by Banerjee in respect

of the house amounted to Rs 60 for the year You are to ascertain the Net Annual Value of this house for the assessment year (i) 1968 69 and (ii) 1969 70

[1966 সালের 1লা জুলাই তারিখে ব্যানার্জি একটি আবাস গৃহ নির্মাণ করিতে শুরু করিলেন এবং 1967 সালের 31শে মার্চ তারিখে তিনি উহার নির্মাণ কার্য শেষ করিলেন। 1967 সালের 1লা এপ্রিল তারিখে তিনি গৃহটি বার্ষিক 840 টাকা হারে ভাড়া দিলেন। মিউনিসিপ্যালিটির নথিপত্র অনুসারে গৃহটির বার্ষিক মূল্য 650 টাকা। গৃহটির জন্য মিউনিসিপ্যালিটির কর বাবদ ব্যানার্জি সেই বৎসর 60 টাকা প্রদান করিলেন। (i) 1968 69 ও (ii) 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য গৃহটির নীট বার্ষিক মূল্য নিরূপণ করিতে হইবে।]

Solution (i) **1968-69 করনির্ধারণ বৎসরের জন্য নীট বার্ষিক-মূল্য নিরূপণ**

	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (প্রকৃত ভাড়ার ভিত্তিতে)	840
বাদ: মিউনিসিপ্যালিটির কর (60 টাকার অর্ধেক)	30
কর বাদ বার্ষিক মূল্য	810
বাদ: বিধিবদ্ধ রেয়াত—কর বাদ বার্ষিক মূল্য ও 600 টাকার মধ্যে যেটি নিম্নতর, উহা	600
নীট বার্ষিক মূল্য (Net Annual Value)	210

(ii) **1969-70 করনির্ধারণ বৎসরের জন্য নীট বার্ষিক মূল্য নিরূপণ**

	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (প্রকৃত ভাড়ার ভিত্তিতে)	840
বাদ: মিউনিসিপ্যালিটির কর	60
	780
বাদ: বিধিবদ্ধ রেয়াত—কর বাদ বার্ষিক মূল্য এবং 600 টাকার মধ্যে যেটি নিম্নতর, উহা	600
নীট বার্ষিক-মূল্য (Net Annual Value)	180

Problem 89 Ghosh began to construct a residential house comprising 4 flats on June 1, 1967 and completed it on 31st March 1968 On 1st April, 1968, the house was let out at a rental of Rs 100 per month for each flat The municipal tax payable for each flat is Rs 140 per annum Ascertain the Net Annual Value of the whole house for the assessment year 1969 70

[1967 সালের 1লা জুন তারিখে ঘোষ 4-ফ্ল্যাট বিশিষ্ট একটি আবাস গৃহ নির্মাণ করিতে শুরু করিলেন। 1968 সালের 31শে মার্চ তারিখে ইহার নির্মাণ-কার্য শেষ হইল। 1968 সালের 1লা এপ্রিল তারিখে প্রতি ফ্ল্যাট মাসিক 100 টাকা হারে ফ্ল্যাটগুলি ভাড়া দেওয়া হইল। প্রতি ফ্ল্যাটের জন্য বার্ষিক 140 টাকা মিউনিসিপাল কর দেয় হইল। 1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য ফ্ল্যাটগুলির নীট বার্ষিক মূল্য নিরূপণ কর।]

Solution টাকা

	টাকা
গ্রস বার্ষিক মূল্য	4,800
(চারটি ফ্ল্যাটের মোট বার্ষিক ভাড়ার ভিত্তিতে)	
[100 টাকা × 12 × 4]	
বাদ ঃ মিউনিসিপ্যালিটির কর	560
(140 টাকা × 4)	
কর বাদ বার্ষিক মূল্য	4,240
বাদ ঃ বিধিবদ্ধ রেয়াত—কর বাদ বার্ষিক মূল্য ও (600 টাকা × 4) এর অর্থাৎ 2,400 টাকার মধ্যে যেটি নিম্নতর, উহা	2,400
নীট বার্ষিক-মূল্য (Net Annual Value)	1,840

Problem 90 Prabir Basu owns a residential building constructed after 1st April, 1961, the erection of which was also began after that date The completion certificate was issued to Prabir Basu on 1st July, 1967 The annual value of the building was Rs 450 according to Municipal record It was let out on a rental of Rs 550 per annum Municipal tax on the building is Rs 50 per annum

You are to ascertain the Net Annual Value of the building for the assessment year 1969 70

[প্রবীর বসুর একটি আবাস গৃহ আছে। ইহা 1লা এপ্রিল 1961 তারিখের পরে নির্মিত হইয়াছিল। উক্ত তারিখের পরে ইহার নির্মাণকার্য শুরু হইয়াছিল। 1লা জুলাই 1967 তারিখে প্রবীর বসুকে নির্মাণ কার্যের সমাপ্তির সার্টিফিকেট দেওয়া হইয়াছিল। মিউনিসিপ্যালিটির নথিপত্র অনুসারে গৃহটির বার্ষিক মূল্য 450 টাকা ছিল। বার্ষিক 550 টাকায় ইহা ভাড়া দেওয়া হইয়াছিল। মিউনিসিপ্যালিটি কর্তৃক গৃহটির উপর বার্ষিক 50 টাকা কর ধার্য হইয়াছিল। 1969 70 করনির্ধারণ-বৎসরের জন্য গৃহটির বার্ষিক মূল্য নির্ণয় করিতে হইবে।]

Solution টাকা

	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য	550
(বার্ষিক ভাড়ার ভিত্তিতে)	
বাদ ঃ মিউনিসিপ্যালিটির কর	50
কর-বাদ বার্ষিক মূল্য	500
বাদ ঃ বিধিবদ্ধ রেয়াত—কর বাদ বার্ষিক মূল্য 500 টাকা ও 600 টাকার মধ্যে যেটি নিম্নতর, উহা	500
নীট বার্ষিক-মূল্য (Net Annual Value)	0

মন্তব্য ঃ এরূপ ক্ষেত্রে ভাড়া প্রদত্ত গৃহ সম্পত্তি হইতে সংশ্লিষ্ট মালিকের আয় 'শূন্য' বলিয়া জানিতে হইবে।

Problem 91 Poddar is the owner of a house which was constructed in 1956 It is let out at a rental of Rs 6,000 per annum Municipal taxes payable on the house is Rs 700 per year out of which Rs 400 are realised from the tenant in addition to rent

You are to ascertain the Net Annual Value of the house for the assessment year 1969-70

[পোদ্দার 1956 সালে নির্মিত একটি গৃহের মালিক। ইহা বার্ষিক 6,000 টাকায় ভাড়া দেওয়া হইল। গৃহটির উপর মিউনিসিপ্যালিটিকে বার্ষিক 700 টাকা কর প্রদান করা হয়। এই কর বাবদ 400 টাকা ভাড়াটিয়ার নিকট হইতে অতিরিক্ত আদায় করা হয়।

1969-70 করনির্ধারণ বৎসরের জন্য গৃহটির নীট বার্ষিক মূল্য নিরূপণ করিতে হইবে।]

Solution	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (বার্ষিক ভাড়ার ভিত্তিতে)	6,000
যোগ ঃ ভাড়াটিয়ার নিকট হইতে আদায়কৃত কর[1]	400
	6,400
বাদ ঃ মিউনিসিপ্যালিটির কর	700
নীট বার্ষিক মূল্য (Net Annual Value)	5,700

II স্বত্বাধিকারী কর্তৃক স্বীয় আবাসের জন্য অধিকৃত গৃহ-সম্পত্তি

(House property occupied by the owner for residential purpose)

কোন গৃহের মালিক যদি সংশ্লিষ্ট গৃহটি তাহার নিজের বসবাসের জন্য দখলে রাখেন, তাহা হইলে এইরূপ গৃহসম্পত্তি হইতে আয় আয়কর আইনের 23(2) ধারা[2] অনুসারে নিম্নলিখিতভাবে নিরূপণ করিতে হইবে

(ক) যদিও এরূপ গৃহের জন্য গৃহের মালিক প্রকৃতপক্ষে কাহাকেও কোন ভাড়া প্রদান করে না, তথাপি একটি আনুমানিক ভাড়ার (notional rent) উপর ভিত্তি করিয়া ইহার

[1] মিউনিসিপ্যালিটির কর বাবদ যে অতিরিক্ত অর্থ ভাড়াটিয়ার নিকট হইতে আদায় করা হয় উহা বার্ষিক ভাড়ার সহিত যুক্ত করা হয়।

[2] Where the property is in the occupation of the owner for the purposes of his own residence, the annual value shall first be determined as in sub-section (1) and further be reduced by one half of the amount so determined or one thousand eight hundred rupees whichever is less

Provided that where the sum so arrived at exceeds ten per cent of the total income of the owner (the total income for this purpose being computed without including therein any income from such property and before making any deduction under Chapter VIA or section 280-O) the excess shall be disregarded "—*Sec 23 (2)*

বার্ষিক মূল্য (annual value) নিরূপণ করিতে হইবে। গৃহটি প্রকৃতপক্ষে ভাড়া দেওয়া হইলে ন্যায্যভাবে যে ভাড়া পাওয়া যাইত, সাধারণত উহাকেই গৃহটির বার্ষিক মূল্য বলিয়া ধরা হয়।

(খ) উপরোক্ত (ক) তে বর্ণিত বার্ষিক মূল্যের অর্ধেক (অর্থাৎ 50%) অথবা 1,800 টাকার মধ্যে যেটি নিম্নতর উহার দ্বারা বার্ষিক মূল্যকে হ্রাস করিতে হইবে। এইরূপ বার্ষিক মূল্যকে হ্রাসকৃত বার্ষিক মূল্য (Adjusted Annual Value) নামে অভিহিত করা যাইতে পারে।

যথা, মনে কর, কোন গৃহ সম্পত্তির ন্যায্য ভাড়া বার্ষিক 2,500 টাকা। উক্ত গৃহের স্বত্বাধিকারী নিজেই গৃহটিতে বাস করেন। এরূপক্ষেত্রে নিম্নলিখিতভাবে গৃহটির হ্রাসকৃত বার্ষিক মূল্য (Adjusted Annual Value) নিরূপণ করিতে হইবে

(i) ন্যায্য ভাড়ার অর্থাৎ 2,500 টাকার 50% = 1,250 টাকা,

(ii) 1,800 টাকা।

উপরোক্ত (i) ও (ii) নম্বরের অঙ্ক দুইটির মধ্যে (i) নম্বরের অঙ্কটি অর্থাৎ 1,250 টাকা নিম্নতর। সুতরাং ন্যায্য ভাড়া 2,500 টাকা হইতে 1,250 টাকা বিয়োগ করিলে হ্রাসকৃত বার্ষিক মূল্য নিরূপণ করা যাইবে, অর্থাৎ 2,500 টাকা − 1,250 টাকা = 1,250 টাকা হইল হ্রাসকৃত বার্ষিক মূল্য।

আবার, মনে কর কোন সম্পত্তির ন্যায্য ভাড়া বার্ষিক 4,200 টাকা। উক্ত গৃহের স্বত্বাধিকারী নিজেই গৃহটিতে বাস করেন। এরূপক্ষেত্রে, নিম্নলিখিতভাবে গৃহটির হ্রাসকৃত বার্ষিক মূল্য (Adjusted Annual Value) নিরূপণ করিতে হইবে

(i) ন্যায্য ভাড়া অর্থাৎ 4,200 টাকার 50% = 2,100 টাকা

(ii) 1,800 টাকা।

উপরোক্ত (i) ও (ii) নম্বরের অঙ্ক দুইটির মধ্যে (ii) নম্বরের অঙ্কটি অর্থাৎ 1,800 টাকা নিম্নতর। সুতরাং, ন্যায্য ভাড়া 4,200 টাকা হইতে 1,800 টাকা বিয়োগ করিলে হ্রাসকৃত বার্ষিক মূল্য নিরূপণ করা যাইবে, অর্থাৎ 4,200 টাকা − 1,800 টাকা = 2,400 টাকা হইল হ্রাসকৃত বার্ষিক মূল্য।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, উপরোক্ত (খ) তে বর্ণিত হ্রাসকৃত বার্ষিক মূল্য যদি গৃহ-মালিকের অন্যান্য খাতে আয়ের মোট অঙ্কের 10% এর অধিক হয়, তাহা হইলে গৃহ মালিকের উক্ত মোট আয়ের 10% হইবে গৃহটির হ্রাসকৃত বার্ষিক মূল্য, অর্থাৎ, উপরোক্ত (খ) তে বর্ণিত হ্রাসকৃত বার্ষিক মূল্য (Adjusted Annual Value) ও করদাতার নিজের অধিকৃত আবাস গৃহের আয় ব্যতীত অন্যান্য খাতে গ্রস্ মোট আয়ের 10% এর মধ্যে **যেটি নিম্নতর**, উহাই উপরোক্ত (খ) তে বর্ণিত হ্রাসকৃত বার্ষিক মূল্য বলিয়া পরিগণিত হইবে।

এরূপক্ষেত্রে 'মোট আয়' বলিতে 1961 সালের আয়কর আইনের VIA অধ্যায়ে বা 280 O ধারায় বর্ণিত বিষয়গুলি বাবদ রেয়াত বাদ দেওয়ার অব্যবহিত পূর্বে করদাতার বিভিন্ন আয়ের (যে গৃহ-সম্পত্তি সম্পূর্ণ বা উহার অংশ করদাতার নিজের আবাসের জন্য ব্যবহৃত হয়, উহা হইতে আয় ব্যতীত) যে মোট অঙ্ক দাঁড়ায়, উহাকেই বুঝায়। মোটামুটিভাবে বলিতে গেলে,

প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর নিজের চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম, অনুমোদিত বার্ধক্য বৃত্তি ফণ্ডে চাঁদা ও 10 বৎসরের বা 15 বৎসরের পোস্ট অফিস সেভিংস্ সঞ্চয়ী আমানত হিসাবে জমা বাবদ 80C ধারায় বর্ণিত রেয়াত, বিকলাঙ্গ পোষ্যগণের চিকিৎসার জন্য ব্যয়িত 80D ধারায় বর্ণিত অর্থ, অবসর বৃত্তি লাভ করার জন্য প্রদত্ত 80E ধারায় বর্ণিত অর্থ, ভারতে নাগরিক নহে এরূপ আবাসিক ব্যক্তি কর্তৃক তাহার সন্তানগণের শিক্ষার জন্য ব্যয়িত 80F ধারায় বর্ণিত অর্থ, 80G ধারায় বর্ণিত বিভিন্ন ফণ্ডে (যথা, জাতীয় প্রতিরক্ষা ভাণ্ডার, জওহরলাল নেহরু স্মৃতি ভাণ্ডার, প্রধান মন্ত্রীর ত্রাণ ভাণ্ডার প্রভৃতিতে) প্রদত্ত চাঁদার জন্য রেয়াত, বা 280-O ধারা অনুসারে 'এ্যানুইটি ডিপোজিট' জমা দেওয়ার অব্যবহিত পূর্বে করদাতার বিভিন্ন খাতে আয়ের (করদাতার স্বত্বাধীন যে গৃহ-সম্পত্তির সম্পূর্ণ বা অংশ নিজের আবাসের জন্য ব্যবহৃত হয়, উহা হইতে আয় ব্যতীত। যে সমষ্টি হয়, এক্ষেত্রে **'মোট আয়'**[1] বলিতে উহাকেই বুঝায় এবং উহার উপর আইনোক্ত 10% এর গণনা কার্য ভিত্তি করিতে হইবে।

(গ) মনে রাখিতে হইবে যে, সংশ্লিষ্ট গৃহ সম্পত্তির উপর মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশন প্রভৃতি স্থানীয় প্রাধিকারিগণ (local authorities) যে কর ধার্য করে, উহা উপরোক্ত (খ) তে বর্ণিত হ্রাসকৃত বার্ষিক মূল্য নিরূপণ করিবার সময় গণনার অন্তর্ভুক্ত করিতে হইবে না অর্থাৎ বার্ষিক মূল্য হইতে ইহার জন্য কোন অঙ্ক বাদ দিতে হইবে না।

(ঙ) উপরোক্ত (খ) তে নির্ণীত হ্রাসকৃত বার্ষিক মূল্য (Adjusted Annual Value) হইতে আয়কর আইনের 24(1) ধারায় বর্ণিত বিধান অনুসারে গৃহসম্পত্তি সংক্রান্ত বিভিন্ন খরচ (যথা, মেরামতি খরচ, গৃহসম্পত্তির উপর বীমার প্রিমিয়াম, বার্ষিক চার্জ, জমির খাজনা, গৃহীত ঋণের (গৃহসম্পত্তি ক্রয়, নির্মাণ, সংস্কার বা পুনর্গঠনের জন্য) উপর সুদ, ভূমি রাজস্ব, বাড়ী খালি থাকার জন্য রেয়াত প্রভৃতি[2]) বাদ দিলে স্বত্বাধিকারীর নিজ আবাসের জন্য ব্যবহৃত 'গৃহ-সম্পত্তি হইতে আয়' এর অঙ্ক নিরূপণ করা যাইবে। [আয়কর আইনের 24 (1) ধারায় বর্ণিত উপরোক্ত বাদযোগ্য খরচগুলি সম্পর্কে পরে (204 20০ পৃষ্ঠা) বিস্তারিত আলোচনা করা হইয়াছে।]

[1] the total income for this purpose being computed without including therein any income from such property and before making any deduction under Chapter VIA or section 280 O —*Sec 23 (2)*

(i) Where the property is in the occupation of the owner for purposes of his own residence its annual value (i e the sum for which it might reasonably be expected to let from year to year) is to be reduced by one half of it or by Rs 1 800 whichever is less *No deduction is allowed in respect of local taxes*, —Elements of Income tax (Seventeenth Edition)—*Rup Ram Gupta & Vishnu Saran Gupta*

(ii) (a) although there is no income from a self occupied property a notional sum is to be computed as income from dwelling house (b) in computing such dwelling house income the annual value is to be determined first such annual value being the fair rent at which the property in question may be let out from year to year (c) the annual value is then to be reduced by 50% thereof or Rs 1 800 whichever is less (d) *no deduction is to be made for municipal tax* " Indian Income tax Law and Practice (Fifth Edition)—*S Bhattacharyya*

(iii) Institute of Chartered Accountants এর Coaching Board ও অনুরূপ অভিমত পোষণ করে।

[2] স্বত্বাধিকারী কর্তৃক স্বীয় আবাসরূপে ব্যবহৃত গৃহসম্পত্তির আয় নিরূপণকালে ভাড়া আদায়ের খরচ ও অনাদেয় ভাড়াকে অপ্রাসঙ্গিক বিষয় বলিয়া মনে রাখিতে হইবে।

iii অংশতঃ স্বত্বাধিকারীর আবাসের জন্য ও অংশতঃ ভাড়া দেওয়া গৃহসম্পত্তি

(House property partly occupied by the owner for residential purposes and partly let out)

যদি কোন গৃহের একটি অংশে ভাড়াটিয়া এবং উহার অপর অংশে গৃহের মালিক নিজেই বসবাস করেন, তাহা হইলে **প্রথমে** 195 পৃষ্ঠায় বর্ণিত 'ভাড়া দেওয়া গৃহ সম্পত্তি' পদ্ধতিতে ভাড়া দেওয়া অংশের বার্ষিক মূল্য ও ভাড়া আয়ের অঙ্ক নিরূপণ করিতে হইবে। **তৎপরে** যে অংশে গৃহের স্বত্বাধিকারী বসবাস করেন উহার বার্ষিক মূল্য ও ভাড়া আয়ের অঙ্ক 200 পৃষ্ঠায় বর্ণিত 'স্বত্বাধিকারী কর্তৃক স্বীয় আবাসের জন্য অধিকৃত গৃহসম্পত্তি' পদ্ধতিতে নিরূপণ করিতে হইবে।

উপরোক্তভাবে প্রাপ্ত ভাড়া আয়ের অঙ্ক দুইটি যোগ করিলে সংশ্লিষ্ট সম্পূর্ণ গৃহটি হইতে 'মোট আয়ের অঙ্ক' নির্ণয় করা যাইবে।

Problem 92 Gobardhan constructed a house before 1st April 1950 Its annual value is estimated by the Municipal Board at Rs 6 000 Two third portion of the house is let out for Rs 4 800, while one third portion is in the occupation of Gobardhan as his residence Local taxes payable on the house amount to Rs 600 You are to ascertain the Annual Value (*i*) of the portion let out and (*ii*) of the portion occupied by Gobardhan

[1950 সালের 1লা এপ্রিলের পূর্বে গোবর্ধন একটি বাড়ী নির্মাণ করিয়াছিল। মিউনিসিপ্যাল বোর্ড কর্তৃক বাড়ীটির বার্ষিক ভাড়া মূল্য নির্ধারিত হইয়াছিল 6 000 টাকা। বাড়ীটির দুই তৃতীয়াংশ 4 800 টাকায় ভাড়া দেওয়া হইয়াছিল এবং এক তৃতীয়াংশ স্বীয় আবাসরূপে গোবর্ধনের নিজের দখলে ছিল। বাড়ীটির জন্য প্রদেয় স্থানীয় কর ছিল 600 টাকা। (*i*) বাড়ীর যে অংশ ভাড়া দেওয়া হইয়াছিল উহার এবং (*ii*) যে অংশ গোবর্ধনের নিজের দখলে ছিল উহার বার্ষিক মূল্য নিরূপণ করিতে হইবে।]

Solution (*i*) **ভাড়া-দেওয়া অংশের বার্ষিক-মূল্যের গণনা**

	টাকা
গ্রস বার্ষিক মূল্য (প্রাপ্ত ভাড়ার ভিত্তিতে)	4,800
বাদঃ স্থানীয় কর 600 টাকার ⅔)	400
ভাড়া দেওয়া অংশের নীট বার্ষিক মূল্য	4,400

(*ii*) **গোবর্ধনের নিজ আবাসের জন্য ব্যবহৃত অংশের বার্ষিক-মূল্যের গণনা**

	টাকা
গ্রস বার্ষিক মূল্য (ভাড়া দেওয়া অংশের ভিত্তিতে [1])	2 400
বাদঃ বিধিবদ্ধ অঙ্ক [(*i*) 2,400 টাকার 50% অর্থাৎ 1,200 টাকা ও (*ii*) 1,800 টাকার মধ্যে যেটি নিম্নতর, উহা]	1,200
গোবর্ধনের নিজ আবাসের জন্য ব্যবহৃত অংশের হ্রাসকৃত বার্ষিক মূল্য	1,200

1 2/3 অংশ=4,800 টাকা সুতরাং 1/3 অংশ=4 800 টাকা$\times\frac{3}{2}\times\frac{1}{3}$=2 400 টাকা।

বাদযোগ্য খরচ
(Allowable Expenses)

আয়কর আইনের 24 (1) ধারায় বলা হইয়াছে যে, নিম্নলিখিত **বিষয়গুলি বাদ দিয়া** 'গৃহ-সম্পত্তি হইতে আয়' নিরূপণ করিতে হইবে

(i) **মেরামতী খরচ (Repairing Expenses) ঃ** গৃহ সম্পত্তির স্বত্বাধিকারী যদি নিজের বসবাসের জন্য গৃহটি দখলে রাখেন অথবা যদি তিনি কোন ভাড়াটিয়াকে উহা ভাড়া দিয়া থাকেন এবং সংশ্লিষ্ট গৃহের মেরামতী খরচ **মালিক নিজে** বহন করিতে চুক্তিবদ্ধ থাকেন, তাহা হইলে বার্ষিক মূল্যের **এক-ষষ্ঠাংশ** মেরামতী খরচ রূপে বাদযোগ্য হইবে।

কিন্তু যেক্ষেত্রে সংশ্লিষ্ট মেরামতী খরচ **ভাড়াটিয়া নিজে** বহন করিতে চুক্তিবদ্ধ থাকেন; সেক্ষেত্রে নীট বার্ষিক মূল্য ও চুক্তিকৃত ভাড়ার **অন্তর** মেরামতী খরচরূপে বাদযোগ্য হইবে, কিন্তু কোন অবস্থাতেই এইরূপ মেরামতী খরচ নীট বার্ষিক মূল্যের **এক ষষ্ঠাংশের** অধিক হইতে পারিবে না। সংক্ষেপে বলিতে গেলে, (ক) নীট বার্ষিক মূল্য − চুক্তিকৃত ভাড়ার অঙ্ক এবং (খ) নীট বার্ষিক মূল্যের এক ষষ্ঠাংশের মধ্যে **যেটি নিম্নতর**, উহাই নীট বার্ষিক মূল্য হইতে মেরামতী খরচ বাবদ বাদ যাইবে[1]।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, প্রকৃত খরচ যাহাই হউক না কেন, উপরোক্ত মেরামতী খরচ সর্বদাই **আইনতঃ বাদযোগ্য খরচ** বলিয়া গণ্য হইবে।

(ii) **বীমার প্রিমিয়াম (Insurance Premium) ঃ** অগ্নি দুর্ঘটনা, ভূমিকম্প, বজ্রপাত, রাষ্ট্রবিপ্লব প্রভৃতি সংক্রান্ত বীমার জন্য যে প্রিমিয়াম দেওয়া হয়, উহা 'গৃহ সম্পত্তি হইতে আয় হইতে বাদযোগ্য হইবে।

(iii) **বার্ষিক চার্জ (Annual Charge)** যদি অবস্থার চাপে গৃহ সম্পত্তিটি বন্ধক রাখিয়া কোন বার্ষিক কিস্তি (annuity) পরিশোধ করার চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে এইরূপ বার্ষিক চার্জ (annual charge) গৃহ সম্পত্তির আয় হইতে বাদ যাইবে। কিন্তু গৃহ সম্পত্তি বন্ধক রাখিয়া কোন ঋণ পরিশোধ করা হইলে, উহাকে মূলধনী খরচ বলিয়া বিবেচনা করা হইবে এবং উহা গৃহ-সম্পত্তির আয় হইতে বাদ যাইবে না।

[1] "Income chargeable under the head Income from house property shall subject to the provision of sub section (2) be computed after making the following deductions namely —
(i) in respect of repairs —
(a) where the property is in occupation of the owner or where the property is let to a tenant and the owner has undertaken to bear the cost of repairs a sum equal to one-sixth of the annual value
(b) where the property is in the occupation of a tenant who has undertaken to bear the cost of repairs,—
(i) the excess of the annual value over the amount of rent payable for a year by the tenant
(ii) a sum equal to one-sixth of the annual value, whichever is less" —*Sec 24 (1) (i)*

(*iv*) **জমির খাজানা (Ground Rent) :** যেক্ষেত্রে জমির উপর ভূ স্বামীকে খাজানা দেয় হয় সেক্ষেত্রে ঐ খাজানা গৃহ সম্পত্তির আয় হইতে বাদযোগ্য হইবে।

(*v*) **ভূমি রাজস্ব (Land Revenue) :** গৃহ সম্পত্তির উপর ভূমি-রাজস্ব বা রাজ্য সরকার কর্তৃক আরোপিত অন্যান্য কর প্রদান করা হইলে উহা গৃহ সম্পত্তির আয় হইতে বাদ যাইবে।

(*vi*) **ঋণকৃত পুঁজির উপর সুদ (Interest on borrowed Capital) :** গৃহ সম্পত্তি ক্রয়, নির্মাণ সংস্কার বা পুনর্গঠনের জন্য কোন অর্থ ঋণ করা হইলে উহার উপর যে সুদ প্রদেয় হয় তাহা গৃহ সম্পত্তির আয় হইতে বাদযোগ্য খরচ বলিয়া বিবেচিত হইবে।[1]

(*vii*) **ভাড়া আদায়ের খরচ (Rent Collection Charges)** ভাড়া আদায়ের প্রকৃত খরচ (সর্বোচ্চ সীমা—নীট বার্ষিক মূল্যের 6%) গৃহ সম্পত্তির আয় হইতে বাদযোগ্য হয়। কেবলমাত্র ভাড়া প্রদত্ত গৃহের ক্ষেত্রে ইহা প্রয়োজ্য।

(*viii*) **বাড়ী খালি থাকার জন্য রেয়াত (Vacancy Allowance) :** যদি কোন সময় বাড়ী খালি থাকে তাহা হইলে ঐ সময়ের অনুপাতে বার্ষিক মূল্যের সংশ্লিষ্ট অংশ গৃহ সম্পত্তির আয় হইতে বাদ যাইবে।

(*ix*) **অনাদেয় ভাড়া (Unrealisable Rent) :** অনাদেয় ভাড়া গৃহ সম্পত্তির আয় হইতে বাদ যায় ; কিন্তু ইহা নিম্নলিখিত শর্ত সাপেক্ষ

(ক) প্রকৃতপক্ষে গৃহটি ভাড়া দেওয়া হইয়াছে,

(খ) খেলাপী ভাড়াটিয়াকে উচ্ছেদ করা হইয়াছে বা তাহাকে উচ্ছেদ করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে

(গ) খেলাপী ভাড়াটিয়াকে করদাতার অন্য কোন গৃহ দখল করিতে দেওয়া হয় নাই

(ঘ) বকেয়া ভাড়া আদায় করার জন্য করদাতা সম্ভাব্য সকল প্রকার আইনগত ব্যবস্থা গ্রহণ করিয়াছেন অথবা করদাতা কর্তৃক আয়কর অফিসারকে সন্তোষজনকভাবে বুঝানো হইয়াছে যে ভাড়া আদায় করার জন্য আইনগত পন্থা মোটেই ফলপ্রসূ হইবে না,

(ঙ) এইরূপ বকেয়া ভাড়া যে পূর্ববর্তী বৎসরে প্রাপ্য হইয়াছিল উহা সেই বৎসরের আয়ের অন্তর্ভুক্ত করা হইয়াছিল এবং উহার জন্য যথারীতি কর প্রদান করা হইয়াছিল।

উপরোক্ত বাদযোগ্য বকেয়া ভাড়ার অঙ্ক বাদ দেওয়ার পূর্বে গৃহ সম্পত্তি হইতে আয়ের যে অঙ্ক দেখানো হইবে, উহা অপেক্ষা বাদযোগ্য বকেয়া ভাড়ার অঙ্ক কোন অবস্থাতেই অধিক হইতে পারিবে না।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : গৃহসম্পত্তি হইতে আয়ের গণনা সংক্রান্ত পূর্বের সমগ্র আলোচনাটিকে [194 205 পৃষ্ঠা] সহজে মনে রাখিবার জন্য তিনটি সংক্ষিপ্ত সূত্রের আকারে নিম্নলিখিতভাবে প্রকাশ করা যাইতে পারে

1 গৃহ সম্পত্তি ক্রয় নির্মাণ সংস্কার বা পুনর্গঠন ব্যতীত অন্য উদ্দেশ্যে গৃহটি বন্ধক প্রদান করিয়া ঋণ গ্রহণ করা হইলেও উক্ত ঋণের উপর প্রদেয় সুদ পূর্বে বাদযোগ্য খরচ বলিয়া পরিগণিত হইত। কিন্তু 1968 সালের ফাইনান্স অ্যাক্ট অনুসারে 1969-70 করনির্ধারণ বৎসর হইতে এই বিধান বিলোপ করা হইয়াছে।

প্রথম সূত্র

ভাড়া দেওয়া গৃহ সম্পত্তি হইতে আয়

টাকা

1 গ্রস্ বার্ষিক মূল্য [ন্যায্য ভাড়া ও প্রকৃত ভাড়ার মধ্যে যেটি উচ্চতর, উহা]

2 **বাদ :** স্থানীয় কর (ভাড়াটিয়া কর্তৃক প্রদেয় কিন্তু গৃহের স্বত্বাধিকারী কর্তৃক প্রদত্ত)

[(ক) 1969 70 করনির্ধারণ বৎসরের পূর্ব পর্যন্ত বিধান —

(i) 1950 সালের 1লা এপ্রিলের পূর্বে নির্মিত গৃহের ক্ষেত্রে স্থানীয় করের সম্পূর্ণ অঙ্ক বাদ যাইবে।

(ii) 1950 সালের 1লা এপ্রিল বা তৎপরে নির্মিত গৃহের ক্ষেত্রে স্থানীয় করের অর্ধাংশ বাদ যাইবে।

(খ) 1969 70 করনির্ধারণ-বৎসর হইতে বিধান —

গৃহের নির্মাণকাল বিচার না করিয়া স্থানীয় করের সম্পূর্ণ অঙ্ক বাদ যাইবে]

3 **নীট বার্ষিক মূল্য** [নিম্নে মন্তব্য দ্রষ্টব্য]

4 **বাদ :** মেরামতী খরচ (গৃহের স্বত্বাধিকারী কর্তৃক প্রদেয় হইলে)

[উপরোক্ত 3 নম্বর অঙ্কের এক ষষ্ঠাংশ—
প্রকৃত খরচের অঙ্ক বিচার্য নহে]

অথবা,

[মেরামতী খরচ ভাড়াটিয়া কর্তৃক প্রদেয় হইলে—

(i) নীট বার্ষিক মূল্য চুক্তিকৃত ভাড়া এবং

(ii) নীট বার্ষিক মূল্যের এক ষষ্ঠাংশের মধ্যে যেটি নিম্নতর, উহা।]

5 **বাদ :** অন্যান্য খরচ

[যথা (i) অগ্নিবীমার প্রিমিয়াম (ii) বার্ষিক চার্জ (Annual Charge) (iii) জমির খাজানা (Ground rent) (iv) ভূমি রাজস্ব (v) গৃহ নির্মাণ ক্রয় বা পুনর্গঠনের জন্য গৃহীত ঋণের উপর সুদ, (vi) ভাড়া আদায়ের খরচ (সর্বোচ্চ সীমা—উপরোক্ত 3 নম্বরে বর্ণিত নীট বার্ষিক মূল্যের 6%), (vii) বাড়ী খালি থাকার জন্য রেয়াত, (viii) অনাদেয় ভাড়া।]

গৃহ সম্পত্তি হইতে নীট ভাড়া-আয়

মন্তব্য : সংশ্লিষ্ট গৃহটির নির্মাণকার্য 1961 সালের 1লা এপ্রিলের পরে শুরু ও সমাপ্ত হইলে উপরোক্ত 3-নম্বরের বর্ণিত কর বাদ বার্ষিক-মূল্য এবং 600 টাকার মধ্যে যেটি নিম্নতর উহা দ্বারা কর-বাদ বার্ষিক মূল্যকে হ্রাস করিয়া নীট বার্ষিক মূল্য নিরূপণ করিতে হইবে। তৎপরে এইরূপ নীট বার্ষিক-মূল্য হইতে উপরোক্ত 4-নম্বর ও 5 নম্বরের বিষয়গুলি বাদ দিলে ভাড়া দেওয়া গৃহসম্পত্তি হইতে 'নীট আয়' নিরূপণ করা যাইবে।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, কেবলমাত্র আবাসের জন্য ব্যবহৃত ভাড়া দেওয়া গৃহের ক্ষেত্রেই আইনগত উপরোক্ত বিধান প্রযোজ্য হইবে, গৃহটির নির্মাণকার্য সমাপ্ত হওয়ার অব্যবহিত পরে 3 বৎসর পর্যন্ত উপরোক্ত আইনগত বিধানের সুবিধা পাওয়া যাইবে।

দ্বিতীয় সূত্র

স্বত্বাধিকারী কর্তৃক স্বীয় আবাসের জন্য অধিকৃত গৃহ-সম্পত্তি হইতে আয়

টাকা

1 গ্রস্ বার্ষিক মূল্য [ন্যায্য ভাড়ার অঙ্ক]

2 **বাদ :** বিধিবদ্ধ অঙ্ক

[উপরোক্ত 1 নম্বরের গ্রস্ বার্ষিক মূল্যের 50% ও 1,800 টাকার মধ্যে যেটি নিম্নতর, উহা]

3 হ্রাসকৃত বার্ষিক মূল্য (Adjusted Annual Value)

[উপরোক্ত 3 নম্বরের হ্রাসকৃত বার্ষিক মূল্য, করদাতার নিজের অধিকৃত গৃহসম্পত্তির আয় ব্যতীত অন্যান্য খাতে গ্রস মোট আয়ের[1] 10% এর অধিক না হইলে, উক্ত হ্রাসকৃত বার্ষিক মূল্যকেই নীট বার্ষিক মূল্য বলিয়া ধরিতে হইবে এবং উহা হইতে নিম্নলিখিত বিষয়গুলি বাদ যাইবে। —নিম্নে মন্তব্য দ্রষ্টব্য।]

4 **বাদ :** মেরামতী খরচ

[উপরোক্ত 3 নম্বরের অঙ্কের এক ষষ্ঠাংশ—প্রকৃত খরচের অঙ্ক বিচার্য নহে]

5 **বাদ :** অন্যান্য খরচ

[যথা, (*i*) অগ্নিবীমার প্রিমিয়াম, (*ii*) বার্ষিক চার্জ (Annual charge), (*iii*) জমির খাজানা, (*iv*) ভূমি রাজস্ব, (*v*) গৃহনির্মাণ, ক্রয় বা পুনর্গঠনের জন্য গৃহীত ঋণের উপর সুদ, (*vi*) বাড়ী খালি থাকার জন্য রেয়াত।]

স্বত্বাধিকারীর অধিকৃত গৃহ সম্পত্তি হইতে নীট আয়

---

1 প্রভিডেন্ট ফণ্ডে চাঁদা, জীবনবীমার প্রিমিয়াম অনুমোদিত বার্ধক্য বৃত্তি ফণ্ডে চাঁদা ও 10-বৎসরের বা 15 বৎসরের পোষ্ট অফিস সেভিংস্ (স্থায়ী আমানত) হিসাবে জমা বাবদ রেয়াতের অঙ্ক বিকলাঙ্গ পোষ্যগণের চিকিৎসা-ব্যয় প্রভৃতি বাদ দিবার পূর্বের আয়।

মন্তব্য : কিন্তু উপরোক্ত 3 নম্বরের হ্রাসকৃত বার্ষিক মূল্য করদাতার (নিজের অধিকৃত গৃহের আয় ব্যতীত) অন্যান্য খাতে গ্রস্ মোট আয়ের 10%-এর অধিক হইলে এতদুভয়ের মধ্যে যেটি নিম্নতর উহাই উপরোক্ত 3 নম্বরের হ্রাসকৃত বার্ষিক মূল্য বলিয়া পরিগণিত হইবে এবং উহা হইতে উপরোক্ত 4 নম্বর ও 5 নম্বরের বিষয়গুলি বাদ দিলেই স্বত্বাধিকারীর নিজ আবাসের জন্য ব্যবহৃত 'গৃহসম্পত্তি হইতে নীট আয়' নিরূপণ করা যাইবে।

অংশতঃ স্বত্বাধিকারীর আবাসের জন্য এবং অংশতঃ ভাড়া দেওয়া গৃহ-সম্পত্তি হইতে আয়

'প্রথম সূত্রটি' প্রয়োগ করিয়া প্রথমে ভাড়া দেওয়া অংশের নীট ভাড়া আয় নিরূপণ করিতে হইবে। তৎপরে 'দ্বিতীয় সূত্রটি প্রয়োগ করিয়া মালিকের অধিকৃত অংশের নীট আয় নিরূপণ করিতে হইবে। এতদুভয়ের যোগফলই হইবে অংশত মালিক কর্তৃক এবং অংশত ভাড়াটিয়া কর্তৃক অধিকৃত গৃহ সম্পত্তি হইতে মোট আয়।

Problem 93 Sanat Bhattacharyya owns a house built in 1949, the annual value of the house according to municipal records[1] is Rs 5,500 The municipal tax paid on the house was Rs 580

Sanat Bhattacharyya rented out the house to a tenant who pays Rs 5,000 annually

(*i*) You are to ascertain the income of Sanat Bhattacharyya from his house property for the assessment year 1968 69

(*ii*) On the basis of the same particulars you are also to ascertain his income from house property for the assessment year 1969 70

[সনৎ ভট্টাচার্য 1949 সালে নির্মিত একটি বাড়ির মালিক। মিউনিসিপ্যালিটির নথিপত্র অনুসারে গৃহটির বার্ষিক ভাড়া মূল্য 5 500 টাকা। উক্ত সম্পত্তিটির উপর মিউনিসিপ্যালিটিকে কর বাবদ 580 টাকা প্রদান করা হয়।

সনৎ ভট্টাচার্য কোন ভাড়াটিয়ার নিকট গৃহটি ভাড়া দিয়াছে এবং তাহার নিকট হইতে সে বার্ষিক 5 000 টাকা ভাড়া পায়।

(*i*) 1968-69 করনির্ধারণ বৎসরের জন্য গৃহ সম্পত্তিটি হইতে সনৎ ভট্টাচার্যের আয় নিরূপণ করিতে হইবে। (*ii*) উপরোক্ত একই তথ্যাবলীর উপর ভিত্তি করিয়া 1969 70 করনির্ধারণ বৎসরের জন্যও সনৎ ভট্টাচার্যের গৃহ-সম্পত্তি হইতে আয় নিরূপণ করিতে হইবে।]

[1] ইহাকে Municipal Value বা মিউনিসিপ্যাল মূল্য নামেও অভিহিত করা হয়।

Solution

(i) **1968 69 করনির্ধারণ বৎসরের জন্য সনৎ ভট্টাচার্যের গৃহ-সম্পত্তি হইতে আয়**

	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (মিউনিসিপ্যালিটি কর্তৃক নির্ধারিত মূল্যের ভিত্তিতে– 194 পৃষ্ঠা দ্রষ্টব্য)	5,500
বাদঃ মিউনিসিপ্যালিটির কর (গৃহটি 1950 সালের 1লা এপ্রিলের পূর্বে নির্মিত বলিয়া)	580
নীট বার্ষিক মূল্য	4,920
বাদঃ মেরামতী খরচ (4,920 টাকার ⅙) (আইন নির্দেশিত)	820
গৃহ-সম্পত্তি হইতে নীট ভাড়া-আয়	4,100

(ii) **1969 70 করনির্ধারণ-বৎসরের জন্য সনৎ ভট্টাচার্যের গৃহ সম্পত্তি হইতে আয়**

এক্ষেত্রে সমাধানটি উপরোক্ত (i) নম্বর সমাধানের অনুরূপ হইবে।

Problem 94 *A* owns a house, built in 1949, the annual rental value of which according to municipal records is Rs 6,000 The municipal taxes paid on this property amount to Rs 660 *A* has rented out the house to a tenant who pays him Rs 5 400 annually Besides the expenses of annual repairs on this house, *A* has also to pay Rs 200 as annual interest towards a loan which he obtained by mortgaging the house the loan was taken for reconstructing the house Determine *A*'s income from this property for the assessment year 1969 70

[*A* 1949 সালে নির্মিত একটি বাড়ির মালিক। মিউনিসিপ্যালিটির নথিপত্র অনুসারে গৃহটির বার্ষিক ভাড়া-মূল্য 6 000 টাকা। উক্ত সম্পত্তির উপর মিউনিসিপ্যালিটির কর 660 টাকা প্রদান করা হয়। *A* কোন ভাড়াটিয়ার নিকট গৃহটি ভাড়া দিয়াছে এবং তাহার নিকট হইতে সে বার্ষিক 5 400 টাকা ভাড়া পায়। গৃহটির বার্ষিক মেরামতী-খরচ ছাড়াও *A* গৃহটি বন্ধক দিয়া যে ঋণ গ্রহণ করিয়াছিল উহার জন্য বার্ষিক 200 টাকা হিসাবে সুদ প্রদান করিয়া থাকে গৃহটির পুনর্গঠনের জন্য উক্ত ঋণ গ্রহণ করা হইয়াছিল। 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য গৃহ সম্পত্তি হইতে *A* এর আয় নিরূপণ কর।]

Solution **1969 70 করনির্ধারণ বৎসরের জন্য 4 এর গৃহ-সম্পত্তি হইতে আয়**

	টাকা
গ্রস বার্ষিক মূল্য (মিউনিসিপ্যালিটি কর্তৃক নির্ধারিত মূল্যের ভিত্তিতে – 194 পৃষ্ঠা দ্রষ্টব্য)	6,000
বাদ : মিউনিসিপ্যালিটির কর	660
নীট বার্ষিক মূল্য	5,340
বাদ : মেরামতী খরচ (5,340 টাকার ⅙)	890
	4 450
বাদ : বন্ধকী ঋণের উপর সুদ	200
গৃহ সম্পত্তি হইতে নীট ভাড়া আয	4,250

Problem 95 : Nabakishore owns a house constructed after 1st April, 1950 He let it out at an annual rent of Rs 1 500 Municipal value of the house is Rs 2,400 and the municipal taxes levied on the property was Rs 288 Nabakishore spent Rs 14 for collecting the rent and Rs 10 towards ground rent

(*i*) You are to ascertain Nabakishore's income from house property for the assessment year 1968 69

(*ii*) On the basis of the same particulars you are also to ascertain his income from house property for the assessment year 1969 70

[নবকিশোর 1950 সালের 1লা এপ্রিলের পরে নির্মিত একটি বাড়ির মালিক। বার্ষিক 1 500 টাকা ভাড়ায় তিনি বাড়ীটি ভাড়া দিলেন। বাড়ীটির মিউনিসিপ্যালিটি কর্তৃক নির্ধারিত ভাড়া মূল্য ছিল 2 400 টাকা এবং উহার উপর মিউনিসিপ্যালিটির কর ধার্য করা হইয়াছিল 288 টাকা। নবকিশোর ভাড়া আদায়ের জন্য 14 টাকা এবং জমির খাজনা বাবদ 10 টাকা ব্যয় করিয়াছিল।

(i) 1968 69 করনির্ধারণ বৎসরের জন্য নবকিশোরের গৃহ সম্পত্তি হইতে আয় নিরূপণ করিতে হইবে।

(ii) উপরোক্ত একই তথ্যাবলীর ভিত্তিতে 1969 70 করনির্ধারণ বৎসরের জন্যও নবকিশোরের গৃহ-সম্পত্তি হইতে আয় নিরূপণ করিতে হইবে।]

Solution. (i) 1968-69 করনির্ধারণ-বৎসরের জন্য নবকিশোরের গৃহ সম্পত্তি হইতে আয়ের গণনা

	টাকা	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য		
(মিউনিসিপ্যালিটি কর্তৃক নির্ধারিত মূল্যের ভিত্তিতে—194 পৃষ্ঠা দ্রষ্টব্য)		2,400
বাদ : মিউনিসিপ্যালিটির কর (288 টাকার ½)		144
নীট বার্ষিক মূল্য		2,256
বাদ : মেরামতী খরচ (2,256 টাকার ⅙)	376	
ভাড়া আদায়ের খরচ	14	
জমির খাজানা	10	400
গৃহ সম্পত্তি হইতে নীট ভাড়া আয়		1,856

(ii) 1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য নবকিশোরের গৃহ সম্পত্তি হইতে আয়ের গণনা

	টাকা	টাকা
গ্রস বার্ষিক মূল্য		2,400
(মিউনিসিপ্যালিটি কর্তৃক নির্ধারিত মূল্যের ভিত্তিতে—194 পৃষ্ঠা দ্রষ্টব্য)		
বাদ : মিউনিসিপ্যালিটির কর		288
নীট বার্ষিক মূল্য		2,112
বাদ : মেরামতী খরচ (2,112 টাকার ⅙)	352	
ভাড়া আদায়ের খরচ	14	
জমির খাজানা	10	376
গৃহ সম্পত্তি হইতে নীট ভাড়া আয়		1,736

Problem 96 Binoyendra owns a house which was constructed in the year 1947 The house was let out to a businessman on a rent of Rs 9,000 per annum The municipal value of the house is Rs 7,500 and municipal tax on it amounted to Rs 372 per annum During the year 1968 69 Benoyendra spent Rs 500 for repairing the house and paid ground rent of Rs 45 The collection charges amounted to Rs 400 The house remained vacant for 3 months during the year

You are to compute Binoyendra's rent income from house property for the previous year 1968-69.

[বিনয়েন্দ্রের একটি বাড়ী আছে ইহা 1947 সালে নির্মিত হইয়াছিল। বার্ষিক 9,000 টাকায় বাড়ীটি কোন ব্যবসায়ীর নিকট ভাড়া দেওয়া হইল। মিউনিসিপ্যালিটি কর্তৃক বাড়ীটির ভাড়া মূল্য নির্ধারিত হইয়াছিল 7,500 টাকা এবং ইহার উপর মিউনিসিপ্যালিটির কর ধার্য হইয়াছিল বার্ষিক 372 টাকা। 1968-69 সালে বিনয়েন্দ্র বাড়িটির মেরামতের জন্য 500 টাকা এবং জমির খাজানার জন্য 45 টাকা ব্যয় করিয়াছিল। ভাড়া আদায়ের জন্য খরচ হইয়াছিল 400 টাকা। সেই বৎসর বাড়ীটি 3 মাস খালি ছিল।

1968 69 পূর্ববর্তী-বৎসরের জন্য বিনয়েন্দ্রের গৃহ সম্পত্তি হইতে ভাড়া আয় গণনা করিতে হইবে।]

Solution 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য বিনয়েন্দ্রের
গৃহ সম্পত্তি হইতে আয়ের গণনা

	টাকা	টাকা
গ্রস বার্ষিক মূল্য		
(প্রাপ্ত ভাড়ার ভিত্তিতে—194 পৃষ্ঠা দ্রষ্টব্য)		9,000
বাদ : মিউনিসিপ্যালিটির কর		372
নীট বার্ষিক মূল্য		8,628
বাদ : মেরামতী খরচ		
(8,628 টাকার ⅙)	1,438	
জমির খাজানা	45	
ভাড়া আদায়ের খরচ	400	
বাড়ী খালি থাকার জন্য রেয়াত		
(8,628 টাকার ¼)	2,157[1]	4 040
গৃহ সম্পত্তি হইতে নীট আয়		4 588

Problem 97. Brajeshwar owns a house which was constructed after 1st April, 1960 He let out the house on an annual rent of Rs 16 500 The net municipal value of the house after deduction of one tenth is Rs 18 900

The following local taxes are paid directly by the tenant himself Fire tax Rs 350, Education cess Rs 250 Conservancy tax Rs 400, General tax Rs 104

Brajeshwar paid the following expenses in connection with the house property Rent Collection Charges Rs 200, Ground Rent Rs 25, Fire insurance premium Rs 250

(i) You are to ascertain the income of Brajeshwar for the assessment year 1968 69 from the house let out

(ii) On the basis of the same particulars you are to ascertain his income for the assessment year 1969 70 also from the house let out

[ব্রজেশ্বর একটি গৃহের মালিক গৃহটি 1960 সালের 1লা এপ্রিলের পরে নির্মিত হইয়াছিল। ব্রজেশ্বর গৃহটি বার্ষিক 16,500 টাকায় ভাড়া দিল। গৃহটির নোট মিউনিসিপ্যাল মূল্য (মোট মূল্যের এক দশমাংশ রেয়াত দেওয়ার পরে) ছিল 18,900 টাকা।

---

1 12 মাসের জন্য 8,628 টাকা হইলে, খালি থাকার 3 মাসের জন্য হইবে 8 628 টাকার 3/12=2 157 টাকা।

নিম্নলিখিত স্থানীয় করগুলি ভাড়াটিয়া নিজেই সরাসরি প্রদান করিয়াছিল অগ্নি কর 350 টাকা শিক্ষা-কর 250 টাকা সংরক্ষণ কর 400 টাকা সাধারণ কর 104 টাকা।

গৃহটির জন্য ব্রজেশ্বর নিম্নলিখিত খরচগুলি প্রদান করিয়াছিল ভাড়া আদায়ের খরচ 200 টাকা জমির খাজানা 25 টাকা অগ্নি বীমার প্রিমিয়াম 250 টাকা।

(i) 1968-69 করনির্ধারণ বৎসরের জন্য ব্রজেশ্বরের ভাড়া-দেওয়া গৃহ সম্পত্তি হইতে আয় নিরূপণ করিতে হইবে।

(ii) উপরোক্ত একই তথ্যাবলীর ভিত্তিতে 1969 70 করনির্ধারণ বৎসরের জন্যও ব্রজেশ্বরের ভাড়া দেওয়া গৃহ সম্পত্তি হইতে আয় নিরূপণ করিতে হইবে।]

Solution:

		টাকা	টাকা
প্রাপ্ত ভাড়া			16,500
যোগ: ভাড়াটিয়া কর্তৃক সরাসরি প্রদত্ত কর		টাকা	
	অগ্নি-কর	350	
	শিক্ষা কর	250	
	সংরক্ষণ কর	400	
	সাধারণ কর	104	1,104
	গ্রস্ বার্ষিক ভাড়া		17,604

		টাকা
নীট মিউনিসিপ্যাল মূল্য		18,900
যোগ: পূর্বের বেযাতের অঙ্ক (18,900 টাকার $\frac{1}{9}$[1])		2,100
	গ্রস মিউনিসিপ্যাল মূল্য	21,000

(i) 1968 69 করনির্ধারণ বৎসরের জন্য ব্রজেশ্বরের ভাড়া দেওয়া গৃহ সম্পত্তি হইতে আয়ের গণনা

		টাকা	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (গ্রস্ মিউনিসিপ্যাল মূল্যের ভিত্তিতে—194 পৃষ্ঠা দ্রষ্টব্য)			21,000
বাদ: স্থানীয় কর (1,104 টাকার $\frac{1}{2}$)			552
	নীট বার্ষিক মূল্য		20,448
বাদ: মেরামতী খরচ		টাকা	
	(20,448 টাকার $\frac{1}{6}$)	3,408	
	ভাড়া আদায়ের খরচ	200	
	জমির খাজানা	25	
	অগ্নি বীমার প্রিমিয়াম	250	3,883
	গৃহ সম্পত্তি হইতে নীট ভাড়া আয়		16,565

1 গ্রস্ অঙ্কের 1 = নীট অঙ্কের 1

(ii) 1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য ব্রজেশ্বরের ভাড়া দেওয়া গৃহ সম্পত্তি হইতে আয়ের গণনা

		টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (গ্রস মিউনিসিপ্যাল মূল্যের ভিত্তিতে—194 পৃষ্ঠা দ্রষ্টব্য)		21 000
বাদঃ স্থানীয় কর		1,104
নীট বার্ষিক মূল্য		19 896
বাদঃ মেরামতী খরচ	টাকা	
(19,896 টাকার $\frac{1}{6}$)	3,316	
ভাড়া আদায়ের খরচ	200	
জমির খাজনা	25	
অগ্নি বীমার প্রিমিয়াম	250	3,791
গৃহ সম্পত্তি হইতে নীট ভাড়া আয়		16 105

Problem 98 Ayodhya Prasad owns a house, its municipal value was Rs 17,000 He let out the house at a rent of Rs 18 000 annually He claims the following expenses

Repair charges Rs 3 200, Vacancy allowance Rs 1 000, Land Revenue Rs 20, Rent collection charges Rs 1 250 Municipal taxes Rs 2 400, Insurance Premium Rs 200 Interest on loan taken for reconstructing the house Rs 700

You are to compute the taxable income of Ayodhya Prasad for the assessment year 1969 70 assuming that he had no other source of income

[অযোধ্যা প্রসাদ একটি বাড়ীর মালিক মিউনিসিপ্যালিটি কর্তৃক ইহার ভাড়া মূল্য নির্ধারিত হইয়াছিল 17,000 টাকা। বার্ষিক 18 000 টাকায় সে বাড়ীটি ভাড়া দিয়াছিল। সে নিম্নলিখিত খরচগুলি দাবি করে

মেরামতী খরচ 3 200 টাকা বাড়ী খালি থাকার জন্য রেয়াত 1 000 টাকা ভূমি রাজস্ব 20 টাকা এবং ভাড়া আদায়ের খরচ 1 250 টাকা মিউনিসিপ্যালিটির কর 2 400 টাকা বীমার প্রিমিয়াম 200 টাকা গৃহটি পুনর্গঠনের জন্য গৃহীত ঋণের উপর সুদ 700 টাকা।

অযোধ্যা প্রসাদের আর কোন আয়ের উৎস ছিল না ধরিয়া লইয়া 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য তাহার আয় গণনা কর।]

Solution **1969-70 করনির্ধারণ বৎসরের জন্য অযোধ্যা প্রসাদের গৃহ সম্পত্তি হইতে আয়ের গণনা**

	টাকা	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য		
(প্রাপ্ত ভাড়ার ভিত্তিতে—194 পৃষ্ঠা দ্রষ্টব্য)		18,000
বাদ ঃ মিউনিসিপ্যালিটির কর		2 400
নীট বার্ষিক মূল্য		15 600
বাদ ঃ মেরামতী খরচ		
(15,600 টাকার $\frac{1}{6}$)	2 600	
বাড়ী খালি থাকার জন্য বেযাত	1,000	
ভূমি রাজস্ব	20	
বীমার প্রিমিয়াম	200	
ঋণের উপর সুদ	700	
ভাড়া আদায়ের খরচ		
(সর্বোচ্চ সীমা—15,600 টাকার 6%)	936	5,456
গৃহ সম্পত্তি হইতে নীট ভাড়া আয়		10,144

Problem 99 R owns a house property at Madras which he let out at a monthly rent of Rs 1 000 For the year ended 31st March, 1969, he discloses the following particulars in regard to the property

	Rs
(i) Owner's share of municipal taxes paid by R	300
(ii) Occupier's share of municipal taxes paid by the tenant	300
(iii) Premium in respect of fire insurance of the property	800
(iv) Interest on loan taken on mortgaging the property, loan taken for reconstructing the house	3 000
(v) Expenses on repairs	1 500

The house was constructed in the year 1947 You are to compute R's income from house property for the assessment year 1969-70

[মাদ্রাজে R এর একটি বাড়ী আছে সে উহা মাসিক 1 000 টাকায় ভাড়া দিয়াছে। 31-শে মার্চ 1969 তারিখে যে বৎসর শেষ হইয়াছে, সেই সময়ের জন্য সে তাহার সম্পত্তি সম্পর্কে নিম্নলিখিত তথ্যগুলি প্রকাশ করিল.

(i) মিউনিসিপ্যালিটির কর বাবদ মালিকের অংশের অংশ R কর্তৃক প্রদত্ত 300

(ii) [illegible]

(iii) সম্পত্তিটির উপর অগ্নি বীমা বাবদ প্রিমিয়াম — 800

(iv) সম্পত্তিটি বন্ধক রাখিয়া গৃহীত ঋণের উপর সুদ—গৃহটির সংস্কারের জন্য উক্ত ঋণ গ্রহণ করা হইয়াছিল — 3,000

(v) মেরামতী-খরচ — 1,500

গৃহটি 1947 সালে নির্মিত হইয়াছিল। 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য R এর গৃহ সম্পত্তি হইতে আয় গণনা করিতে হইবে

Solution 1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য R-এর গৃহ সম্পত্তি হইতে আয়

	টাকা	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (1,000 টা × 12)	12,000	
(বার্ষিক ভাড়ার ভিত্তিতে 194 পৃষ্ঠা দ্রষ্টব্য)		
যোগ : মিউনিসিপ্যালিটির কর		
(ভাড়াটিয়া কর্তৃক প্রদত্ত)	300	12,300
বাদ : মিউনিসিপ্যালিটির কর		
(300 টা + 300 টা)		600
নীট বার্ষিক মূল্য		11,700
বাদ : মেরামতী খরচ		
(11,700 টাকার $\frac{1}{6}$)	1,950	
অগ্নি বীমার প্রিমিয়াম	800	
ঋণের উপর সুদ	3,000	5,750
গৃহ সম্পত্তি হইতে নীট ভাড়া আয়		5,950

মন্তব্য (1) মালিক কর্তৃক প্রদেয় মিউনিসিপ্যালিটি বা অন্য কোন স্থানীয় প্রাধিকারী কর্তৃক আরোপিত কর বাবদ কোন অর্থ যদি ভাড়াটিয়া পরিশোধ করে, তবে উহা বার্ষিক ভাড়ার সহিত যুক্ত হইবে।

(2) 1968 সালের ফাইনান্স অ্যাক্টে বলা হইয়াছে যে, গৃহ সম্পত্তির ক্রয়, নির্মাণ সংস্কার বা পুনর্গঠনের জন্য সংশ্লিষ্ট গৃহটি বন্ধক রাখিয়া ঋণ গ্রহণ করা হইলে এইরূপ ঋণের উপর সুদ বাদযোগ্য খরচ বলিয়া গণ্য হইবে—এতদ্ব্যতীত অন্য উদ্দেশ্যে গৃহীত ঋণের উপর যে সুদ দিতে হয় উহা বাদযোগ্য খরচ নহে। 1969-70 করনির্ধারণ বৎসর হইতে উক্ত বিধান বলবৎ করা হইয়াছে।

Problem 100 Sen owns a residential house built in 1954 The annual value of the house according to municipal record is Rs 6,600 It is let out at an annual rent of Rs. 5,450 to a tenant who has also undertaken to bear

the annual cost of repairs The municipal taxes paid by Sen in that year in respect of the house were Rs 498 You are to ascertain Sen's income from house property for the assessment year 1969 70

[সেন 1954 সালে নির্মিত একটি বাড়ীর মালিক। মিউনিসিপ্যালিটির নথিপত্র অনুসারে গৃহটির বার্ষিক মূল্য 6 600 টাকা। বার্ষিক 5 450 টাকা ভাড়ায় গৃহটি ভাড়া দেওয়া হইল। সংশ্লিষ্ট ভাড়াটিয়া গৃহটির বার্ষিক মেরামতী খরচ বহন করিতে চুক্তিবদ্ধ হইল। সেই বৎসর গৃহটির জন্য মিউনিসিপ্যালিটির কর বাবদ 498 টাকা সেন কর্তৃক প্রদত্ত হইল।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য গৃহ সম্পত্তি হইতে সেনের আয় নিরূপণ করিতে হইবে।]

Solution

	টাকা
গ্রস বার্ষিক মূল্য	
(মিউনিসিপ্যালিটি কর্তৃক নিরূপিত বার্ষিক মূল্যের ভিত্তিতে[1])	6,600
বাদ : মিউনিসিপ্যালিটির কর	498
নীট বার্ষিক মূল্য	6,102
বাদ : মেরামতী-খরচ [(i) নীট বার্ষিক মূল্য প্রকৃত ভাড়া অর্থাৎ 6,102 টাকা 5,450 টাকা—652 টাকা, (ii) 6,102 টাকার $\frac{1}{6}$=1,017 টাকা। উপরোক্ত (i) ও (ii) নম্বরের অঙ্ক দুইটির মধ্যে (i) নম্বরের অঙ্কটি নিম্নতর বলিয়া উহাই অর্থাৎ 652 টাকা মেরামতী খরচের জন্য বাদযোগ্য অঙ্ক বলিয়া বিবেচিত হইবে।]	652
গৃহ-সম্পত্তি হইতে নীট ভাড়া আয়	5,450

Problem 101 Bikash Sen owns two houses the municipal value of each house is Rs 6,600 One of the houses is let out to a tenant at an annual rent of Rs 5,500 and the other at Rs 6,000 In the case of the first house, the tenant has undertaken to bear the cost of repairs The municipal taxes paid by Bikash Sen in respect of both the houses amount to Rs 1,008 per annun

You are to ascertain Bikash Sen's income from house property for the assessment year 1969 70

[বিকাশ সেনের দুইটি বাড়ী আছে প্রত্যেক বাড়ীর জন্য মিউনিসিপ্যালিটির নির্ধারিত মূল্য 6 600 টাকা। একটি বাড়ী বার্ষিক 5 500 টাকায় এবং অপর বাড়ীটি বার্ষিক 6 000 টাকায় ভাড়া দেওয়া হইয়াছে। প্রথম বাড়ীটির ক্ষেত্রে উহার ভাড়াটিয়া মেরামতী খরচ বহন করিতে চুক্তিবদ্ধ আছে। উভয় বাড়ীর জন্য মিউনিসিপ্যালিটির কর বার্ষিক 1,008 টাকা বিকাশ সেন কর্তৃক প্রদত্ত হইয়াছে।

1969 70 করনির্ধারণ-বৎসরের জন্য গৃহ সম্পত্তি হইতে বিকাশ সেনের আয় নিরূপণ করিতে হইবে।]

[1] 194 পৃষ্ঠা দ্রষ্টব্য।

[2] এক্ষেত্রে চুক্তি অনুসারে ভাড়াটিয়া নিজেই মেরামতী খরচ বহন করিয়া থাকে।

Solution 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য বিকাশ সেনের গৃহ সম্পত্তি হইতে আয় গণনা

	প্রথম বাড়ী (মেরামতী খরচ ভাড়াটিয়া কর্তৃক প্রদত্ত)	দ্বিতীয় বাড়ী (মেরামতী-খরচ বাড়ীওয়ালা কর্তৃক প্রদত্ত)
গ্রস্ বার্ষিক মূল্য (মিউনিসিপ্যালিটি কর্তৃক নির্ধারিত বার্ষিক মূল্যের ভিত্তিতে[1])	6 600	6,600
বাদ ঃ মিউনিসিপ্যালিটির কর	504	504
নীট বার্ষিক মূল্য	6,096	6 096
বাদ ঃ মেরামতী খরচ		
(ক) 6 096 টাকার $\frac{1}{6}$	—	1,016
(খ) (i) 6,096 টা – 5,500 টা অর্থাৎ 596 টাকা এবং (ii) 6,096 টাকার $\frac{1}{6}$ অর্থাৎ 1,016 টাকার মধ্যে যেটি নিম্নতর উহা	596	
গৃহ সম্পত্তি হইতে নীট ভাড়া আয়	5 500	5,080

গৃহ সম্পত্তি হইতে মোট আয় = 5,500 টা + 5,080 টা = 10,580 টাকা।

Problem 102 Madhab owns a house built in 1940 The municipal value of the house is Rs 16,000 and the local taxes on it amounted to Rs 800 The house is in Madhab's occupation as his residence During the year ended 31st March, 1969, Madhab spent the following amounts for the house

Actual Repairs Rs 200, Fire insurance premium Rs 240

You are to ascertain Madhab's income from house property for the assessment year 1969-70 assuming that the total of his income from other sources amounted to Rs 30 000

[মাধব একটি বাড়ীর মালিক বাড়ীটি 1940 সালে নির্মিত হইয়াছিল। মিউনিসিপ্যালিটি কর্তৃক বাড়ীটির ভাড়া মূল্য নির্ধারিত হইয়াছিল 16,000 টাকা এবং ইহার উপর মোট 800 টাকা স্থানীয় কর ধার্য হইয়াছিল। 31শে মার্চ 1969 তারিখে সমাপ্ত পূর্ববর্তী বৎসরে বাড়ীটির জন্য মাধব নিম্নলিখিত অর্থ ব্যয় করিয়াছিল মেরামতী খরচের প্রকৃত অঙ্ক 200 টাকা অগ্নিবীমার প্রিমিয়াম 240 টাকা।

1969 70 করনির্ধারণ-বৎসরের জন্য মাধবের গৃহ সম্পত্তি হইতে আয় নিরূপণ [illegible] অন্যান্য উৎস হইতে মাধবের আয়ের অঙ্ক ছিল মোট 30 000 টাকা।]

---

1. 194 পৃষ্ঠা দ্রষ্টব্য।

Solution : প্রশ্নোক্ত গৃহটি মাধবের নিজের আবাসের জন্য ব্যবহৃত হয়; সুতরাং ইহার বার্ষিক মূল্য নিম্নলিখিতভাবে নিরূপণ করিতে হইবে.

প্রথম প্রক্রিয়া:

	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (মিউনিসিপ্যাল মূল্যের ভিত্তিতে)	16,000
বাদ: বিধিবদ্ধ অঙ্ক [(i) 16,000 টাকার 50% অর্থাৎ 8,000 টাকা ও (ii) 1,800 টাকার মধ্যে যেটি নিম্নতর, উহা]	1,800
হ্রাসকৃত বার্ষিক মূল্য (Adjusted Annual Value)	14,200

দ্বিতীয় প্রক্রিয়া:

	টাকা
অন্যান্য আয়ের সমষ্টি	30,000

সুতরাং, মাধবের আবাসরূপে ব্যবহৃত গৃহের বার্ষিক মূল্যের সর্বোচ্চসীমা (30,000 টাকার 10%) 3,000

উপরোক্ত প্রথম ও দ্বিতীয় প্রক্রিয়ার দ্বারা নির্ণীত যথাক্রমে 14,200 টাকা ও 3,000 টাকার মধ্যে পরবর্তী অঙ্কটি নিম্নতর বলিয়া এক্ষেত্রে ইহাই অর্থাৎ **3,000 টাকা গৃহ সম্পত্তির গ্রস্ বার্ষিক মূল্য** বলিয়া বিবেচিত হইবে।

1969-70 করনির্ধারণ বৎসরের জন্য মাধবের নিজ আবাসের জন্য ব্যবহৃত গৃহ সম্পত্তি হইতে আয়

	টাকা	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য		3,000
বাদ: মেরামতী খরচ (3,000 টাকার $\frac{1}{6}$)	500	
অগ্নিবীমার প্রিমিয়াম	240	740
মাধবের নিজ আবাসের জন্য ব্যবহৃত গৃহ সম্পত্তি হইতে আয়		2,260

Problem 103 : Mr Mahalanabis is a member of the Urban Co operative Housing Society Ltd and has taken a house on lease under the house building scheme of the Society He lives in this house The municipal value of the house is Rs 8,000 and local taxes in respect of the house amount to Rs 1,400 The

following expenses were incurred by Mr Mahalanabis in connection with the house Fire Insurance premium Rs 300, Ground rent Rs 150, Interest due to the Society Rs 400

Total of other incomes of Mr Mahalanabis is Rs 45 000

You are to ascertain the taxable income of Mr Mahalanabis from house property for the assessment year 1969 70

[মি: মহলানবিশ হইলেন আর্বান কো-অপারেটিভ আবাসন সোসাইটি লি এর সভ্য। তিনি ইজারা ভিত্তিতে সোসাইটির গৃহনির্মাণ পরিকল্পনার অধীনে একটি বাড়ী গ্রহণ করিলেন। তিনি উক্ত বাড়ীতে বাস করেন। মিউনিসিপ্যালিটি কর্তৃক বাড়ীটির ভাড়া মূল্য নির্ধারিত হইয়াছিল 8 000 টাকা। বাড়ীটির উপর স্থানীয় কর ধার্য হইয়াছিল 1 400 টাকা।

মি: মহলানবিশ বাড়িটির জন্য নিম্নলিখিত ব্যয়গুলি বহন করিয়াছিলেন: অগ্নিবীমার প্রিমিয়াম 300 টাকা, জমির খাজানা 150 টাকা, সোসাইটিকে প্রদেয় সুদ 400 টাকা। মি: মহলানবিশের অন্যান্য আয়ের মোট অঙ্ক ছিল 45 000 টাকা।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য মি: মহলানবিশের করযোগ্য আয় নিরূপণ করিতে হইবে।]

Solution: প্রশ্নোক্ত গৃহটি মি: মহলানবিশের নিজ আবাসের জন্য ব্যবহৃত হয়, সুতরাং উহার বার্ষিক মূল্য নিম্নলিখিতভাবে নিরূপণ করিতে হইবে

প্রথম প্রক্রিয়া:

	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (মিউনিসিপাল মূল্যের ভিত্তিতে)	8,000
বাদ: বিধিবদ্ধ অঙ্ক [8 000 টাকার 50% অর্থাৎ 4 000 টাকা ও 1 800 টাকার মধ্যে যেটি নিম্নতর, উহা]	1 800
হ্রাসকৃত বার্ষিক মূল্য (Adjusted Annual Value)	6,200

দ্বিতীয় প্রক্রিয়া:

অন্যান্য আয়ের সমষ্টি 45 000 টা

সুতরাং, নিজ আবাসরূপে ব্যবহৃত গৃহের বার্ষিক মূল্যের সর্বোচ্চ সীমা (45,000 টাকার 10%) 4,500

উপরোক্ত প্রথম ও দ্বিতীয় প্রক্রিয়ার দ্বারা নির্ণীত যথাক্রমে 6 200 টাকা ও 4,500 টাকার মধ্যে পরবর্তী অঙ্কটি নিম্নতর বলিয়া এক্ষেত্রে ইহাই অর্থাৎ **4,500 টাকা গৃহ সম্পত্তির গ্রস্ বার্ষিক-মূল্য** বলিয়া বিবেচিত হইবে।

69 70 করনির্ধারণ বৎসরের জন্য মিঃ মহলানবিশের গৃহ-সম্পত্তি হইতে আয়ের গণনা

	টাকা	টাকা
গ্রস বার্ষিক মূল্য		4,500
বাদ মেরামতী-খরচ		
(4,500 টাকার $\frac{1}{6}$)	750	
অগ্নিবীমার প্রিমিয়াম	300	
জমির খাজানা	150	
সোসাইটিকে প্রদেয় সুদ	400	
		1 600
স্বীয় আবাসের জন্য ব্যবহৃত গৃহ-সম্পত্তি হইতে করযোগ্য আয়		2,900

Problem 104 Haren is the owner of a residential house constructed in 1948 He lives in it and its fair annual value is Rs 15,600 Municipal tax on the house is Rs 1,560 During the previous year 1968 69, the following expenses relating to the upkeep of the house were paid by Haren Repairing Expenses Rs 2 000, Ground Rent Rs 253, Interest on Loan taken for developing the house Rs 4,000

You are to ascertain Haren's income from house property for the assessment year 1969 70

Assume that in the previous year 1968 69 Haren had to reside for 2 months in a hotel in Bombay in connection with his business affairs During these two months the aforesaid residential house remained vacant. Assume also that during the previous year 1968 69 Haren's income from salary was Rs 24,000 and income from other sources was Rs 54

[হরেন কোন আবাস গৃহের মালিক যেটি 1948 সালে নির্মিত হইয়াছিল। সে উক্ত গৃহে বাস করে এবং গৃহটির ন্যায্য বার্ষিক মূল্য 15 600 টাকা। গৃহটির উপর মিউনিসিপ্যালিটির কর 1 560 টাকা। গৃহটির রক্ষণাবেক্ষণের জন্য 1968 69 পূর্ববর্তী বৎসরে হরেন নিম্নলিখিত খরচগুলি প্রদান করিয়াছিল মেরামতী খরচ 2 000 টাকা জমির খাজানা 253 টাকা গৃহটির উন্নয়নের জন্য গৃহীত ঋণের উপর সুদ 4 000।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য হরেনের গৃহ সম্পত্তি হইতে আয় নিরূপণ করিতে হইবে।

ধরিয়া লও যে স্বীয় ব্যবসায়িক কার্য ব্যপদেশে হরেনকে 1968 69 পূর্ববর্তী বৎসরে দুই মাসের জন্য বোম্বাইতে কোন হোটেলে বাস করিতে হইয়াছিল। উক্ত দুই মাস উপরোক্ত আবাস গৃহটি খালি ছিল। আরও ধরিয়া লও যে, 1968-69 পূর্ববর্তী বৎসরে হরেনের বেতন আয় ছিল 24 000 টাকা এবং অন্যান্য উৎস হইতে আয় ছিল 54 000 টাকা।]

Solution প্রশ্নোক্ত গৃহটি হরেনের নিজের আবাসের জন্য ব্যবহৃত হয়। সুতরাং উহার বার্ষিক মূল্য নিম্নলিখিতভাবে নিরূপণ করিতে হইবে

প্রথম প্রক্রিয়া ঃ	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (ন্যায্য ভাড়ার ভিত্তিতে)	15,600
বাদ ঃ বিধিবদ্ধ অঙ্ক [15,600 টাকার 50% অর্থাৎ 7,800 টাকা ও 1,800 টাকার মধ্যে যেটি নিম্নতর, উহা]	1,800
হ্রাসকৃত বার্ষিক মূল্য (Adjusted Annual value)	13,800

1968-69 সালে হরেন মাত্র 10 মাস গৃহটিতে বাস করিয়াছিল,
সুতরাং উক্ত দশমাসের জন্য হ্রাসকৃত বার্ষিক মূল্য (13,800 টাকার $\frac{10}{12}$) = 11,500

দ্বিতীয় প্রক্রিয়া ঃ	টাকা	
বেতন আয়	24,000	
অন্যান্য উৎস হইতে আয়	54,000	
অন্যান্য আয়ের সমষ্টি	78,000	
সুতরাং নিজ আবাসরূপে ব্যবহৃত গৃহের বার্ষিক মূল্যের সর্বোচ্চ সীমা (78,000 টাকার 10%)		7,800

উপরোক্ত প্রথম ও দ্বিতীয় প্রক্রিয়া দ্বারা নির্ণীত যথাক্রমে 11,500 টাকা ও 7,800 টাকার মধ্যে পরবর্তী অঙ্কটি নিম্নতর বলিয়া প্রশ্নোক্ত ক্ষেত্রে ইহাই অর্থাৎ 7,800 **টাকা গৃহ-সম্পত্তির গ্রস্ বার্ষিক মূল্য** বলিয়া বিবেচিত হইবে।

Solution 1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য হরেনের নিজ আবাসের জন্য ব্যবহৃত গৃহ-সম্পত্তি হইতে আয়

	টাকা	টাকা
গ্রস বার্ষিক মূল্য		7,800
বাদ ঃ মেরামতী খরচ (7,800 টাকার $\frac{1}{6}$)	1,300	
জমির খাজানা	253	
ঋণের উপর সুদ	4,000	
		5,553
হরেনের নিজ আবাসের জন্য ব্যবহৃত গৃহ সম্পত্তি হইতে নীট আয়		2,247

Problem 105 In the year ended 31st March, 1969 an unmarried individual was employed in an office and drew a salary of Rs 550 per month He lived in his own house of which the municipal valuation was Rs 1,332 He also had a gross income of Rs 1,100 from dividends in the company shares held by him Calculate his total income for the purpose of income tax for the assessment year 1969 70

[C U Three Year Degree Course B Com 1966- *Adapted* **]**

(1969 সালের 31শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে সেই সময় কোন অবিবাহিত একক জন অফিসে কর্মরত ছিল। সে মাসিক 550 টাকা হারে বেতন পাইতেছিল। সে নিজের গৃহে বাস করিতেছিল। মিউনিসিপালিটি কর্তৃক গৃহটির বার্ষিক মূল্য 1,332 টাকা নির্ধারিত হইয়াছিল। কোন কোম্পানীর শেয়ার তাহার স্বত্বাধিকারে ছিল। সেইগুলি হইতে সে 1 100 টাকা (গ্রস্) ডিভিডেণ্ড পাইয়াছিল। আয়কর নির্ধারণ করার উদ্দেশ্যে 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য তাহার মোট আয় নিরূপণ কর।)

Solution প্রশ্নোক্ত গৃহটি উহার স্বত্বাধিকারীর নিজ আবাসের জন্য ব্যবহৃত হয়। সুতরাং উহার বার্ষিক মূল্য নিম্নলিখিতভাবে নিরূপণ করিতে হইবে

প্রথম প্রক্রিয়া :

	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (মিউনিসিপাল মূল্যের ভিত্তিতে)	1,332
বাদ : বিধিবদ্ধ অংশ [1,332 টাকার 50% অর্থাৎ 666 টাকা ও 1,800 টাকার মধ্যে যেটি নিম্নতর, উহা]	666
হ্রাসকৃত বার্ষিক মূল্য (Adjusted Annual Value)	666

দ্বিতীয় প্রক্রিয়া :

	টাকা	
বেতন আয়	6 600	
অন্যান্য উৎস হইতে আয় (গ্রস্ ডিভিডেণ্ড)	1,100	
অন্যান্য আয়ের সমষ্টি	7 700	
সুতরাং, নিজ আবাসরূপে ব্যবহৃত গৃহের বার্ষিক মূল্যের সর্বোচ্চ সীমা (7,700 টাকার 10%)		770

উপরোক্ত প্রথম ও দ্বিতীয় প্রক্রিয়ার দ্বারা নির্ণীত যথাক্রমে 666 টাকা ও 770 টাকার মধ্যে পূর্ববর্তী অঙ্কটি নিম্নতর বলিয়া এক্ষেত্রে ইহাই অর্থাৎ **666 টাকা গৃহ-সম্পত্তির গ্রস্ বার্ষিক মূল্য** বলিয়া বিবেচিত হইবে।

1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য করদাতার নিজ আবাসের জন্য ব্যবহৃত গৃহ সম্পত্তি হইতে আয়ের গণনা

	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য	666
বাদ : মেরামতী খরচ (666 টাকার 1/6)	111
নিজ আবাসের জন্য ব্যবহৃত গৃহ-সম্পত্তি হইতে নীট আয়	555

1969-70 করনির্ধারণ বৎসরের জন্য করদাতার মোট আয়ের বিবরণ

	টাকা
বেতন (550 টা × 12)	6,600
গৃহ সম্পত্তি হইতে আয়	555
অন্যান্য উৎস হইতে আয় (শেয়ারের উপর ডিভিডেণ্ড)	1,100
গ্রস্ মোট আয়	8,255
অথবা	8,260[1]

Problem 106 Gobinda draws a salary of Rs 240 per month He owns a house, the municipal valuation of which is Rs 1,600 per annum He has let out one third portion of the house on a monthly rent of Rs 60 and the remaining two third portion is occupied by his family for their residence At the beginning of the year, he has borrowed Rs 10,000 for reconstructing the house and the house is mortgaged for the purpose He paid interest @ 6% per annum on this loan The local taxes on the house amount to Rs 288

Gobinda's income from other sources during the previous year amounted to Rs 2,200

You are to ascertain the gross total income of Gobinda for the assessment year 1969-70

[গোবিন্দ মাসিক 240 টাকা বেতন পায়। তাহার একটি বাড়ী আছে। বাড়ীটির মিউনিসিপ্যাল মূল্য হইল বার্ষিক 1600 টাকা। মাসিক 60 টাকায় সে ইহার এক তৃতীয়াংশ ভাড়া দিয়াছে অবশিষ্ট দুই তৃতীয়াংশ আবাস গৃহরূপে তাহার পরিবারের দখলে আছে। বাড়ীটি পুনর্গঠনের জন্য সে বৎসরের শুরুতে 10,000 টাকা ঋণ গ্রহণ করিয়াছিল, উক্ত ঋণের জন্য সে বাড়ীটি বন্ধক দিয়াছে। এই ঋণের উপর সে বার্ষিক 6% হারে সুদ প্রদান করে। বাড়ীটির উপর স্থানীয় কর ধার্য হইয়াছিল 288 টাকা। পূর্ববর্তী বৎসরে গোবিন্দের অন্যান্য উৎস হইতে আয় হইয়াছিল মোট 2,200 টাকা।

1969-70 করনির্ধারণ বৎসরের জন্য গোবিন্দের গ্রস্ মোট আয় নিরূপণ করিতে হইবে।]

1 1961 সালের আয়কর আইনের 288A ধারা অনুসারে দশ টাকার আসন্ন মানে ব্যক্ত করা হইয়াছে।

Solution	টাকা
(1) **বেতন আয়** (240 টাকা × 12)	2,880

(2) **ভাড়া দেওয়া গৃহ-সম্পত্তি হইতে আয় :**

		টাকা
গ্রস বার্ষিক মূল্য		
[ভাড়ার ভিত্তিতে অর্থাৎ 60 টাকা × 12 -194 পৃষ্ঠা দ্রষ্টব্য]		720
বাদ : মিউনিসিপ্যালিটির কর (288 টাকার $\frac{1}{3}$)		96
ভাড়া দেওয়া অংশের নীট বার্ষিক মূল্য		624
	টাকা	
বাদ : মেরামতী খরচ (624 টাকার $\frac{1}{6}$)	104	
ঋণের উপর সুদ (10,000 টা × $\frac{6}{100}$ × $\frac{1}{3}$)	200	304
ভাড়া দেওয়া গৃহ সম্পত্তি হইতে ভাড়া আয়		320

(3) **গোবিন্দের নিজ আবাসরূপে ব্যবহৃত গৃহ-সম্পত্তি হইতে আয় :**

গৃহটির দুই তৃতীয়াংশ গোবিন্দের নিজ আবাসরূপে ব্যবহৃত হয়, সুতরাং, উহার বার্ষিক মূল্য নিম্নলিখিতভাবে নিরূপণ করিতে হইবে

প্রথম প্রক্রিয়া :	টাকা
গ্রস বার্ষিক-মূল্য (ভাড়া দেওয়া অংশের ভিত্তিতে [1])	1,440
বাদ : বিধিবদ্ধ অঙ্ক [(i) 1,440 টাকার 50% অর্থাৎ 720 টাকা ও (ii) 1,800 টাকার মধ্যে যেটি নিম্নতর, উহা।]	720
হ্রাসকৃত বার্ষিক মূল্য (Adjusted Annual Value)	720

দ্বিতীয় প্রক্রিয়া :

	টাকা
বেতন-আয়	2,880
ভাড়া দেওয়া গৃহ সম্পত্তি হইতে আয়	320
অন্যান্য উৎস হইতে আয়	2,200
বিভিন্ন আয়ের সমষ্টি	5,400

সুতরাং, গোবিন্দের নিজ আবাসরূপে ব্যবহৃত গৃহের বার্ষিক মূল্যের সর্বোচ্চ সীমা (5,400 টাকার 10%) 540 টাকা।

উপরোক্ত প্রথম ও দ্বিতীয় প্রক্রিয়ার দ্বারা নির্ণীত যথাক্রমে 720 টাকা ও 540 টাকার মধ্যে পরবর্তী অঙ্কটি নিম্নতর বলিয়া এক্ষেত্রে ইহাই অর্থাৎ **540 টাকা নিজ আবাসের জন্য ব্যবহৃত গৃহ-সম্পত্তির গ্রস্ বার্ষিক-মূল্য** বলিয়া বিবেচিত হইবে।

---

[1] $\frac{1}{3}$ = 720 টাকা, সুতরাং $\frac{2}{3}$ = 720 টাকা × $\frac{3}{1}$ × $\frac{2}{3}$ = 1,440 টাকা।

1969-70 করনির্ধারণ বৎসরের জন্য গোবিন্দের নিজ আবাসের জন্য ব্যবহৃত গৃহ সম্পত্তি হইতে আয়ের গণনা

	টাকা	টাকা
গ্রস বার্ষিক মূল্য		540
বাদ : মেরামতী খরচ (540 টাকার $\frac{1}{6}$)	90	
ঋণের উপর সুদ		
(10,000 টাকা × [illegible])	400	490
গোবিন্দের নিজ আবাসের জন্য ব্যবহৃত গৃহ সম্পত্তি হইতে আয়		50

1969-70 করনির্ধারণ বৎসরের জন্য গোবিন্দের মোট আয়ের বিবরণ

	টাকা	টাকা
বেতন আয়		2,880
গৃহ সম্পত্তি হইতে আয়		
ভাড়া দেওয়া অংশের	320	
নিজ আবাসরূপে ব্যবহৃত অংশের	50	370
অন্যান্য উৎস হইতে আয়		2,200
গ্রস মোট আয়		5,450

Problem 107 Madhu owns two houses—the first one the municipal valuation of which is Rs 3,000 is let out and the second one the municipal valuation of which is Rs 2,500 is occupied by him for his own residence The expenses for the two houses are

	First House	Second House
	Rs	*Rs*
Municipal Taxes	300	250
Land Revenue	125	100
Interest on Loan taken to reconstruct the house	100	200
Fire Insurance Premium	200	150
Interest on Mortgage (loan taken for business of Madhu)	175	—
Collection Charges	45	—
Repairing Charges	600	90

Assuming that the first house remained vacant for 3 months and that Madhu's income from other sources during the previous year 1968-69 was

Rs 6,095, ascertain his income from house property for the assessment year 1969 70

[মধু দুইটি বাড়ীর মালিক—প্রথম বাড়ীটির জন্য মিউনিসিপ্যালিটি কর্তৃক 3 000 টাকা মূল্য নির্ধারণ করা হইয়াছে এবং ইহা ভাড়া দেওয়া হইয়াছে। দ্বিতীয় বাড়ীটির জন্য মিউনিসিপ্যালিটি কর্তৃক 2 500 টাকা মূল্য ধরা হইয়াছে এবং ইহা মধুর নিজের আবাসের জন্য ব্যবহৃত হয়। বাড়ী দুইটির জন্য নিম্নলিখিত খরচগুলি প্রদান করা হইয়াছে

	প্রথম বাড়ী	দ্বিতীয় বাড়ী
	টাকা	টাকা
মিউনিসিপ্যালিটির কর	300	250
ভূমি রাজস্ব	125	100
গৃহ পুনর্গঠনের জন্য গৃহীত ঋণের উপর সুদ	100	200
অগ্নিবীমার প্রিমিয়াম	200	150
বন্ধকী ঋণের উপর সুদ (মধুর ব্যবসায়ের জন্য গৃহীত ঋণ)	17[illegible]	—
ভাড়া আদায়ের খরচ	45	—
মেরামতী খরচ	600	90

প্রথম বাড়িটি তিন মাসের জন্য খালি ছিল এবং 1968 69 পরবর্তী বৎসরে মধুর অন্যান্য উৎস হইতে আয় 6 095 টাকা ছিল ধরিয়া লইয়া 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য মধুর গৃহ সম্পত্তি হইতে আয় নিরূপণ কর।]

Solution : (i) **ভাড়া-দেওয়া গৃহ সম্পত্তি হইতে আয**

		টাকা	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (মিউনিসিপ্যালিটি কর্তৃক নির্ধারিত মূল্যের ভিত্তিতে[1])			3,000
বাদ :	মিউনিসিপ্যালিটির কর		300
			2,700
বাদ	মেরামতী খরচ (2,700 টাকার $\frac{1}{6}$)	450	
	ভূমি রাজস্ব	125	
	গৃহ পুনর্গঠনের জন্য গৃহীত ঋণের উপর সুদ	100	
	অগ্নিবীমার প্রিমিয়াম	200	
	ভাড়া আদায়ের খরচ	45	
	বাড়ী খালি থাকার জন্য রেয়াত (2 700 টাকার $\frac{3}{12}$)	675	1 595
	ভাড়া দেওয়া গৃহ হইতে নীট আয়		1,105

[1] 194 পৃষ্ঠা দ্রষ্টব্য।

(ii) মধুর নিজ আবাসের জন্য ব্যবহৃত গৃহ সম্পত্তি হইতে আয়

প্রশ্নোক্ত গৃহটি মধুর নিজের আবাসের জন্য ব্যবহৃত হয়, সুতরাং, উহার বার্ষিক মূল্য নিম্নলিখিতভাবে নিরূপণ করিতে হইবে

প্রথম প্রক্রিয়া:

	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (মিউনিসিপ্যাল মূল্যের ভিত্তিতে)	2,500
বাদ: বিধিবদ্ধ অঙ্ক [(i) 2,500 টাকার 50% অর্থাৎ 1,250 টাকা (ii) 1,800 টাকার মধ্যে যেটি নিম্নতর উহা]	1,250
হ্রাসকৃত বার্ষিক মূল্য (Adjusted Annual Value)	1,250

দ্বিতীয় প্রক্রিয়া:

	টাকা
ভাড়া দেওয়া গৃহ হইতে আয়	1,105
অন্যান্য উৎস হইতে আয়	6,095
অন্যান্য আয়ের সমষ্টি	7,200

সুতরাং মধুর নিজ আবাসরূপে ব্যবহৃত গৃহের বার্ষিক মূল্যের সর্বোচ্চ সীমা (7,200 টাকার 10%)	720

উপরোক্ত প্রথম ও দ্বিতীয় প্রক্রিয়া দ্বারা নির্ণীত যথাক্রমে 1,250 টাকা ও 720 টাকার মধ্যে পরবর্তী অঙ্কটি নিম্নতর বলিয়া এক্ষেত্রে ইহাই অর্থাৎ **720 টাকা গৃহ সম্পত্তির গ্রস্ বার্ষিক মূল্য বলিয়া বিবেচিত হইবে।**

1969-70 করনির্ধারণ বৎসরের জন্য মধুর নিজ আবাসের জন্য ব্যবহৃত গৃহ সম্পত্তি হইতে আয়ের গণনা

	টাকা	টাকা
গ্রস বার্ষিক মূল্য		720
বাদ: মেরামতী খরচ (720 টাকার ⅙)	120	
ভূমি রাজস্ব	100	
গৃহ পুনর্গঠনের জন্য গৃহীত ঋণের উপর সুদ	200	
অগ্নিবীমার প্রিমিয়াম	150	570
আবাসের জন্য ব্যবহৃত গৃহ সম্পত্তি হইতে আয়		150

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য গৃহ সম্পত্তি হইতে মধুর মোট আয়

	টাকা
ভাড়া দেওয়া গৃহ সম্পত্তি হইতে আয়	1,105
নিজ আবাসের জন্য ব্যবহৃত গৃহ সম্পত্তি হইতে আয়	150
গৃহ-সম্পত্তি হইতে মোট আয়	1,255

Problem 108 In the year ended March 31 1969 a person owns two houses, one of which he uses for his own residence (municipal valuation on rental basis Rs 3 800) and the other he lets out at a rental of Rs 100 per month His income from company dividends after deduction of income tax at 30% is Rs 2 800 his income from other sources is Rs 239 Calculate his total income for the assessment year 1969 70

[C U Three year Degree Course B Com 1964--*Adapted*]

[1969 সালের 31শে মার্চ তারিখে কোন লোকের দুইটি গৃহ ছিল। উহার একটিতে (মিউনিসিপ্যালিটি কর্তৃক ভাড়ার ভিত্তিতে নির্ধারিত মূল্য 3,800 টাকা) তিনি নিজে বাস করেন এবং অপরটি তিনি মাসিক 100 টাকায় ভাড়া দেন। কোম্পানীর ডিভিডেণ্ড বাবদ তিনি 2,800 টাকা (30% কর বাদ দেওয়ার পরে) পান। অন্যান্য উৎস হইতে তাঁহার আয় 239 টাকা। 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য তাঁহার মোট আয় নিরূপণ কর।]

Solution **ভাড়া দেওয়া গৃহ সম্পত্তি হইতে আয়ের গণনা**

	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (100 টাকা × 12) (বার্ষিক ভাড়ার ভিত্তিতে)	1,200
বাদ ঃ মেরামতী খরচ (1,200 টাকার ⅙)	200
ভাড়া দেওয়া গৃহ সম্পত্তি হইতে নীট আয়	1,000

মালিকের নিজ আবাসরূপে ব্যবহৃত গৃহ সম্পত্তির আয়

প্রথম প্রক্রিয়া ঃ

গ্রস্ বার্ষিক মূল্য (মিউনিসিপ্যালিটি কর্তৃক নির্ধারিত মূল্যের ভিত্তিতে)	3,800
বাদ ঃ বিধিবদ্ধ অঙ্ক [3,800 টাকার 50% অর্থাৎ 1,900 টাকা ও 1,800 টাকার মধ্যে যেটি নিম্নতর, উহা ।	1,800
	2,000

দ্বিতীয় প্রক্রিয়া ঃ

	টাকা
ভাড়া দেওয়া গৃহ হইতে আয়	1,000
ডিভিডেণ্ড বাবদ আয় (গ্রস ডিভিডেণ্ড—2,800 টা $\times \frac{100}{70}$)	4,000
অন্যান্য উৎস হইতে আয়	239
অন্যান্য আয়ের সমষ্টি	5,239

সুতরাং, করদাতার আবাসের জন্য ব্যবহৃত গৃহের বার্ষিক মূল্যের **সর্বোচ্চ সীমা** (5,239 টাকার 10%) 523.90

উপরোক্ত প্রথম ও দ্বিতীয় প্রক্রিয়া দ্বারা নিরূপিত যথাক্রমে 2,000 টাকা ও 523.90 টাকার মধ্যে পরবর্তী অঙ্কটি নিম্নতর বলিয়া এক্ষেত্রে ইহাই অর্থাৎ **523.90 টাকা নিজের আবাসের জন্য ব্যবহৃত গৃহ সম্পত্তির গ্রস্ বার্ষিক মূল্য বলিয়া বিবেচিত হইবে।**

1969-70 করনির্ধারণ বৎসরের জন্য মালিকের নিজ আবাসের জন্য ব্যবহৃত গৃহ সম্পত্তি হইতে আয়ের গণনা

	টাকা
গ্রস বার্ষিক মূল্য	523.90
বাদ মেরামতি খরচ (523.90 টাকার $\frac{1}{6}$)	87.31
মালিকের নিজ আবসরূপে ব্যবহৃত গৃহের আয়	436.59

1969-70 করনির্ধারণ বৎসরের জন্য করদাতার মোট আয়ের বিবরণ

	টাকা	টাকা
গৃহসম্পত্তি হইতে আয়		
ভাড়া দেওয়া গৃহ হইতে	1,000.00	
মালিকের আবাসরূপে ব্যবহৃত গৃহ হইতে	436.59	1,436.59
অন্যান্য উৎস হইতে আয়		
ডিভিডেণ্ড	4,000.00	
বিবিধ উৎস	239.00	4,239.00
গ্রস্ মোট আয়		5,675.59
অথবা		5,680 টা[1]

[1] 1961 সালের আয়কর আইনের 288A ধারা অনুসারে দশ টাকার আসন্ন মানে ব্যক্ত করা হইয়াছে।

Problem 109 Mr Sen begin to construct a residential house on January 1, 1967 and completed it on April 1 1968 The fair rent of the house is Rs 900 and it was let out at this rent The expenses in connection with the property were as follows Collection charges Rs 35, Ground Rent Rs 15, Interest on Loan taken for construction of the house Rs 450

You are to ascertain the assessable income from the house propety of Mr Sen for the assessment year 1969 70

[মি সেন জানুয়ারী 1 1967 তারিখে একটি আবাসগৃহ নির্মাণ করিতে শুরু করিলেন এবং এপ্রিল 1 1968 তারিখে ইহা সমাপ্ত করিলেন। বাড়ীটির ন্যায্য ভাড়া 900 টাকা এবং উক্ত টাকায় বাড়ীটি ভাড়া দেওয়া হইল। উক্ত সম্পত্তি সংক্রান্ত অন্যান্য খরচ নিম্নরূপ ছিল ভাড়া আদায়ের খরচ 35 টাকা জমির খাজনা 15 টাকা গৃহ-নির্মাণের জন্য গৃহীত ঋণের উপর সুদ 450 টাকা।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য গৃহ সম্পত্তি হইতে মি সেনের করযোগ্য আয় নিরূপণ করিতে হইবে ।]

Solution **1969 70 করনির্ধারণ বৎসরের জন্য**

গৃহ সম্পত্তি হইতে আয়ের গণনা

		টাকা	টাকা
	(ন্যায্য ভাড়ার ভিত্তিতে[1])		900
বাদ	আইন নির্দেশিত রেয়াত		600
	কর বাদ বার্ষিক মূল্য		300
বাদ	মেরামতী খরচ (300 টাকার 1/6[2])	50	
	ভাড়া আদায়ের খরচ (সর্বোচ্চ অঙ্ক 300 টাকার 6%)	18	
	জমির খাজনা	15	
	সুদ	450	533
	লোকসান		233

কিন্তু আয়কর আইনের 23 ধারার বিধান অনুসারে উপরোক্ত লোকসানকে গৃহসম্পত্তির আয় সংক্রান্ত লোকসান বলিয়া দেখানো যাইবে না।[3]

1 194 পৃষ্ঠায় দ্রষ্টব্য।

2 195 পৃষ্ঠায় দ্রষ্টব্য।

3 আবাসের জন্য নির্মিত একই বাড়ীতে যদি একাধিক ফ্লাট থাকে তাহা হইলে উহাদের প্রত্যেকটির হিসাব পৃথক ভাবে দেখাইতে হইবে। এইরূপ কোন ফ্লাটের লোকসান অন্য ফ্লাটের আয়ের সহিত মিলকরণ করা যাইবে না। [*Vide* *Sec* [illegible]23] 196 পৃষ্ঠার পাদটীকা দ্রষ্টব্য।

প্রশ্নাবলী

1 What items are assessable under the head Income from house property"?

['গৃহ সম্পত্তি হইতে আয় খাতে কি কি বিষয় করযোগ্য হয় ?]

উ গৃহ সম্পত্তি হইতে আয় খাতে করযোগ্য বিষয় (191 193 পৃ) দ্রি।

2 What house property incomes are not liable to tax ?

[গৃহ সম্পত্তি হইতে প্রাপ্ত কি কি আয় করযোগ্য নহে ?]

উ° গৃহ সম্পত্তি হইতে অজিত করমুক্ত আয় (193 পৃ) দ্রি।

3 What do you mean by Annual Value of a house property ? How it is determined ?

[গৃহ সম্পত্তির বার্ষিক মূল্য বলিতে কি বুঝ ? কিভাবে ইহা নির্ধারণ করা যায় ?]

উ° বার্ষিক মূল্য (194 পৃ) দ্রি ।

4 State the deductions allowable from the income chargeable under the head 'Income from house property for income tax purpose

[C U Three-Year Degree Course, B Com 1969]

[আয়কারের উদ্দেশ্যে গৃহ সম্পত্তি হইতে আয় খাতে ... বাদযোগ্য খরচ বলিয়া বিবেচিত হয় সেইগুলি বর্ণনা কর।]

উ বাদযোগ্য খরচ (201 205 পৃ) দ্রি।

5 Mr Sen owns a house in Bombay city He let it out to a tenant on a rent of Rs 1,400 per month He gives you the following particulars about the expenses paid on the house during the year ended 31st March, 1969

	Rs
Municipal taxe	500
Expenses on repairs	1,700
Fire Insurance premium for the house	900
Interest on loan taken for repairing the house	2,800

You are to ascertain the house property income of Mr Sen for the assessment year 1969 70 assuming that the house was constructed in 1948

[বোম্বাই নগরীতে মি সেনের একটি বাড়ী আছে। মাসিক 1400 টাকা করিয়া তিনি উক্ত বাড়ী কোন ভাড়াটিয়াকে ভাড়া দিলেন। 1969 সালের 31 মার্চ তারিখে যে বৎসর শেষ হইল সেই সময়ে তিনি বাড়ীটির জন্য যে অর্থ ব্যয় করিলেন নিম্নে সেইগুলির বিবরণ প্রদত্ত হইল

	টাকা
মিউনিসিপ্যালিটির কর	500
মেরামতী খরচ	1 700
বাড়ীটির জন্য অগ্নিবীমার প্রিমিয়াম	900
বাড়ীটি মেরামতের জন্য গৃহীত ঋণের উপর সুদ	2 800

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য মি সেনের গৃহ সম্পত্তি হইতে আয় নিরূপণ করিতে হইবে। ধরিয়া লও যে বাড়ীটি 1948 সালে নির্মিত হইয়াছিল।]

উ:—9,888 34 টাকা।

6 Sri Banerjee shows the following particulars of his income earned in the financial year 1968 69,

		Rs
(i)	Salary including employee s contribution of Rs 1,800 to a recognised provident fund	18,000
(ii)	Employer s contribution to recognised provident fund	1,800
(iii)	Interest on accumulated balance in the provident fund account @ 9%	3,600
(iv)	Car allowance (no car is maintained by Sri Banerjee)	1 200
(v)	Club bills of the assessee paid by employer	2 000
(vi)	Entertainment allowance	400

The assessee was not in receipt of entertainment allowance before 1st April, 1955

The assessee also owns a house whose municipal value is Rs 900 He lets out one third of the house at Rs 40 per month and occupies the remaining portion for his own residence He paid municipal taxes amounting to Rs 60 in respect of the house

Find out the taxable income of Sri Banerjee for the assessment year 1969 70

[N B U Three-Year Degree Course B Com 1967—*Adapted*]

[1968-69 আর্থিক বৎসর শ্রীব্যানার্জী তাহার আয়ের নিম্নলিখিত বিবরণ প্রদান করিলেন

		টাকা
(i)	বেতন (অনুমোদিত প্রভিডেণ্ট ফাণ্ডে কর্মচারীর নিজের চাঁদা 1 800 টাকা সমেত)	18 000
(ii)	নিয়োগকর্তা কর্তৃক অনুমোদিত প্রভিডেণ্ট ফণ্ডে প্রদত্ত চাঁদা	1,800
(iii)	প্রভিডেণ্ট ফণ্ড হিসাবে সঞ্চিত জেরের উপর 9% হারে সুদ	3 600
(iv)	মোটরগাড়ী ভাতা (শ্রীব্যানার্জীর কোন গাড়ী নাই)	1 200
(v)	নিয়োগকর্তা কর্তৃক করদাতার ক্লাবের বিল পরিশোধকৃত	2 000
(vi)	আপ্যায়ন ভাতা	400

1955 সালের 1লা এপ্রিলের পূর্বে করদাতা কোন আপ্যায়ন ভাতা পাইত না।

করদাতার একটি বাড়ীও আছে। ইহার মিউনিসিপাল মূল্য 900 টাকা। মাসিক 40 টাকা ভাড়ায় তিনি বাড়ীটির এক তৃতীয়াংশ ভাড়া দিলেন এবং অবশিষ্ট অংশ নিজের আবাসের জন্ম রাখিলেন। বাড়ীর জন্য তিনি 60 টাকা মিউনিসিপ্যালিটির কর প্রদান করিলেন।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্ম শ্রীব্যানার্জীর করযোগ্য আয় নিরূপণ কর।]

উঃ বেতন-আয় 22 800 টাকা গৃহ সম্পত্তি হইতে মোট আয় 788 34 টাকা গ্রস্ মোট আয় 23 588 34 টাকা করযোগ্য মোট আয় (80C ধারা অনুসারে রেয়াত বাদ দেওয়ার পরে) 22 503 34 টাকা—অথবা 22,500 টাকা।

নবম অধ্যায়

ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ

(Profits and Gains of Business or Profession)

ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ খাতে করযোগ্য বিভিন্ন আয়

(Incomes Chargeable under the head Profits & Gains of Business or Profession)

1961 সালের আয়কর আইনের 28 ধারায় বলা হইয়াছে যে নিম্নলিখিত আয়গুলি 'ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভের' খাতে করযোগ্য হইবে

1 পূর্ববর্তী বৎসরের যে কোন সময়ে করদাতা কর্তৃক পরিচালিত কোন ব্যবসা বা পেশা হইতে যে মুনাফা ও লাভ অর্জিত হইয়া থাকে উহা 'ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ' খাতে করযোগ্য হইবে।

2 কোন ভারতীয় কোম্পানীর আংশিক বা সম্পূর্ণ পরিচালনার পরিসমাপ্তি ঘটিলে বা উহার পরিচালনা-সংক্রান্ত শর্তাবলীর পরিবর্তন ঘটিলে উহার জন্য কোন ব্যক্তির (যে নামেই তাহাকে অভিহিত করা হউক না কেন) যে ক্ষতিপূরণ বা অন্যান্য অর্থ প্রাপ্য হইয়া থাকে বা তৎকর্তৃক প্রাপ্ত হয়, উহা 'ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ' খাতে করযোগ্য হইবে।

3 ভারতস্থিত অন্য যে কোন কোম্পানীর আংশিক বা সম্পূর্ণ পরিচালনার পরিসমাপ্তি ঘটিলে বা উহার পরিচালনা সংক্রান্ত শর্তাবলীর পরিবর্তন ঘটিলে উহার জন্য কোন ব্যক্তির (যে নামেই তাহাকে অভিহিত করা হউক না কেন) যে ক্ষতিপূরণ বা অন্যান্য অর্থ প্রাপ্য হইয়া থাকে বা তৎকর্তৃক প্রাপ্ত হয়, উহা 'ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ' খাতে করযোগ্য হইবে।

4 অন্য কোন ব্যক্তির আংশিক কার্যের জন্য প্রতিনিধি রূপে ভারতে কোন এজেন্সির কাজ করিয়া থাকিলে উক্ত এজেন্সির পরিসমাপ্তির জন্য অথবা উক্ত এজেন্সির শর্তাবলীর পরিবর্তনের জন্য কোন ব্যক্তির (যে নামেই তাহাকে অভিহিত করা হউক না কেন) যে ক্ষতিপূরণ বা অন্যান্য অর্থ প্রাপ্য হইয়া থাকে বা তৎকর্তৃক প্রাপ্ত হয় উহা ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ' খাতে করযোগ্য হইবে।

5 সভ্যগণের জন্য ব্যবসায়গত, পেশাগত বা অনুরূপ সেবা প্রদান করায় কোন সমিতি (যথা, চেম্বার অব কমার্স) যে অর্থ পাইয়া থাকে, উহা 'ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ' খাতে করযোগ্য হইবে।

6 ব্যবসায় হইতে বা পেশা পরিচালনা হইতে করদাতা কর্তৃক যে সুবিধা বা বেতন-পূর্বক প্রাপ্ত হয়, সেইগুলি 'ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ' খাতে করযোগ্য হইবে।

উক্ত সুবিধা বা বেতন পূরক অর্থের বদলে বিনিময়যোগ্য হইতেও পারে বা না ও হইতে পারে। যেমন, কোন কোম্পানীর আইনোপদেষ্টা রূপে কোন আইনজীবী বিনা ভাড়ায় কোন আবাসগৃহ পাইয়া থাকিলে উহা তাহার 'ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ' খাতে করযোগ্য হইবে।

7 ম্যানেজিং এজেন্সি প্রতিষ্ঠানের মুনাফা ও লাভ ও 'ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ' খাতে করযোগ্য হইবে।

8 যেক্ষেত্রে করদাতা ফট্‌কা ব্যবসায় করিয়া থাকেন এবং এইরূপ ফট্‌কা ব্যবসায় তাঁহার ব্যবসায়ের অঙ্গ হিসাবে বিবেচিত হয়, সেক্ষেত্রে এইরূপ ব্যবসায় হইতে প্রাপ্ত আয়কে অন্যান্য ব্যবসায়ের আয় হইতে সম্পূর্ণ পৃথকভাবে দেখাইতে হইবে।

বাদযোগ্য ব্যয়

(Allowable Expenses)

1961 সালের আয়কর আইন অনুসারে ব্যবসায় বা পেশাগত আয় হইতে যে সকল ব্যয় বাদযোগ্য হয় তাহা নিম্নে আলোচনা করা হইল

1 বাড়ীভাড়া, বাড়ী বা জমির খাজনা, চলতি মেরামতী খরচ ও বীমার প্রিমিয়াম [30 ধারা]।

2 যন্ত্রপাতি ও আসবাবপত্রের চলতি মেরামতী খরচ ও বীমার প্রিমিয়াম [31 ধারা]।

3 বাড়ী, যন্ত্রপাতি, কলকব্জা ও আসবাবপত্রের স্বাভাবিক ও আন্তিক অবচয় (Terminal Depreciation) এবং বাড়ীর প্রাবন্তিক অবচয় [32 ধারা]।

4 নূতন যন্ত্রপাতি ও কলকব্জা স্থাপনের জন্য উন্নয়ন ছাড় (Development Rebate)।

5 গবেষণার জন্য চলতি খরচ এবং গবেষণার জন্য ব্যয়িত মূলধনী খরচের এক পঞ্চমাংশ।

6 বিবিধ খরচ পণ্যসামগ্রীর বীমা খরচ কর্মচারিগণকে প্রদত্ত কমিশন ও বোনাস, ঋণকৃত মূলধনের উপর সুদ, অনুমোদিত প্রভিডেণ্ট ফাণ্ড, আনুতোষিক ফাণ্ড (Gratuity Fund) বা বার্ধক্যবৃত্তি ফাণ্ড (Superannuation Fund) প্রদেয় চাঁদার অঙ্ক। ব্যবসায়ের জন্য ব্যবহৃত পশুপক্ষীর মৃত্যুজনিত ক্ষতি অনাদায় বাকী (Bad Debts) প্রভৃতি।

7 দীর্ঘ মেয়াদী শিল্পোন্নয়ন কার্যে রত কোন আর্থিক কর্পোরেশন কর্তৃক যে বিশেষ রিজার্ভ ফণ্ড সৃষ্টি করা হয়, উহাতে মোট আয়ের অনধিক 10% স্থানান্তরিত করা হইলে, উহা। কিন্তু এরূপ কর্পোরেশন কেন্দ্রীয় সরকারের অনুমোদিত হইতে হইবে।

8 ব্যবসায়ে আংশিকভাবে ব্যবহৃত বাড়ীর জন্য ব্যয়িত খরচের আনুপাতিক অংশ।

9 ম্যানেজিং এজেণ্টগণকে প্রদেয় কমিশন অথবা তাহাদের সহিত চুক্তি বাতিল করার কালে প্রদত্ত ক্ষতিপূরণ।

উপরোল্লিখিত খরচগুলি ছাড়া নিম্নলিখিত সাধারণ খরচগুলিও ব্যবসায় বা পেশাগত আয় হইতে বাদ দেওয়া হয় :

(ক) কর্মচারিগণকে প্রদত্ত অবসর বৃত্তি (Pension) ও আনুতোষিক (Gratuity);

(খ) ব্যবসায় চালাইবার কালে উদ্ভূত মামলা মোকদ্দমার খরচ;

(গ) সম্পত্তির উপর অধিকার নির্ণয় সংক্রান্ত মামলা মোকদ্দমার খরচ

(ঘ) কর্মচারীর বেতন ,

(ঙ) কর্মে নিযুক্ত থাকা কালে দুর্ঘটনায় পতিত কর্মচারিগণকে প্রদত্ত ক্ষতিপূরণ ও এরূপ দুর্ঘটনাজনিত বীমার প্রিমিয়াম ,

(চ) পরিবহণ খরচ ,

(ছ) আর্থিক বিষয়ে কোন বিশেষজ্ঞের পরামর্শ গ্রহণের খরচ

(জ) চুক্তি বাতিল বা এজেন্সির অবসান করা হইলে উহার জন্য প্রদত্ত ক্ষতিপূরণ

(ঝ) তহবিল তছরুপ বা তহবিল চুরি সংক্রান্ত অপরিহার্য ক্ষতি

(ঞ) চেম্বার অব কমার্স বা অন্যান্য পেশাগত সমিতিকে প্রদত্ত চাঁদা

(ট) আয়কর কর্তৃপক্ষের নিকট সার্থক আপিলের জন্য প্রদত্ত ফী

(ঠ) পূজাপার্বণ ও খাতা মহরতের খরচ (২০০ টাকার অনধিক)

(ড) পণ্য বিক্রয় সংক্রান্ত দালালি

(ঢ) বিজ্ঞাপনের খরচ

(ণ) অডিটরের ফি

(ত) নির্দিষ্ট হারে আপ্যায়ন খরচ

(থ) পণ্য ক্রয়, উৎপাদন ও বিক্রয় সংক্রান্ত খরচ

(দ) দৈনন্দিন ব্যবসায় পরিচালনা সংক্রান্ত সাধারণ খরচ

(ধ) বিক্রয়কর

(ন) অনভিপ্রেত কোন কর্মচারীকে বরখাস্ত করার সময় তাহাকে প্রদত্ত [illegible]।

(প) খনি পেটেন্ট, গ্রন্থ প্রভৃতির স্বত্ব ব্যবহারের জন্য প্রদত্ত ভাড়া ইত্যাদি।

বাদের অযোগ্য ব্যয়

(Not Allowable Expenses)

নিম্নলিখিত ব্যয়গুলি ব্যবসায় বা পেশাগত আয় হইতে সাধারণতঃ বাদ দেওয়া যায় না

1 ব্যবসায়ের পরিসর বৃদ্ধি করিবার জন্য ব্যয়িত বিশেষ বিজ্ঞাপনী খরচ

2 আয়কর কর্তৃপক্ষের নিকট ব্যর্থ আপিলের জন্য ব্যয়িত অর্থ

3 দাতব্য (gift) উদ্দেশ্যের ও উপহারের জন্য ব্যয়িত অর্থ

4 মূলধনী ব্যয়

5. মূলধনী সম্পত্তির উন্নয়নের জন্য ব্যয়িত অর্থ

6 আয়কর আইন অনুসারে প্রদত্ত বা প্রদেয় কর

7. গ্রন্থ-স্বত্ব (Copyright) লাভ করিবার জন্য ব্যয়িত অর্থ ,

8 রিজার্ভরূপে সরাইয়া রাখা অঙ্ক (amount) ,

9 ঋণ, মূলধন প্রভৃতি সংগ্রহ করার জন্য প্রদত্ত কমিশন

10 ট্রেড মার্ক রক্ষা করিবার জন্য ব্যয়িত মামলা খরচ

11 প্রারম্ভিক ব্যয় (Preliminary Expenses)

12 অংশীদারী কারবারের অংশীদারগণকে প্রদত্ত বেতন, কমিশন বা পারিতোষিক, অংশীদারগণের মূলধনের উপর সুদ, ড্রয়িংস্ প্রভৃতি।

13 পেটেন্ট স্বত্ব (Patent right) লাভ করিবার জন্য ব্যয়িত অর্থ

14 প্রথম বারের লাইসেন্স ফি

15 এক গৃহ হইতে অন্য গৃহে ব্যবসায় স্থানান্তরিত করার খরচ

16 ইজারা স্বত্ব পাওয়ার জন্য প্রদত্ত প্রিমিয়াম

17 আইন বিরুদ্ধ কাজ করার জন্য প্রদত্ত জরিমানা ও অর্থদণ্ড

18 ব্যবসায়ের মালিকের জীবনবীমার প্রিমিয়াম

19 ট্রেড মার্কের স্বত্ব লাভ করিবার জন্য ব্যয়িত অর্থ

20 শেয়ার ও ডিবেঞ্চার বিক্রি করার জন্য নিয়োজিত দায়গ্রাহকের প্রদত্ত দায়গ্রাহকের দস্তুরি (Underwriting Commission)

21 নাম তালিকাভুক্ত করার জন্য স্টক এক্সচেঞ্জকে প্রদত্ত বার্ষিক চাঁদা।

বিভিন্ন প্রকার ব্যয়ের প্রয়োগ

(Treatment of different kinds of Expenses)

পরিবার পরিকল্পনার উন্নয়ন সংক্রান্ত খরচ

(Expenses for Promotion of Family Planning)

কোন কোম্পানী উহার শ্রমিকগণ ও কর্মচারিগণের মধ্যে পরিবার পরিকল্পনার উন্নয়ন সংক্রান্ত কার্যের জন্য যে অর্থ ব্যয় করিয়া থাকে, তাহা আয়কর আইনে বাদযোগ্য খরচ বলিয়া বিবেচিত হয়। এতদুদ্দেশ্যে কোন মূলধনী ব্যয় বহন করা হইলে উহাও বাদযোগ্য খরচ বলিয়া বিবেচিত হইবে কিন্তু সেক্ষেত্রে যে পূর্ববর্তী বৎসরে এইরূপ খরচ ব্যয়িত হয়, উহার অব্যবহিত পরবর্তী পাঁচটি করনির্ধারণ বৎসরের উপর এই খরচ সমানভাবে বণ্টন করিয়া দিতে হইবে। এইরূপ বণ্টিত মূলধনী ব্যয় মিলকরণ (adjust) করার জন্য যদি কোন বৎসরের মুনাফা পর্যাপ্ত না হয়, তাহা হইলে উহার যে অংশ মিলকরণ করা সম্ভব হয় না পরবর্তী বৎসরের জন্য উহার জের টানিয়া লওয়া চলিবে এবং পরবর্তী বৎসরের মুনাফার সহিত উহার মিলকরণ করা যাইবে। উক্ত পরবর্তী বৎসরের মুনাফাও যদি এইরূপ জের টানিয়া লওয়া অঙ্কের মিলকরণের জন্য পর্যাপ্ত না হয় তাহা হইলে অনুরূপভাবে পুনরায় পরবর্তী বৎসরে ইহার জের টানিয়া লওয়া চলিবে।

(ii) যে স্থানে করদাতার কোন শিল্প-কারখানা বিদ্যমান, সে স্থানে রক্ষিত অতিথিশালার খরচ বাদযোগ্য হইবে কিন্তু এইরূপ কারখানাতে ন্যূনপক্ষে 50 জন কর্মচারী কর্মরত থাকিতে হইবে।

(iii) কাঁচামাল উত্তোলন, শোধন বা উৎপাদন বা শিল্পায়ন সংক্রান্ত যে কোন প্রক্রিয়া যে স্থানে সম্পাদন করা হয়, সেই স্থানে রক্ষিত অতিথিশালার খরচ বাদযোগ্য হইবে।

(iv) ব্যাঙ্কের ক্ষেত্রে বোম্বাইতে রক্ষিত অতিথিশালার খরচ বাদযোগ্য হইবে কিন্তু অন্যান্য করদাতার ক্ষেত্রে দিল্লীতে (নূতন দিল্লী সমেত) রক্ষিত অতিথিশালার খরচ বাদযোগ্য হইবে।

(v) অন্য যে কোন দুইটি স্থানে রক্ষিত অতিথিশালার খরচ বাদযোগ্য হইবে। এইরূপ অতিথিশালা রাজ্য সরকারের রাজধানীতে অথবা করদাতার নিকট প্রত্যক্ষভাবে গুরুত্বপূর্ণ অন্য কোন স্থানে অবস্থিত হইতে পারে।

কর্মচারিগণ বা ব্যবসায়ের সহিত সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিগণের ব্যবহারের জন্য করদাতা কর্তৃক কোন হোটেলে বার্ষিক অন্যূন 182 দিনের জন্য কোন আবাসস্থান ভাড়া করিয়া রাখা হইলে উহাও অতিথিশালার অন্তর্গত বলিয়া বিবেচিত হইবে।

(খ) অবকাশ গৃহ (Holiday House) উপরোক্ত স্থানগুলিতে রক্ষিত অতিথিশালা ছাড়াও যে সকল কর্মচারী মাসিক অনধিক 1,000 টাকা বেতন পান, কেবলমাত্র তাঁহারা ছুটির সময় যেন ব্যবহার করিতে পারেন এই উদ্দেশ্যে এক বা একাধিক অবকাশ গৃহ রাখা হইলে এতৎসংক্রান্ত খরচ বাদযোগ্য হইবে। কিন্তু যে পূর্ববর্তী বৎসরে এইরূপ খরচ বাদ দেওয়া যাইবে সেই বৎসরের সম্পূর্ণকাল করদাতার অধীনে 100 জন পূর্ণকালীন (whole time) কর্মচারী কর্মরত থাকিতে হইবে।

(গ) কোন বিশেষ কর্মচারীর জন্য গৃহসংস্থান করা হইলে (Residential accommodation provided to individual employees) বার্ষিক 7,500 টাকার অধিক বেতন ও সুযোগ সুবিধা ভোগী কর্মচারীর বসবাসের জন্য কোন করদাতা (কোম্পানী ব্যতীত) যে আবাসগৃহ রাখিয়া থাকেন উহার জন্য এইরূপ প্রত্যেক কর্মচারীর বেতনের 20% পর্যন্ত খরচ করদাতার অনুকূলে বাদযোগ্য হইবে। কোম্পানীর ক্ষেত্রে যে খরচ বাদযোগ্য হইবে তাহা আয়কর আইনের 40 (c)-ধারায় লিপিবদ্ধ আছে।

কর্মচারিগণ ও অন্যান্য ব্যক্তিগণের ভ্রমণ সংক্রান্ত খরচ

(Expenditure in connection with travelling by employees and other persons)

(ক) বিদেশ ভ্রমণ (Foreign Travel) বিদেশ ভ্রমণকালে যে কয়দিন কোন কর্মচারী তাহার নিয়োগকর্তার ব্যবসায় বা পেশা সংক্রান্ত বিষয়ে ও যে কয়দিন সে তাহার নিজের বিষয়ে ব্যাপৃত ছিল ঐ ভিত্তিতে কর্মচারীর বিদেশ ভ্রমণ সংক্রান্ত মোট খরচ আনুপাতিকভাবে বণ্টন করিতে হইবে।

(খ) ভারত ভ্রমণ (Travelling in India) কর্মচারী ও অন্যান্য ব্যক্তিগণ প্রধান কর্মস্থানের বাহিরে ভ্রমণকালে যে অর্থ ব্যয় করিয়া থাকে, তাহা নিম্নলিখিতভাবে বাদযোগ্য হইবে

(1) ভ্রমণকালে যে অর্থ ব্যয় হইয়াছে উহার প্রকৃত অঙ্ক,

(2) প্রধান কর্মস্থানের বাহিরে অবস্থানকালে যে দৈনিক ভাতা প্রদান করা হয়, তাহা নিম্নলিখিত হারে বাদযোগ্য হইবে

(i) যে কর্মচারীর মাসিক বেতন 1,000 টাকা বা ততোধিক	প্রতিদিন বা আংশিক দিনের জন্য 100 টাকা হিসাবে
(ii) অন্যান্য কর্মচারীর ক্ষেত্রে	প্রতিদিন বা আংশিক দিনের জন্য 50 টাকা হিসাবে,
(iii) অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে	করদাতার কর্মচারিগণের মধ্যে যাহাকে সর্বোচ্চ বেতন প্রদান করা হয়, তাহার ভিত্তিতে গণনা করিয়া যে অঙ্ক নিরূপণ করা যায়, উহা।

ভ্রমণের স্থান বোম্বাই, কলিকাতা বা দিল্লী হইলে ভ্রমণ খরচ বাবদ সর্বোচ্চ বাদযোগ্য অঙ্ক হইবে উপরোক্ত হারগুলির দেড়গুণ। কিন্তু যেক্ষেত্রে করদাতা কর্তৃক রক্ষিত অতিথিশালাতে কর্মচারিগণ বা অন্যান্য ব্যক্তি থাওয়া থাকা বিনামূল্যে পায়, সেক্ষেত্রে উপরোক্ত সর্বোচ্চ সীমাগুলি কমাইয়া উহাদের এক তৃতীয়াংশ ধরিতে হইবে এবং যেক্ষেত্রে কোন কর্মচারী বা অন্যান্য ব্যক্তি এইরূপ অতিথিশালাতে শুধুমাত্র বাসস্থান বিনামূল্যে পাইয়া থাকে, সেক্ষেত্রে উপরোক্ত সর্বোচ্চ সীমাগুলি কমাইয়া উহাদের অর্ধেক ধরিতে হইবে।

Problem 110 The following items have been debited to Profit & Loss Account of a firm for the year ended 31st December, 1965 Are these deductible in computing the income of the firm for income tax purpose for the assessment year 1966 67 ? Give reasons for your answer

(*a*) Rs 10,000 spent on reconditioning imperfect machinery purchased

(*b*) Rs 2,000 bad debts written off These bad debts were sustained by the firm in respect of loans advanced to customers and written off

(*c*) The firm handed over a sum of Rs 25,000 to its manager for payment to a trade creditor but the manager embezzled it Hence the amount was written off

(*d*) Rs 5,000 paid to a broker for securing a loan of Rs 1,00,000 which loan the firm utilised in its business

[C U Three-Year Degree Course, B Com (Hons) 1966]

[1965 সালের 31শে ডিসেম্বর তারিখে যে বৎসর শেষ হইয়াছে ঐ কালে নিম্নলিখিত বিষয়গুলি কোন ব্যবসায় প্রতিষ্ঠানের লাভ লোকসানের হিসাবে ডেবিট করা হইয়াছে। 1966-67 করনির্ধারণ বৎসরে আয়কর ধার্য করার উদ্দেশ্যে প্রতিষ্ঠানটির মোট আয় নির্ধারণ করিবার সময় এইগুলি বাদ যাইবে কি? যুক্তিসহ উত্তর দাও

(ক) অসম্পূর্ণ মেশিন ক্রয় করিয়া উহা সংস্কারের জন্য ব্যয়িত 10 000 টাকা

(খ) অনাদেয় বাকী 2,000 টাকা হিসাব হইতে বাদ দেওয়া হইল। প্রতিষ্ঠান কর্তৃক ক্রেতাদিগকে ঋণ প্রদান করার ফলে উক্ত অনাদেয় বাকী সংঘটিত হইয়াছিল এবং উহা হিসাব হইতে বাদ দেওয়া হইয়াছিল।

(গ) নগদ সরবরাহকারী কোন পাওনাদারকে পরিশোধ করিবার জন্য প্রতিষ্ঠানের ম্যানেজারের হস্তে 25,000 টাকা প্রদান করা হইল। কিন্তু ম্যানেজার ঐ টাকা তছরূপ করিল। সুতরাং এই টাকা হিসাব হইতে বাদ দেওয়া হইল।

(ঘ) 1,00,000 টাকার ঋণ সংগ্রহ করিবার জন্য কোন দালালকে 500 টাকা প্রদান করা হইল। ব্যবসায় প্রতিষ্ঠানটি উক্ত ঋণ নিজের কারবারে খাটাইল।

Solution (ক) অসম্পূর্ণ মেশিন ক্রয় করিয়া উহা সম্পূর্ণ করিবার জন্য যে অর্থ ব্যয় করা হয়, উহা মূলধনী খরচ। সুতরাং আয়কর আইনে উহা বাদযোগ্য খরচ নহে।

(খ) আয়কর আইনের 36(2) ধারায় বলা হইয়াছে যে, অনাদেয় বলিয়া খাতা হইতে যাহা বাদ দেওয়া হইয়াছে এবং যাহা করদাতার ব্যবসায়ের বা পেশার সহিত আনুষঙ্গিকভাবে বিজড়িত, এইরূপ অনাদেয় বাকী বাদযোগ্য খরচ বলিয়া বিবেচিত হইবে। কিন্তু প্রশ্নোক্ত ক্ষেত্রে পণ্য ক্রেতাকে ঋণ প্রদান করা হইয়াছে। ইহা ব্যবসায়ের আনুষঙ্গিক বাকী বলিয়া বিবেচিত হইতে পারে না। কারণ প্রশ্নোক্ত ব্যবসায় প্রতিষ্ঠান ব্যাঙ্ক প্রতিষ্ঠান নহে। সুতরাং, প্রশ্নোক্ত অনাদেয় বাকী আইনত বাদযোগ্য খরচ বলিয়া বিবেচিত হইতে পারে না।

(গ) ম্যানেজার যে 25,000 টাকা তছরূপ করিয়াছে উহা ব্যবসায়ের আনুষঙ্গিক খরচ বলিয়া বিবেচিত হইতে পারে। সুতরাং উহা বাদযোগ্য খরচ বলিয়া বিবেচিত হইবে।

(ঘ) ঋণ সংগ্রহ করার জন্য দালালকে যে 5,000 টাকা প্রদান করা হইয়াছে উহা আয়কর আইনের 37 ধারা অনুসারে বাদযোগ্য খরচ বলিয়া বিবেচিত হইবে।

অবচয়

(Depreciation)

1961 সালের আয়কর আইনে 'অবচয়ের' কোন সংজ্ঞা প্রদত্ত হয় নাই। এমতাবস্থায় হিসাবশাস্ত্রে অবচয়ের যে সংজ্ঞা প্রদত্ত হইয়াছে আয়কর প্রসঙ্গে উহাকেই ভিত্তি করিতে হইবে। ব্যবহার বা কালাবর্তনের ফলে কোন মূলধনী সম্পত্তির যে মূল্যহ্রাস ঘটিয়া থাকে উহাকে **অবচয় (Depreciation)** বলা হয়। আয়কর আইনের 32, 34, 41 (2), 41 (5), 43 ও 43A ধারায় অবচয় সম্পর্কিত বিভিন্ন বিধানাবলী লিপিবদ্ধ হইয়াছে।

32 (1) ধারায় বলা হইয়াছে যে, নিম্নলিখিত ক্ষেত্রে অবচয় বাদযোগ্য হইবে

(1) ব্যবসায়ের বা পেশার জন্য ব্যবহৃত গৃহ, যন্ত্রপাতি, কলকব্জা (Plant) এবং আসবাবপত্রের উপর যদি করদাতার মালিকানা স্বত্ব বিদ্যমান থাকে, তাহা হইলে সেইগুলির উপর 'অবচয়' বাদ দেওয়া যাইবে।

43 (3) ধারায় বলা হইয়াছে যে, কলকব্জা (Plant) বলিতে ব্যবসায় বা পেশার জন্য ব্যবহৃত জাহাজ, যান, বই, বৈজ্ঞানিক সাজ সরঞ্জাম এবং শল্য চিকিৎসার যন্ত্রপাতিকেও বুঝায়।

কোন মূলধনী সম্পত্তি ব্যবসায়ে বা পেশায় ব্যবহৃত হইলে উহার অবচয় বাদ যাইবে, কিন্তু কোনরূপ ব্যবহার না করিয়া উহা ফেলিয়া রাখা হইলে উহার তজ্জনিত মূল্যহ্রাস 'অবচয়' রূপে বাদযোগ্য হইবে না। এখানে উল্লেখযোগ্য এই যে, কোন মূলধনী সম্পত্তিকে সাময়িকভাবে ব্যবহার না করিয়া ফেলিয়া রাখা হইলে তাহা অব্যবহৃত রহিয়াছে বলা চলে না, যথা কাঁচামালের অভাবে স্বল্প সময়ের জন্য কোন কল বন্ধ থাকিলে অর্থাৎ অব্যবহৃত থাকিলে উহার উপর সে সময়ের জন্য যে 'অবচয়' সংঘটিত হয় তাহা বাদযোগ্য হইবে। কিন্তু নূতন কারখানা স্থাপন করিবার জন্য কলকব্জা ক্রয় করা হইলে এবং সেইগুলি অব্যবহৃত অবস্থায় গুদামে পড়িয়া থাকিলে সেইগুলির উপর 'অবচয়' সংঘটিত হইতে পারে না।

আয়কর আইনে 'অবচয়কে' নিম্নলিখিত **চার শ্রেণীতে** বিভক্ত করা হয়

(1) স্বাভাবিক অবচয় (Normal Depreciation): ইহাকে সাধারণ অবচয় (Ordinary Depreciation) নামেও অভিহিত করা হয়। ব্যবসায় বা পেশার জন্য ব্যবহৃত যে সকল মূলধনী সম্পত্তিতে করদাতার প্রকৃত মালিকানাস্বত্ব বিদ্যমান থাকে সেইগুলির উপর স্বাভাবিক অবচয় বাদযোগ্য হয়—অন্যথা নহে। ভাড়া ক্রয় (Hire Purchase) চুক্তিতে করদাতা কোন সম্পত্তি ক্রয় করিয়া থাকিলে উহার মালিকানা স্বত্ব সম্পূর্ণভাবে করদাতার অধিকারে না আসা পর্যন্ত ব্যবসায় বা পেশাগত আয় হইতে উহার 'অবচয়' বাদ যাইবে না। 1962 সালের আয়কর নিয়মাবলীর 5 নং নিয়মে স্বাভাবিক অবচয়ের বিভিন্ন হার লিপিবদ্ধ আছে। আয়কর আইনে নির্দেশিত হার ও সংশ্লিষ্ট সম্পত্তির ব্যবহার কালের উপর ভিত্তি করিয়া বাদযোগ্য অবচয়ের অঙ্ক নিরূপণ করা হয়।

34 (2) ধারায় বলা হইয়াছে যে, যদি ব্যবসায় বা পেশার জন্য ব্যবহৃত কোন গৃহ, যন্ত্রপাতি, কলকব্জা বা আসবাবপত্র পূর্ববর্তী বৎসরে বিক্রয় করিয়া দেওয়া হয়, বা পরিত্যক্ত হয় বা ভাঙ্গিয়া দেওয়া হয় বা ধ্বংস করা হয়, তাহা হইলে এরূপ সম্পত্তির উপর কোন স্বাভাবিক 'অবচয়' বাদ যাইবে না। সেক্ষেত্রে 32 (1) (*iii*) ধারায় বর্ণিত 'অন্তিম অবচয়' (Terminal Depreciation) প্রযোজ্য হইবে।

ব্যক্তির ব্যবসায় বা পেশাগত আয় হইতে নিম্নলিখিত অবচয় বাদ যাইবে

(ক) ব্যবসায় বা পেশার জন্য ব্যবহৃত গৃহ, যন্ত্রপাতি ও অট্টালিকার ক্ষেত্রে, উহাদের হ্রাসপ্রাপ্ত মূল্যের (written down value) উপর আইন নির্দেশিত হারে অবচয় বাদ যাইবে।

(খ) জাহাজের প্রকৃত মূল্যের উপর আইন নির্দেশিত হারে অবচয় বাদ যাইবে।

উপরোক্ত সম্পত্তিগুলি ব্যবসায় ও ব্যক্তিগত এই উভয় কাজে ব্যবহৃত হইলে উহাদের ব্যবহারের অনুপাতে অবচয় বাদ যাইবে।

উপরোক্ত সম্পত্তিগুলি কোন বৎসরে 180 বা ততোধিক দিন ব্যবহৃত হইলে উহাদের উপর পূর্ণহারে অবচয় বাদ যাইবে।

উপরোক্ত সম্পত্তিগুলি কোন বৎসরে 30 বা ততোধিক দিন, কিন্তু 180 দিনের কম, ব্যবহৃত হইলে উহাদের উপর আইন নির্দেশিত হারের অর্ধেক হারে অবচয় বাদ যাইবে।

উপরোক্ত সম্পত্তিগুলি 30 দিনের কম ব্যবহৃত হইলে উহাদের উপর কোন অবচয় বাদ দেওয়া যাইবে না।

(ii) অতিরিক্ত-পালার অবচয় (Extra-shift Depreciation)ঃ কোন কোন কারখানায় দৈনিক দ্বি পালা অর্থাৎ দুইবার বা ত্রি পালা অর্থাৎ তিনবার (Double shift or Triple shift) কাজ চালানো হয়। ইহাতে যন্ত্রপাতি ও কলকব্জার অতিরিক্ত অবচয় ঘটিয়া থাকে। 1962 সালের আয়কর নিয়মাবলীর[1] বিধানানুসারে, এইরূপ অতিরিক্ত অবচয়ের জন্য যে সুবিধা প্রদান করা হয়, উহাকে **অতিরিক্ত-পালার অবচয় (Extra-shift Depreciation)** বা **'অতিরিক্ত-পালার ছাড' (Extra-shift Allowance)** বলা হয়। এইরূপ আয়করকে স্বাভাবিক অবচয়ের সহিত যুক্ত করিয়া দেখানো হয়। দেশাভ্যন্তরস্থ শিল্পকারখানাগুলি যেন তাহাদের পূর্ণশক্তি নিয়োজিত করিয়া উৎপাদন কার্যে উৎসাহিত হয় এই উদ্দেশ্যে 'অতিরিক্ত-পালার অবচয়ের' সুবিধা প্রদান করা হয়।

স্বাভাবিক অবচয়ের 50% অবচয় প্রত্যেক অতিরিক্ত পালার' জন্য বাদ দেওয়া হয়। 'অতিরিক্ত পালা' সংক্রান্ত কাজ যে কয়দিন চলিয়া থাকে উহার জন্য পৃথকভাবে হিসাব করিতে হয়। এতদুদ্দেশ্যে **300 দিনকে স্বাভাবিক ব্যবহারের দিন** বলিয়া ধরা হয় এবং অতিরিক্ত পালা সংক্রান্ত দিনগুলি উক্ত 300 দিনের অনুপাতে গণনা করা হয়। নিম্নের উদাহরণটিতে বিষয়টি সুস্পষ্টভাবে বুঝানো হইল

মনে কর, কোন কারখানায় 180 দিন দ্বি পালা (Double shift) কাজ চালানো হইল। এরূপক্ষেত্রে দ্বি পালার জন্য অতিরিক্ত অবচয় নিম্নরূপ হইবে

$50\% \times$ স্বাভাবিক অবচয়ের অঙ্ক $\times \frac{180}{300}$ = অতিরিক্ত অবচয়।

কারখানাতে দৈনিক ত্রি পালা (Triple shift) কাজ চালানো হইলে ৩০০ দিন ক্রমাগতভাবেই অতিরিক্ত অবচয়ের অঙ্ক হইবে স্বাভাবিক অবচয়ের 100%।

Problem 111 The written down value of a machine as at 1st January 1968 is Rs 3,50,000 During the year 1968 it was employed double shift for 100 days and triple shift for another 100 days

You are requested to ascertain the amount of depreciation allowable for the assessment year 1969-70 the prescribed rate of depreciation being 10% per annum on the written down value Assume that the accounting year ends on 31st December

[1968 সালের 1লা জানুয়ারী তারিখে কোন মেশিনের অবচিত মূল্য 3,50,000 টাকা ছিল। 1968 সালে ইহাকে 100 ঘণ্টার জন্য দ্বি পালা এবং আরো 100 ঘণ্টার জন্য ত্রি পালা কাজে লাগানো হইয়াছিল। অবচয়ের নির্দিষ্ট হার অবচিত মূল্যের উপর বার্ষিক 10% হইলে 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য বাদযোগ্য মোট অবচয়ের অঙ্ক নিরূপণ করিতে হইবে। ধরিয়া লও যে, 31শে ডিসেম্বর তারিখে হিসাব বৎসর শেষ হয়।]

---

[1] Income tax Rules, 1962

Solution :

		টাকা	টাকা
স্বাভাবিক অবচয়	$\frac{10 \times 350000}{100}$		35,000
অতিরিক্ত পালার অবচয়			
দ্বি পালা	$\frac{50 \times 100 \times 35000}{100 \times 300}$	= 5,833	
ত্রি পালা	$\frac{100 \times 100 \times 35000}{100 \times 300}$	=11,667	17,500
		মোট অবচয়	52,500

(iii) আন্তিক অবচয় (Terminal Depreciation) : কোন গৃহ, যন্ত্রপাতি, কলকব্জা বা আসবাবপত্র বিক্রয় করিয়া দেওয়া হইলে বা ভাঙ্গিয়া দেওয়া হইলে বা পরিত্যক্ত হইলে বা ধ্বংস হইয়া গেলে উহার মূল্য (ভগ্নাবশেষের মূল্য সমেত) বাবদ যে অর্থ পাওয়া যায়, উহা যদি সম্পত্তির অবচিত লিখিত মূল্য (Book Value) অপেক্ষা কম হয়, তবে সেই ঘাটতি অংশটুকুকে **আন্তিক অবচয় (Terminal Depreciation)** বলা হয়। অর্থাৎ বৎসরের শুরুতে সম্পত্তির যে অবচিত মূল্য দেখানো হয়, উহা অপেক্ষা ইহার মূল্য বাবদ প্রাপ্ত অর্থ (ভগ্নাবশেষের মূল্যসমেত) কম হইলে আন্তিক অবচয়ের উদ্ভব হইবে। আন্তিক অবচয় একটি বাদযোগ্য খরচ। নিম্নলিখিত সূত্রের সাহায্যে এইরূপ আন্তিক অবচয়ের অঙ্ক নিরূপণ করা যায়

যদি x = সম্পত্তির অবচিত লিখিত মূল্য হয়,

y = সম্পত্তির মূল্য বাবদ প্রাপ্ত অর্থের অঙ্ক হয় এবং

z = সম্পত্তির ভগ্নাবশেষের মূল্য হয়,

তাহা হইলে, আন্তিক অবচয় $= x - (y + z)$

ব্যবসায় বা পেশাগত মুনাফা গণনা করিবার সময় যে সম্পত্তির জন্য আন্তিক অবচয় দাবি করা হয় উহা করদাতার হিসাবের বই হইতে বস্তুতই অবলোপন করিতে হইবে।

যে পূর্ববর্তী বৎসরে কোন সম্পত্তির উপর আন্তিক অবচয় দাবি করা হয়, সেই বৎসরের অন্তত কিছু সময়ের জন্য সম্পত্তিটি অবশ্যই ব্যবহৃত হইতে হইবে [*Liquidator of Pursa Ltd v Commissioner of Income tax*[1]]।

যে বৎসর কোন সম্পত্তি ক্রয় করা হয় সেই বৎসরই যদি উহা বিক্রয় করিয়া দেওয়া হয়, তবে উহার উপর কোন আন্তিক অবচয় দাবি করা যায় না।

Problem 112 Bengal Traders Ltd bought a machine in 1966 at a cost of Rs 80,000 The amount of depreciation charged on the machine during 1966, 1967 and 1968 amounted to Rs 20,000 The machine which was insured against fire accident was destroyed by fire on 1 7 69 Its scraps were valued at Rs 500

[1] 25 *I T R* 265 [*S C*] (1954)

The insurance company paid a compensation of Rs 50,000 on account of fire loss

You are to calculate the amount of Terminal Depreciation on the machine

[196_ সালে বেঙ্গল ট্রেডার্স লিমিটেড 80 000 টাকা মূল্যের একখানা মেসিন ক্রয় করিল। 1966 1967 ও 196_ সালে মেসিনটির উপর মোট 20 000 টাকা অবচয় বাদ দেওয়া হইল। মেসিনটির জন্য অগ্নিবীমা করা ছিল 1 1 69 তারিখে ইহা অগ্নিতে বিনষ্ট হয়। উহার ভগ্নাবশেষ বিক্রয় করিয়া 500 টাকা পাওয়া গেল। অগ্নি দুর্ঘটনা জনিত ক্ষতির জন্য বীমা কোম্পানী 50 000 টাকা ক্ষতিপূরণ দিল।

মেসিনটির আন্তিক অবচয়ের অঙ্ক নিরূপণ করিতে হইবে।]

Solution :

	টাকা	টাকা
1 1 69 তারিখে মেসিনের অবচিত মূল্য		
(80 000 টা – 20 000 টা)		60 000
বাদ : বীমা কোম্পানী হইতে প্রাপ্ত ক্ষতিপূরণ	50 000	
ভগ্নাবশেষের মূল্য	500	50 500
আন্তিক অবচয়		9 500

Problem 113 Sadhukhan & Co Ltd installed a machine in their factory on 1st April 1962 Its written down value on 1st April 1967 was Rs 1 10 000 The machine was sold during the previous year 1968 69 for Rs 85 000

You are to calculate the amount of terminal depreciation admissible for the assessment year 1969 70 corresponding to the accounting period ending 31st March 1969 (the rate of depreciation being 10 per annum on written down value)

[1962 সালের 1লা এপ্রিল তারিখে সাধুখাঁ অ্যাণ্ড কোং লিমিটেড তাহাদের কারখানায় একখানা মেসিন বসাইল। 1967 সালের 1লা এপ্রিল তারিখে উহার অবচিত মূল্য 1 10 000 টাকা ছিল। 1968 69 পূর্ববর্তী বৎসরে মেসিনটি 85 000 টাকায় বিক্রয় করিয়া দেওয়া হয়।

1969 সালের 31শে মার্চ তারিখে সমাপ্ত হিসাব বৎসরের সহিত সংশ্লিষ্ট 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য বাদযোগ্য আন্তিক অবচয়ের অঙ্ক নিরূপণ করিতে হইবে। বার্ষিক অবচয়ের হার—অবচিত মূল্যের উপর 10%।]

Solution :

	টাকা
1 4 67 তারিখে মেসিনের অবচিত মূল্য	1,10 000
বাদ : স্বাভাবিক অবচয় 10% হারে	11,000
1 4 68 তারিখে মেসিনের অবচিত মূল্য	99 000
বাদ : বিক্রয় মূল্য	85,000
আন্তিক অবচয়	14,000

(iv) প্রাথমিক অবচয় (Initial Depreciation)ঃ 1961 সালের 31শে মার্চ তারিখের পরে কোন নিয়োগকর্তা বার্ষিক অনধিক 7,500 টাকা বেতনের কর্মচারিগণের বাসস্থানের জন্য যদি কোন বাড়ী নির্মাণ করেন তাহা হইলে উক্ত বাড়ী নির্মাণের বৎসরে উহার 20% হারে প্রাথমিক অবচয় বাদযোগ্য হইবে। প্রতি বৎসর স্বাভাবিক অবচয় (Normal Depreciation) নিরূপণ করার সময় বৎসরের শুরুর যে অবচিত মূল্যকে (written down value) ভিত্তি করিয়া সম্পত্তির বার্ষিক স্বাভাবিক অবচয় গণনা করা হয়, এক্ষেত্রে উহা নির্ধারণ করার সময় প্রাথমিক অবচয়ের অঙ্ক হিসাবে ধরা হইবে না। কিন্তু আন্তিক অবচয় বা জের মিলানো খরচ (Balancing Charge) নিরূপণ করিবার সময় প্রাথমিক অবচয়ের অঙ্ককে হিসাবে ধরিতে হইবে।

এক্ষেত্রে উল্লেখ করা প্রয়োজন যে, যে পূর্ববর্তী বৎসরে এইরূপ গৃহ সর্বপ্রথম কাজে লাগানো হয় সেই সময়ের পূর্ণ কালের জন্য প্রাথমিক অবচয় বাদযোগ্য খরচ বলিয়া বিবেচিত হয়, অর্থাৎ এরূপ ক্ষেত্রে গৃহটি বৎসরের মাঝামাঝি কোন সময়ে কাজে লাগানো হইলেও পূর্ণ এক বৎসরের জন্য প্রাথমিক অবচয়ের সুবিধা দেওয়া হয়। কর্মচারিগণের হাসপাতাল, শিশু রক্ষাগার (criche), স্কুল, ক্যান্টিন, লাইব্রেরী, বিশ্রামাগার, খাবার ঘর ইত্যাদির জন্য উক্ত বাড়ী নির্মাণ করা হইলেও প্রাথমিক অবচয়ের অনুরূপ সুবিধা দেওয়া হইয়া থাকে।

Problem 114 The written down value of the residential house occupied by the officers of a manufacturing concern was Rs 60,000 on 1st January, 1969 The amount of normal depreciation allowed so for on it is Rs 40,000 The house was destroyed by fire on 25th August, 1969 and the compensation received from the insurance company amounted to Rs 22,000 The amount of Initial Depreciation then not deducted amounted to Rs 20,000 Scraps of the house were sold for Rs 4,000 Calculate the amount of Terminal Depreciation

[1969 সালের 1লা জানুয়ারী তারিখে কোন উৎপাদনকারী প্রতিষ্ঠানের অফিসারগণের অধিকৃত আবাসগৃহের অবচিত মূল্য 60 000 টাকা। এযাবৎ ইহার উপর স্বাভাবিক অবচয় বাবদ 40 000 টাকা বাদ দেওয়া হইয়াছে। 25শে আগষ্ট 1969 তারিখে গৃহটি অগ্নি দুর্ঘটনায় বিনষ্ট হইল এবং বীমা কোম্পানীর নিকট হইতে ক্ষতিপূরণ বাবদ 22 000 টাকা পাওয়া গেল। প্রাথমিক অবচয়ের দরুন 20 000 টাকা তখনও বাদ দেওয়া হয় নাই। গৃহটির ভগ্নাবশেষ 4 000 টাকায় বিক্রয় করা হইল।

আন্তিক অবচয় নিরূপণ করিতে হইবে।]

Solution

	টাকা	টাকা
1 1 1969 তারিখে বাড়ীর অবচিত মূল্য		60,000
বাদঃ প্রাথমিক অবচয়		20,000
আন্তিক অবচয় নিরূপণের জন্য অবচিত মূল্য		40,000
বাদঃ বীমা কোম্পানী হইতে প্রাপ্ত ক্ষতিপূরণ	22,000	
ভগ্নাবশেষের মূল্য	4,000	26,000
আন্তিক অবচয়		14,000

জের মিলানো খরচ
(Balancing Charge)

আয়কর আইনের 41(2) ধারায় বলা হইয়াছে যে, ব্যবসায় বা পেশার জন্য ব্যবহৃত এবং করদাতার স্বত্বাধীন কোন বাড়ী, যন্ত্রপাতি, কলকব্জা বা আসবাবপত্র বিক্রয় করিয়া দেওয়া হইলে বা ব্যবহারের অযোগ্য বলিয়া উহাদিগকে পরিত্যাগ করা হইলে বা সেইগুলি ধ্বংস হইয়া গেলে উহাদের মূল্য বাবদ যে অর্থ পাওয়া যায়, উহা যদি সম্পত্তির তৎকালীন অবচিত মূল্য অপেক্ষা অধিক হয়, তাহা হইলে সংশ্লিষ্ট সম্পত্তির মোট অবচয়ের (প্রাথমিক অবচয় সমেত) অনধিক উদ্বৃত্ত অংশকে **জের মিলানো খরচ (Balancing Charge)** বলা হয়। ইহাকে বিবেচিত মুনাফা (Deemed Profit) নামেও অভিহিত করা হয়।

যে পূর্ববর্তী বৎসরে এইরূপ প্রাপ্ত অর্থ কোন করদাতার প্রাপ্য হয় ইহা তাহার সেই বৎসরের **ব্যবসায় বা পেশাগত আয় খাতে করযোগ্য** হয়। অন্যভাবে বলিতে গেলে, 'জের মিলানো খরচের' সর্বোচ্চ পরিমাণ মোট অবচয়ের (প্রাথমিক অবচয় সমেত) সমপরিমাণ হইতে পারে। 'জের মিলানো খরচ' পৃথক করার পরে যদি কোন উদ্বৃত্ত থাকে, তবে ঐ বাড়তি অংশকে 'মূলধনী মুনাফা' (Capital Profit) বলিয়া গণ্য করা হইবে। মনে কর,

x=কোন মেসিনের ক্রয় মূল্য ,

y=মেসিনটির উপর এ যাবৎ যে অবচয় ধার্য করা হইয়াছে উহার মোট অঙ্ক

z=মেসিনটির তৎকালীন অবচিত মূল্য, অর্থাৎ $(x-y)$

m =মেসিনটির জন্য প্রাপ্ত অর্থ (ভগ্নাবশেষের মূল্য সমেত)

n=জের মিলানো খরচ+মূলধনী মুনাফা।

তাহা হইলে,

$m-z=n$

উপরোক্ত সমাধানে n এর যতটুকু অংশ y এর সমান হইবে উহাকে 'জের মিলানো খরচ' এবং তদতিরিক্ত অঙ্ককে মূলধনী মুনাফা' বলিয়া গণ্য করা হইবে।

কোন অংশীদারী প্রতিষ্ঠানকে প্রাইভেট লিমিটেড কোম্পানীতে পরিবর্তিত করা হইলে এবং অবলুপ্ত অংশীদারী প্রতিষ্ঠানের অংশীদারগণ উক্ত কোম্পানীতে শেয়ারহোল্ডার হইলে উপরোক্ত 41 (2) ধারার বিধানাবলী উহার ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

যে বৎসর সম্পত্তিটি বিক্রীত, পরিত্যক্ত বা ধ্বংস হইয়া যায়, 'জের মিলানো খরচ' গণনা করিবার সময় সেই বৎসরের অবচয় হিসাবে ধরিতে হয় না।

যে পূর্ববর্তী বৎসরে 'জের মিলানো খরচ' গণনা করা হয়, সেই বৎসরের সম্পূর্ণ বা আংশিক কালের জন্য সংশ্লিষ্ট সম্পত্তিটি ব্যবসায় বা পেশার জন্য ব্যবহৃত হইয়াছে কিনা জের মিলানো খরচ হিসাব করিবার সময় তাহা বিবেচ্য নহে। অন্যভাবে বলিতে গেলে, যে পূর্ববর্তী বৎসরে কোন সম্পত্তি বিক্রীত, পরিত্যক্ত বা ধ্বংস হয়, সেই বৎসরে উক্ত সম্পত্তি করদাতার ব্যবসায় বা পেশার

জন্য মোটেই ব্যবহৃত না ও হইতে পারে। এমন কি, কোন পূর্ববর্তী বৎসরে করদাতার ব্যবসায় বা পেশার অস্তিত্ব না থাকিলেও সেই বৎসরে 'জের মিলানো খরচের' উদ্ভব হইতে পারে এবং উহা তাহার ঐ বৎসরের 'ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভের' খাতে করযোগ্য হইবে। [41(2) ধারা]

Problem 115 An asset was purchased in 1965 at Rs 1,05,000 During the years 1965, 1966 and 1967, the total amount of depreciation allowed on the asset was Rs 25 000 On 1st July, 1968 the asset was sold for Rs 90 000

Compute the Balancing Charge assuming that the accounting period ends on 31st December every year

[1965 সালে 1 05 000 টাকা মূল্যে কোন সম্পত্তি ক্রয় করা হইল। 1965 1966 ও 1967 সালে ইহার উপর মোট 25 000 টাকা অবচয় ধার্য করা হইল। 1968 সালের 1লা জুলাই তারিখে সম্পত্তিটি 90 000 টাকায় বিক্রয় করিয়া দেওয়া হইল।

জের মিলানো খরচ নিরূপণ কর। ধরিয়া লও যে প্রতিবৎসর 31শে ডিসেম্বর তারিখে হিসাব কাল শেষ হয়।]

Solution

	টাকা
1965 সালে সম্পত্তির মূল মূল্য	1,05,000
1965 1966 ও 1967 সালের মোট অবচয়	25,000
1 1 68 তারিখে অবচিত মূল্য	80 000
সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থ	90,000
বাদ: অবচিত মূল্য	80,000
বিক্রয়জনিত মুনাফা	10,000

উপরোক্ত বিক্রয়জনিত মুনাফার 10,000 টাকা মোট অবচয়ের অঙ্ক 25,000 টাকা অপেক্ষা উচ্চতর নয় বলিয়া উপরোক্ত **10,000 টাকাই 'জের-মিলানো খরচ'** বলিয়া গণ্য হইবে।

Problem 116 An asset was purchased in 1965 at Rs 1,00,000 During the years 1965 1966 and 1967 the total amount of depreciation allowed on the asset was Rs 25,000 On 1st July, 1968 the asset was sold for Rs 1,10 000

Compute the Balancing Charge assuming that the accounting period ends on 31st December every year

[1965 সালে 1 00 000 টাকা মূল্যে কোন সম্পত্তি ক্রয় করা হইল। 1965 1966 ও 1967 সালে ইহার উপর মোট 25 000 টাকা অবচয় ধার্য করা হইল। 1968 সালের 1লা জুলাই তারিখে সম্পত্তিটি 1,10 000 টাকায় বিক্রয় করিয়া দেওয়া হইল।

জের-মিলানো খরচ' নিরূপণ কর। ধরিয়া লও যে প্রতিবৎসর 31 শে ডিসেম্বর তারিখে হিসাব কাল শেষ হয়।]

Solution

	টাকা
1965 সালে সম্পত্তির মূল্য	1,00,000
1965, 1966 ও 1967 সালের মোট অবচয়	25 000
1 1 68 তারিখে অবচিত মূল্য	75,000
সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থ	1,10,000
বাদ : অবচিত মূল্য	75,000
বিক্রয়জনিত মুনাফা	35,000

উপরোক্ত বিক্রয়জনিত মুনাফার অঙ্ক 35 000 টাকা মোট অবচয়ের অঙ্ক 25,000 টাকা অপেক্ষা উচ্চতর হওয়ায় **জের-মিলানো খরচের' অঙ্ক 25,000 টাকা** (অর্থাৎ মোট অবচয়ের সমান) হইবে এবং অবশিষ্ট 35,000 টা − 25,000 টা = 10,000 টাকা মূলধনী মুনাফা (Capital Gains) বলিয়া পরিগণিত হইবে।

Problem 117 Cost of a machine is Rs 4 00 000 Its written down value is Rs 1,60,000 State what the position will be as regards terminal depreciation or balancing charge in each case, if the machine was sold for either of the following prices (*i*) Rs 1 20 000 (*ii*) Rs 1 60 000, (*iii*) Rs 2,80 000 (*iv*) Rs 4 00 000, (*v*) Rs 4 80 000

[কোন মেসিনের ক্রয় মূল্য 4 00 000 টাকা। ইহার অবচিত মূল্য 1 60 000 টাকা। নিম্নলিখিত মূল্যগুলির যে কোন একটিতে মেসিনটি বিক্রয় করা হইলে আন্তিক অবচয় বা জের মিলানো খরচ বিষয়ে প্রত্যেক ক্ষেত্রে কি অবস্থা দাঁড়াইবে তাহা বিবৃত কর

(i) 1 20 000 টা (ii) 1 60 000 টা (iii) 2 80 000 টা (iv) 4 00 000 টা (v) 4 80 000 টা।]

Solution :

	টাকা
(*i*) মেসিনের ক্রয় মূল্য	4,00,000
বাদ : মোট অবচয় (4,00,000 1,60,000)	2,40,000
মেসিনের অবচিত মূল্য	1,60 000
বাদ : মেসিনের বিক্রয় মূল্য	1,20,000
আন্তিক অবচয়	40,000

	টাকা
(*ii*) মেসিনের ক্রয় মূল্য	4,00,000
বাদ : মোট অবচয় (4,00,000 − 1,60,000)	2,40,000
মেসিনের অবচিত মূল্য	1,60,000
বাদ : মেসিনের বিক্রয়-মূল্য	1,60,000
আন্তিক অবচয় বা জের-মিলানো খরচ	0

অর্থাৎ এক্ষেত্রে আন্তিক অবচয় বা জের মিলানো খরচের উদ্ভব হইবে না।

	টাকা
(*ii*) মেসিনের ক্রয় মূল্য	4,00,000
বাদ ঃ মোট অবচয় (4 00 000 − 1 60,000)	2 40,000
মেসিনের অবচিত মূল্য	1,60,000
মেসিনের বিক্রয় মূল্য	2 80,000
বাদ ঃ মেসিনের অবচিত মূল্য	1,60,000
বিক্রয়জনিত মুনাফা	1,20,000

উপরোক্ত বিক্রয়জনিত মুনাফার অঙ্ক 1,20 000 টাকা অপেক্ষা মোট অবচয় 2,40 000 টাকার অঙ্ক উচ্চতর হওয়ায় **1 20,000 টাকা 'জের মিলানো খরচ'** বলিয়া বিবেচিত হইবে।

মেসিনের অবচিত মূল্য অপেক্ষা বিক্রয় মূল্য বেশী হওয়ায় এক্ষেত্রে **আস্তিক অবচয়ের উদ্ভব হইবে না।**

	টাকা
(*iv*) মেসিনের ক্রয় মূল্য	4,00,000
বাদ ঃ মোট অবচয় (4 00,000 − 1 60,000)	2,40,000
মেসিনের অবচিত মূল্য	1,60,000
মেসিনের বিক্রয় মূল্য	4,00,000
বাদ ঃ মেসিনের অবচিত মূল্য	1,60,000
বিক্রয়জনিত মুনাফা	2 40,000

উপরোক্ত বিক্রয়জনিত মুনাফার অঙ্ক 2,40,000 টাকা ও মোট অবচয় 2,40 000 টাকার অঙ্ক সমান হওয়ায় উহাই **'জের মিলানো খরচ'** বলিয়া বিবেচিত হইবে।

মেসিনের অবচিত মূল্য অপেক্ষা বিক্রয়-মূল্য বেশী হওয়ায় এক্ষেত্রে **আস্তিক অবচয়ের উদ্ভব হইবে না।**

	টাকা
(*v*) মেসিনের ক্রয় মূল্য	4,00,000
বাদ ঃ মোট অবচয়	2,40,000
মেসিনের অবচিত মূল্য	1,60,000
মেসিনের বিক্রয় মূল্য	4,80,000
মেসিনের অবচিত মূল্য	1,60,000
বিক্রয়জনিত মুনাফা	3 20 000

উপরোক্ত বিক্রয়জনিত মুনাফা 3 20 000 টাকার অঙ্ক মোট অবচয় 2,40,000 টাকার অঙ্ক অপেক্ষা উচ্চতর হওয়ায় **'জের মিলানো খরচ'** হইবে **2 40 000 টাকা** এবং অবশিষ্ট **80,000 টাকা** (অর্থাৎ 3,20,000 টা − 2 40,000 টা) হইবে **মূলধনী মুনাফা।**

মেসিনের অবচিত মূল্য অপেক্ষা বিক্রয় মূল্য বেশী হওয়ায় এক্ষেত্রে **আস্তিক অবচয়ের উদ্ভব হইবে না।**

উন্নয়ন-ছাড় ৮

(Development Rebate)

অন্যান্য সকল প্রকার অবচয় বাদ দেওয়ার পরে গৃহ নূতন যন্ত্রপাতি কলকব্জা, আসবাবপত্র বা জাহাজ প্রভৃতি হইতে যে অতিরিক্ত ছাড় বাদ দেওয়া হয় উহাকে উন্নয়ন ছাড় (Development Rebate) বলা হয়। আয়কর আইনের 33 ধারা ও 1962 সালের আয়কর নিয়মাবলীর[1] 5A নিয়ম অনুসারে এইরূপ ছাড় বাদ দেওয়া হয়। করদাতার মালিকানাস্থ যে সকল সম্পত্তি ব্যবসায়ের জন্য ব্যবহৃত হয়, কেবলমাত্র সেইগুলির উপরই উন্নয়ন ছাড় বাদ দেওয়া চলিবে, কিন্তু পেশার জন্য ব্যবহৃত সম্পত্তির উপর কোন উন্নয়ন ছাড় বাদ দেওয়া যাইবে না। বৈদ্যুতিক সাজ সরঞ্জাম কলের লাঙ্গল (Tractors) মাটিকাটার কলের গাড়ী (Bulldozer) প্রভৃতির ক্ষেত্রে 'উন্নয়ন ছাড়' বাদযোগ্য হইবে কিন্তু আবাসগৃহ বা অফিসে ব্যবহৃত সাজ-সরঞ্জাম বা যন্ত্রপাতি রাজপথে ব্যবহৃত যানের উপর উন্নয়ন ছাড় বাদ যাইবে না। দেশাভ্যন্তরে শিল্পোন্নয়ন বিষয়ে উৎসাহ প্রদানের উদ্দেশ্যেই আয়কর আইনে 'উন্নয়ন ছাড়ের' প্রবর্তন করা হইয়াছে।

আয়কর আইনের 33 ধারায় উন্নয়ন ছাড়' সম্পর্কে নিম্নলিখিত হারগুলি নির্ধারণ করা হইয়াছে

(ক) জাহাজের ক্ষেত্রেঃ করদাতা জাহাজটি যে মূল্যে ক্রয় করিয়াছে উহার অর্থাৎ করদাতার প্রকৃত ক্রয়মূল্যের 40%।

(খ) যন্ত্রপাতি ও কলকব্জার ক্ষেত্রেঃ

(i) আয়কর আইনের পঞ্চম তালিকায় বর্ণিত পণ্যগুলির উৎপাদনের জন্য যে সকল নূতন যন্ত্রপাতি বা কলকব্জা স্থাপন করা হয়, সেইগুলির ক্ষেত্রে

(ক) 1970 সালের 1লা এপ্রিলের পূর্বে স্থাপিত যন্ত্রপাতি বা কলকব্জার প্রকৃত ক্রয়মূল্যের 35%,

(খ) 1970 সালের 31শে মার্চের পরে স্থাপিত যন্ত্রপাতি বা কলকব্জার প্রকৃত ক্রয়মূল্যের 25%।

(ii) কোন ভারতীয় কোম্পানী ইহার অধিকারস্থ কোন হোটেলে যদি 1967 সালের 31শে মার্চের পরে কোন যন্ত্রপাতি বা কলকব্জা স্থাপন করিয়া থাকে এবং উক্ত হোটেল কেন্দ্রীয় সরকারের অনুমোদিত হয়, তাহা হইলে

(ক) 1970 সালের 1লা এপ্রিলের পূর্বে স্থাপিত যন্ত্রপাতি বা কলকব্জার প্রকৃত ক্রয়মূল্যের 35%

(খ) 1970 সালের 31শে মার্চের পরে স্থাপিত যন্ত্রপাতি বা কলকব্জার প্রকৃত ক্রয়মূল্যের 25%।

---

[1] Income-tax Rules, 1962

(iii) করদাতার ব্যবসায়ের সহিত সংশ্লিষ্ট যে সকল বৈজ্ঞানিক গবেষণা সংক্রান্ত যন্ত্রপাতি 1967 সালের 31শে মার্চের পরে বসানো হয় সেইগুলির ক্ষেত্রে

(ক) 1970 সালের 1লা এপ্রিলের পূর্বে স্থাপিত যন্ত্রপাতি বা কলকব্জার প্রকৃত ক্রয়মূল্যের 35%,

(খ) 1970 সালের 31শে মার্চ তারিখের পরে স্থাপিত যন্ত্রপাতি বা কলকব্জার প্রকৃত ক্রয়মূল্যের 25%।

(iv) অন্যান্য সকলক্ষেত্রে

(ক) 1970 সালের 1লা এপ্রিলের পূর্বে স্থাপিত যন্ত্রপাতি বা কলকব্জার প্রকৃত ক্রয়মূল্যের 20%

(খ) 1970 সালের 31শে মার্চ তারিখের পরে স্থাপিত যন্ত্রপাতি বা কলকব্জার প্রকৃত ক্রয়মূল্যের 15%।

যে হিসাব বৎসরে কোন জাহাজ ক্রয় করা হয় অথবা যন্ত্রপাতি বা কলকব্জা ক্রয় বা স্থাপন করা হয়, ঐ বৎসর উপরোক্ত ছাড় বাদ দেওয়া যাইবে। যে সকল জাহাজ অথবা যন্ত্রপাতি বা কলকব্জা যে হিসাব বৎসরে কাজে লাগানো হয় (put to use) উহাদের ক্ষেত্রে অব্যবহিত পরবর্তী হিসাব বৎসরেই এইরূপ ছাড় বাদ দেওয়া যাইবে।

উন্নয়ন ছাড় পাইতে হইলে নিম্নলিখিত **শর্তগুলি** পূরণ করিতে হয়

1 যে সকল জাহাজ ও যন্ত্রপাতির উপর উন্নয়ন ছাড় বাদ দেওয়া হয় সেইগুলির পূ বিবরণ আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

2 উন্নয়ন ছাড়ের 75%কে ব্যবসায়ের লাভ লোকসান হিসাবে খরচ দেখাইয় উন্নয়ন-ছাড় সঞ্চিতি হিসাব (Development Rebate Reserve Account) নামক একটি বিশে হিসাবে জমা করিতে হইবে।

3 'উন্নয়ন ছাড় সঞ্চিতি হিসাবে' জমা অঙ্কের (amount) কোন অংশ 8 বৎসরের মধ্যে লভ্যাংশ হিসাবে বিতরণ করা চলিবে না অথবা ভারতের বাহিরে কোন সম্পত্তি ক্রয়ের জ উহার কোন অংশ প্রেরণ করা চলিবে না।

কিন্তু কোন বিদ্যুৎ সরবরাহ প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই শর্তটি প্রয়োজ্য নহে।

4 যে সকল জাহাজ বা যন্ত্রপাতির উপর উন্নয়ন ছাড় বাদ দেওয়া হয়, সেইগুলি ক্রয়ে বা স্থাপনের 8 বৎসরের মধ্যে অন্য প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা হস্তান্তর করা চলিবে না। কি

নিম্নলিখিত ক্ষেত্রে এই বিধান প্রয়োজ্য হইবে না ঃ

(ক) 'উন্নয়ন ছাড়' সম্পর্কিত যে সকল জাহাজ বা যন্ত্রপাতি 1958 সালের 1লা জানুয়ারী পূর্বে ক্রয় বা স্থাপন করা হইয়াছে উহাদের ক্ষেত্রে উপরোক্ত বিধিনিষেধ প্রয়োজ্য হইবে না।

(খ) 'উন্নয়ন ছাড়' সম্পর্কিত যে সকল জাহাজ বা যন্ত্রপাতি কোন সরকার বা স্থানী স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান বা বিধিবদ্ধ কর্পোরেশনের নিকট বিক্রয় বা হস্তান্তর করা হয়, উহাদে ক্ষেত্রে উপরোক্ত বিধিনিষেধ প্রয়োজ্য হইবে না।

(গ) দুই বা ততোধিক প্রতিষ্ঠানের একত্রীকরণের ফলে যদি উন্নয়ন ছাড সম্পর্কিত কোন জাহাজ বা যন্ত্রপাতি একীভূত প্রতিষ্ঠানের নিকট হস্তান্তরিত করা হয় তাহা হইলে উপরোক্ত বিধিনিষেধ প্রযোজ্য হইবে না।

যদি কোন করদাতা উপরোক্ত বিধানগুলি অমান্য করেন, তাহা হইলে উন্নয়ন ছাড সংক্রান্ত সুবিধা তুলিয়া লওয়া হইবে এবং উহা পুনরায় আয়করের আওতায় পড়িবে।

Problem 118 From the following particulars supplied by a firm, ascertain the amount of development rebate and the depreciation allowable for the assessment year 1967-68 and 1968-69

(*i*) A new machine was purchased on 1st July, 1966 for Rs 80,000

(*ii*) The machine was used double shift for 100 days in 1966 and triple shift for 200 days in 1967

(*iii*) Prescribed rate of depreciation is 7 per cent per annum on the written down value

Assume that the accounting period of the firm ends on 31st December every year

[কোন ব্যবসায় প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নিম্নলিখিত বিষয়গুলি হইতে 1967-68 ও 1968-69 করনির্ধারণ বৎসরের জন্য উন্নয়ন ছাড ও বাদযোগ্য অবচয়ের অঙ্ক নিরূপণ কর

(i) 1966 সালের 1লা জুলাই তারিখে 80,000 টাকা মূল্যের একটি নতুন মেসিন ক্রয় করা হইল

(ii) 1966 সালে মেসিনটি 100 দিনের জন্য দ্বি পালা এবং 1967 সালে 200 দিনের জন্য ত্রি পালা কাজে লাগানো হইয়াছিল

(iii) অবচয়ের নির্ধারিত হার—অবচিত মূল্যের উপর বার্ষিক 7%

ধরিয়া লও যে প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে ব্যবসায় প্রতিষ্ঠানটির হিসাব কাল শেষ হয়।]

Solution **1967-68 করনির্ধারণ-বৎসর**

	টাকা
উন্নয়ন ছাড:	
নতুন মেসিনের ক্রয়মূল্যের 20%	
অর্থাৎ 80,000 টাকার 20%	16,000
অবচয়:	
স্বাভাবিক অবচয়	
80,000 টাকার 7%	5,600
দ্বি পালা অবচয়	
$\left(\frac{50\times100}{100\times300}\ 5600\right)$	933
মোট অবচয়	6,533

1968-69 করনির্ধারণ-বৎসর

অবচয়	টাকা
স্বাভাবিক অবচয়	
(80,000 - 6,533) টাকার	
অর্থাৎ 73,467 টাকার 7%	5,143
ত্রি পালা অবচয়	
($\frac{100 \times 200}{100 \times 100}$ ...)	3,429
মোট অবচয়	8,572

মন্তব্য 1966 সালে মেসিনটি 180 দিনের অধিক ব্যবহৃত হইয়াছে বলিয়া পূর্ণ এক বৎসরের জন্য ইহার উপর অবচয় ধার্য করা হইয়াছে।

Problem 119 From the particulars given below regarding the machine of a firm, ascertain the amount of admissible depreciation and development rebate for the assessment year 1967 68 and 1968 69 and also the written down value of the assets as on 1 1 68

	Rs
New machine installed on 1 1 66 (Cost price)	1,00,000
Additions to machine on 1 1 67	60,000

During the previous year 1966, the machine was used double-shift for 150 days

Prescribed rate of depreciation is 10% per annum on the written down value

Assume that the accounting period of the firm ends on 31st December every year

[কোন ব্যবসায় প্রতিষ্ঠানের মেসিন সম্পর্কিত নিম্নলিখিত বিষয়গুলি হইতে 1967 68 ও 1968 69 করনির্ধারণ বৎসরের জন্য বাদযোগ্য অবচয় উন্নয়ন ছাড় ও 1 1 68 তারিখে সম্পত্তির অবচিত মূল্য নিরূপণ কর

	টাকা
1 1 66 তারিখে স্থাপিত নূতন মেসিন (ক্রয় মূল্য)	1 00 000
1 1 67 তারিখে যুক্ত অতিরিক্ত মেসিন	60 000

1966 সালে মেসিনটি 150 দিনের জন্য দ্বি পালা কাজে লাগানো হইয়াছিল।

অবচয়ের নির্ধারিত হার—অবচিত মূল্যের উপর বার্ষিক 10%।

ধরিয়া লও যে ব্যবসায় প্রতিষ্ঠানটির হিসাবকাল প্রতি বৎসর 31-শে ডিসেম্বর তারিখে শেষ হয়।]

Solution

অবচয়, অতিরিক্ত পালার অবচয়, উন্নয়ন-ছাড় ও সম্পত্তির অবচিত মূল্য গণনা

1967 68 করনির্ধারণ-বৎসর

		টাকা
মেসিনের ক্রয় মূল্য		
(1 1 66 তারিখে ক্রীত)		1 00 000
উন্নয়ন ছাড়		
(1 00,000 টাকার 20%)		20 000
অবচয় ঃ		
স্বাভাবিক অবচয়	টাকা	
(1,00,000 টাকার 10%)	10 000	
অতিরিক্ত পালার অবচয়		
([illegible])	2 500	12 500
মেসিনের অবচিত মূল্য		
(1 00 000 টাকা—12 500 টাকা)		87,500

1968 69 করনির্ধারণ-বৎসর

	টাকা
মেসিনের অবচিত মূল্য	
(1 1 67 তারিখে)	87 500
যোগ ঃ নতুন অতিরিক্ত মেসিন	
(1 1 67 তারিখে ক্রীত)	60,000
উন্নয়ন ছাড়	
(60,000 টাকার 20%)	12 000
অবচয় ঃ	
(87,500+60,000) টাকার 10%	14,750
মেসিনের অবচিত মূল্য	
(87,500+60,000−14,750)	1,32,750

অবচয়ের নির্ধারিত হার

(Prescribed Rates of Depreciation)

ব্যবসায় বা পেশার জন্য ব্যবহৃত বিভিন্ন সম্পত্তির উপর যে হারে অবচয় ধার্য করিতে হইবে সেই বিষয়ে 1962 সালের আয়কর নিয়মাবলীর 1 নম্বর পরিশিষ্টে[1] নিম্নলিখিত নির্দেশ প্রদত্ত হইয়াছে

I দালান (Buildings) :

(1)	প্রথম শ্রেণীর দালান	অবচিত মূল্যের 2 5% হারে
(2)	দ্বিতীয় শ্রেণীর দালান	,, ,, 5% ,,
(3)	তৃতীয় শ্রেণীর দালান	,, ,, 7 5% ,,
(4)	সাময়িক গৃহ (যথা কাষ্ঠাদি নির্মিত গৃহ)	আইন নির্ধারিত কোন হার নাই। নবীকরণের ক্ষেত্রে এইরূপ খরচ মুনাফাজাতীয় ব্যয় (Revenue Expenditure) বলিয়া ধরা হয়।

মন্তব্য : কারখানার (Factory) ক্ষেত্রে উপরোক্ত হারগুলি দ্বিগুণ হইবে।

II আসবাবপত্র ও গৃহ সরঞ্জাম (Furniture & Fittings) :

(1)	সাধারণ হার	অবচিত মূল্যের 10% হারে
(2)	হোটেল, রেস্টুরেন্ট সিনেমা, বোর্ডিং গৃহের আসবাবপত্র ও গৃহ সরঞ্জামের ক্ষেত্রে	,, ,, 15% ,,

III যন্ত্রপাতি ও কলকব্জা (Machinery & Plant) :

(1) সাধারণ হার — অবচিত মূল্যের 7% হারে

(2) বিভিন্ন শিল্পের কারখানার জন্য বিভিন্ন হার নির্ধারিত আছে।

Problem 120 Adhar Das a trader has prepared the following Profit & Loss Account for the year ended 31st March 1969

You are to ascertain his income from business for the assessment year 1969-70

[1] Income tax Rules 1962 Appendix I (Part I)

Profit & Loss Account

	Rs		Rs
Rent, Rates & Taxes	2,800	Gross Profit	43,840
Establishment Charges	4,400	Dividend from Company Shares	5,200
Trade Expenses	900	Income from House Property (Taxable)	960
Household Expenses	3,700		
Discount	400		
Income tax	1 400		
Postage & Telegram	200		
Advertisement	900		
Gifts and Presents	250		
Charities	750		
Fire Insurance Premium	500		
Donations	800		
Repairs & Renewals	500		
Loss on Sale of Motor car	2 800		
Interest on Capital	300		
Life Insurance Premium	1 700		
Provision for Bad Debts	1 200		
Audit Fee	500		
Net Profit	26 000		
	50 000		50 000

[1969 সালের 31 শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে ঐ কালের জন্য শরৎ দাস নামক একজন ব্যবসায়ী নিম্নলিখিত লাভ লোকসান হিসাব প্রস্তুত করিয়াছিলেন। 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য তাহার ব্যবসায় খাতে আয় নিরূপণ করিতে হইবে

লাভ-লোকসানের হিসাব

	টাকা		টাকা
ভাড়া অভিকর ও কর	2 800	মোট মুনাফা	43 840
সংস্থা ব্যয়	4 400	কোম্পানী-শেয়ার হইতে ডিভিডেণ্ড	5 200
ব্যবসায়িক খরচ	900	গৃহ সম্পত্তি হইতে আয় (করযোগ্য)	960
গৃহস্থালীর খরচ	3 700		
বাট্টা	400		
আয়কর	1 400		
ডাকখরচ ও টেলিগ্রাম	200		
বিজ্ঞাপন	900		
উপঢৌকন ও উপহার	250		
দাতব্য	750		
অগ্নিবীমার প্রিমিয়াম	500		
দান	800		
মেরামতী ও নবীকরণ খরচ	500		
মোটরগাড়ী বিক্রয় সংক্রান্ত লোকসান	2 800		
মূলধনের উপর সুদ	300		
জীবনবীমার প্রিমিয়াম	1 700		
অনাদেয় বাকীর জন্য সঞ্চিতি	1 200		
নিরীক্ষকের ফি	500		
নীট মুনাফা	26 000		
	50 000		50,000

Solution 1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য অধর দাসের ব্যবসায় হইতে মুনাফা গণনা

		টাকা
লাভ লোকসান হিসাব অনুসারে নীট মুনাফা		26,000
যোগ: বাদের অযোগ্য খরচ	টাকা	
গৃহস্থালীর খরচ	3,700	
আয়কর	1,400	
উপঢৌকন ও উপহার	250	
দাতব্য	750	
দান	800	
মোটরগাড়ী ও বিক্রয় স ক্রান্ত লোকসান	2,800	
মূলধনের উপর সুদ	300	
জীবনবীমার প্রিমিয়াম	1 700	
অনাদেয় বাকীর জন্য ভবিষ্যৎ ব্যবস্থা	1 200	
		12 900
		38,900
বাদ: গৃহ সম্পত্তি হইতে আয়		
(ব্যবসায় খাতে করযোগ্য নহে)	960	
ডিভিডেণ্ড (ব্যবসায় খাতে করযোগ্য নহে)	5,200	6 160
ব্যবসায় হইতে আয়		32 740

Problem 121 From the following Profit & Loss Account of Probhat Kumar Roy, a trader for the year ended 31st March 1969, you are to ascertain his income from business for the assessment year 1969 70

	Rs		Rs
Salaries	5,500	Gross Profit	45,000
Advertising	1,000	Bad Debts Recovered	300
General Expenses	3,000	Interest on Govt Securities (Gross)	2 200
Fire Insurance Premium	500		
Provision for Depreciation	3,000		
Provision for Bad Debts	2,000		
Provision for Income Tax	1,000		
Interest on Capital	1 000		
Postage & Telegram	200		
Interest on Loan	1,100		
Sales Tax	800		
Law Charges	400		
Printing & Stationery	50		
Net Profit	27,950		
	47,500		47,500

General Expenses include Rs 250 given as a donation to a recognised school Actual amount of income tax paid during the year amounted to Rs 1 500

The amount of depreciation allowable is Rs 2,500

Advertising expenses include Rs 750 spent on a special advertising campaign to introduce a new product in the market

Law expenses were incurred in connection with the business of the firm

The amount of bad debts actually written off during the year amounted to Rs 500

[1969 সালের 31 শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে উহার জন্য প্রভাত কুমার রায় নামক কোন ব্যবসায়ীর নিম্নলিখিত লাভ লোকসানের হিসাব প্রদত্ত হইল। ইহা হইতে 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য তাহার ব্যবসায় হইতে আয় নিরূপণ করিতে হইবে

	টাকা		টাকা
বেতন	5 500	মোট মুনাফা	45 000
বিজ্ঞাপন খরচ	1 000	অনাদেয় বাকী আদায়	300
সাধারণ খরচ	3 000	সরকারী লগ্নিপত্রের উপর সুদ (গ্রস)	2 200
অগ্নিবীমার প্রিমিয়াম	500		
অবচয়ের জন্য ভবিষ্যৎ ব্যবস্থা	3 000		
অনাদেয় বাকীর জন্য ভবিষ্যৎ ব্যবস্থা	2 000		
আয়করের জন্য ভবিষ্যৎ ব্যবস্থা	1 000		
মূলধনের উপর সুদ	1 000		
ডাকখরচ ও টেলিগ্রাম	200		
ঋণের উপর সুদ	1 100		
বিক্রয় কর	800		
মোকদ্দমা খরচ	400		
ছাপা ও ষ্টেশনারী খরচ	50		
নীট মুনাফা	27 950		
	47 500		47 500

কোন অনুমোদিত স্কুলকে 250 টাকা দান করা হইয়াছে উহা সাধারণ খরচের অন্তর্ভুক্ত আছে। চলতি বৎসরে যে আয়কর প্রদান করা হইয়াছে উহার প্রকৃত অঙ্ক 1 500 টাকা।

বাদযোগ্য অবচয়ের অঙ্ক 2 500 টাকা।

একটি নূতন পণ্য বাজারজাত করিবার জন্য বিজ্ঞাপন বায় বাবদ 750 টাকা খরচ করা হইয়াছে; উহা বিজ্ঞাপন খরচের অন্তর্ভুক্ত আছে।

ব্যবসায় প্রতিষ্ঠানের কাজে মামলা খরচ প্রদান করা হইয়াছিল।

চলতি বৎসরে যে অনাদেয় বাকী প্রকৃতপক্ষে বাদ দেওয়া হইয়াছে উহার অঙ্ক 500 টাকা।]

Solution 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য প্রভাতকুমার রায়ের ব্যবসায় হইতে মুনাফা গণনা

		টাকা
লাভ লোকসানের হিসাব অনুসারে নীট মুনাফা		27,950
যোগ : বাদের অযোগ্য খরচ	টাকা	
বিজ্ঞাপন খরচ (নূতন পণ্য বাজারজাত করার জন্য মূলধনী ব্যয়)	750	
অনুমোদিত স্কুলকে প্রদত্ত দান[1]	250	
অবচয়ের জন্য ভবিষ্যৎ ব্যবস্থা	3,000	
অনাদেয় বাকীর জন্য ভবিষ্যৎ ব্যবস্থা	2,000	
আয়করের জন্য ভবিষ্যৎ ব্যবস্থা	1,000	
মূলধনের উপর সুদ	1 000	8,000
		35,950
বাদ : বাদযোগ্য খরচ অনাদেয় বাকী	500	
বাদযোগ্য অবচয়	2,500	3,000
		32,950
বাদ : সরকারী ঋণপত্রের উপর সুদ (ব্যবসায় খাতে করযোগ্য নহে)		2,200
ব্যবসায় হইতে আয়		30,750

Problem 122 The following is the Profit & Loss Account of Sri Ray for the year ended 31st March 196[illegible]

	Rs		*Rs*
To Rates & Taxes	150	By Gross Profit	14 623
,, Establishment	1 750	,, Bank Interest	
,, Rent	600	(On personal deposits)	577
Household Expenses	1 450		
Discount & Allowance	250		
Income tax	180		
Advertisement	200		
Postage Stationery & Printing	810		
,, Fire Insurance	150		
,, Gifts and Presents	160		
,, Charity and Donation (to approved institutions)	1 140		
,, Purchase of Plant & Machinery (not yet installed)	1,500		
,, Repairs to Furniture	50		
,, Interest on Loan	1,000		
,, Life Insurance Premium	600		
,, Reserve for Doubtful Debts	700		
,, Interest on Capital	250		
,, Net Profit	3,660		
	15,200		15,200

---

[1] অর্থাৎ শিক্ষাপর্ষদের অনুমোদিত, কিন্তু আয়কর কর্তৃপক্ষের অননুমোদিত।

You are required to ascertain the taxable income of Sri Ray

[C U Three-Year Degree Course, B Com Hons 1963—*Adapted*]

[1969 সালের 31-শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে সেই সময়ের জন্য শ্রীরায়ের লাভ-লোকসানের হিসাব নিম্নে প্রদত্ত হইল

	টাকা		টাকা
অফিকর ও কর	450	মোট মুনাফা	14 623
সংস্থা ব্যয়	1 750	ব্যাঙ্কের সুদ (ব্যক্তিগত আমানতের উপর)	577
ভাড়া	600		
গার্হস্থ্য খরচ	1 450		
বাট্টা ও ছাড়	250		
আয়কর	180		
বিজ্ঞাপন	200		
ডাক স্টেশনারী ও ছাপা খরচ	810		
অগ্নিবীমা	150		
যৌতুক ও উপহার	160		
দাতব্য ও এককালীন দান (অনুমোদিত প্রতিষ্ঠানকে)	1 110		
কলকব্জা ও যন্ত্রপাতি ক্রয় (এখনও বসানো হয় নাই)	1 500		
আসবাবপত্রের মেরামত	50		
ঋণের উপর সুদ	1 000		
জীবনবীমার প্রিমিয়াম	600		
অনিশ্চিত বাকীর জন্য সঞ্চিতি	700		
মূলধনের উপর সুদ	250		
নীট মুনাফা	3,660		
	15 200		15 200

শ্রীরায়ের করযোগ্য আয় নিরূপণ করিতে হইবে।

Solution 1969 70 করনির্ধারণ-বৎসরের জন্য শ্রীরায়ের ব্যবসায় হইতে মুনাফা গণনা

	টাকা	টাকা
লাভ লোকসান হিসাব অনুসারে মুনাফা		3,660
যোগ ঃ বাদের অযোগ্য খরচ		
গার্হস্থ্য খরচ	1,450	
আয়কর	480	
যৌতুক ও উপহার	160	
দাতব্য ও এককালীন দান		
(1140 টা × $\frac{45}{100}$)	513	
কলকব্জা ও যন্ত্রপাতি ক্রয়	1,500	
জীবনবীমার প্রিমিয়াম	600	
অনিশ্চিত বাকীর জন্য সঞ্চিতি	700	
মূলধনের উপর সুদ	250	5,653
		9,313
বাদ ঃ অন্যান্য উৎস হইতে আয় খাতে করযোগ্য বিষয়		
ব্যাঙ্কের সুদ (ব্যক্তিগত আমানতের উপর)		577
ব্যবসায় হইতে আয়		8,736

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য শ্রীরায়ের মোট আয় গণনা

	টাকা
ব্যবসায় হইতে আয়	8 736
অন্যান্য উৎস হইতে আয়	
(ব্যাঙ্কের সুদ)	577
মোট করযোগ্য আয়	9,313

মন্তব্য ঃ (1) যে কলকব্জা ও যন্ত্রপাতি এখনও বসানো হয় নাই, উহার উন্নয়ন ছাড় বাদযোগ্য বলিয়া বিবেচিত হয় না।

(2) অনুমোদিত প্রতিষ্ঠানকে প্রদত্ত দানের 55% বাদযোগ্য এবং অবশিষ্ট 45% করযোগ্য খরচ বলিয়া বিবেচিত হয়, কিন্তু অননুমোদিত প্রতিষ্ঠানকে প্রদত্ত দান মোটেই বাদযোগ্য খরচ বলিয়া গণ্য হয় না। [80G-ধারা।]

Problem 123 From the following Profit and Loss Account of Sri Kamal Ray for the year ended 31st December, 1968 find out his taxable income from business

	Rs		Rs
To Office Expenses	5,720	By Gross Profit	28,635
General Charges	2,640	, Interest on Govt Securities (Gross)	1,660
Interest on Bank Loan	480	Discount	365
Interest on Capital	1,580	, Bad Debts recovered	440
Reserve for Bad Debts	835	, Profit on sale of long term investments	750
Bad Debts	1,000	, Sundry receipts	350
Audit Fee	300		
Rent	2,030		
Income tax	1,760		
Charity & Donation (to unapproved institution)	485		
Law Charges	370		
Compensation paid to retrenched employee	1,500		
Extension to building	1,500		
Net Profit	12,000		
	32,200		32,200

In computing the income, the following facts should be taken into consideration

(*a*) In the item of rent Rs 600 is included in respect of the rent of the office building which belong to the proprietor himself

(*b*) In the amount of salaries, Rs 320 is included in respect of employer s contribution to provident fund which is recognised

(*c*) General Expenses include Rs 350 in respect of new furniture purchased during the year

(*b*) Amount of depreciation allowable according to rules worked out Rs 1,275

(*e*) Law charges include a sum of Rs 100 being penalty imposed by customs authority

[C U Three-Year Degree Course, B. Com Hons 198[illegible]—*Adapted* **]**

	টাকা
পূর্ব পৃষ্ঠার জের	19,210
বাদ : লগ্নিপত্রের উপর সুদ খাতে আয়	1,660
	17,550
বাদ : মূলধনী মুনাফা হইতে আয় (5,000 টাকা হইতে কম বলিয়া)	750
	16,800
বাদ : বাদযোগ্য অবচয়	1,275
ব্যবসায় হইতে আয়	15,525

Problem 124 Dr Basu keeps his books on Cash basis His summarised cash account for the year ended 31st March 1969 is as under

	Rs		*Rs*
To Balance b/d	1,500	By Surgical Equipments	3,000
„ Sales of medicine	15,150	Motor car	5,000
„ Consultation Fee	6,100	Car Expenses	900
„ Visiting Fee	3,000	Purchase of medicine	9,500
„ Interest on Investment	3,900	Salaries	700
„ Loan from bank	3,000	Rent of Dispensary	500
„ Rent from house property (not subject to local taxes)	3,600	General Expenses	300
		Personal Expenses	2,000
		Life Insurance Premium	1,500
		Interest on Loan from bank	180
		Fire insurance Premium on house property	200
		Cash in hand c/d	12,470
	36,250		36,250

From the above you are to ascertain the total income of Dr Basu for the assessment year 1969 70 The following further information also is to be taken into account in this connection

(a) One third of the motor car expenses is in respect of his private use ,

(b) His investments are all in government securities and tax at the rate of 22 P per Rupee was deducted at source on account of interest on the investments

(c) Depreciation allowable on motor car used for professional practice is Rs 400

[ডা বসু নগদান ভিত্তিতে তাঁহার হিসাব রাখেন। 1969 সালের 31শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছিল সেই সময়ের জন্য তাঁহার সংক্ষিপ্ত নগদ হিসাব নিম্নরূপ ছিল

	টাকা		টাকা
পূর্বের নগদের জের	1 000	শল্য চিকিৎসার যন্ত্রপাতি	3,000
ঔষধ বিক্রয়	15 150	মোটর গাড়ী	5 000
পরামর্শের ফি	6 100	মোটর গাড়ী খরচ	900
রোগী দেখার ফি	3 000	ঔষধ খরিদ	9 500
লগ্নির উপর সুদ	3 900	বেতন	700
ব্যাঙ্ক হইতে ঋণ	3 000	ডাক্তারখানার ভাড়া	500
গৃহ সম্পত্তি হইতে ভাড়া (স্থানীয় করের আওতা বহির্ভূত)	3 000	সাধারণ খরচ	300
		ব্যক্তিগত খরচ	2 000
		জীবনবীমার প্রিমিয়াম	1 500
		ব্যাঙ্ক হইতে গৃহীত ঋণের উপর সুদ	180
		গৃহ সম্পত্তির জন্য অগ্নিবীমার প্রিমিয়াম	200
		হস্তস্থিত নগদের জের	12 470
	36 250		36 250

উপরের বিষয়গুলি হইতে 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য ডা বসুর মোট আয় নিরূপণ করিতে হইবে। এই বিষয়ে নিম্নলিখিত বিষয়গুলিও বিবেচনা করিতে হইবে

(ক) মোটর গাড়ীর জন্য যে ব্যয় হইয়াছে উহার এক তৃতীয়াংশ ব্যক্তিগত প্রয়োজনে ব্যয়িত হইয়াছিল

(খ) তাহার লগ্নিগুলির সমস্তই সরকারী লগ্নিপত্রে বিনিয়োগ করা হইয়াছে এবং উৎস স্থানে টাকা-প্রতি 22 পয়সা হারে লগ্নিপত্রের সুদের উপর কর কাটিয়া রাখা হইয়াছিল

(গ) পেশাগত কাজে ব্যবহৃত মোটর গাড়ীর বাদযোগ্য অবচয়ের অঙ্ক 400 টাকা।

Solution : 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য ডাঃ বসুর

পেশাগত আয় নিরূপণ

	টাকা	টাকা
গ্রস্ আয় :		
ঔষধ বিক্রয়	15 150	
পরামর্শের ফি	6,100	
রোগী দেখার ফি	3,000	24,250
বাদ : বাদযোগ্য খরচ		
ঔষধের ব্যয়	9 500	
গাড়ীর খরচ (900 টাকার ⅔)	600	
বেতন	700	
ডাক্তারখানার ভাড়া	500	
সাধারণ খরচ	300	
ব্যাঙ্ক হইতে গৃহীত ঋণের উপর সুদ	180	
অবচয়	400	12 180
পেশাগত আয়		12 070

[1969 সালের 31শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে সেই সময়ের জন্য ডাঃ সরকার নিম্নলিখিত আয়-ব্যয়ের হিসাব প্রস্তুত করিলেন। 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য তাঁহার পেশাগত মোট আয় নিরূপণ করিতে হইবে।

আয়-ব্যয়ের হিসাব

	টাকা		টাকা
মোটর গাড়ী ক্রয়	12,000	রোগী দেখার ফি	22,000
গার্হস্থ্য খরচ	18,000	পরামর্শের ফি	8,000
বেতন	8,000	ঘোড়দৌড় হইতে লাভ	7,000
যাতায়াত খরচ (কাশ্মীরে প্রমোদ ভ্রমণ)	1,000	পৈতৃক গৃহ সম্পত্তি বিক্রয়লব্ধ অর্থ	37,000
দাতব্য ও এককালীন দান	1,100	শেয়ারের উপর ডিভিডেণ্ড (গ্রস্)	5,000
আয়কর	780	ঋণপত্র বিক্রয় হইতে মুনাফা	6,000
কন্যাকে যৌতুক	9,000	পোস্ট অফিস সেভিংস ব্যাঙ্ক হইতে সুদ	600
শল্য চিকিৎসার যন্ত্রপাতি ক্রয়ের জন্য		শ্বশুর হইতে যৌতুক	10,000
গৃহীত ঋণের উপর সুদ	1,000	ব্যাঙ্ক আমানতের উপর সুদ	1,200
শল্য চিকিৎসার যন্ত্রপাতি	1,200		
নীট উদ্বৃত্ত	38,720		
	96,800		96,800

Solution : 1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য ডাঃ সরকারের পেশাগত আয় গণনা

	টাকা	টাকা
আয়-ব্যয় হিসাব অনুসারে নীট উদ্বৃত্ত		38,720
যোগ : বাদের অযোগ্য খরচ		
মোটর গাড়ী ক্রয়	12,000	
গার্হস্থ্য খরচ	18,000	
যাতায়াত খরচ	1,000	
দাতব্য ও এককালীন দান	1,100	
আয়কর	780	
কন্যাকে যৌতুক	9,000	
শল্য চিকিৎসার যন্ত্রপাতি	4,200	49,080
		87,800
বাদ : করমুক্ত আয়		
ঘোড়দৌড় হইতে লাভ (আকস্মিক আয়)	7,000	
পৈতৃক গৃহ-সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থ (মূলধনী প্রাপ্তি)	37,000	
পোস্ট অফিসের সেভিংস্ ব্যাঙ্ক হইতে সুদ [10 (15) (ii) ধারা অনুসারে]	600	
শ্বশুর হইতে যৌতুক (আকস্মিক আয়)	10,000	54,600
		33,200

	টাকা	টাকা
পূর্বপৃষ্ঠার জের		33,200
বাদ ঃ পেশাগত আযখাতে করযোগ্য নহে এরূপ বিষয়গুলি		
শেয়ারের উপর ডিভিডেণ্ড (অন্যান্য উৎস হইতে আয)	5,000	
লগ্নিপত্র বিক্রযজনিত মুনাফা (মূলধনী মুনাফা)	6,000	
স্থাযী আমানতের উপর সুদ (অন্যান্য উৎস হইতে আয)	1,200	12 200
পেশাগত আয়		21,000

প্রশ্নাবলী

1 What income shall be chargeable to income tax under the head, Profit and Gains of Business or Profession ?

[C U Three Year Degree Course, B Com 1966]

(ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ খাতে কোন্ আয করযোগ্য হয় ?)

উ — ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ খাতে করযোগ্য বিভিন্ন আয (231 পৃ) লিখ।

2 What expenses are allowed from the income under the head Profit and Gains of Business or Profession ?

(ব্যবসায় বা পেশাগত মুনাফা ও লাভ খাতে আয হইতে কি কি ব্যয় বাদযোগ্য হয় ?)

উ — বাদযোগ্য ব্যয় (235 পৃ) লিখ।

3 Mention the expenses which are not generally admissible as deductions from income of business or profession

(যে সকল ব্যয় ব্যবসায় বা পেশাগত আয হইতে সাধারণত বাদ দেওয়া হয় না সেইগুলির নামোল্লেখ কর।)

উ— বাদের অযোগ্য ব্যয় (236 পৃ) লিখ।

4 Explain fully how the following items are to be treated for income tax purpose

(*i*) Expenses for promotion of family planning, (*ii*) Entertainment Expenses (*iii*) Losses or expenditures allowed as a deduction in an earlier assessment but later on recouped, (*iv*) Royalty and technical fees paid

[আয়করের উদ্দেশ্যে নিম্নলিখিত বিষয়গুলি কিভাবে প্রয়োগ করিতে হইবে তাহা বিশদভাবে বুঝাইয়া লিখ (i) পরিবার-পরিকল্পনার উন্নয়ন সংক্রান্ত খরচ (ii) আপ্যায়ন খরচ, (iii) পূর্বের কোন করনির্ধারণ বৎসরে যে লোকসান বা খরচ বাদ দেওয়া হইয়াছিল, পরবর্তী কোন বৎসরে তাহা আদায় হইলে (iv) প্রদত্ত স্বত্ব ভাড়া ও কারিগরি ফি।]

উঃ—'বিভিন্ন প্রকার ব্যয়ের প্রয়োগ' (237 পৃঃ) হইতে লিখ।

5 Explain fully how the following items are to be treated for income tax purpose

(*i*) Advertisement Expenses, (*ii*) Expenditure on residential accommodation including guest house and (*iii*) Expenditure in connection with travelling by employees and other persons

[আয়করের উদ্দেশ্যে নিম্নলিখিত বিষয়গুলিকে কিভাবে প্রয়োগ করিতে হইবে তাহা বিশদভাবে বুঝাইয়া লিখ

(*i*) বিজ্ঞাপন খরচ (*ii*) আবাসগৃহ স্থান (অতিথিশালা সহ) খরচ এবং (*iii*) কর্মচারিগণ ও অন্যান্য ব্যক্তিগণের ভ্রমণ সংক্রান্ত খরচ ।]

উঃ— বিভিন্ন প্রকার ব্যয়ের প্রয়োগ (237—239 পৃ) হইতে লিখ।

6 What do you mean by 'Depreciation' as used in Income tax Act? Explain in this connection the following terms

(*i*) Normal Depreciation, (*ii*) Extra shift Depreciation, (*iii*) Terminal Depreciation and (*iv*) Initial Depreciation

[আয়কর আইনে অবচয় বলিতে কি বুঝায় ? এই প্রসঙ্গে নিম্নলিখিত পদগুলির ব্যাখ্যা কর

(*i*) স্বাভাবিক অবচয় (*ii*) অতিরিক্ত পালার অবচয় (*iii*) আন্তিক অবচয় ও (*iv*) প্রাথমিক অবচয়।]

উ — অবচয় (242—247 পৃ) লিখ।

7 Write short notes on Balancing Charge

(সংক্ষিপ্ত টীকা লিখ জের মিলানো খরচ।)

উঃ— জের মিলানো খরচ (248 পৃ) লিখ।

8 Explain the term, 'Development Rebate as used in the Income tax Act 1961

(আয়কর আইনে ব্যবহৃত উন্নয়ন ছাড় পদটির ব্যাখ্যা কর।

উঃ— উন্নয়ন ছাড় (252—254 পৃ) লিখ।

9 State the prescribed rates of depreciation as per Income tax Rules, 1962

(1962 সালের আয়কর নিয়মাবলী অনুসারে নির্ধারিত অবচয়ের হারগুলি বর্ণনা কর।)

উঃ— অবচয়ের নির্ধারিত হার (257 পৃ) লিখ।

10 The Profit & Loss Account of Messrs Raman & Co a proprietorship concern for the year ended 31st March, 1969 is as under

	Rs		*Rs*
To Sundry Trade Expenses	40,000	By Gross Profit	1,40,000
„ Rent of business Premises	10,000	„ Dividend (Net)	10,000
„ Interest on Capital	6,000		
„ House rent of Raman	9,000		
„ Net Profit	85,000		
	1,50,000		1,50,000

দশম অধ্যায়

মূলধনী লাভ

(Capital Gains)

মূলধনী লাভ ও মূলধনী সম্পত্তি

(Capital Gains & Capital Assets)

মূলধনী সম্পত্তির হস্তান্তর করার ফলে যে লাভ হয়, উহাকে মূলধনী লাভ (Capital Gains) বলা হয়। যে 'পূর্ববর্তী বৎসরে' এই হস্তান্তর ঘটে, উক্ত মুনাফা সেই 'পূর্ববর্তী বৎসরের' অন্তর্ভুক্ত হয়।[1]

আয়কর আইনের 2 (14) ধারা অনুসারে, করদাতার মালিকানাস্থ সকল প্রকার স্থাবর ও অস্থাবর সম্পত্তি (ব্যবসায় বা পেশার সহিত সংশ্লিষ্ট হইতেও পারে না ও হইতে পারে) মূলধনী সম্পত্তির তালিকাভুক্ত বলিয়া বিবেচিত হয়। কিন্তু নিম্নলিখিত বিষয়গুলি মূলধনী সম্পত্তির অন্তর্গত হইবে না

(*i*) ব্যবসায় বা পেশার উদ্দেশ্যে রক্ষিত যে কোন মজুত পণ্য, উৎপাদনকার্যে ব্যবহার্য মালমসলা বা কাঁচামাল,

(*ii*) করদাতার নিজের অথবা পরিবারস্থ পোষ্যবর্গ কাহারও ব্যক্তিগত জিনিসপত্র (Personal effects) অর্থাৎ পরিধেয় বস্ত্রাদি, অলঙ্কারপত্র, আসবাব প্রভৃতি অস্থাবর সম্পত্তি,

(*iii*) ভারত ইউনিয়নস্থ কৃষি জমি

(*iv*) কেন্দ্রীয় সরকার কর্তৃক বিলিকৃত $6\frac{1}{2}\%$ গোল্ড বণ্ড (Gold Bond) বা 1980 সালে প্রদেয় জাতীয় প্রতিরক্ষা গোল্ড বণ্ড।[2]

[1] Any profits or gains arising from the transfer of a capital asset effected in the previous year shall save as otherwise provided in Sec 53 and 54 be chargeable to income tax under the head Capital Gains and shall be deemed to be the income of the previous year in which the transfer took place —*Sec 45*

[2] *Capital asset* means property of any kind held by an assessee whether or not connected with his business or profession but does not include—

(*i*) any stock in trade consumable stores or raw materials held for the purposes of his business or profession

(*ii*) personal effects that is to say moveable property (including wearing apparel jewellery and furniture) held for personal use by the assessee or any member of his family dependent on him

(*iii*) agricultural land in India

(*iv*) $6\frac{1}{2}$ per cent Gold Bond 1977 or 7 per cent Gold Bonds 1980 or National Defence Gold Bonds 1980 issued by the Central Government, '—*Sec 2 (14)*

কোন প্রতিষ্ঠানের সুনাম, ইজারা স্বত্ব সম্পত্তির অধিকার, অংশীদারী কারবারে অংশীদারের অংশ এবং পণ্য উৎপাদনের লাইসেন্স মূলধনী সম্পত্তির অন্তর্ভুক্ত বলিয়া বিবেচিত হয়।

মূলধনী সম্পত্তিকে দুই শ্রেণীতে বিভক্ত করা যায়, যথা (i) স্বল্পমেয়াদী মূলধনী সম্পত্তি ও (ii) দীর্ঘমেয়াদী মূলধনী সম্পত্তি।

যে তারিখে কোন মূলধনী সম্পত্তি হস্তান্তর করা হয়, উহার অব্যবহিত পূর্বের 24 মাসের[1] অনধিক কালের জন্য যদি ঐ সম্পত্তি করদাতার অধিকারে থাকে, তাহা হইলে উহাকে **স্বল্পমেয়াদী মূলধনী সম্পত্তি (Short term Capital Asset)** বলা হয়।[2] 'স্বল্পমেয়াদী মূলধনী সম্পত্তি' হস্তান্তর করার ফলে যে মূলধনী মুনাফা অর্জিত হয় উহাকে **স্বল্পমেয়াদী মূলধনী লাভ (Short term Capital Gain)** বলা হয়। সংক্ষেপে, সম্পত্তি ক্রয়ের দুই বৎসরের মধ্যেই উহা বিক্রয় করিয়া দেওয়া হইলে উহার ফলে যদি কোন মূলধনী মুনাফা অর্জিত হয় উহাকে 'স্বল্প মেয়াদী মূলধনী লাভ' বলা হয়।

যে তারিখে কোন সম্পত্তি হস্তান্তর করা হয় উহার অব্যবহিত পূর্বের 24 মাসের অধিক কালের জন্য যদি ঐ সম্পত্তি করদাতার অধিকারে থাকে তাহা হইলে উহাকে **দীর্ঘ মেয়াদী মূলধনী সম্পত্তি (Long-term Capital Asset)** বলা হয়। আয়কর আইনে এই সম্পত্তিকে **অপরাপর মূলধনী সম্পত্তি (Other Capital Assets)** নামে অভিহিত করা হইয়াছে। দীর্ঘ মেয়াদী মূলধনী সম্পত্তি হস্তান্তর করার ফলে যে মূলধনী মুনাফা হয়, উহাকে **দীর্ঘ মেয়াদী মূলধনী লাভ (Long term Capital Gain)** বলা হয়, ইহাকে **অপরাপর মূলধনী লাভ (Other Capital Gains)** নামেও অভিহিত করা হয়।

মূলধনী সম্পত্তির হস্তান্তর
(Transfer of a Capital Asset)

আয়কর আইনের 2 (47) ধারা অনুসারে 'মূলধনী সম্পত্তির হস্তান্তর' বলিতে বুঝায় (i) সম্পত্তির বিক্রয় বা বিনিময় (ii) সম্পত্তির উপর অধিকারের পরিবর্জন বা পরিসমাপ্তি বা (iii) সরকার কর্তৃক কোন আইনের বলে বাধ্যতামূলকভাবে সম্পত্তি দখল।

[1] পূর্বে ইহা 12 মাস ছিল কিন্তু 1968 সালের ফাইনান্স অ্যাক্টের দ্বারা 1969-70 করনির্ধারণ বৎসর হইতে ইহাকে 24 মাস কাল বর্ধিত করা হইয়াছে।

[2] '*Short term capital asset*' means a capital asset held by an assessee for not more than twenty four months immediately preceding the date of its transfer but does not include a capital asset, being a certificate issued by an authorised dealer as defined in clause (a 1) of Section 2 of the *Foreign Exchange Regulation Act 1947* (*7 of 1947*) as evidence of the remittance of foreign currency or other foreign exchange as defined respectively in *clause (c)* and (*d*) of the said section to India from a country outside India in accordance with the provisions of the said Act and any rules made thereunder during the period commencing on the 26th day of October, 1965 and ending on the 28th day of February 1966 or such later date as the Central Government may by notification in the Official Gazette specify in this behalf notwithstanding that such capital asset has been held by the assessee for not more than twenty four months immediately preceding the date of its transfer —*Sec 2 (42 A)*

আয়কর আইনের 47 ধারায় বলা হইয়াছে যে, নিম্নলিখিত বিষয়গুলি **মূলধনী সম্পত্তির হস্তান্তর বলিয়া গণ্য হইবে না :**

(1) কোন হিন্দু পরিবার আংশিকভাবে বা সম্পূর্ণভাবে পৃথগন্ন হইয়া গেলে উহার মূলধনী সম্পত্তির বণ্টন ,

(2) অংশীদারী প্রতিষ্ঠান, ব্যক্তিবর্গের সমিতি বা অন্যান্য ব্যক্তিবর্গের সঙ্ঘের অবসান (winding up) ঘটিলে উহার মূলধনী সম্পত্তির বণ্টন ,

(3) দান, উইল বা অপ্রত্যাহারনীয় ট্রাস্ট দ্বারা কোন মূলধনী সম্পত্তির হস্তান্তর ,

(4) কোন হোল্ডিং কোম্পানী (Holding Company) কর্তৃক ইহার অধীনস্থ (Subsidiary) কোন কোম্পানীকে সম্পত্তি হস্তান্তর। কিন্তু ইহা এই শর্তসাপেক্ষ যে, হোল্ডিং কোম্পানীটিকে ইহার অধীনস্থ কোম্পানীর সমগ্র শেয়ারের অধিকারী হইতে হইবে এবং উক্ত হোল্ডিং কোম্পানীটি একটি ভারতীয় কোম্পানী হইতে হইবে।

(5) কোন অধীনস্থ কোম্পানী (Subsidiary Company) কর্তৃক ইহার হোল্ডিং কোম্পানীর নিকট কোন সম্পত্তি হস্তান্তর। কিন্তু ইহা এই শর্তসাপেক্ষ যে হোল্ডিং কোম্পানীকে ইহার অধীনস্থ কোম্পানীর সমগ্র শেয়ারের অধিকারী হইতে হইবে এবং উক্ত হোল্ডিং কোম্পানীকে একটি ভারতীয় কোম্পানী হইতে হইবে।

(6) একীকরণের (amalgamation) ক্ষেত্রে অবলোপ্যমান কোম্পানীগুলি কর্তৃক সংশ্লিষ্ট সম্মিলিত কোম্পানীর নিকট সম্পত্তির হস্তান্তর। কিন্তু সম্মিলিত কোম্পানীটিকে একটি ভারতীয় কোম্পানী হইতে হইবে।

(7) একীকরণ পরিকল্পনার সহিত সংশ্লিষ্ট কোন পুরাতন কোম্পানীর শেয়ারহোল্ডার কর্তৃক তাহার শেয়ার হস্তান্তর। কিন্তু ইহা এই শর্তসাপেক্ষ যে, সম্মিলিত কোম্পানীতে উক্ত শেয়ারহোল্ডারের নামে শেয়ার আবণ্টিত হওয়ায় সে এইরূপ হস্তান্তর সম্পাদন করিয়াছে এবং সম্মিলিত কোম্পানীটি একটি ভারতীয় কোম্পানী।

মূলধনী সম্পত্তি দখলের মূল্য
(Cost of Acquisition of Capital Assets)

'মূলধনী লাভের' পরিমাণ নির্ণয় করিতে হইলে পূর্বে 'মূলধনী সম্পত্তি দখলের মূল্য' নিরূপণ করিতে হয়। সংক্ষেপে বলিতে গেলে, মূলধনী সম্পত্তি দখলের মূল্য=সম্পত্তির পূর্ববর্তী মালিকের ক্রয়মূল্য+করদাতা বা পূর্ববর্তী মালিক কর্তৃক সম্পত্তির উন্নয়ন ব্যয়।

কিন্তু যেক্ষেত্রে সম্পত্তির পূর্ববর্তী মালিকের ক্রয় মূল্য নিরূপণ করা সম্ভব হয় না, সেক্ষেত্রে সম্পত্তির ন্যায্য বাজার-মূল্যকেই 'সম্পত্তি দখলের মূল্য' বলিয়া গণ্য করিতে হইবে।

কোন পূর্ববর্তী বৎসরে যদি সম্পত্তির অবচয় বাদ দেওয়া হয়, তাহা হইলে সম্পত্তির অবচিত মূল্যই (written down value) 'সম্পত্তি দখলের মূল্য' বলিয়া পরিগণিত হইবে। অবশ্য এরূপক্ষেত্রে সম্পত্তির অবচিত মূল্য হইতে সম্পত্তির 'আন্তিক অবচয়' (Terminal

(Depreciation) বাদ দিতে হয় অথবা অবচয়ের সমপরিমাণ জের মিলানো খরচ (Balancing Charge) যোগ করিয়া লইতে হয়।

করদাতা বা সম্পত্তির পূর্ব-মালিক যদি 1954 সালের 1লা জানুয়ারীর পূর্বে সংশ্লিষ্ট সম্পত্তিটি ক্রয় করিয়া থাকেন, তবে সম্পত্তির ক্রয় মূল্য বা উপরোক্ত 1লা জানুয়ারী তারিখে সম্পত্তিটির ন্যায্য বাজার-দরকেই 'সম্পত্তি দখলের মূল্য' বলিয়া ধরিতে হইবে।

উপরোক্ত তারিখের পরবর্তী কালে সম্পত্তির উন্নয়ন বাবদ কিছু ব্যয় করা হইলে তাহাও এই মূল্যের সহিত যোগ করিয়া 'সম্পত্তি দখলের মূল্য' নিরূপণ করিতে হইবে।

মূলধনী সম্পত্তির বিক্রয় মূল্য হইতে সম্পত্তি দখলের মূল্য এবং সম্পত্তির হস্তান্তরের জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যয় বাদ দিলে মূলধনী লাভ নিরূপণ করা যায়।

Problem 126 Prasanna Sen, a manufacturer, who closes his books of account on 31st March every year sold an old machine for Rs 1 50 000 on 1st March, 1969 The original cost of the machine was Rs 1 00 000 and total amount of Rs 40 000 had been allowed as depreciation on the machine

You are to ascertain Prasanna Sen's 'Capital Gain' for the assessment year 1969 70

[প্রসন্ন সেন নামে কোন মাল উৎপাদক [illegible] প্রতি বৎসর 31শে মার্চ তারিখে হিসাব বন্ধ করেন। 1969 সালের 1লা মার্চ তারিখে তিনি 1 50 000 টাকায় একটি পুরানো যন্ত্র বিক্রয় করিয়া দেন। যন্ত্রটির মূল ক্রয় মূল্য 1 00 000 টাকা ছিল এবং উহার উপর মোট অবচয় 40 000 টাকা মঞ্জুর করা হইয়াছিল।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য প্রসন্ন সেনের মূলধনী লাভ নিরূপণ করিতে হইবে।]

Solution. 'মূলধনী লাভ' নিরূপণ করিবার জন্য এক্ষেত্রে সম্পত্তিটির দখলের মূল্য (cost of acquisition) 1,00,000 টাকা [illegible] নিরূপণ করা হইয়াছে

	টাকা
সম্পত্তির অবচিত মূল্য	
(1 00 000 টা - 40,000 টা)	60,000
যোগ : জের মিলানো খরচ (Balancing Charge)	40,000
সম্পত্তির দখলের মূল্য (Cost of acquisition of asset)	1,00,000

	টাকা
সম্পত্তির বিক্রয় মূল্য	1,50,000
বাদ : সম্পত্তি দখলের মূল্য	1,00 000
মূলধনী লাভ	50,000

Problem 127 Prasanna Sen, a manufacturer who closes his books of account on 31st March every year, sold an old machine for Rs 1 50,000 on 1st March, 1968 which he purchased in 1952 for Rs 1,00 000 The fair market vaule of the machine on 1st January, 1954 was Rs 1 20,000 Depreciation allowed in respect of the machine after 1st January, 1954 amounted to Rs 50,000 and since the date of purchase the total depreciation allowed amounted to Rs 56,000

You are to ascertain the Capital Gain of ... year 1968-69, (a) if he exercises his option of adopting the ... of 1st January, 1954 as his cost and (b) if he does not exercise his opt... adopting the fair market value of 1st January, 1954 as his cost

[প্রসন্ন সেন নামে কোন পণ্য উৎপাদক তাঁহার হিসাবের বই প্রতি বৎসর 31শে মার্চ তারিখে 1968 সালের 1লা মার্চ তারিখে তিনি 1,50 000 টাকায় একখানা পুরাতন মেসিন বিক্রয় করিয়া দিলেন। তিনি 1952 সালে 1,00 000 টাকায় ক্রয় করিয়াছিলেন। 1954 সালের 1লা জানুয়ারী তারিখে মেসিনখানির ন্যায্য বাজার মূল্য 1 20,000 টাকা ছিল। 1954 সালের 1লা জানুয়ারী তারিখের পরে মোট অবচয় বাবদ 50,000 টাকা বাদ দেওয়া হইয়াছিল এবং মেসিনটি ক্রয় করার তারিখের পর হইতে যে অবচয় বাদ দেওয়া হয় উহার অঙ্ক 56 000 টাকা।

1968-69 করনির্ধারণ বৎসরের জন্য প্রসন্ন সেনের মূলধনী লাভ নিরূপণ করিতে হইবে (ক) যদি তিনি 1954 সালের 1লা জানুয়ারী তারিখের ন্যায্য বাজার মূল্যকে তাহার মেসিনটির ক্রয় মূল্য বলিয়া গ্রহণ করেন এবং (খ) যদি তিনি 1954 সালের 1লা জানুয়ারী তারিখের ন্যায্য বাজার মূল্যকে তাহার মেসিনটির ক্রয় মূল্য বলিয়া গ্রহণ না করেন।]

Solution (ক) যদি করদাতা 1954 সালের 1লা জানুয়ারী তারিখের ন্যায্য বাজার মূল্যকে তাহার মেসিনটির ক্রয় মূল্য রূপে **গ্রহণ করে**, তাহা হইলে সম্পত্তি দখলের মূল্য (Cost of acquisition) ও মূলধনী লাভ নিম্নলিখিতভাবে নিরূপণ করিতে হইবে

	টাকা
1 1 1954 তারিখের ন্যায্য বাজার মূল্য	1,20,000
বাদ: অবচয়	50,000
অবচিত মূল্য	70,000
যোগ: জের মিলানো খরচ রূপে যে অঙ্কের উপর কর ধার্য করা হইয়াছে (Amount taxed as Balancing Charge)	50,000
সম্পত্তি দখলের মূল্য (Cost of Acquisition of asset)	1,20,000
সম্পত্তির বিক্রয় মূল্য	1,50,000
বাদ: সম্পত্তি দখলের মূল্য	1,20,000
মূলধনী লাভ	30,000

(খ) যদি করদাতা 1954 সালের 1লা জানুয়ারী তারিখের ন্যায্য বাজার মূল্যকে তাহার মেসিনটির ক্রয় মূল্য রূপে **গ্রহণ না করে**, তাহা হইলে মূলধনী লাভ 44,000 টাকা হইবে, ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

	টাকা
সম্পত্তির প্রকৃত ক্রয় মূল্য	1,00 000
বাদ: মোট অবচয়	56,000
মূলধনী-লাভ	44,000

আয়করমুক্ত মূলধনী লাভ
(Exempted Capital Gains)

'মূলধনী লাভ' করদাতার মোট আয়ের অন্তর্ভুক্ত করা সম্পর্কে আয়কর আইনে নিম্নলিখিত বিধানাবলী লিপিবদ্ধ আছে

(1) 'হস্তান্তর' বলিয়া যে সকল লেনদেন বিবেচিত হয়, সেইগুলি হইতে কোন 'মূলধনী লাভ' অর্জিত হইয়া থাকিলে উহা করদাতার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

(2) এক বা একাধিক গৃহ হস্তান্তরের দ্বারা যে মূলধনী মুনাফা অর্জিত হইয়া থাকে উহা যদি গৃহ সম্পত্তি হইতে আয়' খাতে করযোগ্য হয়, তাহা হইলে ঐ 'মূলধনী লাভ' করদাতার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না। কিন্তু ইহা নিম্নলিখিত শর্তসাপেক্ষ

(ক) গৃহ সম্পত্তির বিক্রয়মূল্য 25,000 টাকার অধিক হইতে পারিবে না, এবং

(খ) করদাতার মালিকানাধীন সকল গৃহ সম্পত্তির মোট ন্যায্য বাজার-মূল্য সম্পত্তি হস্তান্তরের অব্যবহিত পূর্বে 50,000 টাকার অধিক হইতে পারিবে না।

(3) যেক্ষেত্রে কোন সম্পত্তি হস্তান্তরিত হওয়ার অব্যবহিত পূর্বের দুই বৎসরের জন্য উহা করদাতার বা তাহার পিতামাতার আবাসগৃহরূপে ব্যবহৃত হইয়া থাকে এবং উক্ত সম্পত্তি হস্তান্তরিত করার এক বৎসরের মধ্যে করদাতা অন্য একটি বাড়ী ক্রয় করিয়া থাকেন অথবা উহার দুই বৎসরের মধ্যে একটি নূতন বাড়ী নির্মাণ করিয়া থাকেন, সেক্ষেত্রে হস্তান্তরের ফলে অর্জিত মূলধনী লাভ যদি নূতন বাড়ীটির ক্রয়মূল্য বা নির্মাণ ব্যয় অপেক্ষা অধিক হয় তাহা হইলে নূতন বাড়ীর ক্রয়মূল্য বা নির্মাণ ব্যয় হইতে 'মূলধনী লাভ' যে পরিমাণ বেশী হইবে, উহা করযোগ্য হইবে।

কিন্তু উপরোল্লিখিত নূতন বাড়ীটি ক্রয় বা নির্মাণ করার তারিখ হইতে 3 বৎসরের মধ্যে উহা বিক্রয় করিয়া দেওয়া হইলে এইরূপ বিক্রয়জনিত যে মূলধনী লাভ অর্জিত হইবে এবং পূর্বের বাড়ী হস্তান্তরের ফলে যে মূলধনী লাভ অর্জিত হইয়াছিল—এই উভয় লাভই করযোগ্য বলিয়া গণ্য হইবে। যে পূর্ববর্তী বৎসরে নূতন বাড়ীটি হস্তান্তরিত করা হইয়াছে সেই পূর্ববর্তী বৎসরের আয়ের সহিত উক্ত মূলধনী লাভ যুক্ত হইবে।

Problem 128 Basak possesses a number of houses in Calcutta costing Rs 33,000 in all All these houses were purchased before 1960 One of these houses costing Rs 13 000 was sold for Rs 25 000 on 10 7 67

You are to ascertain the tax liability of Basak in respect of long term capital gain for the assessment year 1968 69 Assume that the accounting period of Basak ends on 31st March every year

[বসাক মোট 33 000 টাকা মূল্যের একাধিক বাড়ীর মালিক। উক্ত বাড়ীগুলি 1960 সালের পূর্বে ক্রয় করা হইয়াছিল। এই বাড়ীগুলির মধ্যে 13 000 টাকা খরিদ মূল্যের একটি বাড়ী 10 7 67 তারিখে 25 000 টাকায় বিক্রয় করা হইল।

1968-69 করনির্ধারণ বৎসরের জন্য বসাকের মূলধনী লাভ সংক্রান্ত করদায় নিরূপণ করিতে হইবে। ধরিয়া লও যে, প্রতি বৎসর 31শে মার্চ তারিখে বসাক তাহার হিসাব-কাল শেষ করেন।]

Solution :

	টাকা
বাড়ীর বিক্রয়লব্ধ অর্থ	25,000
বাদ : বিক্রীত বাড়ীর ক্রয় মূল্য	13,000
মূলধনী লাভ	12,000

কিন্তু সংশ্লিষ্ট বাড়ীটির বিক্রয় মূল্য 25,000 টাকার অধিক না হওয়ায় উপরোক্ত মূলধনী লাভের 12,000 টাকা করযোগ্য হইবে না [53 ধারা]।

Problem 129 Jadu Ghosh sold one of his two residential houses for Rs 46,000 on 10.5.67 These houses were built in 1959 at a cost of Rs 42,000 and their fair market value immediately before the sale was Rs 48,500 The cost of the house sold was Rs 29,500

You are to ascertain the tax liability of Jadu Ghosh in respect of long term capital gain for the assessment year 1968-69 Assume that his accounting period ends on 31st March every year

[যদু ঘোষের দুইটি আবাস বাড়ী ছিল। ইহার মধ্যে তিনি একটি বাড়ী 10.5.67 তারিখে 46,000 টাকায় বিক্রয় করিয়া দিলেন। বাড়ীগুলি 1959 সালে 42,000 টাকা ব্যয়ে নির্মিত হইয়াছিল এবং বিক্রয়ের অব্যবহিত পূর্বে উহাদের ন্যায্য বাজার মূল্য 48,500 টাকা ছিল। বিক্রীত বাড়ীটির ক্রয় মূল্য 29,500 টাকা।

1968-69 করনির্ধারণ বৎসরের জন্য যদু ঘোষের মূলধনী লাভ সম্পর্কিত করদায় নিরূপণ করিতে হইবে। ধরিয়া লও যে প্রতিবৎসর 31শে মার্চ তারিখে তাহার হিসাব কাল শেষ হয়।]

Solution : সংশ্লিষ্ট বাড়ীটির বিক্রয়ের অব্যবহিত পূর্বে যদু ঘোষের মূলধনী সম্পত্তিগুলির মোট ন্যায্য বাজার মূল্য 50,000 টাকার অধিক নহে কিন্তু প্রশ্নোক্ত বাড়ীটির বিক্রয় মূল্য 25,000 টাকার অধিক। সুতরাং, যদু ঘোষের করযোগ্য মূলধনী মুনাফার অঙ্ক নিম্নরূপ হইবে

	টাকা
বাড়ীটির বিক্রয়লব্ধ অর্থ	46,000
বাদ : বাড়ীটির ক্রয় মূল্য	29,500
করযোগ্য মূলধনী লাভ	16,500

Problem 130 Basudeb sold his residential house on 1.7.67 for Rs 95,500 The house was built on 1.9.54 at a cost of Rs 61,000 Basudeb, then bought a new residential house on 1.10.67 at a cost of Rs 56,000

You are to ascertain the tax liability of Basudeb in respect of long term capital gain for the assessment year 1968-69 Assume that his accounting period ends on 31st March every year

[1 7 67 তারিখে বাসুদেব তাহার আবাস বাড়ী 95,500 টাকা মূল্যে বিক্রয় করিয়া দিলেন। 1 9 54 তারিখে 61,000 টাকা ব্যয়ে বাড়ীটি নির্মিত হইয়াছিল। তৎপরে 1 10 67 তারিখে বাসুদেব 56,000 টাকা ব্যয়ে একটি নূতন আবাস বাড়ী ক্রয় করিলেন।

1968 69 করনির্ধারণ বৎসরের জন্য বাসুদেবের দীর্ঘমেয়াদী মূলধনী লাভ সংক্রান্ত করদায় নিরূপণ করিতে হইবে। ধরিয়া লও যে প্রতি বৎসর 31শে মার্চ তারিখে তাহার হিসাব কাল শেষ হয়।]

Solution :

	টাকা
বাড়ীটির বিক্রয়লব্ধ অর্থ	95,500
বাদ : বাড়ীটির ক্রয়মূল্য	61,000
মূলধনী লাভ	34,500

নূতন বাড়ীটির ক্রয়মূল্য 56,000 টাকা ইহা উপরোক্ত মূলধনী লাভের অঙ্ক 34,500 টাকা অপেক্ষা উচ্চতর হওয়ায় মূলধনী লাভের 34,500 টাকা করযোগ্য নহে [54 ধারা]।

Problem 131 Mr Roy is the owner of one old residential house constructed in 1954 at a cost of Rs 3,00,000 On 1 6 1966 he sold this house for Rs 4,50,000 Then on 15 6 1966 he purchased another new residential house for Rs 2,25,000

Later on the house purchased on 15 6 1966 was sold on 15 4 67 for Rs 2,70,000

You are to ascertain the amount of capital gain to be included in the gross total income of Mr Roy for the assessment year 1968 69 Assume that his accounting year ends on 31st March every year

[মি রায় 1954 সালে 3,00,000 টাকা ব্যয়ে নির্মিত একটি পুরাতন আবাস বাড়ীর মালিক। 1 6 1966 তারিখে তিনি তাহার পুরাতন বাড়ীটি 4,50,000 টাকায় বিক্রয় করিয়া দিলেন। তৎপরে 15 6 1966 তারিখে তিনি অন্য একটি আবাস বাড়ী 2,25,000 টাকা মূল্যে ক্রয় করিলেন।

পরবর্তিকালে 15 4 67 তারিখে তিনি 15 6 66 তারিখে ক্রীত বাড়ীটিও 2,70,000 টাকায় বিক্রয় করিয়া দিলেন।

1968 69 করনির্ধারণ বৎসরে মূলধনী লাভের যে অঙ্ক মি রায়ের গ্রস মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে তাহা নিরূপণ কর। ধরিয়া লও যে প্রতি বৎসর 31শে মার্চ তারিখে তাহার হিসাব কাল শেষ হয়।]

Solution : **1967 68 করনির্ধারণ বৎসর**

	টাকা
পুরাতন বাড়ীর বিক্রয়লব্ধ অর্থ	4,50,000
বাদ : পুরাতন বাড়ীর ক্রয় মূল্য	3,00,000
মূলধনী লাভ	1,50,000

নূতন বাড়িটির ক্রয় মূল্য 2,25,000 টাকা ইহা উপরোক্ত মূলধনী লাভের অঙ্ক 1,50,000 টাকা অপেক্ষা উচ্চতর হওয়ায় মূলধনী লাভের 1,50,000 টাকা করযোগ্য নহে। [54 ধারা]

1968-69 করনির্ধারণ-বৎসর

	টাকা
নূতন বাড়ির বিক্রয়লব্ধ অর্থ	2,70 000
বাদ : নূতন বাড়ীর ক্রয় মূল্য	2,25,000
মূলধনী লাভ	45,000

নূতন বাড়ীটি যে তারিখে ক্রয় করা হইয়াছে ঐ তারিখ হইতে তিন বৎসরের মধ্যে ইহা বিক্রয় করিয়া দেওয়া হইয়াছে বলিয়া 1968 69 করনির্ধারণ বৎসরের করযোগ্য মূলধনী লাভের অঙ্ক নিম্নরূপ হইবে

	টাকা
চলতি বৎসরের মূলধনী লাভ	45,000
যোগ : পূর্ব বৎসরের মূলধনী লাভ	1,50,000
(অর্থাৎ 1967 68 করনির্ধারণ বৎসরের)	
করযোগ্য মূলধনী লাভ	1,95,000

Problem 132 Santosh owns a residential house which was purchased in 1953 at Rs 66 000 On 1 1 68, this house was sold by Santosh for Rs 156 000 On 1 3 68 he buys a new house at a cost of Rs 76,000 On 1 2 69 he sold this new house also for Rs 91,500

You are to ascertain the tax liability of Santosh for the assessment year 1968-69 and 1969 70 Assume that his accounting period ends on 31st March every year

[সন্তোষের একটি আবাস বাড়ী আছে। 1953 সালে 66 000 টাকা মূল্যে বাড়ীটি ক্রয় করা হইয়াছিল 1 1 68 তারিখে 1 56 000 টাকা মূল্যে সন্তোষ বাড়ীটি বিক্রয় করিয়া দিল। 1 3 68 তারিখে 76 000 টাকা মূল্যে সে একটি নূতন বাড়ী ক্রয় করিল। 1 2 69 তারিখে সে 91 500 টাকা মূল্যে উক্ত নূতন বাড়ীটিও বিক্রয় করিয়া দিল।

1968 69 ও 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য সন্তোষের করদায় নিরূপণ করিতে হইবে। ধরিয়া লও যে প্রতি বৎসর 31শে মার্চ তারিখে তাহার হিসাব কাল শেষ হয়।]

Solution : **1968-69 করনির্ধারণ বৎসর**

	টাকা
পুরাতন বাড়ীর বিক্রয় মূল্য	1,56,000
বাদ : পুরাতন বাড়ীর ক্রয় মূল্য	66,000
মূলধনী লাভ	90,000

নূতন বাড়ীর ক্রয়মূল্য 76 000 টাকা, উপরোক্ত মূলধনী লাভের অঙ্ক 90,000 টাকা অপেক্ষা নিম্নতর বলিয়া ইহাদের অন্তর 14,000 টাকা (অর্থাৎ 90,000 টা. – 76,000 টা.)

1968 69 করনির্ধারণ বৎসরে সাস্তাষের গ্রস্ মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে অর্থাৎ উক্ত মূলধনী লাভের 14,000 টাকা করযোগ্য হইবে।

1969 70 করনির্ধারণ-বৎসর

	টাকা
নূতন বাড়ীর বিক্রয় মূল্য	91 500
বাদ : নূতন বাড়ীর ক্রয় মূল্য	76,000
মূলধনী লাভ	15,500

নূতন বাড়ীটি ক্রয় করার তিন বৎসরের মধ্যেই ইহা বিক্রয় করিয়া দেওয়া হইয়াছে বলিয়া 1969 70 করনির্ধারণ বৎসরে মূলধনী লাভ বাবদ 15,500 টা + 76,000 টা[1] = 91,500 টাকা এই বৎসরে সাস্তাষের মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে অর্থাৎ ইহা করযোগ্য হইবে।

Problem 133 Bimal Pal owns a residential house It was built in 1954 at a cost of Rs 3,00 000 On 1 6 1965, Bimal Pal sold out his house for Rs 4,50,000 On 1 1 1966 he purchased another house for his residence for Rs 1 20,000 The house bought on 1 1 1966 was also sold on 1 2 1969 for Rs 1,60,000

You are to ascertain the amount of capital gain to be included in the gross total income of Bimal Pal for the assessment year 1969-70 Assume that his accounting period ends on 31st March every year

[বিমল পালের একটি আবাস বাড়ী আছে। 1954 সালে 3 00 000 টাকা ব্যয়ে বাড়ীটি নির্মিত হইয়াছিল। 1 6 1965 তারিখে বিমল পাল উক্ত বাড়ীটি 4 50 000 টাকা মূল্যে বিক্রয় করিয়া দিল। 1 1 1966 তারিখে 1 20 000 টাকা মূল্যে আবাসের জন্য সে অন্য একটি বাড়ী ক্রয় করিল। 1 2 1969 তারিখে সে 1 1 1966 তারিখে ক্রীত বাড়ীটিও 1 60 000 টাকায় বিক্রয় করিয়া দিল।

1969 70 করনির্ধারণ বৎসরে বিমল পালের মোট আয়ের অন্তর্ভুক্ত করিবার জন্য মূলধনী লাভের অঙ্ক নিরূপণ করিতে হইবে। ধরিয়া লও যে প্রতি বৎসর 31শে মার্চ তারিখে তাহার হিসাব কাল শেষ হয়।]

Solution **1966-67 করনির্ধারণ-বৎসর**

	টাকা
পুরাতন বাড়ীটির বিক্রয়লব্ধ অর্থ	4,50,000
বাদ : পুরাতন বাড়ীর ক্রয় মূল্য	3,00 000
মূলধনী লাভ	1,50,000

নূতন বাড়ীর ক্রয় মূল্য 1,20,000 টাকা ইহা উপরোক্ত মূলধনী লাভের অঙ্ক 1,50,000 টাকা অপেক্ষা নিম্নতর বলিয়া ইহাদের অন্তর 30,000 টাকা (অর্থাৎ 1,50,000 টাকা − 1,20,000 টাকা) 1966 67 করনির্ধারণ বৎসরে বিমল পালের মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে, অর্থাৎ এক্ষেত্রে মূলধনী লাভের 30,000 টাকা করযোগ্য হইবে।

[1] 1968-69 করনির্ধারণ বৎসরে মূলধনী লাভের যে 76,000 টাকার উপর পূর্বে করধার্য করা হয় নাই উহা।

1969 70 করনির্ধারণ-বৎসর

	টাকা
নূতন বাড়ীর বিক্রয় মূল্য	1,60 000
বাদ : নূতন বাড়ীর ক্রয় মূল্য	1,20 000
করযোগ্য মূলধনী লাভ	40,000

সংশ্লিষ্ট নূতন বাড়ীটি তিন বৎসরের অধিককাল পরে বিক্রয় করায় মূলধনী লাভ বাবদ যে আয় (অর্থাৎ 1 20,000 টাকা) 1966 67 করনির্ধারণ বৎসরে করের আওতা হইতে বাদ দেওয়া হইয়াছিল তাহা এই বৎসর বিমল পালের গ্রস্ মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না, অর্থাৎ উহা করযোগ্য হইবে না।

Problem 134 Bhuban Kar owns a residential house It was built in 1956 at a cost of Rs 3,00 000 On 1 6 1966, Bhuban Kar sold out his house for Rs 6,10,000 On 1 2 1967 he constructs a new house for his residence at a cost of Rs 3 60,000 On 1 2 1969, this new house also is sold for Rs 3,30,000

You are to ascertain the capital gain to be included in the gross total income of Bhuban Kar for the assessment year 1969 70 Assume that his accounting period ends on 31st March every year

[ভুবন করের একটি আবাস বাড়ী আছে। 1956 সালে 3 00 000 টাকা ব্যয়ে বাড়ীটি নির্মিত হইয়াছিল। 1 6 1966 তারিখে ভুবন কর 6 10 000 টাকা মূল্যে বাড়ীটি বিক্রয় করিয়া দিল। 1 2 1967 তারিখে 3 60 000 টাকা ব্যয়ে আবাসের জন্য সে একটি নূতন বাড়ী নির্মাণ করিল। 1 2 1969 তারিখে উক্ত নূতন বাড়ীটিও 3 30 000 টাকা মূল্যে বিক্রয় করিয়া দেওয়া হইল।

1969 70 করনির্ধারণ বৎসরে ভুবন করের মোট আয়ের অন্তর্ভুক্ত করিবার জন্য মূলধনী লাভের অঙ্ক নিরূপণ করিতে হইবে। ধরিয়া লও যে প্রতি বৎসর 31শে মার্চ তারিখে তাহার হিসাব কাল শেষ হয়।]

Solution **1967-68 করনির্ধারণ-বৎসর**

	টাকা
পুরাতন বাড়ীটির বিক্রয় মূল্য	6,10,000
বাদ : পুরাতন বাড়ীটির ক্রয় মূল্য	3 00,000
মূলধনী লাভ	3,10,000

নূতন বাড়ীর নির্মাণ ব্যয় 3,60,000 টাকা ইহা উপরোক্ত মূলধনী লাভের অঙ্ক 3,10,000 টাকা অপেক্ষা উচ্চতর বলিয়া 1967 68 করনির্ধারণ বৎসরে মূলধনী লাভের উপরোক্ত 3,10,000 টাকা ভুবন করের গ্রস্ মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে না, অর্থাৎ ইহা করযোগ্য হইবে না।

1969 70 করনির্ধারণ বৎসর

	টাকা
নূতন বাড়ীটির নির্মাণ ব্যয়	3,60,000
বাদ ঃ নূতন বাড়ীটির বিক্রয় মূল্য	3 30,000
মূলধনী লোকসান	30 000

নূতন বাড়ীটি নির্মাণ করার তিন বৎসরের মধ্যেই বিক্রয় করিয়া দেওয়া হইয়াছে বলিয়া 1969 70 করনির্ধারণ বৎসরে মূলধনী লাভ বাবদ 2,80,000 টাকা (অর্থাৎ মূলধনী লাভ বাবদ 1967-68 করনির্ধারণ বৎসরে বাদ দেওয়া অঙ্ক 3 10,000 টাকা নূতন বাড়ীর মূলধনী লোকসান 30,000 টাকা) এই বৎসরে ভুবন বাবুর গ্রস্ মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে অর্থাৎ ইহা করযোগ্য হইবে

Problem 135 Ghosh & Co a manufacturing concern sold one of the old machines of their factory for Rs 75 000 The cost price of the machine was Rs 57 000 but its written down value on the date of sale was Rs 46 000 The income of the firm from all other sources amounted to Rs 37 000

You are to ascertain the tax liability of Ghosh & Co in respect of capital gain

[ঘোষ অ্যাণ্ড কো নামে কোন উৎপাদনকারী প্রতিষ্ঠান তাহাদের কারখানার পুরাতন মেসিনগুলির মধ্যে একখানা মেসিন 75 000 টাকা মূল্যে বিক্রয় করিয়া দিল। উক্ত মেসিনখানির ক্রয় মূল্য 57 000 টাকা কিন্তু বিক্রয়ের দিন ইহার অবচিত মূল্য 46 000 টাকা ছিল। অন্যান্য সকল সূত্র হইতে প্রতিষ্ঠানটির 37 000 টাকা আয় হইয়াছিল।

ঘোষ অ্যাণ্ড কো এর মূলধনী লাভ সংক্রান্ত করদায় নির্ধারণ করিবে ।]

Solution	টাকা
মেসিনের ক্রয় মূল্য	57 000
বাদ ঃ মোট অবচয়	11,000
(57,000টা 46 000 টা)	
মেসিনের অবচিত মূল্য	46,000
মেসিনের বিক্রয়লব্ধ অর্থ	75,000
বাদ ঃ মেসিনের অবচিত মূল্য	46,000
মেসিনের বিক্রয়লব্ধ লাভ	29,000

উপরোক্ত বিক্রয়লব্ধ লাভের অঙ্ক 29,000 টাকা মোট অবচয়ের অঙ্ক 11,000 টাকা অপেক্ষা উচ্চতর হওয়ায় জের মিলানো খরচের অঙ্ক 11,000 টাকা (অর্থাৎ মোট অবচয়ের সমান) এবং মূলধনী লাভের অঙ্ক (29,000টা − 11,000 টা)=18,000 টাকা বলিয়া বিবেচিত হইবে[1] ।

[1] 248 পৃষ্ঠায় 'জের-মিলানো খরচ' শীর্ষক আলোচনা দ্রষ্টব্য।

Problem 136 Bose & Co a manufacturing concern, sold one of the old machines of their factory for Rs 70 000 on 1 6 68 The said machine was installed on 1 1 1953 at a cost of Rs 54 000 The fair market value of the machine was Rs 58 000 on 1 1 54 Depreciation so far allowed on the machine amounted to Rs 11,000

You are to ascertain the amount of assessable capital gain of Bose & Co

[বোস অ্যাণ্ড কো' নামে কোন উৎপাদনকারী প্রতিষ্ঠান 1 6 68 তারিখে তাহাদের কারখানার মেসিনগুলির মধ্য একখানা মেসিন 70 000 টাকা মূল্যে বিক্রয় করিয়া দিল। 1 1 1953 তারিখে 54 000 টাকা ব্যয়ে উক্ত মেসিনটি সংস্থাপন করা হইয়াছিল। 1 1 54 তারিখে উক্ত মেসিনটির ন্যায্য বাজার দর ছিল 58 000 টাকা। এযাবৎ মেসিনটির উপর মোট 11 000 টাকা অবচয় বাদ দেওয়া হইয়াছে।

বোস অ্যাণ্ড কো এর করযোগ্য মূলধনী লাভের অঙ্ক নিরূপণ করিতে হইবে।]

Solution

		টাকা	টাকা
মেসিনের বিক্রয় মূল্য			70,000
বাদ ঃ মেসিনের অবচিত মূল্য			
1 1 54 তারিখে ন্যায্য মূল্য		58,000	
বাদ ঃ মোট অবচয়		11,000	47,000
মেসিনের বিক্রয়লব্ধ লাভ			23,000

উপরোক্ত বিক্রয়লব্ধ লাভের অঙ্ক 23,000 টাকার মধ্যে জের মিলানো খরচ বাবদ 11 000 টাকা এবং মূলধনী লাভ বাবদ 12,000 টাকা (অর্থাৎ 23 000টা − 11,000 টা) করযোগ্য হইবে।[1]

Problem 137 Guha & Sons, a manufacturing concern sold one of the old machines of their factory for Rs 60,000 on 1 5 1968 The fair market value of this machine on 1 1 1954 was Rs 67 000 Depreciation so far allowed on this machine amounted to Rs 14,000

You are to ascertain the amount of assessable capital gain of Guha & Sons

[গুহ অ্যাণ্ড সন্স নামে কোন উৎপাদনকারী প্রতিষ্ঠান তাহাদের কারখানার পুরাতন মেসিনগুলির মধ্যে একখানা মেসিন 1 5 1968 তারিখে 60 000 টাকা মূল্যে বিক্রয় করিয়া দিল। 1 1 1954 তারিখে উক্ত মেসিনখানির ন্যায্য বাজার দর 67 000 টাকা ছিল। এযাবৎ মেসিনটির উপর 14 000 টাকা মোট অবচয় বাদ দেওয়া হইয়াছে।

গুহ অ্যাণ্ড সন্সের মূলধনী লাভ সংক্রান্ত করদায় নিরূপণ করিতে হইবে]

Solution

			টাকা
মেসিনের বিক্রয় মূল্য			60,000
বাদ ঃ মেসিনের অবচিত মূল্য			
1 1 54 তারিখে ন্যায্য মূল্য		67,000	
বাদ ঃ মোট অবচয়		14,000	53,000
মেসিনের বিক্রয়লব্ধ লাভ			7,000

[1] 248 পৃষ্ঠার 'জের মিলানো খরচ' শীর্ষক আলোচনা দ্রষ্টব্য।

মোট অবচয়ের অঙ্ক 14,000 টাকা বলিয়া উপরোক্ত বিক্রয়লব্ধ মুনাফার সম্পূর্ণ 7,000 টাকা 'জের মিলানো খরচ' রূপে করযোগ্য হইবে, অর্থাৎ এ ক্ষেত্রে কোন মূলধনী লাভের উদ্ভব হইবে না।[1]

মূলধনী লাভের উপর কর গণনা
(Computation of Tax on Capital Gains)

করনির্ধারণ করার জন্য মূলধনী লাভকে দুই শ্রেণীতে বিভক্ত করা হইয়াছে—(i) স্বল্প মেয়াদী মূলধনী লাভ ও (ii) দীর্ঘমেয়াদী মূলধনী লাভ।

আবার, দীর্ঘমেয়াদী মূলধনী লাভকে দুই অংশে বিভক্ত করা হইয়াছে—একটি অংশে **ভূমি ও ঘরবাড়ী** এবং অপর অংশে **ভূমি ও ঘরবাড়ী ছাড়া অন্যান্য সম্পত্তি।**

কোম্পানী ব্যতীত অন্যান্য করদাতার ক্ষেত্রে করনির্ধারণ (Computation of tax in case of assessee other than a Company): কোম্পানী ব্যতীত অন্যান্য ক্ষেত্রে দীর্ঘমেয়াদী মূলধনী লাভ ছাড়া অন্যান্য লাভের উপর যেভাবে কর ধার্য করা হয়, **স্বল্পমেয়াদী মূলধনী লাভের** উপরও সেইভাবে কর ধার্য করা হয়। সুতরাং কোন স্বল্পমেয়াদী মূলধনী লোকসানকে অন্যান্য সাধারণ আয়ের সহিত মিলকরণ (adjust) করা যায়।

কিন্তু উক্ত করদাতাগণের দীর্ঘমেয়াদী মূলধনী লাভের ক্ষেত্রে 80T ধারার নিম্নলিখিত বিধানগুলি প্রযোজ্য

(ক) যদি দীর্ঘমেয়াদী মূলধনী লাভের অঙ্ক 5,000 টাকার অধিক না হয় তাহা হইলে উহার উপর কোন কর প্রদান করিতে হয় না

(খ) যদি দীর্ঘমেয়াদী মূলধনী লাভের অঙ্ক ও করদাতার অন্যান্য আয়ের গ্রস অঙ্ক যুক্ত করিয়া 10,000 টাকার অধিক না হয়, তবে উহার উপর কোন কর প্রদান করিতে হয় না।

(গ) যদি দীর্ঘমেয়াদী মূলধনী লাভের অঙ্ক 5,000 টাকার এবং করদাতার গ্রস্ মোট আয়ের অঙ্ক 10,000 টাকার অধিক হয় তবে নিম্নলিখিত পরিমাণ বাদ যাইবে

(i) 5,000 টাকা+ভূমি ও ঘরবাড়ী সংক্রান্ত মূলধনী লাভের 5,000 টাকার অতিরিক্তের 45%,

(ii) 5,000 টাকা+ভূমি ও ঘরবাড়ী ব্যতীত অন্যান্য সম্পত্তি সংক্রান্ত মূলধনী লাভের 5,000 টাকার অতিরিক্তের 65%।

কিন্তু যেক্ষেত্রে উপরোক্ত উভয় প্রকার সম্পত্তির (অর্থাৎ ভূমি ও ঘরবাড়ী এবং এতদ্ব্যতীত অন্যান্য সম্পত্তি) সংক্রান্ত মূলধনী লাভ সংমিশ্রিত থাকে সেখানে সর্বপ্রথমে ভূমি ও ঘরবাড়ী সংক্রান্ত প্রারম্ভিক 5,000 টাকা এইরূপ মিশ্রিত মূলধনী লাভ হইতে সর্বপ্রথমে বাদ দিতে হইবে। কিন্তু এরূপক্ষেত্রে মূলধনী লাভ 5,000 টাকার কম হইলে উক্ত 5,000 টাকার অবশিষ্ট অংশ অন্যান্য মূলধনী লাভ হইতে বাদ দিতে হইবে, তৎপর উপরোক্ত (ii) নম্বরের 65% হিসাব করিতে হইবে। লক্ষ্য রাখিতে হইবে যে, উপরোক্ত কোন ক্ষেত্রেই যেন প্রারম্ভিক রেয়াত বাদের অঙ্ক 5,000 টাকার অতিরিক্ত না হয়।

[1] 248 পৃষ্ঠার 'জের মিলানো খরচ' শীর্ষক আলোচনা দ্রষ্টব্য।

Problem 138 Tarun sold a machine on 20 6 68 for Rs 14,850 The cost price of the machine on 1 4 53 was Rs 6,500, but the *fair market value* of the machine on 1 1 54 was Rs 11,500 The income of *Tarun from other* sources during the previous year 1968 69 was Rs 16,800

You are to ascertain the amount of capital gain of Tarun assessible under the Income tax Act for the assessment year 1969 70

[20 6 68 তারিখে 14 850 টাকা মূল্যে তরুণ একটি মেসিন বিক্রয় করিল। 1 4 53 তারিখে মেসিনটির ক্রয় মূল্য 6 500 টাকা ছিল কিন্তু 1 1 54 তারিখে ইহার ন্যায্য বাজার মূল্য 11 500 টাকা ছিল। 1968 69 পূর্ববর্তী বৎসরে অন্যান্য সূত্র হইতে তরুণের 16 800 টাকা আয় ছিল।

1969 70 করনির্ধারণ বৎসরে আয়কর আইন অনুসারে তরুণের করযোগ্য মূলধনী লাভ নিরূপণ করিতে হইবে।]

Solution

	টাকা
মেসিনের বিক্রয়লব্ধ অর্থ	14,850
বাদ ঃ 1 1 54 তারিখে মেসিনের ন্যায্য বাজার মূল্য	11,500
দীর্ঘমেয়াদী মূলধনী লাভ	3 350

কিন্তু উপরোক্ত দীর্ঘমেয়াদী মূলধনী লাভের অঙ্ক 5,000 টাকার কম বলিয়া ইহা করযোগ্য হইবে না [80T ধারা]।

Problem 139 Basab sold a motor car on 1 6 68 for Rs 12 500 The car was bought on 1 5 53 at a cost of Rs 6 000 but its fair market value on 1 1 54 was Rs 5 500 The income of Basab from other sources during the previous year 1968 was Rs 2,950 You are to ascertain the amount of capital gain of Basab assessable under the Income tax Act for the assessment year 1969 70

[1 6 68 তারিখে বাসব 12 500 টাকা মূল্যে একখানি মোটর গাড়ী বিক্রয় করিল। 1 5 53 তারিখে 6 000 টাকা মূল্যে মোটর গাড়ীটি ক্রয় করা হইয়াছিল কিন্তু 1 1 54 তারিখে ইহার ন্যায্য বাজার দর 5 550 টাকা ছিল। 1968 পূর্ববর্তী বৎসরে অন্যান্য সূত্র হইতে বাসবের মোট 2 950 টাকা আয় হইয়াছিল।

1969 70 করনির্ধারণ বৎসরে আয়কর আইন অনুসারে বাসবের করযোগ্য মূলধনী লাভ নিরূপণ করিতে হইবে।]

Solution ঃ

মোটর গাড়ীর বিক্রয়মূল্য	
বাদ ঃ মোটর গাড়ীর ক্রয় মূল্য	6,000
দীর্ঘমেয়াদী মূলধনী লাভ	6,500

উপরোক্ত দীর্ঘমেয়াদী মূলধনী লাভের 6 500 টাকা 5,000 টাকা অপেক্ষা উচ্চতর কিন্তু করদাতার মোট আয় 9,450 টাকার[1] অঙ্ক 10,000 টাকা অপেক্ষা নিম্নতর বলিয়া উপরোক্ত মূলধনী লাভের 6,500 টাকা করযোগ্য হইবে না।

[1] মোট আয়=2 950 টাকা+6,500 টাকা=9,450 টাকা।

Problem 140 During the year ended 31st March, 1968, Mr Chowdhury sold the following assets

		Sale Proceeds Rs
1	House purchased for Rs 28,500 in 1960	30,500
2	Machinery purchased for Rs 50,500 in 1958 (written down value on 1 4 67 being Rs 35,500)	60,500
3	Furniture purchased for Rs 2,000 during the year,	2,600
4	Machinery purchased for Rs 20,000 during the year	24,000
5	Own residential house (occupied by Mr Chowdhury for more than two years) costing Rs 31,000	51,000

During the year Mr Chowdhury bought another house for his residence for Rs 40,000

You are to ascertain the amount of capital gain to be included in the gross total income of Mr Chowdhury and also to find out his total income for the assessment year 1968 69 if his income from business during the previous year 1967 68 amounted to Rs 10,000

[1968 সালের 31শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে, সেই সময়ে মি চৌধুরী নিম্নলিখিত সম্পত্তিগুলি বিক্রয় করিলেন

		টাকা
1	1960 সালে 28 500 টাকায় ক্রীত বাড়ী	30 500
2	1958 সালে 50 500 টাকায় ক্রীত মেসিন (1 4 67 তারিখে ইহার অবচিত মূল্য 35 500 টাকা)	60 500
3	চলতি বৎসরে 2 000 টাকায় ক্রীত আসবাবপত্র	2 600
4	চলতি বৎসরে 20 000 টাকায় ক্রীত মেসিন	24 000
5	নিজের আবাস গৃহ (মি° চৌধুরী কর্তৃক দুই বৎসরের অধিককাল অধিকৃত) —ক্রয়মূল্য 31 000 টাকা	51 000

চলতি বৎসরে মি চৌধুরী 40 000 টাকা মূল্যের অন্য একটি বাড়ী ক্রয় করিলেন।

মি° চৌধুরীর মোট আয়ের অন্তর্ভুক্ত করিবার জন্য মূলধনী লাভের অঙ্ক নিরূপণ করিতে হইবে। যদি 1967-68 পূর্ববর্তী-বৎসরে মি চৌধুরীর ব্যবসায় হইতে 10 000 টাকা আয় হয় তাহা হইলে 1968 69 করনির্ধারণ বৎসরে তাহার মোট আয় কত হইবে তাহাও নির্ণয় করিতে হইবে।]

Solution

গ্রস্ মোট আয়ের অন্তর্ভুক্ত করিবার জন্য মূলধনী লাভ গণনা

	টাকা	টাকা
দীর্ঘমেয়াদী মূলধনী লাভঃ		
1 1960 সালে ক্রীত গৃহ সম্পত্তি		
(30,500 টাকা – 28,500 টাকা)	2,000	
2 1958 সালে ক্রীত যন্ত্রপাতি	10,000	12,000
স্বল্পমেয়াদী মূলধনী লাভঃ		
1 আসবাবপত্র (2,600 টা – 2,000 টা)	600	
2 চলতি বৎসরে ক্রীত যন্ত্রপাতি		
(24,000 টা – 20,000 টা)	4,000	
		4,600
	মূলধনী লাভ	16,600

1968-69 করনির্ধারণ-বৎসরের জন্য মিঃ চৌধুরীর মোট আয়ের গণনা

		টাকা
1 ব্যবসায় হইতে আয়		
(10,000 টাকা + জেব মিলানো খরচ 15,000 টাকা)		25,000
2 মূলধনী লাভ		16,600
		41,600
বাদঃ দীর্ঘমেয়াদী মূলধনী লাভের জন্য রেয়াত [80T-ধারা অনুসারে]		
(i) প্রাবন্তিক রেয়াত বাবদ 1960 সালে ক্রীত গৃহ সম্পত্তির বিক্রয়-জনিত লাভ হইতে 2,000 টা + 1958 সালে ক্রীত যন্ত্রপাতির বিক্রয়জনিত লাভ হইতে 3,000 টাকা।]	5,000 টা	
(ii) (10,000 টা – 3,000 টা) অর্থাৎ 7,000 টাকার 65%।	4,550 টা	
		9,550
	মোট আয়	32,050

মন্তব্য : (1) 1958 সালে ক্রীত যন্ত্রপাতি বিক্রয়জনিত মূলধনী লাভের 10,000 টাকা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে :

		টাকা
1958 সালে ক্রীত যন্ত্রপাতির বিক্রয়লব্ধ অর্থ		60,500
বাদ : সম্পত্তি দখলের মূল্য		
অবচিত মূল্য	35,500 টাকা	
+ জের মিলানো খরচ	15,000 "	
		50,500
মূলধনী লাভ		10,000

(2) আবাস গৃহ বিক্রয়জনিত মূলধনী লাভের 20,000 টাকা (অর্থাৎ 51,000 টা – 31,000 টা) সম্পূর্ণরূপে করমুক্ত বলিয়া গণ্য করা হইয়াছে কারণ সংশ্লিষ্ট গৃহটি বিক্রয় করার এক বৎসরের মধ্যে মি চৌধুরী একটি নূতন বাড়ী খরিদ করিয়াছেন এবং ঐ বাড়ীতে উক্ত মূলধনী লাভের সম্পূর্ণ টাকা (অর্থাৎ 20,000 টাকা) বিনিয়োগ করিয়াছেন।

(3) জের মিলানো খরচ (Balancing Charge) বাবদ 15,000 টাকা 'ব্যবসায় হইতে আয়ের' সহিত যুক্ত করা হইয়াছে।

Problem 141 Pradip had a house in Calcutta which was valued at Rs 2,45,000 The house was sold for Rs 3,95,000 in the previous year 1968-69 Pradip's income from business in that previous year amounted to Rs 45,000 His dividend income was Rs 5,500 (gross) and short term capital gain amounted to Rs 7,500 His profit from the sale of a motor car amounted to Rs 3,000

You are to ascertain the total income of Pradip for the assessment year 1969-70 During the previous year Pradip built another house for his residence at a cost of Rs 1,05,000

[প্রদীপের 2,45,000 টাকা মূল্যের কলিকাতায় একটি বাড়ী আছে। 1968-69 পূর্ববর্তী বৎসরে বাড়ীটি 3,95,000 টাকায় বিক্রয় করা হইল। উক্ত পূর্ববর্তী বৎসরে ব্যবসায় হইতে প্রদীপের 45,000 টাকা আয় হইয়াছিল। ডিভিডেণ্ড হইতে তাহার 5,500 টাকা (গ্রস্) এবং স্বল্পমেয়াদী মূলধনী লাভ হইতে 7,500 টাকা আয় হইয়াছিল। একটি মোটর-গাড়ী বিক্রয় করিয়া সে 3,000 টাকা মুনাফা করিল।

1969-70 করনির্ধারণ বৎসরের জন্য প্রদীপের মোট আয় নিরূপণ করিতে হইবে। উক্ত পূর্ববর্তী বৎসরে প্রদীপ নিজের আবাসের জন্য 1,05,000 টাকা মূল্যে অন্য একটি নূতন বাড়ী নির্মাণ করিয়াছিল।]

Solution

1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য প্রদাপের মোট আয়ের গণনা

	টাকা	টাকা
ব্যবসায় হইতে আয়		45,000
ডিভিডেণ্ড-আয়		5,500
স্বল্পমেয়াদী মূলধনী আয়		7,500
দীর্ঘমেয়াদী মূলধনী আয়		
(*i*) বাড়ী বিক্রয় হইতে লাভ		
(3,95 000 টাকা – 2 45,000 টাকা)	1,50,000	
বাদ ঃ নূতন বাডীর নির্মাণ ব্যয	1,05,000	
	45,000	
বাদ ঃ প্রারম্ভিক রেয়াত	5,000	
	40,000	
বাদ ঃ 40,000 টাকার 45%	18,000	
		22,000
(*ii*) মোটর গাডী বিক্রয হইতে আয	3,000	
বাদ ঃ 3 000 টাকাব 65%	1 950	
		1,050
	মোট আয়	81,050

স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী মূলধনী সম্পত্তি-বিক্রয়জনিত লোকসান (Losses arising from the sale of Short term and Long term Capital Asses) : আয়কর আইনের 74 ধারায বলা হইয়াছে যে, **স্বল্পমেয়াদী মূলধনী লোকসানকে** মূলধনী সম্পত্তির বিক্রযজনিত অন্য কোন স্বল্পমেয়াদী বা দীর্ঘমেয়াদী মূলধনী লাভের সহিত মিলকরণ (adjust) করা যাইতে পারে। এমনকি করদাতার অন্যান্য সাধারণ (ordinary) আয়ের সহিতও স্বল্পমেয়াদী মূলধনী লোকসানের মিলকরণ করা যায। কোন করনির্ধারণ বৎসরে লাভের স্বল্পতার জন্য যদি স্বল্পমেয়াদী মূলধনী লোকসানের সম্পূর্ণ অঙ্ক মিলকরণ করা না যায় তাহা হইলে উহার যে অংশের মিলনকরণ করা সম্ভব হয় না, উহাকে পরবর্তী করনির্ধারণ বৎসরে জের টানিয়া লওয়া চলে। এইভাবে উক্ত লোকসানের অঙ্ককে সংশ্লিষ্ট পূর্ববর্তী বৎসরের অব্যবহিত পরবর্তী আট বৎসর পর্যন্ত জের টানিয়া লওয়া চলে।

কোন করনির্ধারণ-বৎসরের **দীর্ঘমেয়াদী মূলধনী সম্পত্তির বিক্রয়জনিত লোকসানকে** অপর কোন দীর্ঘমেয়াদী মূলধনী সম্পত্তির বিক্রয়জনিত লাভের সহিত মিলকরণ করা যায়। যদি কোন করনির্ধারণ বৎসরে লাভের স্বল্পতার জন্য এইরূপ মিলকরণ সম্ভব না হয়, তবে উ

লোকসানের অঙ্ককে পরবর্তী কর-নির্ধারণ বৎসরে জের টানিয়া ঐ বৎসরের কোন দীর্ঘমেয়াদী মূলধনী লাভের সহিত মিলকরণ করা যায়। এইভাবে চার বৎসর পর্যন্ত দীর্ঘমেয়াদী মূলধনী লোকসানের জের টানা যায়। কোম্পানী ব্যতীত অন্যান্য করদাতার ক্ষেত্রে 5,000 টাকার নিম্নের দীর্ঘমেয়াদী লোকসানের অঙ্ককে পরবর্তী বৎসরে জের টানিয়া লওয়া যায় না।

কোম্পানীর মূলধনী লাভের উপর কর গণনা

(Computation of Tax on Capital Gains of Companies)

স্বল্পমেয়াদী মূলধনী লাভ (Short term Capital Gains): কোম্পানীর ক্ষেত্রে স্বল্পমেয়াদী মূলধনী লাভ ও অন্যান্য সাধারণ আয়কে একই শ্রেণীভুক্ত করিয়া কর গণনা করা হয় অর্থাৎ স্বল্পমেয়াদী মূলধনী লাভের উপর কোন সুবিধা প্রদান করা হয় না। সুতরাং কোম্পানীর ক্ষেত্রে স্বল্পমেয়াদী মূলধনী লাভকে ইহার অন্যান্য আয়ের অন্তর্ভুক্ত করা যায়। অনুরূপভাবে স্বল্পমেয়াদী মূলধনী লোকসানকে করদাতা কোম্পানীর সাধারণ লোকসানের শ্রেণীভুক্ত বলিয়া গণ্য করা হয়। ফলে স্বল্পমেয়াদী মূলধনী লোকসানকে করদাতা কোম্পানীর অন্যান্য আয়ের সহিত মিলকরণ (adjust) করা যায়।

দীর্ঘমেয়াদী মূলধনী লাভ (Long term Capital Gains): কোম্পানীর ক্ষেত্রে দীর্ঘমেয়াদী মূলধনী লাভের উপর নিম্নলিখিত হারে আয়কর গণনা করিতে হয়

(i) ভূমি ও ঘরবাড়ী সংক্রান্ত মূলধনী লাভের 40% হারে, ও

(ii) ভূমি ও ঘরবাড়ী ব্যতীত অন্যান্য সম্পত্তি সংক্রান্ত মূলধনী লাভের 30% হারে।

প্রশ্নাবলী

1 Explain what do you mean by the term, 'Capital Gains' and 'Capital Assets' as defined in Income tax Act

[আয়কর আইনে বর্ণিত মূলধনী লাভ ও মূলধনী সম্পত্তি বলিতে কি বুঝায় তাহা বিশদভাবে বুঝাইয়া লিখ।]

উঃ—মূলধনী লাভ ও মূলধনী সম্পত্তি (273—274 পৃ) লিখ।

2 Explain fully the term, 'Transfer of a Capital Asset' as used in Income tax Act

[আয়কর আইনে ব্যবহৃত 'মূলধনী সম্পত্তির হস্তান্তর' পদটির দ্বারা কি বুঝায় তাহা বিশদভাবে বুঝাইয়া দাও।]

উঃ—মূলধনী সম্পত্তির হস্তান্তর (274—275 পৃ) লিখ।

3. Explain fully the term, 'Cost of Acquisition of Capital Assets'

['মূলধনী সম্পত্তি দখলের মূল্য' বলিতে কি বুঝায় তাহা বিশদভাবে বুঝাইয়া দাও।]

উঃ—'মূলধনী সম্পত্তি দখলের মূল্য' (275—276 পৃ) লিখ।

4 What Capital Gains are not included in total income of an assessee ?
Or, What Capital Gains are exempt from income tax ?

[কি কি মূলধনী লাভ করদাতার মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না ?
অথবা কি কি মূলধনী লাভ আয়করমুক্ত ?]

উ — আয়কর মুক্ত মূলধনী লাভ (278 পৃ) লিখ।

5 How income tax is computed on Capital Gains ?

[মূলধনী লাভের উপর কিভাবে আয়কর গণনা করা হয় ?]

উ— মূলধনী লাভের উপর করগণনা (286 পৃ) লিখ।

6 How losses arising from sale of short term Capital assets and long term Capital assets are to be treated for income tax purpose ?

[আয়করের উদ্দেশ্যে স্বল্পমেয়াদী মূলধনী সম্পত্তির ও দীর্ঘমেয়াদী মূলধনী সম্পত্তির বিক্রয়জনিত লোকসানকে কিভাবে প্রয়োগ করিতে হইবে ?]

উ — স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী মূলধনী সম্পত্তি বিক্রয়জনিত লোকসান (291 পৃ) লিখ।

7 On 1st February 1969 Mehta & Co a manufacturing concern, sold one of the machines of their factory for Rs 75,000 The original cost of the machine sold was Rs 50,000 and depreciation up to the date of sale amounted to Rs 20,000 had been allowed on it

You are to ascertain the Capital Gain of Mehta & Co for assessment year 1969 70 Assume that their accounting period ends on 31st March every year

[1969 সালের 1লা ফেব্রুয়ারী তারিখে মেহতা অ্যাণ্ড কোং নামে কোন উৎপাদনকারী প্রতিষ্ঠান তাহাদের কারখানার মেসিনগুলির মধ্যে একটি মেসিন 75 000 টাকা মূল্যে বিক্রয় করিয়া দিল। বিক্রীত মেসিনের মূল্য 50 000 টাকা ছিল। বিক্রয়ের তারিখ পর্যন্ত মেসিনটির উপর মোট 20 000 টাকা ক্ষয় বাদ দেওয়া হইয়াছিল। 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য মেহতা অ্যাণ্ড কোং এর মূলধনী লাভ নিরূপণ করিতে হইবে। ধরিয়া লও যে প্রতি বৎসর 31শে মার্চ তারিখে তাহাদের হিসাব কাল শেষ হয়।]

উ —মূলধনী লাভ 25 000 টাকা।

একাদশ অধ্যায়

অন্যান্য উৎস হইতে আয়

(Income From Other Sources)

'অন্যান্য উৎস হইতে আয়' খাতে করযোগ্য আয়গুলি

(Incomes Chargeable under the head, Income from other sources)

আয়কর আইনের ৫৬(1) ধারায় বলা হইয়াছে যে, যে সকল আয় ইতিপূর্বে উক্ত আইনের অন্তর্গত করা হইয়াছে এবং যেগুলি ইতিপূর্বে আলোচিত পাঁচটি খাতের কোনটিতেই করযোগ্য হয় না, সেইগুলি 'অন্যান্য উৎস হইতে আয়' খাতে করযোগ্য হইবে।

৫৬(2) ধারায় আরও বলা হইয়াছে যে, নিম্নলিখিত আয়গুলি 'অন্যান্য উৎস হইতে আয়' খাতে করযোগ্য হইবে

(i) ডিভিডেণ্ড,

(ii) 280D ধারা অনুসারে প্রাপ্য কোন বার্ষিক কিস্তি (annuity)

(iii) করদাতার মালিকানাস্থ কোন যন্ত্রপাতি, কলকব্জা বা আসবাবপত্র, ব্যবহারের জন্য অপরকে ভাড়া দেওয়া হইলে যে আয় হয়, উহা যদি 'ব্যবসায় বা পেশা' খাতে করযোগ্য না হয়, তাহা হইলে এইরূপ আয়।

(iv) যে সব যন্ত্রপাতি, কলকব্জা বা আসবাবপত্র বাড়ীর সহিত যুক্তভাবে ভাড়া না দিয়া উপায়ান্তর থাকে না সেক্ষেত্রে বাড়ী সমেত যন্ত্রপাতি, কলকব্জা ও আসবাবপত্রের ভাড়া হইতে যে আয় হয় উহা যদি 'ব্যবসায় বা পেশা' খাতে করযোগ্য না হয়, তবে এইরূপ আয়।[1]

উপরোক্ত চারি প্রকারের আয় ছাড়া নিম্নলিখিত আয়গুলিও 'অন্যান্য উৎস হইতে আয়' খাতে করযোগ্য হইবে

(1) নিয়োগকর্তা ব্যতীত অপর কাহারও নিকট হইতে কোন কর্মচারী যদি কোন দালালি বা দস্তুরি পাইয়া থাকে তবে উহা,

---

[1] '(1) Income of every kind which is not to be excluded from the total income under this Act shall be chargeable to income tax under the head Income from other sources if it is not chargeable to income tax under any of the heads specified in Section 14 Items *A* to *E*

(2) In particular and without prejudice to the generality of the provisions of sub section (1) the following income shall be chargeable to income tax under the head Income from other sources, namely—(i) dividends (i *a*) income referred to in sub clause (iii) of clause (24) of Section 2

(ii) Income from machinery plant or furniture belonging to the assessee and let on hire if the income is not chargeable to income tax under the head Profits and gains of business or profession

(iii) Where an assessee let on hire machinery plant or furniture belonging to him and also building and the letting of the buildings is inseparable from the letting of the said machinery, plant or furniture the income from such letting if it is not chargeable to income tax under the head 'Profits and gains of business or profession —*Sec 56*

(2) 'উইল' অনুসারে প্রাপ্য বার্ষিক কিস্তি (annuity), কিন্তু নিয়োগকর্তা হইতে কোন কর্মচারী কর্তৃক প্রাপ্ত বার্ষিক কিস্তি ইহার অন্তর্ভুক্ত হইবে না;

(3) লগ্নিপত্রের উপর সুদ ব্যতীত অন্য কোন সুদজনিত আয়

(4) ভাড়া প্রাপ্ত বাড়ীর সম্পূর্ণ বা কোন অংশ উপ ভাড়া (Sub letting) প্রদান করিয়া যে আয় হয়, উহা,

(5) পরীক্ষা সংক্রান্ত কার্য হইতে পরীক্ষকের যে আয় হয়, উহা

(6) স্বত্ব ভাড়া (Royalty) হইতে প্রাপ্ত আয়

(7) ডাইরেক্টর কর্তৃক প্রাপ্ত ফি;

(8) কোনও বাড়ীর সংলগ্ন নহে এরূপ খালি জমি হইতে প্রাপ্ত আয়,

(9) ভারতের বাহিরে অবস্থিত কোনও কৃষি ভূমি হইতে প্রাপ্ত আয়

(10) বাজার ফেরী, মাছের ভেড়ি প্রভৃতি হইতে আয়,

(11) ইজারা দত্ত সম্পত্তি হইতে প্রাপ্ত আয়

(12) অপর ব্যক্তির আয় করদাতার মোট আয়ের অন্তর্ভুক্ত করা হইলে, উহা। যথা করদাতা এবং তাহার পত্নী/পতি যদি একই ব্যবসায়ে অংশীদার থাকেন তবে এইরূপ অংশীদারী কারবার হইতে করদাতা কর্তৃক প্রাপ্ত আয় 'অন্যান্য উৎস হইতে আয়ের' অন্তর্ভুক্ত হইবে।

(13) সংবাদপত্রে বা সাময়িকপত্রে লিখিত রচনার জন্য প্রাপ্ত পারিতোষিক,

(14) ভ্রমণ ভাতা বাবদ কর্মচারী যে অর্থ পাইয়া থাকে উহা হইতে ভ্রমণ সংক্রান্ত প্রকৃত খরচ বাদ দিয়া যদি কোন উদ্বৃত্ত থাকে, তবে ঐ উদ্বৃত্ত ভাতা।

(15) বিদেশীয় লগ্নিপত্রের উপর প্রাপ্ত সুদ

(16) অপ্রকাশিত কোন উৎস হইতে প্রাপ্ত আয়

(17) কোন বিদেশীয় সরকারের নিকট হইতে প্রাপ্ত বেতন বা পেন্সন

(18) কৃষি আয় ব্যতীত অন্যান্য সূত্র হইতে জমিদারের যে আয় হয়, উহা [*Prabhat Chandra Barua v Emperor*[1]]

বাদযোগ্য বিষয়গুলি

(Deductible Items)

আয়কর আইনের 57 ধারায় বলা হইয়াছে যে, নিম্নলিখিত বিষয়গুলি বাদ দিয়া 'অন্যান্য উৎস হইতে আয়' নিরূপণ করিতে হইবে

(1) করদাতার পক্ষ হইয়া ডিভিডেণ্ড আদায় করার জন্য যদি কোন ব্যাঙ্ককে বা অপর কাহাকেও ন্যায্যভাবে কোন কমিশন বা পারিশ্রমিক প্রদান করা হয়, তবে ঐ খরচ 'অন্যান্য উৎস হইতে আয়' হইতে বাদ যাইবে।

1 A I R 209 (P C), 1930.

(2) যদি গৃহসমেত কোন যন্ত্রপাতি, কলকব্জা বা আসবাবপত্র ভাড়া দেওয়া হয় এবং এইভাবে প্রাপ্ত ভাড়া যদি 'অন্যান্য উৎস হইতে আয়' খাতে করযোগ্য হয়, তাহা হইলে 'ব্যবসায় বা পেশা হইতে মুনাফা বা লাভ' খাতে আয় হইতে যেভাবে খরচ বাদ দেওয়া হয়, অনুরূপভাবে 'অন্যান্য উৎস হইতে আয়' হইতেও নিম্নলিখিত খরচগুলি বাদ যাইবে

(i) বাড়ী, যন্ত্রপাতি কলকব্জা বা আসবাবপত্রের চলতি মেরামতের জন্য ব্যয়িত খরচ,

(ii) বাড়ী, যন্ত্রপাতি কলকব্জা বা আসবাবপত্র বীমা করার জন্য প্রদত্ত প্রিমিয়াম,

(iii) বাড়ী, যন্ত্রপাতি, কলকব্জা বা আসবাবপত্রের উপর অবচয়।

(3) আয় অর্জনের সম্পূর্ণ বা আংশিক উদ্দেশ্যে ব্যয়িত অন্যান্য সকল প্রকার খরচ, কিন্তু কোন মূলধনী খরচ (Capital Expenditure) ইহার অন্তর্গত হইবে না।

বাদের অযোগ্য বিষয়গুলি

(Items Not Deductible)

আয়কর আইনের 58-ধারায় বলা হইয়াছে যে 'অন্যান্য উৎস হইতে আয়' নিরূপণ করিবার সময় নিম্নলিখিত বিষয়গুলি উহা হইতে বাদ যাইবে না।

(ক) যেকোন করদাতার ক্ষেত্রে :

(i) করদাতার ব্যক্তিগত খরচ,

(ii) ভারতের বাহিরে প্রদেয় কিন্তু ভারতীয় আয়কর আইন অনুসারে করযোগ্য কোন সুদের উপর উৎস স্থানে যদি কর প্রদান করা না হয় বা কর কাটিয়া রাখা না হয় এবং আয়কর আইনের 163 ধারার বিধান অনুসারে যাহাকে করদাতার প্রতিনিধি (agent) বলা যায় এইরূপ কোন ব্যক্তি তাহার কর প্রদান করিতে যদি ভারতে না থাকেন তাহা হইলে এইরূপ সুদ করদাতার 'অন্যান্য উৎস হইতে আয়' হইতে বাদ যাইবে না।

(iii) 'বেতন' খাতে করযোগ্য কোন আয় যদি ভারতের বাহিরে প্রদেয় হয় এবং যদি উহার উপর কর প্রদান করা না হয় বা উহা হইতে কর বাদ দেওয়া না হয়, তাহা হইলে এরূপ বেতন 'অন্যান্য উৎস হইতে আয়' হইতে বাদ যাইবে না।

(খ) কোম্পানীর ক্ষেত্রে :

(i) কোন ডাইরেক্টরকে বা কোম্পানীতে পর্যাপ্ত স্বার্থবিশিষ্ট কোন ব্যক্তিকে বা ডাইরেক্টরের বা এইরূপ ব্যক্তির কোন আত্মীয়কে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রদত্ত পারিশ্রমিক বা সুবিধা বা স্বাচ্ছন্দ্যের অর্থমূল্য সংশ্লিষ্ট ব্যক্তিগণের 'অন্যান্য উৎস হইতে আয়' হইতে বাদ যাইবে না,

(ii) কোন ডাইরেক্টর বা কোম্পানীতে পর্যাপ্ত স্বার্থবিশিষ্ট কোন ব্যক্তি বা ডাইরেক্টরের বা এইরূপ ব্যক্তির কোন আত্মীয় কর্তৃক কোম্পানীর কোন সম্পত্তি ব্যবহৃত হইয়া থাকিলে ঐ সম্পত্তির জন্য যে খরচ বা ভাতা দেওয়া হয়, উহা সংশ্লিষ্ট ব্যক্তিগণের 'অন্যান্য উৎস হইতে আয়' হইতে বাদ যাইবে না,

(iii) 1964 সালের 29 শে ফেব্রুয়ারীর পরে কোন কর্মচারীকে প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে প্রদত্ত সুবিধা বা স্বাচ্ছন্দ্যের বা বেতন পূরকের অর্থমূল্য যদি তাহার বেতনের এক পঞ্চমাংশের অধিক হয় তাহা হইলে এরূপ খরচ সংশ্লিষ্ট ব্যক্তির 'অন্যান্য উৎস হইতে আয়' হইতে বাদ যাইবে না। কিন্তু যে কর্মচারীর আয় 'বেতন' খাতে করযোগ্য, তাহার বেতন যদি 7,500 টাকার অধিক না হয় তাহা হইলে উক্ত বিধানগুলি তাহার ক্ষেত্রে প্রযোজ্য হইবে না। (58 ধারা)।[1]

Problem 142 *B* an individual resident in India received the following amounts of dividend during the year ended 31st March, 1969

(i) From Terai Tea Co Ltd Rs 4,800 (net) —Tax deducted at source Rs 1,200 40% of the Company's income was chargeable to tax in the Company's hand

(ii) From Zamindaries Ltd —Rs 2,000 (net)—tax deducted at source Rs 500 No part of the Company's income was chargeable in its hands

Compute the amount of dividends includible in the total income of *B* for the assessment year 1969 70 stating your reasons for the inclusion or exclusion as the case may be of any particular item or part thereof

[C U M Com 1966—*Adapted*]

[1969 সালের 31 শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে সে সময় *B* নামে ভারতের কোন আবাসিক একক জন নিম্নলিখিত ডিভিডেণ্ড পাইয়াছিল

(i) তরাই টী কো লিমিটেড হইতে 4,800 টাকা (নীট)—উৎস স্থানে কর্তিত কর 1,200 টাকা। কোম্পানীর হাতে কোম্পানীর আয়ের 40% করযোগ্য।

(ii) জমিদারী লিমিটেড হইতে 2,000 টাকা (নীট) উৎস স্থানে কর্তিত কর 500 টাকা। কোম্পানীর হাতে কোম্পানীর আয়ের কোন অংশ করযোগ্য নহে।

1969 70 করনির্ধারণ বৎসরে *B* এর মোট আয়ের সহিত যে ডিভিডেণ্ড আয় যুক্ত হইবে উহার অঙ্ক নিরূপণ কর। কোন বিষয়ের সম্পূর্ণ বা আংশিক কারণে অন্তর্ভুক্ত বা বহির্ভূত করা হইয়াছে উহা যুক্তিসহ বিবৃত কর।]

Solution তরাই টী কো লিঃ ও জমিদারী লিমিটেডের নিকট হইতে *B* যে ডিভিডেণ্ড পাইয়াছে সেইগুলি কৃষি আয় নহে—শেয়ার স্বত্ব (Shareholding) হইতে আয়। যে কোম্পানীগুলির নিকট হইতে *B* উক্ত ডিভিডেণ্ডগুলি পাইয়াছে উহাদের আয় কৃষিজাত বা কৃষিজাত নয় এক্ষেত্রে তাহা বিচার্য নহে। সুতরাং B কর্তৃক প্রাপ্ত ডিভিডেণ্ডগুলি তাহার মোট আয়ের অন্তর্ভুক্ত হইবে। কৃষির সহিত পরোক্ষভাবে সম্পর্কযুক্ত বলিয়া কোন অকৃষি আয়কে কৃষি আয়ের রূপ দান করা যায় না[2]।'

1 With effect from 1 4 1969—*Vide Finance Act 1968*

2 Non agricultural income cannot be made agricultural by reason of its indirect connection with agriculture —*Premier Construction Co v Commissioner of Income tax*

1969-70 করনির্ধারণ-বৎসরের জন্য B-এর 'বিভিন্ন উৎস হইতে আয়' খাতে আয় গণনা

	টাকা
তরাই টী কোম্পানীর ডিভিডেণ্ড	
4,800টা + 1,200টা = 6,000টা (গ্রস্)	6,000
জমিদারী লিমিটেডের ডিভিডেণ্ড	
2,000টা + 500টা = 2,500টা (গ্রস্)	2,500
বিভিন্ন উৎস হইতে মোট আয়	8,500

প্রশ্নাবলী

1. What types of incomes are chargeable to income-tax under the head, 'Income from other sources'?

[কোন্ কোন জাতীয় আয়গুলি 'অন্যান্য উৎস হইতে আয়' খাতে আয়কর-যোগ্য হয়?]

উ — অন্যান্য উৎস হইতে আয় খাতে করযোগ্য আয়গুলি (294 পৃঃ) লিখ।

2. State the items that are deductible in computing the income under the head 'Income from other sources'.

['অন্যান্য উৎস হইতে আয়' নিরূপণ করিবার সময় যে সকল বিষয়গুলি বাদযোগ্য বলিয়া বিবেচিত হয় সেইগুলির নাম কর।]

উ — বাদযোগ্য বিষয়গুলি (295 পৃঃ) লিখ।

3. State the items that are not deductible in computing the income under the head, 'Income from other sources'.

['অন্যান্য উৎস হইতে আয়' নিরূপণ করিবার সময় যে সকল বিষয়গুলি বাদযোগ্য নহে বলিয়া বিবেচিত হয় সেইগুলির নাম কর।]

উ — বাদের অযোগ্য বিষয়গুলি (296 পৃঃ) লিখ।

ক

দ্বাদশ অধ্যায়

হিসাবরক্ষণ পদ্ধতি

(Method of Accounting)

হিসাবরক্ষণ সম্পর্কে আইনগত বিধানাবলী

(Legal Provisions regarding 'Method of Accounting')

আয়কর আইনের 145 ধারায় বলা হইয়াছে যে ব্যবসায়ের বা পেশার মুনাফা ও খাতে অথবা অন্যান্য উৎস হইতে আয়' খাতে যে আয় হয়, তাহা করদাতা কর্তৃক নিয়মিত রক্ষিত হিসাব প্রণালীর দ্বারা নিরূপণ করিতে হইবে।

কিন্তু হিসাবরক্ষণ বিষয়ে আয়করদাতা কি পদ্ধতি প্রয়োগ করিবে সেই বিষয়ে আয়কর আইনে কোন নির্দেশ নাই। উক্ত আইনে শুধু বলা হইয়াছে যে

(ক) হিসাবরক্ষণ প্রণালী এরূপ হইতে হইবে যেন ইহার দ্বারা আয়করদাতার আয়ের পরিমাণ সঠিক প্রকাশ পায় এবং

(খ) যে হিসাব প্রণালী আয়করদাতা প্রয়োগ করিয়া থাকেন তাহা যেন নিয়মিতভাবে রাখা হয়।

আয়কর আইনে আরও বলা হইয়াছে যে, যেক্ষেত্রে আয়কর অফিসার আয়করদাতা কর্তৃক রক্ষিত হিসাবের নির্ভুলতা সম্পর্কে নিঃসন্দেহ হইয়াছেন কিন্তু তাঁহার মতে হিসাব প্রণালী এরূপভাবে প্রয়োগ করা হইয়াছে যে হিসাবের খাতা হইতে করদাতার আয় সঠিক নিরূপণ করা সম্ভব নহে, সেক্ষেত্রে আয়কর অফিসার যে ভিত্তিতে ও যেভাবে হিসাব রাখিতে নির্দেশ দিবেন সেইভাবে হিসাব রাখিতে হইবে।

আয়কর আইনের 145(2)-ধারায় বলা হইয়াছে যে, যেক্ষেত্রে আয়কর অফিসারের মতে করদাতা কর্তৃক রক্ষিত হিসাব শুদ্ধভাবে রাখা হয় নাই অথবা যেক্ষেত্রে করদাতা তাহার হিসাবরক্ষণ প্রণালী নিয়মিতভাবে প্রয়োগ করে নাই অর্থাৎ সে নিয়মিত হিসাব রাখে নাই সেক্ষেত্রে আয়কর অফিসার তাঁহার সুষ্ঠু বিচারবুদ্ধির উপর ভিত্তি করিয়া আয়কর আইনের 144 ধারা মতে আয়কর ধার্য করিতে পারেন। এরূপক্ষেত্রে আয়কর অফিসার তাঁহার হস্তস্থ কাগজপত্র ও অপরাপর বাস্তব তথ্যের উপর ভিত্তি করিয়া করদাতার আয় অনুমান করিবেন ও তদনুসারে করের পরিমাণ নির্ধারণ করিবেন।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, হিসাবরক্ষণ সংক্রান্ত নগদান ভিত্তিক পদ্ধতি (Cash System), ব্যবসায় ভিত্তিক পদ্ধতি (Mercantile System) ও হাইব্রিড বা মিশ্র পদ্ধতি (Hybrid or Mixed System) ব্যবসায়ীদের মধ্যে বিশেষ প্রচলিত এবং আয়কর কর্তৃপক্ষও এই সকল পদ্ধতিতে রক্ষিত হিসাবপত্র স্বীকার করিয়া লইতে সাধারণত আপত্তি করেন না।

হিসাবরক্ষণের বিভিন্ন পদ্ধতি

(Different Methods of Accounting)

আয়করদাতাগণ নিম্নলিখিত হিসাব প্রণালীগুলি সাধারণতঃ প্রয়োগ করিয়া থাকে

(1) **নগদান-ভিত্তিক পদ্ধতি (Cash System)**ঃ এই পদ্ধতি অনুসারে শুধুমাত্র আদায়ীকৃত আয় ও প্রদত্ত ব্যয়ের উপর ভিত্তি করিয়া চলতি বৎসরের হিসাব রচিত হয়। এই প্রণালীতে চলতি বৎসরের কোন প্রাপ্য (accrued) আয় এবং প্রদেয় (outstanding) ব্যয় হিসাবের মধ্যে লিপিবদ্ধ করা হয় না। যে সকল প্রতিষ্ঠানে অসংখ্য লেনদেন সংঘটিত হয় উহাদের ক্ষেত্রে এই পদ্ধতিটি সুবিধাজনক নহে। ডাক্তার, আইনজীবী অডিটর ইঞ্জিনিয়ার প্রভৃতি ব্যক্তিগণ সাধারণত এরূপ হিসাব পদ্ধতি প্রয়োগ করিয়া থাকেন। কারণ তাঁহাদের প্রায় সমস্ত লেনদেনই নগদ অর্থে সম্পাদন করা হয়।

(2) **ব্যবসায় ভিত্তিক পদ্ধতি (Mercantile System)** এই পদ্ধতিতে নগদ ও বাকী উভয় প্রকার লেনদেনই লিপিবদ্ধ করা হয়। এই পদ্ধতিতে চলতি বৎসরের প্রাপ্ত ও প্রাপ্য যাবতীয় আয় এবং প্রদত্ত ও প্রদেয় যাবতীয় ব্যয় হিসাবের মধ্যে ধরিয়া লাভ লোকসানের হিসাব প্রস্তুত করা হয়। এই পদ্ধতিটি সর্বোৎকৃষ্ট বলিয়া বিবেচিত হয়। কারণ এই পদ্ধতিতে ব্যবসায় প্রতিষ্ঠানের বার্ষিক লাভ লোকসান এর সঠিক নিরূপণ করা যায় এবং উদ্বৃত্ত পত্রের (Balance Sheet) মাধ্যমে ব্যবসায় প্রতিষ্ঠানের সঠিক অবস্থা পরিস্ফুট হয়।

(3) **হাইব্রিড্ পদ্ধতি (Hybrid System)** নগদান ভিত্তিক পদ্ধতি ও ব্যবসায় ভিত্তিক পদ্ধতির সংমিশ্রণে এই পদ্ধতিটি রচিত। ইহা **মিশ্র পদ্ধতি (Mixed System)** নামেও অভিহিত হয়। এই পদ্ধতিটি অপেক্ষাকৃত কম প্রচলিত।

Problem 143 An assessee who is a manufacturer calculates the value of his work in progress only on the total cost of material and wages involved. An Income tax officer objects to this and contends that a proportionate amount of overhead charges should also be included in the cost. What is your opinion in the matter? Give reasons for your answer.

[C U Three Year Degree Course B Com 1963]

[পণ্য-উৎপাদনকারী কোন করদাতা কাঁচামালের মোট ক্রয়মূল্য ও মজুরি হিসাব করিয়া অসম্পূর্ণ পণ্যের মূল্যায়ন করিয়া থাকেন। আয়কর অফিসার ইহাতে আপত্তি করিয়া বলিলেন যে অসম্পূর্ণ পণ্যের ক্রয়মূল্যের সহিত আনুপাতিক অপ্রত্যক্ষ খরচও যুক্ত করা উচিৎ। এই বিষয়ে তোমার অভিমত কি? যুক্তি সহকারে উত্তর দাও।]

Solutionঃ হিসাবরক্ষণ বিষয়ে করদাতা কি প্রণালী প্রয়োগ করিবে, সেই বিষয়ে আয়কর আইনে কোন নির্দেশ প্রদান করা হয় নাই। প্রচলিত যে কোন প্রণালীতে করদাতা তাহার হিসাব রাখিতে পারে। কিন্তু হিসাবরক্ষণ প্রণালীটি এরূপ হইতে হইবে যেন ইহা

দ্বারা করদাতার ব্যবসায়ের লাভ বা লোকসান সঠিক নিরূপিত হইতে পারে। আয়কর আইনের 145-ধারায় হিসাবরক্ষণ বিষয়ে নিম্নলিখিত দুইটি শর্ত আরোপিত হইয়াছে :

(i) প্রথমত, রক্ষিত হিসাব শুদ্ধ ও পূর্ণাঙ্গ হইতে হইবে, অধিকন্তু ইহা হইতে করদাতার ব্যবসায়ের প্রকৃত আয় যেন সহজে নিরূপণ করা যায়, সেই বিষয়ে লক্ষ্য রাখিতে হইবে

(ii) দ্বিতীয়ত করদাতা কর্তৃক উপস্থাপিত হিসাব শুদ্ধ ও পূর্ণাঙ্গ কিনা সেই বিষয়েও আয়কর অফিসারকে নিশ্চিত হইতে হইবে।

উপরোক্ত আলোচনার ভিত্তিতে, প্রদত্ত প্রশ্নে দেখা যায় যে কাঁচামালের মোট মূল্য ও শ্রমিকদিগকে প্রদত্ত মজুরির উপর ভিত্তি করিয়া অসম্পূর্ণ পণ্যের মূল্যায়ন করা হইয়াছে কিন্তু হিসাবশাস্ত্রের সাধারণ নীতি এই যে, এরূপ ক্ষেত্রে কাঁচামালের মূল্য, শ্রমিকের মজুরি আনুপাতিক অপ্রত্যক্ষ খরচ যুক্ত করিয়া অসম্পূর্ণ পণ্যের মূল্যায়ন করা উচিত। সুতরাং করদাতা কর্তৃক রক্ষিত হিসাব অশুদ্ধ। এমতাবস্থায়, উক্ত ত্রুটিপূর্ণ হিসাবের বিষয়ে আয়কর-অফিসার যে আপত্তি তুলিয়াছেন তাহা যুক্তিযুক্ত ও ন্যায্য। অতএব 145 ধারার বিধান বলে তিনি করদাতাকে নির্দেশ দিবেন যে, সে যেন তাহার হিসাব সংশোধন করিয়া যথাযথভাবে ইহা উপস্থাপিত করে।

প্রশ্নাবলী

1 Discuss the provisions of the Income-tax Act regarding method of accounting. **[C U Three Year Degree Course, B Com 1968]**

[হিসাবরক্ষণ পদ্ধতি সম্পর্কে আয়কর আইনের বিধানগুলি আলোচনা কর।]

উঃ — হিসাবরক্ষণ সম্পর্কে আয়কর বিধানাবলী (2[illegible] পৃঃ) দেখ।

2 Give a brief account of the principal methods of accounting which an assessee may adopt under Section 145 of Income-tax Act.

[আয়কর আইনের 145 ধারা অনুসারে কোন করদাতা যে সকল প্রধান প্রধান হিসাব পদ্ধতি প্রয়োগ করিতে পারে সেগুলির সংক্ষিপ্ত বিবরণ দাও।]

উঃ — হিসাবরক্ষণের বিভিন্ন পদ্ধতি (2[illegible] পৃঃ) দেখ।

---

an unrecognised Provident Fund maintained by his employers Amalendu's own contribution to the fund amounted to Rs 3,500 He was also paid Rs 4,000 as compensation for the loss of employment On December 1, 1968 he secured a new service on a monthly salary of Rs 450

You are to ascertain Amalendu's total income from salary for the previous year 1968 69

[অমলেন্দু মাসিক 400 টাকা বেতনে ইস্টার্ন কোং লিমিটেড কর্মরত ছিল। 1968 সালের 1লা আগস্ট তারিখে তাহাকে চাকুরী হইতে বরখাস্ত করা হইল এবং নিয়োগকর্তা কর্তৃক রক্ষিত অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে তাহার হিসাবে সঞ্চিত জমা বাবদ তাহাকে 6,000 টাকা প্রদান করা হইল। উক্ত প্রভিডেন্ট ফণ্ডে 3,500 টাকা অমলেন্দুর নিজের চাঁদা ছিল। চাকুরী হইতে বরখাস্ত করার ক্ষতিপূরণ বাবদ তাহাকে 4,000 টাকা প্রদান করা হইল। 1968 সালের ডিসেম্বর তারিখে মাসিক 450 টাকা বেতনে একটি চাকুরী যোগাড় করিল।

1968-69 পূর্ববর্তী বৎসরের জন্য অমলেন্দুর মোট বেতন আয় নিরূপণ করিতে হইবে।]

Solution **1969 70 করনির্ধারণ বৎসরের জন্য অমলেন্দুর মোট বেতন আয় গণনা**

	টাকা
ইস্টার্ন কোং লিমিটেড হইতে প্রাপ্ত বেতন	
400 টা × 4 মাস (এপ্রিল—জুলাই)	1,600
অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে সঞ্চিত চাঁদা	2,500
[নিয়োগকর্তার অংশ (6,000 টা − 3,500 টা)]	
চাকুরী হইতে বরখাস্ত করার ক্ষতিপূরণ	
(বেতনের বদলে মুনাফা)	4,000
নূতন নিয়োগকর্তার নিকট হইতে প্রাপ্ত বেতন	1,800
450 টা × 4 মাস (ডিসেম্বর—মার্চ)	
মোট বেতন আয়	9,900

মন্তব্য অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে কর্মচারীর হিসাবে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার উপর সুদ যে সময় কর্মচারীর হস্তে প্রদান করা হয় তখন উহা করযোগ্য হইবে। সুতরাং, এক্ষেত্রে অনুমোদিত প্রভিডেন্ট ফণ্ডে ইস্টার্ন কোং লিমিটেড কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার সুদ বাবদ 2,500 টাকা অমলেন্দুর বেতন আয়ের অন্তর্ভুক্ত করা হইয়াছে।

Problem 147 Amitava Mitra, a bank manager, supplies you the following particulars of his income during the previous year 1968 69

(i) He was paid a salary of Rs 2,500 per month and an allowance of Rs 8,500 per annum ,

(ii) He has been receiving the said entertainment allowance continuously since 1 4 1953

(iii) He purchased during the year some books on banking law and practice for his personal use at a cost of Rs 600

You are to ascertain the total salary income of Amitava Mitra for the assessment year 1969 70

[কোন ব্যাঙ্কের ম্যানেজার অমিতাভ মিত্র 1968 69 পূর্ববর্তী বৎসরের জন্য তোমাকে তাহার আয়ের নিম্নলিখিত বিবরণ প্রদান করিলেন

(i) তাহাকে মাসিক 2 500 টাকা বেতন এবং বার্ষিক 8 500 টাকা আপ্যায়ন ভাতা প্রদান করা হয়

(ii) 1 4 1953 তারিখ হইতে নিয়মিতভাবে সে আপ্যায়ন ভাতা পাইয়া আসিতেছে

(iii) ব্যাঙ্কিং আইন ও প্রথা সম্পর্কে সে চলতি বৎসরে নিজের ব্যবহারের জন্য 600 টাকা মূল্যের বই ক্রয় করিয়াছিল।

1969 70 করনির্ধারণ বৎসরের জন্য অমিতাভ মিত্রের মোট বেতন আয় নিরূপণ করিতে হইবে।]

Solution 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য অমিতাভ মিত্রের মোট বেতন আয় গণনা

	টাকা	টাকা
মূল বেতন 2,500 টা 12		30,000
আপ্যায়ন ভাতা	8 500	
বাদ ঃ করমুক্ত অঙ্ক [মন্তব্য দ্রষ্টব্য]	6,000	2,500
		32 500
বাদ ঃ অফিসের কর্তব্য সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় বই এর মূল্য (সর্বোচ্চ অঙ্ক)		500
মোট বেতন আয়		32,000

মন্তব্য গ্রস বেতন আয় হইতে আপ্যায়ন ভাতা বাবদ 6,000 টাকা বাদ দেওয়া হইয়াছে, ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

(i)	বর্তমান বৎসরে প্রাপ্ত ভাতা	8,500
(ii)	1955 সালের 31 শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে সেই বৎসরে প্রাপ্ত ভাতা	8,500
(iii)	বেতনের এক পঞ্চমাংশ (অর্থাৎ 30,000 টাকার $\frac{1}{5}$)	6,000
(iv)	আইন নির্ধারিত সর্বোচ্চ সীমা	7,500

উপরোক্ত অঙ্কগুলির মধ্যে (iii) নম্বরের 6,000 টাকা সর্বনিম্ন হওয়ায় আপ্যায়ন-ভাতা বাবদ উহাই করমুক্ত অঙ্ক বলিয়া বিবেচিত হইবে।

Problem 148 Nabakumar, the manager of Giridhari & Co Ltd, draws a salary of Rs 1,500 per month In addition, he gets dearness allowance of Rs 300 per month and motor car allowance of Rs 200 per month He is also getting a pension of Rs 600 per month from the Central Government whom he served in the past

You are to ascertain the total salary income of Nabakumar for the previous year 1968 69 on the assumption that 50% of the motor car allowance is spent for official duties

[গিরিধারী অ্যাণ্ড কো লিমিটেডের ম্যানেজার নবকুমার মাসিক 1 500 টাকা বেতন পান তদুপরি তিনি ভাতা বাবদ মাসিক 300 টাকা এবং মোটরগাড়ী ভাতা বাবদ মাসিক 200 টাকা পান। তিনি পূর্বে কেন্দ্রীয় কর্মচারী ছিলেন এবং সেইজন্য মাসিক 600 টাকা অবসর বৃত্তি পান।

1968 69 পূর্ববর্তী বৎসরের জন্য নবকুমারের মোট বেতন আয় নিরূপণ করিতে হইবে। ধরিয়া লইতে হইবে যে মোটরগাড়ী ভাতা বাবদ তিনি যে টাকা পান উহার 50% অফিসের কাজে ব্যয়িত হয়।]

Solution 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য নবকুমারের

বেতন আয়ের গণনা

	টাকা	টাকা
মূল বেতন (1 500 টাকা × 12)		18 000
মহার্ঘ ভাতা (300 টাকা × 12)		3 600
মোটরগাড়ী ভাতা (200 টাকা × 12)	2,400	
বাদ: অফিসের কাজে ব্যয়িত করমুক্ত অংশ	1 200	1,200
অবসর বৃত্তি (600 টাকা × 12)		7,200
মোট বেতন আয়		30,000

Problem 149 Pasupati receives a salary of Rs 1 500 per month and an entertainment allowance of Rs 500 per month He has been receiving the entertainment allowance regularly since 1st April 1955 Before this date also he was getting this allowance regularly but the amount then was only Rs 400 per month His employers supplied him a rent free furnished quarter for which they pay a monthly rent of Rs 475

Pasupati was also given a 20 H P motor car for his official and private use, but the salary of the chauffer and running expenses, repairing charges etc are met by the employers

You are to calculate the salary income of Pasupati for the previous year 1968 69 Assume that he is serving at Asansol

[পশুপতি মাসিক 1500 টাকা বেতন ও মাসিক 500 টাকা আপ্যায়ন ভাতা পান। 1955 সালের 1লা এপ্রিল তারিখ হইতে তিনি এই আপ্যায়ন ভাতা নিয়মিতভাবে পাইয়া আসিতেছেন। উক্ত তারিখের পূবেও তিনি আপ্যায়ন ভাতা নিয়মিত পাইতেন কিন্তু সেই সময় ভাতার পরিমাণ ছিল মাসিক 400 টাকা মাত্র। নিয়োগকর্তাগণ তাঁহাকে বিনাভাড়ায় আসবাব সমেত একটি আবাস গৃহও দিয়াছেন উক্ত গৃহটির জন্য নিয়োগকর্তাগণ মাসিক 475 টাকা ভাড়া প্রদান করিয়া থাকেন। অফিস সংক্রান্ত ও ব্যক্তিগত কাজে ব্যবহারের জন্য পশুপতিকে 20 অশ্বশক্তি সম্পন্ন একটি মোটর গাড়ীও দেওয়া হইয়াছে। কিন্তু উক্ত গাড়ীর চালকের বেতন ও চালনা খরচ মেরামতী খরচ প্রভৃতি নিয়োগকর্তাগণই বহন করিয়া থাকেন।

1968-69 পূর্ববর্তী বৎসরের জন্য পশুপতির বেতন আয় নিরূপণ করিতে হইবে। ধরিয়া লও যে তিনি আসানসোলে চাকুরী করেন।]

Solution 1969 70 করনির্ধারণ বৎসরের জন্য

পশুপতির বেতন-আয়ের গণনা

	টাকা	টাকা
বেতন (1500 টাকা × 12)		18,000
আপ্যায়ন ভাতা (500টাকা × 12)	6 000	
বাদ ঃ করমুক্ত আপ্যায়ন ভাতার অঙ্ক [নিম্নে মন্তব্য (1) দ্রষ্টব্য]	3,600	2,400
বিনাভাড়ার আসবাব সমেত গৃহ সংস্থানের মূল্য [নিম্নে মন্তব্য (2) দ্রষ্টব্য]		3,150
মোটরগাড়ী বাবদ বেতন পূরক (250 টাকা × 12) [106 পৃষ্ঠা দ্রষ্টব্য]		3 000
বেতন খাতে মোট আয়		26 550

মন্তব্য (1) আপ্যায়ন ভাতার 4 800 টাকা করমুক্ত, ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে

	টাকা
(i) বর্তমান বৎসরে প্রাপ্ত ভাতা (500 টাকা × 12)	6,000
(ii) 1955 সালের 31শে মার্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে সে সময় প্রাপ্ত ভাতা (400টাকা × 12)	4,800
(iii) বেতনের এক পঞ্চমাংশ (অর্থাৎ 18 000 টাকার $\frac{1}{5}$)	3 600
(iv) আইন নির্ধারিত সর্বোচ্চ সীমা	7,500

উপরোক্ত অঙ্কগুলির মধ্যে (iii) নম্বরের **3,600 টাকা** সর্বনিম্ন বলিয়া আপ্যায়ন ভাতা বাবদ ইহাই করমুক্ত অঙ্ক বলিয়া বিবেচিত হইবে।

(2) বেতন[1] = মূল বেতন 18,000 টাকা + আপ্যায়ন ভাতার করযোগ্য অঙ্ক 2,400 টাকা = 20,400 টাকা।

	টাকা	টাকা
বেতন 20,400 টাকার 12½%		2,550
যোগঃ ন্যায্য ভাড়া (475 টাকা × 12)	5,700	
বাদঃ বেতন 20,400 টাকার 25%	5,100	600
বিনাভাড়ার আসবাব-সমেত গৃহ-সংস্থানের মূল্য		3,150

Problem 150 : Mr Haldar the manager of Progressive Printing Co Ltd is getting a salary of Rs 2,000 per month and a commission of 1% on the annual net profits earned by the company Mr Haldar is also getting a motor car allowance of Rs 150 per month the related motor car is however used by Mr Haldar wholly for his private purpose Mr Haldar is also provided with a rent free furnished house the fair annual value of which is Rs 4,000 The net profit of the company for the year ended 31st December 1968 amounted to Rs 2,00,000

As an employee of the now defunct Baroda State Mr Haldar is also getting regularly a pension of Rs 250 per month

You are to ascertain the salary income of Mr Haldar for the previous year ended 31st March, 1969

[প্রোগ্রেসিভ প্রিন্টিং কোং লিঃ এর ম্যানেজার মিঃ হালদার মাসিক 2,000 টাকা বেতন পান এবং কোম্পানীর বার্ষিক নীট মুনাফার উপর 1% হারে কমিশন পান। তিনি মাসিক 150 টাকা হারে মোটরগাড়ী ভাতা পান কিন্তু মোটরগাড়ীটি সম্পূর্ণভাবে মিঃ হালদারের ব্যক্তিগত প্রয়োজনে ব্যবহৃত হয়। [illegible] তাঁকে একটি বিনাভাড়ার আসবাব-সমেত গৃহও প্রদান করা হইয়াছিল [illegible] বার্ষিক মূল্য 4,000 টাকা। 31শে ডিসেম্বর 1968 তারিখে সমাপ্ত বৎসরে কোম্পানীর নীট মুনাফা হইয়াছিল 2,00,000 টাকা। অধুনালুপ্ত বরোদা স্টেটে তিনি পূর্বে চাকুরী করিতেন এবং সেইজন্য নিয়মিতভাবে তিনি মাসিক 250 টাকা [illegible] পেনসন পান।

1969 সালের 31শে মার্চ তারিখে যে পূর্ববর্তী বৎসর [illegible] সেই বৎসরের মিঃ হালদারের বেতন আয় নিরূপণ করিতে হইবে।]

Solution 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য মিঃ হালদারের বেতন-আয়ের গণনা

	টাকা
বেতন (2,000 টাকা × 12)	24,000
পেন্সন (250 টাকা × 12)	3,000
মোটরগাড়ী ভাতা (150 টাকা × 12) [গাড়ীটি সম্পূর্ণভাবে করদাতার ব্যক্তিগত প্রয়োজনে ব্যবহৃত]	1,800
কমিশন (2,00,000 টাকার 1%)	2,000
বিনাভাড়ার আসবাব সমেত গৃহসংস্থানের মূল্য [পরপৃষ্ঠায় মন্তব্য দ্রষ্টব্য]	3,475
মোট বেতন আয়	34,275

[1] নিয়মিত অর্থের আকারে প্রাপ্ত হয় নাই বলিয়া এক্ষেত্রে মোটরগাড়ী বাবদ বেতন পূর্তিকর অঙ্ক 3,000 টাকা গণনাকালে বেতনের অন্তর্ভুক্ত করা হয় নাই। [184 পৃষ্ঠা দ্রষ্টব্য]

মন্তব্য : বেতন[1] — মূল বেতন 24 000 টাকা + মোটরগাড়ী ভাতা 1,800 টাকা + কমিশন 2,000 টাকা = 27 800 টাকা

বেতনের অর্থাৎ 27,800 টাকার 12½% = 3,475 টাকা।

ন্যায্য ভাড়ার অঙ্ক (অর্থাৎ 4 000 টাকা) অপেক্ষা উক্ত 3 475 টাকা নিম্নতর বলিয়া 3 475 টাকা হইবে বিনাভাড়ার আসবাব সমেত গৃহস্থানের' মূল্য।

Problem 151 On 1st April, 1965, Yashwant Kishore's investments were as follows

(a) Rs 60 000 4 U P State Loan

(b) Rs 30 000 5 Improvement Trust Debentures

(c) Rs 20,000 5 Debentures of a Sugar Mill Company

(d) Rs 15,000 6 Preference Shares in a Company

On 1st September, 1965 he sold his Sugar Mill Debentures at a profit of Rs 750 and purchased Rs 40 000 4% Port Trust Bonds having borrowed Rs 20 000 for this purpose from his bank at 6% per annum The bank commission for buying and selling securities was ½% and for collecting interest Rs 50

Find out his income from interest on securities for the previous year ended 31st March, 1966, such interest being payable in each case on 1st January and 1st July (Assume that he has no other income)

[Vikram University B Com 1966 — *Adapted*]

[1965 সালের 1লা এপ্রিল তারিখে যশোবন্ত কিশোরের লগ্নিগুলি নিম্নরূপ ছিল

(ক) 60 000 টাকার 4% উত্তর প্রদেশ রাজ্য সরকারের ঋণপত্র

(খ) 30 000 টাকার 5% ইমপ্রুভমেন্ট ট্রাস্টের ডিবেঞ্চার

(গ) 20 000 টাকার 5% সুগার মিল কোম্পানীর ডিবেঞ্চার

(ঘ) 15 000 টাকার 6% প্রেফারেন্স শেয়ার (কোন কোম্পানীতে)।

1965 সালের 1লা সেপ্টেম্বর তারিখে তিনি 750 টাকা মুনাফা করিয়া সুগার মিলের ডিবেঞ্চারগুলি বিক্রয় করিয়া দিলেন এবং 40 000 টাকার 4% পোর্ট ট্রাস্টের বণ্ড ক্রয় করিলেন। এ উদ্দেশ্যে তিনি তাহার ব্যাংকের নিকট হইতে বার্ষিক 6% সুদে 20 000 টাকা ঋণ গ্রহণ করিলেন। লগ্নিপত্র ক্রয় বিক্রয়ের জন্য ব্যাংকের কমিশন ½% ছিল এবং সুদ আদায় করার জন্য 50 টাকা ব্যাংককে প্রদান করা হইয়াছিল।

1966 সালের 31শে মার্চ তারিখে যে পূর্ববর্তী বৎসর শেষ হইয়াছে ঐ বৎসরে লগ্নিপত্রের সুদ হইতে তাহার যত আয় হইয়াছিল তাহা নির্ণয় কর। প্রতি বৎসর 1লা জানুয়ারী ও 1লা জুলাই তারিখে লগ্নিপত্রের সুদ প্রদেয় হয়। (মনে কর যে তাহার আর কোনরূপ আয় নাই)।]

[1] বর্তমান নিয়োগকর্তার নিকট হইতে পায় না বলিয়া বিনাভাড়ার আসবাব সমেত গৃহস্থানের মূল্য নিরূপণ করিবার সময় পেন্সনের টাকা বেতনের অন্তর্ভুক্ত করা হয় না।

Solution : লগ্নিপত্রের উপর সুদ খাতে মোট আয় নিরূপণ

			টাকা
1	4% উত্তর প্রদেশ রাজ্য সরকারের ঋণপত্রের সুদ		2,400 00
2	5% ইমপ্রুভমেণ্ট ট্রাস্টের ডিবেঞ্চারের উপর সুদ		1,500 00
3	5% সুগার মিল কোম্পানীর ডিবেঞ্চারের সুদ (অর্ধ বৎসরের জন্য)		500 00
4	6% পে[illegible]স্ট বণ্ডের সুদ (অর্ধ বৎসরের জন্য)		800 00
			5,200 00
		টাকা	
বাদ	সুদ আদায়ের খরচ	50 00	
	গৃহীত ঋণের উপর সুদ (4% হারে 20,000 টাকার উপর 7 মাসের সুদ)	466 67	516 67
	লগ্নিপত্রের উপর সুদ হইতে মোট আয়		4,683 33

অর্থাৎ 4,680 টাকা (আয়কর আইনের 288A ধারা অনুসারে দশ টাকার আসন্ন মানে ধরা)

মন্তব্য : (ক) লগ্নিপত্র ক্রয় বিক্রয়ে যে মুনাফা হয় উহা 'অন্যান্য উৎস হইতে আয়' খাতে করযোগ্য বলিয়া উপরোক্ত সমাধানে উহা ধরা হয় নাই।

(খ) লগ্নিপত্র ক্রয় বিক্রয়ের জন্য প্রদত্ত কমিশন উপরোক্ত ক্ষেত্রে বাদযোগ্য খরচ নহে।

Problem 152 Jadu lets out his house on a rental of Rs 6,360 per year. The Municipal value of the house is Rs 6,000. Municipal tax amounting to Rs 840 per annum is paid on the house. You are to ascertain Jadu's income from house property for the assessment year 1969-70.

[বার্ষিক 6,360 টাকা ভাড়ায় যদু তাহার বাড়ী ভাড়া দেয়। মিউনিসিপ্যালিটি কর্তৃক বাড়ীটির মূল্য 6,000 টাকা নির্ধারিত হইয়াছে। ইহার উপর বার্ষিক 840 টাকা মিউনিসিপ্যালিটির কর প্রদান করা হয়। 1969-70 করনির্ধারণ বৎসরের জন্য গৃহ সম্পত্তি হইতে যদুর আয় নিরূপণ করিতে হইবে।]

Solution :

	টাকা
গ্রস্ বার্ষিক মূল্য (বার্ষিক ভাড়ার ভিত্তিতে[1])	6,360
